

ভাৰাশঙ্কৰ ৰক্যোপাধ্যায়

প্রথম প্রকাশ বৈশাখ: ১৩৫৮

প্রকাশক
নির্মলকুমার সাহা
সাহিত্যম্
১৮বি, শ্রামচরণ দে খ্লীট
কলিকাভা–৭০০০৭৩

মুদ্রাকর স্বর্ণলতা ঘোষ ঘোষ প্রিন্টিং ওয়ার্কস ৫৭/২, কেশবচন্দ্র সেন স্ত্রীট ক্রনিকাতা–৭০০১

ব্লক ও প্রহ্নদ-মুদ্রণ স্থাশনাল হাফটোন কোম্পানী ৬৮, সীভারাম বোষ স্ত্রীট কলিকাভা-৭০০০১

কথাশিল্পী তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের বিখ্যাত হুটি উপস্থাস যুগলবন্দী ও বসস্তরাগ নিয়ে এই 'যুগলবন্দী' গ্রন্থ প্রকাশ করা হ'লো। গ্রন্থ-পিপাশ্ব পাঠক-পাঠিকাদের বইটি ভালো শাগবে বলেই আমাদের বিশ্বাস।

সাহিত্যম্ প্রকাশিত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অক্যান্স বই

১১৬১ হিজরীর বর্ষার প্রারম্ভ। আষাঢ় মাস। ইংরিজী ১৭৪৯ প্রীষ্টাব্দের জুলাই মাস। মুর্শিদাবাদে ৭২ বৎদরের বৃদ্ধ নবাব আলিবদী থাঁ মারাঠাদের বাংলা থেকে তাড়িয়ে কটক পর্যন্ত জয় করে মুর্শিদাবাদে ফিরে এসেই অস্থর্যে পড়েছিলেন। কিন্তু তিন মাস পর অমুখ থেকে দেরে উঠেই সংবাদ পেলেন উডিয়া আবার মীর ছবিবের সাহায্যে মারাঠারা দখল করেছে। নিজেকে ধিকার দিলেন তিনি। ধিকার দিলেন—একটা প্রায়-ভিক্ষক শ্রেণীর লোভীকে বদিয়ে এসেছিলেন উড়িয়ার নায়েবের গদীতে। তিনি জানতেন, কিন্তু তাঁর যে এ ছাড়া আর উপায়ও ছিল না। কোনো চিন্তাশীল ওমরাহ কি আমীর এ গদীতে বসতে চান নি। কারণ বর্গীদের অত্যাচারে তখন উত্তরে দিল্লী পর্যন্ত পূর্বে বাংলা পর্যন্ত অশান্তির আর শেষ ছিল না। ভার উপর উড়িয়া মারাঠা রাজ্য এবং স্থবা বাংলা প্রাস্তদীমা আজ এ দখল করে কাল ও দখল করে। কাজেই এ উডিয়ার গদীতে কোনো চিন্তাশীল ওমরাহ বসার চেয়ে সামাগ্র জীবন যাণন করাকেও নিরাপদ মনে করেছিলেন। কিন্তু রাজা তুর্লভরামের পণ্টনের এই মুসলমান সামাক্ত মনসবদার শেখ আবহুস শোভান—সে এসে কুর্নিশ করে দাঁড়িয়ে বলেছিল—'জনাব আলি, মূলুকের মালিক, এই গরীব বানদার শির জামিন, আর ভরসা দীনছনিয়ার মালিকের। গোলাম এই দায় পুরতে রাজী।' অগত্যা পাঁচ হাজার আফগান পণ্টন তারই তাঁবে রেখে আলিবদী সঙ্গে সঙ্গে কটক ত্যাগ করেছিলেন। কারণ সামনে আসর বর্ষা। তাঁর পল্টনের সিপাহীরা একেবারে থ'কে গেছে। তারা ষে পরিশ্রম করেছে সে তাদের চেয়েও তিনি বেশি জ্বানেন। তাঁর নিজের কথা তিনি ভাবেন না। বর্ধার সময় বর্গীদের মূলুকে একেবারে সামনে থাকাটা নিরাপদ মনে করেন নি তিনি, ফিরে এসেছিলেন। বর্গী হাঙ্গামার আগে পাটনায় ছ মাস থাকা তাঁর অক্যায় হয়েছিল। পাটনায় নাভি সিরাজুদ্দোলাকে নায়েব করে রাজা জানকীরামকে দেওয়ান করে মূর্শিদাবাদে এসেছিলেন গত অগ্রহায়ণে। মারাঠারা তখন বাংলায় ঢুকেছে। জ্বানোজী কাটোয়ায় তাঁবু গেড়ে বসে আছে, সঙ্গে তার মীর হবিব। একটা সাক্ষাৎ শযুতান। পারস্তের সিরাজ থেকে ভাগ্যাৰেষী মীর হবিব হিন্দোক্তানে এসে প্রথমে হুগলীতে গৃহস্কের

বাড়িতে বাড়িতে ফিরি করে বেড়াত, ব্যবসার বস্তুর কোনো-কিছু ঠিক ছিল না। আজ হীরা জহরৎ মুক্তা নিয়ে বেড়াত, কাল মসলিন মলমলের বোঝা পিঠে ফেলে ফিরত। যেটা সে মহাজনের কাছে বলে-করে ধারে পেত তাই নিয়ে বের হ'ত। তা থেকেই তার জীবিকা নির্বাহ হ'ত। লিখতে জানে না, পড়তে জানে না—আছে শুধু আশ্চৰ্য মিষ্ট মুখ ও কৌতৃকপারক্ষমতা, তার সঙ্গে কুটিল বৃদ্ধি। শয়তানের মতো কুটিল বৃদ্ধি। আর বলতে পারে খাসা ফার্সী বয়েৎ, তা তার অনেক মুখস্থ। তারই জোরে বড় আমীর মহলে তার ঢুকবার স্থবিধা হয়েছিল। विवर सुकाछिक्तितव कामारे छभनीव स्थोकनाव रवास्त्रम कर-वव भावियन হয়ে নোকরি পেয়েছিল। রোক্তম জং হুগলী থেকে ঢাকা গেল নায়েব হয়ে। মীর হবিব গেল তার পরামর্শদাতা ও পারিষদ হয়ে। মান্ধুষের নসীবের চাকা যখন ঘোরে এবং তখন যদি উঁচু ডালের পর উঁচু ডাল বা উঁচু ধাপের পর উঁচু ধাপগুলিকে আঁকড়ে আঁকড়ে যেতে পারে তবে আর উন্নতির সীমা থাকে না। মীর হবিব রোক্তম জং-এর উন্নতি করে দিয়েছিল। সঙ্গে সঙ্গে নিজেও অর্থ সঞ্চয় করেছিল প্রচুর। বিশেষ করে ত্রিপুরার রাজার কাছ থেকে সে কয়েক লক্ষ টাকা ঘুষ থেয়ে আরও উন্নতি করে নিয়েছিল। তারপর চাকা থেকে রোভম জং-এর সঙ্গে এল উডিয়ায়। উডিয়ার সে নায়েব হয়েছিল। নবাব व्यानिवर्गी यथन मूर्निमावाम मथन करत त्याखम कः- এর বিজ্ঞাহ ममन করতে উডিয়ায় যান তথন রোক্তম জং পালিয়ে গেলে সে আলিবদীকে আশ্রম করেছিল—তার চাতুর্যে আকৃষ্ট হয়ে তাঁকে চাকরি দিয়েছিলেন। আলিবদী নিজে বিচক্ষণ চতুর—চতুর লোক ভালবাসতেন। তবে চোখে চোখে রেখেছিলেন।

প্রথম বর্গী হাঙ্গামার সময় ভাস্কর পণ্ডিতের সঙ্গে বর্থন যুদ্ধ করেছেন আলিবর্দী, তথন মীর হবিব নবাবের সঙ্গে। বর্ধ মানে ঘটল বিপর্যয়। আলিবর্দী কোনোমতে আত্মরক্ষা করে লড়াই দিতে দিতে এসে চুকলেন মূর্দিদাবাদে। হবিব বন্দী হ'ল মারাঠাদের হাতে। সঙ্গে সঙ্গে বিশ্বাসঘাতক স্থবিধাবাদী যোগ দিলে মারাঠাদের সঙ্গে। উড়িয়া থেকে বাংলা পর্যন্ত পথঘাট সব ভার নখদর্পণে। নবাবী শক্তি ভার জানা; এবং ফোজের নাড়ীনক্ষত্র ভার মূখস্থ। উড়িয়া মেদিনীপুরের সমস্ত রাজা জমিদারের সঙ্গে ভার পরিচয় আছে। এই রাজারা বিচিত্রচবিত্র। আজ নবাবের পক্ষে, কাল বর্গীর পক্ষে। মীর হবিব

তাদের নিয়ে খেলা করছে। এইদব মৃনধন নিয়ে মারাঠাদের সক্তে ষোগ দিয়ে সে খেল খেলে আসছে। বাংলাব সর্বনাশ করছে। আজ আট বৎসর সে বাংলাদেশের নসীবের আসমানে শ্নি-নক্ষত্রের মতো দৃষ্টি দিয়ে আগুন জ্বালিয়ে বেড়াচ্চে। শৃগালের মতো ধৃর্ত। নেকড়ের মতো ক্ষুধার্ত। বাঘের মতো তার রক্তের তৃষ্ণা। আবাব শশকের মতো সে বনে-জঙ্গলে লাফ দিয়ে মুহূর্তে অদৃতা হয়ে যায়। কটক থেকে আলিবদী খাঁ বর্ষার কথা ভেবে তার পণ্টনের অবস্থা বিবেচনা করেই তাড়াতাডি ফিরেছিলেন। ওই উল্লুক অপদার্থ আবহুস শোভানকেই উড়িক্সার নায়েবীতে বসিয়ে চলে এসেছিলেন। ঠিক সাত দিনের মধ্যেই ধৃর্ত শিয়াল চিতাবাত্বের চেহারা নিয়ে হাজির হয়েছিল। অর্থাৎ মীর হবিব এসেছিল বর্গা নিয়ে। শোভান লড়াই দিয়ে আহত হয়ে পালিয়েছে। চরের খবর—শোভান এখন ডাকাতি করছে। উড়িয়াব জঙ্গলে তার বাসা। ওদিকে মীর হবিব বালেশ্বরে মারাঠা শক্তিকে নতুন বাংলা আভ্যানের জন্ম সমবেত করছে। মোহন সিং এসেছে মারাঠা ফৌজ নিয়ে। মুস্তাফা খার ছেলে মূর্তজ্ঞা তার পাঠান পল্টন নিয়ে যোগ দিয়েছে। আলিবদী তাঁর আ**रमार्कर**न वाळ श्रद्भाष्ट्रन । वाश्लारम्था लारकत्र मूथ र्क्कारम्थ । আবার বর্গী আসছে। অনেক লোক ভাবছে দেশ ছেড়ে পালাবে। किन्छ পালাবেই বা কোথায়, গোটা হিন্দুস্থানে বর্গী কোথা ও নেই। আসে তারা কালবৈশাখীর ঝড়ের মতো। দেখতে দেখতে কালো মেঘে আকাশ ছেয়ে যায়। ঝড় ওঠে, বিহ্যাৎ চমকায়, বাজ পড়ে, শি**লা**বৃষ্টি হয়। ঘরের চাল উড়ে যায়, গাছ ভাঙে, পাতা ছিঁড়ে আকাশময় ওড়ে। নিরাশ্রয় মান্ত্রয় বাজে পুড়ে মরে, শিলার আঘাতে জ্বথম হয়ে মরে, বৃষ্টিতে ভিজে থবখর করে কাঁপে—বর্গীর হাঙ্গামাও ঠিক তাই। এরই মধ্যে মেদিনীপুর অঞ্চলে মানুষ ব্যস্ত-ত্রস্ত বেশী। বিশেষ করে জমিদার রাজারা। এই অঞ্চলটিতে—বাঁকুড়া, মেদিনীপুর অঞ্চলে জমিদার রাজার সংখ্যা অনেক। সে বহুকাল থেকে। কর্ণগড়, ঝাড়গ্রাম, মহিষাদল, নয়াগড়, নয়াবাসান, হিজলী, ময়না, নয়াগ্রাম, কিয়ারচান্দ: বাঁকুডায় বিষ্ণুপুর রাজ প্রভৃতি নিয়ে এ অঞ্চলটি জমিদার জায়গীরদারদেরই রাজ্য। নবাবের শাসন এখানে ঠিক কোনোকালেই কায়েম নয়। সেই পাঠান আমল থেকে মোগল পাঠানের আধিপত্যের যুদ্ধের লীলাভূমি এবং প্রাচীনকাল থেকে

উড়িয়া এবং বাংলার সীমাস্ক হিদাবে এই অঞ্চলটি সামস্তদের দ্বারাই শাসিত হয়ে আসছে। নবাবের শক্তি যখন থাকে, দেশে শাস্তি বিরাজ করে এবং বহিঃশক্রর আক্রমণের ভয় যখন থাকে না তখন নবাব রাজাদের কাছে কর পেয়ে থাকেন, কিন্তু শান্তি না থাকলে পান না। তখন তিনি এদের সীমান্ত রক্ষার জন্ম সাহায্য পেলেই সম্ভষ্ট থাকেন। সামস্ভেরা, নিজেদের রাজ্য বা জায়গীরের মধ্যে সম্পূর্ণ স্বাধীন। নিজেদের সেক্ত, নিজেদের সেনাপতি, নিজেদের বিচার, নিজেদের কোতোয়ালী—সব নিজেদের। জমির চেয়ে জঙ্গল বেশী। বিরাট ঝাড়খণ্ডের জঙ্গল এখানেই। সে জঙ্গল মেদিনীপুরের সমস্ত পশ্চিম অংশটা আ র করে রেখেছে। এবং বাংলার সীমান্ত পার হয়ে উড়িয়ার উত্তর-পশ্চিম ও বিহারের দক্ষিণ-পূর্বের মধ্য দিয়ে মধ্যভারতের পৌরাণিক দশুকারণ্য নৈমিষারণাের সঙ্গে মিশে গেছে। এরই মধ্য দিয়ে বর্ধমান হুগলী আরামবাগ হয়ে বাদশাগী সভক চলে গেছে। ওদিকে বিহার অঞ্চল থেকে সভক এসে মিশ্বেছ। আবার চলে গেছে মধ্যভারত অভিমুখে উত্তর-পশ্চিম উড়িস্থার মধ্য দিয়ে। অক্সটি চলে গেছে প্রাচীন তাম্রলিপ্ত—আধুনিক তমলুক অভিমুখে। আবার একটি সডক চলে গেছে উড়িয়ার পূর্বভাগে চুকে নীলমাধব জগন্নাথদেবের অধিষ্ঠানভূমি পুরী পর্যন্ত। অক্তদিকে কটক পর্যন্ত। দক্ষিণভাগে সমুদ্র। পূর্বভাগে সমুদ্র। পশ্চিমভাগে সব অরণ্যভূমি। চাষের জমি কম। সাধারণ হিন্দুগৃহস্থেরা চাষ করে, গ্রামের আশেপাশে জমি। কতকাংশ লাল মাটি ও কাঁকরে ভরা রাঢ়ের মাটি। কভকাংশ কালো মাটি। চাষীরা চাষ করে কিন্তু খুব বেশি নয়। কারণ সামস্তে সামস্তে বিবাদ লেগেই আছে। তার উপর আজ তিনশো বছর ধরে চলে এসেছে মোগল আর পাঠানের লড়াই। কয়েকটি নবাব উপাধিধারী পাঠান জমিদারও রয়েছে। তাদের সঙ্গে ছত্তি জমিদারদের বিরোধ বাধে নানান কারণে। কখনও কল্যা দাবি করে। কখনও বলে মন্দিরের চূড়া বেশি উঁচু হয়েছে, খাটাও। ভাঙো।

এ ছাড়া আছে পাইকদের উপত্রব। পাইকরা এইসব সামস্তদের পাইক।
এ দেশের আদিম অধিবাসী। যুগ যুগ ধরে এইসব যুদ্ধ-বিগ্রহের মধ্যে
প্রােজনে সামস্তদের দলভূক্ত হয়ে যুদ্ধ করে এসেছে; যুদ্ধ-বিগ্রহ না
থাকার জন্য নিকংসাহ এবং ক্লান্তি বোধ করলে শান্ত কৃষকদের গ্রাম

লুঠ করে এসেছে। অক্ত সময়ে এইসব জঙ্গল মহলে বাব ভালুক निकर्एमत मरक लएंहे करतरह। हाय এता करत ना। अतरात মধ্যেই বাস; অরণ্যের মধ্যেই ঘোরাফেরা। পাইকদের ব্যবহার রুঢ় এদের চুয়াড় বলে থাকে। এ ছাড়া উত্তর অঞ্চলে আছে বাগদী। এরাও রণনিপুণ। সামরিক জাতির মতো উগ্রন্থভাব তখন। আছে বাউরি-বান্দী ভোম। রাজা লাউসেনের ছিল ভোম বাহিনী-সেনাপতি ছিল কালু সর্দার। বিষ্ণুপুরের রাজার ছিল বাগদী বাহিনী, ভারা দলমাদল কামান নিয়ে লড়াই করেছে। লড়াই এরা কখনও কখনও এই সব ছত্তি রাজাদের সঙ্গেও করেছে। ছত্তি রাজাদের রাজ্যেও ডাকাতি করেছে। তপত্রব করেছে। সেই প্রথম যুগে এদের সঙ্গে যুদ্ধ করেই রাজ্য স্থাপন করেছিল ক্ষত্রিয়ের। ক্ষত্রিয়েরা এদের বশ মানিয়ে বর্বর যুদ্ধের বদলে উন্নত ধরনের যুদ্ধ শিথিয়ে শক্তিশালী সৈক্ষদলে পরিণত করেছিলেন। এমনি একটি দল বাগদী পাইক रमनामल निरुष्त गञीत शतराग नाम कत्रक मनुष्ट मनात-मनमे मिर। দলুই সর্দার ক্ষত্রিয়। এককালের রাজবংশধর। শোলাম্বী রাজপুত-রাজার বংশের সম্ভান। কিন্তু অবস্থাবৈগুণ্যে, স্বাধীনতা এবং জীবন-রক্ষার জক্ম আজ অরণ্যচারী। কথেক পুরুষ ধরে এইভাবে বনে বাস করে বিচিত্র ধরনের মান্তবে পরিণত হয়েছে।

দলুই সদার শোলান্ধী রাজপুত। অর্থাৎ অগ্নি কুলের রাজপুত।
অগ্নিবংশ, সূর্যবংশ ও চন্দ্রবংশের মতই পবিত্র। পুরাণে আছে দৈতাদের
অত্যাচারে মুনি-শ্বযিদের যাগয়জ্ঞ বন্ধ হয়ে গেলে স্বয়ং মহাদেব যজ্ঞ
করে তাতে আহুতি দিতেই চারজন ক্ষত্রিয় বীর আবিভূতি হয়েছিল।
প্রমার প্রতিহার শোলান্ধী (চালুক্য) আর চৌহান। তাঁরা দৈতাদের
অত্যাচার নিবারণ করেছিলেন। শোলান্ধী বা চালুক্য বংশ একদিন
ভারতবর্ষে প্রবলপ্রতাপ ছিল।

চালুক্য বংশের শুক্ল দ্বারকায় রাজা ছিলেন, গুজরাট ছিল তাঁর রাজ্য। গুজরাটে শোলাঙ্কীদের বিপর্যয় ঘটল পাঠান স্থলতান আলাউদ্দিন খিলজীর সময়। যুদ্ধে পরাজিত হয়ে অগ্নিবংশীয় বীরেরা পরাধীন হয়ে গুজরাটে বাস করতে চান নি। তাঁরা স্বাধীনতাকে মাথায় করে দেশ ছেড়েছিলেন বলতে গেলে নিকদ্দেশে। ভারতের নানান দিকে ছড়িয়ে পড়েছিলেন নৃতন স্বাধীন রাজ্য স্থাপন করবার জহ্য। একদল এসেছিলেন বাংলা ও উড়িয়ার সীমাস্তভূমে। মেদিনীপুর জেলায়। এখানে

কেদারেশ্বর মহাদেব ছিলেন মাটির তলায়। স্বপ্ন পেয়ে তাঁরা মহাদেবকে এবং উষ্ণ প্রস্রবণ সিদ্ধকুণ্ড আবিষ্কার করে রাজ্য স্থাপন করেন। এই ভূমির নাম তাঁরাই দিয়েছিলেন 'কেদার কুণ্ড'। রাজা ছিলেন মহাবীর মহারাজ বীরসিংহ। রাজধানীর নাম হয়েছিল বীরসিংহপুর।

তখন এখানকার বাগদীরা ডাকাতের দল বেঁধে রাজার রাজ্যে উপদ্রব শুক করেছিল। ক্ষত্রিয়দের উদ্ভেদ করবার ইন্ডেই বোধ হয় ছিল তাদের। কিন্তু মহারাজা বীরসিং তাদের পরাজিত করে সাতশো জন হর্ধ ব ডাকাতের প্রাণদণ্ড দিয়েছিলেন। তারপর সাতশো মৃগু হার সাতশো ধড় দিয়ে পাশাপাশি হুটো স্থপ দৈরি করে মাটির পাহাড় তৈরি করিয়েছিলেন মৃণ্ড্-মরাই ও গর্দা-মরাই। এর ফলে বাকি বাগদীরা ভাদের বশ্যতা স্বীকার করেছিল। রাজপুতেরাও তাদের যুদ্ধ-শিক্ষা দিয়ে করে তুলেছিল সভ্যকারের দৈনিক।

ভাগ্যের দোষে অদৃষ্টের চক্রোন্থে যথ মনদ সময় আসে তখন ভাকে রোধ করা বেষ হয় মান্তবের অদাধ্য। তা ছাড়া কলিকাল। এই कारन मारा हिन्दुका छित्र अपुरक्षे मन्त ममग्र अस्मि हिन । नरेतन (य মুসলমানের কাছে গুজরাটের রাজ্য হারিয়ে ধর্ম এবং স্বাধীনতা রক্ষার জন্ম শোলাঙ্কীরা এমে কেদার কুণ্ডে রাজ্য স্থাপন করে নিশ্চিন্তে বসবাস করছিল, সেখানেও একদিন আবার কেন এল মুসলমানের হানা? গৌড়ের স্থলতান মহম্মদ ইলিযাস শাহ উড়িয়া বিজয়ের পথে কেদার কুণ্ড আক্রমণ করলেন। সে যুদ্ধ হয়েছিল প্রবল প্রচণ্ড যুদ্ধ। রাজ-পুতানার মকবিজয়ী ক্ষাত্রবীর্য আগুনের মত্যে জ্বলে উঠতে চেয়েছিল। কিন্তু সংখা। যুদ্ধে একটা গুক্তপূর্ণ প্রশ্ন। গৌড়ের স্বলভান মহম্মদ ইলিয়াস শাহের বিশাল বাহিনীর কাছে মৃষ্টিমেয় শোলান্ধী রাজপুতের কিন্তু রাজত ক্ষুদ্র, তার বাহিনীও ছোট, স্থলতানের সৈক্ষবাহিনীর শক্তি ধুলোঝড়ের মতো বয়ে গিয়ে ধুলো চাপা দিল বক্নিবীর্যকে, আগুন নিভে যেতে বাধ্য হ'ল। ভারপর শুক হ'ল নিধন পর্ব। স্থলভানের সেনাপতি কঠিন আক্রোশে শোলাঙ্কী রাঙ্গপুতদের হত্যা করতে হুকুম দিলেন। এ বহ্নিনীজ রাখা চলবে না। এ আবার কোনদিন জ্বলে উঠে সর্বনাশ করবে। নারী শিশু বৃদ্ধ সব হত্যা কর। যারা ইসলাম গ্রহণ করবে ভারা বাঁচতে পারে। যুদ্ধে সবল শক্তিমান যারা ভারা সকলেই প্রাণ দিয়েছিল, বাকি যারা ছিল তারা ওই বৃদ্ধ শিশু আর নারী।

বৃদ্ধেরা পর।মর্শ বংলেন—কি বরবেন গ শাস্ত্রে আপদ্বর্মের বিধান আছে। সেই বিধান অনুসারে জাতির বীজ এবং অবশেষকে রক্ষা করবার জন্ম স্থির হ'ল আপাতত আত্মগোপন করে বাঁচতে হবে। যারা বয়স্থ, যাদের উপনয়ন সংস্কার হয়ে গিয়েছিল, রক্তবর্গ উপবীত যাঁদের চিক্ত তাঁরা বনের মধ্যে সমবেত হয়ে, অগ্নিকুগু জ্বেলে রক্তবর্গ উপবীত অগ্নিকে সমর্পণ করে বললেন—তুমি আমাদের বংশের আদিপুক্ষ কুলদেবতা, জোমার কাছে গচ্ছিত রইল আমাদের উপবীত। স্বাধীনতা অর্জন করে এই উপবীত যেদিন চাইব সেদিন তুমি আমাদের ফিরিয়ে দিয়ো। এই ভূমিকে চিহিত করবার জন্ম ভূমির নাম হ'ল সূতা—ছাড়া।

তারপর তাঁরা আশ্রয় নিলেন স্থানীয় অধিবাসীদের ঘরে। মাইতি মণ্ডল অধিকারী সামস্ত প্রভৃতি নানান ঘরে আত্মগোপন করলেন, এবং আশ্রয়দাতার উপাধিতে পরিচয় দিয়ে আত্মগোপন করে তখন বাঁচলেন।

পরে অবশ্য একাংশ আবার পূর্ব উপাধি এবং উপবীত গ্রহণ করে উড়িয়ার ক্ষত্রিয় রাজাদের অধীনে কর্ম নিয়েছেন। একাংশ সেই উপবীতহীন অবস্থায় আশ্রয়দাতার নপাধি গ্রহণ করেই কৃষিকর্ম কবেন। আর দিন গণনা করেন কবে আসবে স্বাধীনতা। আজ তারা শেনাক্ষী রাজপুত হলেও শুক্লী নামে পরিচিত। প্রতীক্ষা করে আছেন এদিন কবে ঘচবে।

এরই মধ্যে দলপৎ সিং-এর পিতামহ প্রথম যৌবনে একদল বংগনী সৈক্সদের নিয়ে এসে হুর্গম জঙ্গলের মধ্যে বসতি স্থাপন করেছিলেন। বাগদী সৈক্স নিয়ে রাজন্ব করতেন অরণ্যের মধ্যে। একেখারে আরণ্য জীবন। অরণ্যই রাজন্ব। সেখানে অবাধ স্বাধীনতা। না থাক সভ্যতা।

এর তুপুরুষ পরের পুরুষ দলুই সদার।

দলুই সর্দারের জীবনেও একটা দারুণ বিপর্যয় এসেছিল। সেই বিপর্যয়ের ফলে দলুই সর্দার তার অনুগত বাগদী পাইকদের নিয়ে পিতামহের স্থাপন করা অরণ্য বাজ্য ছেড়ে আরও নিবিড়তর জঙ্গলে এসে বসতি স্থাপন করে, সেইদিন গণনা করছে কবে অসেবে স্থাদিন স্থপ্রভাত। সে আজ বিশ বংসর হয়ে গেল। দল্ই সর্দার নিজেই জ্বায়গাটার নামকরণ করেছে 'ছত্রিশ জ্বাভিয়া জঙ্গলগড়'। 'জঙ্গলগড়' কথাটার সঙ্গে ছত্রিশ জ্বাভিয়া শব্দটা যোগ হওয়ার একটা কারণ আছে। এখানে বিশ বছর আগে— ছত্রিশ জ্বাভিয়া নামে একটা বিচিত্র জ্বাভ বাস করত। তারা এদের কাছে হার মেনে এদের সঙ্গেই বাস করছে।

উড়িয়ার সভক থেকে দূরে একটা গভীর জঙ্গল এবং পাহাড়ে জায়গার উপর ছোট একখানি গ্রাম—ছত্রিশ জাতিয়া জঙ্গলগড় গ্রামে ঘর তিরিশেক পাইকের বাদ। তবে পাহাডটার মাথাটা এবং আরও কয়েকটা ছোট পাহাড়ের মাথায় আরও খান-আষ্টেক গ্রাম নিয়ে বেশ ছোট একটি পাইক রাজৰ বলা চলে। এবই মধ্যে খড়ের চাল কিন্তু মোটা মোটা পাথর ও কাদায় সাঁথা দেওয়াল, খোয়া পিটানো মেঝে, একখানি অপেক্ষাকৃত বড় বাড়ি। সামনে একটা চণ্ডীমণ্ডপ। ভার সামনে শক্ত শালকাঠের খোদাই খুঁটির উপর তৈরি একটা कांग्रेहाला। वार्षेहालाव मामत्न পाथव-कामाय गांथा इटिंग त्यारी পাটো থাম—অর্থাৎ ফটক। আটচালার একটা বুড় নাগরা। এখানকার এই দশখানা গ্রামের পাইক সমাজের সর্দার দলুই শুক্লীর বাড়ি। দলুই দর্দার নতুন অভিযানের খবর পেয়ে চণ্ডীমণ্ডপে বদে ভাবছিল বিশ বছর আগে যথন তারা এখানে পথম এদেছিল তখনকার কথা। মনে মনে প্রতিজ্ঞা করেছিল মীর হবিবের ধ্বংদ না হলে লোকসমাজে দে ফিরবে না। শোলাঙ্কী রাজ ্রুদের জীবনে যে বিপর্যয় কয়েক পুরুষ আগে এসেছিল তার পিতামহের আমলে, ভারপর দলুই সর্দারের আমলে এই মীর হবিবের চক্রান্তে এদেছিল দ্বিতীয় বিপর্যয়। তথনই এই প্রতিজ্ঞা করেছিল সে। বিশ বছর পূর্বে চন্দনগড় জায়গীরের রাজা মাধব সিং-এর মৃত্যুর পর তারা ওই জায়গীরে তাদের বসত ছেড়ে দিয়ে জঙ্গলে জঙ্গলে আত্মগোপন করে এখানে এসে বসবাস স্থাপন করেছে। তখন ওরা সংখ্যায় ছিল কম। মীর হবিবের চক্রান্তে মাধব সিং রাজা—তাঁর জামাই খুন হয়েছেন। সমস্ত সক্ষম শুকুী রাজপুত **আর বা**পনী পাইকরা লড়াই করে মরেছে। বাকি কিছু সক্ষম পাইক আর नित्यद क्लारक नित्य मनूरे मर्पाय এখানে এসেছিল। আৰ সঙ্গে ছিল কেবল পাইকদের মেয়েছেলের। এখন ওরা দশ্ধানা গ্রামে বিশ

থেকে তিরিশ বর হিসেবে আড়াইশো বর। তথন সংখ্যায় ছিল একশো-

জন। তার মধ্যে তিরিশজন জোয়ান, বাকি সব মেয়েছেলে।
চন্দনগড়ে ওরা ছিল চার-পাঁচশো জোয়ানের একটি দল। কিন্তু
চন্দনগড়ের ছত্রি সেপাইরা তাদের সমূলে ধ্বংস করবে বলে আক্রমণ
করবার উত্যোগ করতেই ওরা বেরিয়ে পড়ে। হাজার দেড়েক ছত্রি
পশ্টন তাদের আক্রমণ করতে তারা ঘুরে দাঁড়ায়। জনকয়েক
ছেলেমেয়েদের নিয়ে বনের মধ্যে প্রবেশ করে। যারা লড়াই দিতে
ঘুরে দাঁড়িয়েছিল তাদের বড় কেউ ফেরে নি। দলুই সর্দার বাকি
জোয়ান আর ছেলেমেয়েদের নিয়ে নিবিড় থেকে নিবিড়তর জঙ্গলে
প্রবেশ করে। এখানে এসে একদিন রাত্রে বিশ্রামের জন্ম থামে।
আনেক রাত্রি অনেক জায়গায় তারা থেমেছে, আবার সকালে যাত্রা
করেছে। থামবার ইশারা ছিল জল। সন্ধ্যার মুখে জল সন্ধান করে
যেখানে জল পেত, সেখানেই তারা গাছতলায় গাছতলায় রাত্রের
আন্তানা পাতত। কিন্তু রাস্থার ধারে নয়। যাত্রা বলতে গেলে
নিরুদ্দেশ।

সেদিনও সন্ধারে মুথে থমকে দাঁড়িয়ে সদীর কয়েকজনকে চারিদিকে জলের সন্ধানে পাঠিয়েছিল। যারা যেত তারা হাতে কাটারি আর পিঠে বর্লা বেঁধে নিয়ে যেত; যাবার সময় যেত পথের গাছে কোপ মেবে দাগ রেখে রেখে, অধিকন্ত গাছের ডালও কেটে কেটে ফেলে যেত। যেটার নিশানা ধরে তারা পথ না হারিয়ে ঠিক ফিরে আসত। দেদিন দলুই সদাঁরের চিন্তার অবধি ছিল না। কারণ তার একমাত্র কলা পূর্ণগর্ভা, তার শরীর সেদিন ভাল ছিল না। দলের মেয়েদের মধ্যে প্রবীণা অন্বিকে বান্দিনী এসে তাকে বলেছিল—সদার, আর হাঁটা হবে নাই বাপু, থামতে হবেক।

তখন বেলা তিন প্রহর। দলুই জিজ্ঞাসা করেছিল, ক্যানে? তু যদি না পারছিস তো ওই একটো ছালার ঘোড়ার পিঠে চড়। লইলে কারুর পিঠে ওঠ্। না পারিস তো থাক্ পড়ে। বাঘে তুকে ধরে খাক।

— উঁহু। সি লয়। রুক্মিণীর শরীলটো খারাপ করছেক। কি হয়!

চমকে উঠেছিল দলুই। রুশ্নিণী আসমপ্রসবা। তার এই প্রথম সম্ভান এবং তার এই শেষ।

क़िक्सी विश्वा ट्राइट । मछ-विश्वा प्र । मिंथित मिं एत मूट्ट प्र किर्पट

ডুলিতে। কেঁদেছে যদি তবে ডুলির মধ্যে বসে কেঁদেছে। জানশে একমাত্র জানে ওই বুড়ী অম্বিকা বাগদিনী। অম্বিকাই তাকে মামুষ করেছে তার ন্ত্রীর মৃত্যুর পর। লোকে অম্বিকাকে তার দাসী ও স্লেহের পাত্রী বলে—সে তা অম্বীকার করে না।

সে এখন শুক্লী – আগে ছিল শোলাঙ্কী। রাজপুতানার শোলাঙ্কী রাজপুত। তারা ভীলেদের কক্যা ছিনিয়ে আনত। এখনও আনে, আনে এই সব জাত থেকে।

যে জায়গাটার কথা হচ্ছিল সেটা আন্ডানা গাড়বার পক্ষে ছিল অত্যন্ত খারাপ জায়গা। একজন ছোকরা বাগদী একটা খুব উঁচু গাছে চড়েও জল দেখতে পায় নি। তার উপর জঙ্গলের আবরণ ছিল বড পাতলা। আধ ক্রোশ দূরে একটা সড়ক। সেখানকার রাহীদের চোখে পড়বার ভয় আছে। দলুই সদার বলেছিল সকলকে ডেকে – হাঁকিয়ে চল, জোরে চল।

ভূলিব বাহকদের সঙ্গে চলেছিল জন বিশেক জোয়ান, আর ঘোডাগুলো।
দলে মানুষই শুধু ছিল না, তার সঙ্গে কুড়িটা ঘোডা ছিল। গোটা
তিরিশেক গক ছিল। তাদের পিঠে ছিল তাদের ঘর-সংসার—
যাযাবরের সংসারের মতো। ছেলেমেয়ে গক প্রভৃতি নিয়ে তিরিশজন জোয়ান, জনা দশেক বৃদ্ধ মন্তরগমনে পিছিয়ে আসছিল পথের
নিশানা ধরে। আগের দলের জোয়ানের। ওই গাছের ভাল কেটে কেটে
নিশানা রেখে যাচ্ছিল।

সন্ধ্যে হয়-হয় এমন সময়ের মুখে উৎকণ্ঠিত দলুই সর্দার পশ্চিমের দিকে তাকিয়ে চিন্তিত মুখে জল খুঁজতে পাঠিয়েছিল। এখনও দণ্ড দেড়েক বেলা আছে। বে জায়গায় তারা এসে পৌছেছিল—সে জায়গায় বনটা নিবিড়। সামনে খানিকটা পশ্চিমে কয়েকটা পাহাড়, তার তলায় জলল আরও ঘন। রাত্রিতে আর অগ্রসর হওয়া যাবে না। গোলে ওই পাহাডের বাধায় ঠেকতে হবে। রাত্রে ক্লান্ড মায়য় জাল পক্ষেই সম্ভবপর নয় পাহাড়ে ওঠা বা পথ খুঁজে বের করা। সড়ক আনেকখানি ছেড়ে বনের ভিতর ঢুকেছে তারা। সেখানেই থেমেছিল। মনে ভরসা হয়েছিল পাহাড় যখন আছে তখন নিশ্চয়ই ছোটখাট কোনো জোড় বা নদী মিলবেই। বইবে তারা পূর্ব মুখে, কিংবা দক্ষিণ মুখে। কারণ পূর্ব-দক্ষিণে সমুদ্র আছে।

কিছুক্ষণ পর লোক ফিরে এসে বলেছিল । পী একটা আছে। জল সে সঙ্গে এনেছিল। রাস্তার নিশানাও রেথে এসেছিল। সেই নদীর কাছাকাছি গিয়ে তারা আস্থানা গেড়ে হল রাত্রির মতো। সারা রাত্রি প্রসংবেদনায় কাতরেছিল ক্রিণী, কিন্তু প্রসব হয় নি। একটা জায়গা কাপড় দিয়ে বিবে তার মধো ক্রিণীকে ক্রিয়ে ব্যোছিল অম্বিকা এবং ওদের অক্য প্রবীনার।। দলুর বিধান বোনও ছিল। থাকবার মধ্যে দলুর আছে ওট ে,ন মর মেয়ে। সন্ত • হয়েছিল ভোরবেলা সূর্যসাকুরের উদয়-লগ্নে। পার্গির ডাকেব সঙ্গে শিশুর কালা মিশে গিয়েছিল। দলু সদার সারার^{্দ}ত্র উদ্বেশে জেগেই বদেছিল। আসে নি। বনের রাত্তির স্তব্ধতা বড় শিচ্ছা। সারা অরণ্য জুড়ে বি বি ব ডাক, বনজোড়া গরুক রের মধ্যে একটা বনজোড়া নিরবচ্ছির শব্দপ্রবাহ বেয়ে যায়। এক গেওট যেন গুনগুন করে কাঁদে, নয়াকো অবিরাম মৃত্রু তরক্ষে হাসে । নং ে। ঘুঙ্র পরে ন'চে। ভার আর উঁচুনীচু পদা तिहे, এक होना-এक পদায়। মতে ५८४। तेम हत পाशि छात्क। কোনো পাখি হা-হা করে হামে, কোনো পাখির বাচচার। টেচায়—যেন কালে। প্রহরে প্রহরে প্যাচাদের সমবেত ডাক ওঠে। শেয়ালেরা ভেকে ওঠে। মধ্যে মধ্যে হৌ-হৌ নেকভেরা ভাকে। বড় খ্যাকশেয়ালী খাকে-খ্যাক শব্দ করে ভাকে। দূরে শব্দরেরা ভাকে। সারা রাত্রির মধ্যে বার তিনেক বড় বাথের গর্জনও শুনেছে দলু।

ভারত মধ্যে পথশ্রান্ত ছেলেমেরের। নিশ্চন্তে ঘুমিয়েছে; কোনো উদ্বেগ হয় নি, আতঙ্ক হয় নি। জঙ্গল মহলের বাসিন্দা ভারা, এসবের বিছুই ভাদের কাছে নতুন নয়। রাজাদের বাসন্তান মাত্র একটা বড় প্রাম। একটা মাটি ও পাথরের প্রতিলের মধ্যে গড়, সেই গড়ের মধ্যে রাজবাড়ি। ছু-চারখানা পাকা ভাদের দালান, বাকি সবই মাটির দেওয়াল, খড়ের চাল, পোর শালকারের কাসামো। শালকার এখানে প্রচ্ব। শালকাঠের দেওয়াল মেঝে-গড়েও আছে কিছু কিছু। গড়ের বাইরে প্রান। ছ'চার, বড জোর ল-দশগানা দাকান; আর থাকে একটা হাট। হাটগুলো বড় হয়। প্রামের আশপাশ থেকেই জঙ্গল শুরু । প্রামের বাসিন্দারা প্রকৃতপক্ষে বনের মধ্যেই শুয়ে থাকে, ঘুমায়, বাস করে। কিছু কিছু চাষের জমি থাকে। ভার চারিদিকেও অরণ্য। নবাবী সেরেন্ডায় অঞ্চলটার নামই জঙ্গল মহল। আর বান্দীদের বসবাস বলে একটা প্রগনার নামই জঙ্গল মহল। আর বান্দীদের

भावेक वांग्नीरमंत्र (इंटलर्स्सराया भूक्य तृक्ष निष्टरः पृत्रिरस्ट । ঘুমোয় নি কেবল যারা পালা করে পাহারা দিচ্ছিল তারা। আর ংগরার মধ্যে প্রস্বযন্ত্রণাকাতর কক্ষিণী, তার তুই পাশে অম্বিকা বান্দিনী ও দলুইয়ের বিধবা বোন অহল্যা আর দাইয়ের কাজ জানা ১ সী। দলুই চোলাই মুৰ খেয়েছে, আর কল্পেতে সেজে শুখা তামাক টেনেছে। তাব সঙ্গে শুধু ভেবেছে—কক্সিণী যদি মরে যায়! হে ভগবান, হে গোবিনজী, হে কিষণজী, হে রাম! তার গোবিন্দ-কিষণজী তাব সঙ্গেই আছে। ভাকে সে ভুলে আদে নি। সাবাটা পথ সেই চন্দ্রগড থেকেই সে বলতে বলতে আসছে, তুমি শেষে এই - বলে কিষণজী। এই তোমার মনে ছিল গোবিনজী। দে-সব কথা আজ এই খবব শুনে যেন নতুন করে মনে পড়ছে। মনে **৮.ছে সেদিন সে ভেবেছিল—হায় কপাল! এককালের শোলাঙ্কী** র জপুত ভারা। তাদের দেবতা শিব আর কিষণজী। বীবসিংহে লাদের শিব এখনও আছেন। মহারাজ বীরসিংহের বংশভাবা ভারা বারভাহযা শুলুকি। মহারাজার রাজ্যে সেনাপতি মন্ত্রী দিশে ছিল বাহাত্তবজন বাজপুত, ত'দের বংশধরেরা বাহাত্তর-বরি, বাকি পল্টনের লোক সাধারণ রাজপুত। তারা দশাশই। দলুইয়ের পিত্মত জাতি এবং পাইকদের নিয়ে বাস কবত তথন আর এক জঞ্চলের মধ।— বীনপুবেব গেকেও পাঁচ ে শ দ্রে জঙ্গলের মধ্যে কোট গ্রামে। একটা ছোট নদী ওখান থেকে 'গ্ৰে ।মুশেছিল কাদাইযে। প্ৰ ছোট নদীর ধাবে . অঞ্জাটা ঘন নেব ১ঞ্চন। তারা ব জপুত দশ-বারো পর ছাড়া বাক্ষীরা । ত প্রায় শ ত্রেক ঘর। তার পিক,মহ ছিলেন সকলের মালিক। তুট্ব পর তার এক ছেলে—ছেলে মাবা গেল জোযান বয়দে তিন ছেলে রেখে। এই তিন ছেনেকে মানুষ করে। ছলেন সেই বৃদ্ধ বীর ভূপৎ সিং। তিনি তিন নাতির মধ্যে ভাগ করে 'দযে গিযেছিলেন পাইকদের মালিকানি স্বন্ধ। দলু ছিল পঁচিশ ঘরের সদার। পঁচিশ ঘর মানে—একশো পাঁচিশ ত্রিশ বাক্দী পাইক। পঞ্চাশ বছরের বাপ-ভার ছট তিন ছেলে। বত্তিশ থেকে বাইশ ভাদের বয়স। ভার দঙ্গে বড় ছেলের ছেলে চোদো-পনরো বছরের। আবার যার বয়স যাট-বাষ্টি—ভ র ছেলের বয়স বিয়াল্লিশ-চল্লিশ থেকে ছোটর বয়স বত্রিশ। ভার ঘরে বাইশ থেকে পনরো-যোলো বছরের ছয়-সাভ নাভি। বাগদী পাইকের ছেলে, চুয়াড পাইকের

ছেলে বারো বছর থেকে লড়াই শেখে। লাঠি তীর, ধরুক, গুলহি,

দলুর বিভৃতিতি গুনা সদার ভিল স্বার উপরের মানুষ। গণপং অ'র দরপং তাদের নাম। ছে।ট ভাইয়ের নাম ছিল ধনপং---বনা স্পার। এরা ভগবান ছাঙা কাকার অধীন চিনান। এই অ:ণা-রাজ্যে আধান অপেন স্র্লারি নিয়ে বাস করত। কেনো বাজার সঞ কানে। র'জার বিবাদ উপস্থিত হলে এরা সে দময় তাদের ক'ছে টাব। নিয়ে যুদ্ধ করে। মধ্যে মধ্যে ২নে বনে দূরদূবান্তর গিয়ে চ ষেহারে সমূক সমতল গ্রামগুলি লুঠে ধান চ'ল টাকাকাছ নিয়ে আসত। এনেক সময় ২কুমনাম। পাসা হ— । রা যাব, আনাদের জন্তা যেন 🕏 নৰ ম'ল মজুত গাকে। অনেক সময় ওণিকে ইভিয়া, এদিকে চল্লকোলা সভক ধরে এগিয়ে য়ে। যে-দ্ব মহাজন ম নিবে ষে । তাদের কাছে কর অভায় করত। বাধা নিনে সা নুঠে । । नवावी कारजब निष्टान्छ छोता नूर्रोहर, भागान क क्वर नूरारा । ছোটখাট ফৌজের দলের উৎর এদের ্যেভ ়ে শ, আল দ্ সঙ্গে লড়াই করে আনন্দও বেশি। তাতে শুধু বদদত মেলে 🚉 টাকাকভিট মেলে শা, শার সক্ষে হাতিয়ার মেনে ওবং কিব পেশাদার সিণাহীদের াঙ্গে লড়ে হাবিষে গৌবরও সমুভব করে বে ১ লুটতর জ করে এসে তাদেব পতানহের প্রিষ্ঠিক লক্তিন জয়বর্বনি দিক। থরখন করে গাত্তের প া কা ত। বনে বনে । ততে <mark>যেত দূরে দূরান্তরে। ২০টা</mark> বাজত দেবতার মনিদ*েন* স খাজনা এদেছে তাদের রাজের। ওদের বাহিকে ছিল ওলের সাকুর। উপবীত ত্যাগ করে ভিন্ন উপা । নিতেও সধর্মের বীজটুরু ওবা হারায় নি। পৈতে ফেলেও ওরা কিষণজী গো^{নিন}জী মহামায় 🗀 ভোলে নি। পিতামহের ঠাকুর—গোপাল, কিয়ণজী আর ১1 যোগমায়।। ঠাকুরগুলি পাণরের। উডিয়া থেকে সংগ্রহ কে এনেছিলেন ওদের বাপ। প্রতিষ্ঠা কবেছিলেন পি,তামহ ভূপৎ চিং। ভাদের তিন ভাইকে ভাগও করে দিয়েছিলেন ওই ছিনি—ভূ^ং সিং - দলুর দাদে। অর্থাং পিতামহ। বড় নাতিকে তিরিশ ধর. মেজকে পঁচিশ ঘর, ছোটকে বিশ ঘর পাইক যেমন দিয়েছিলেন তেমনি দিয়েছিলেন তিন ঠাকুর তিনজনকে। গোদাল তাদের প্রথম ঠাকুর, সেই ঠাকুর পেয়েছিল গণপং। দলপং পেয়েছিল কিষণজী, ধনপংকে দিয়েছিলেন যোগমায়ার সেবা।

তিন ভাই বিপদে এক হলেও অস্ত সময়ে ছিল পরস্পরের বিরোধী। কত প্রতিযোগিতা চলত দেবসেবার সমাবোহ নিয়ে। তা ছাড়া ছোটখাট ঝগড়া তো ছিলই।

দলুর কক্যাভাগ্যে কিষণজী যেন জাগ্রত হয়ে উঠেছিলেন। সাত-অ'ট বছর বয়স থেকে 'ফিরানি' কাপড় (গামছার আকারের) কোমরে জাড়য়ে গায়ে একটা কাঁচুলি পরে কিষণজীর মন্দির-অঙ্গন পরিকার করত, পৃজার ফুল তুলত, সন্ধ্যার সময় হাতে তালি দিয়ে নাচত। মাঝেমধো সন্ন্যাসী সাধু আসতেন। অরণাভূমের শুক্লী যাদের দেহের ভিতরে গ্রাজপুতানার শোলাস্কী রাজপুতের রক্ত, ভাদের ঘরের মেয়ের। খেলতে খেলতে চলে ষেত বনের মধ্যে। তখন খেকেই বনকে চিনত। বনের মধ্যে যে রহস্তময়ী প্রকৃতি আছে—যার বিচিত্র রূপ, যার এক অঙ্গে ফুলের হার, ফুলের কঙ্কণ, সে অঙ্গের পরনে গ'ছের বাকল, পাভার পাড, লভার বালা, সেদিকের হাতের বীণায় বডে পাখির গান, বারনার শব্দ-ভার অক্স অক্সের দিকে ভাকালে শিউরে উঠতে হয়। অত্য অঙ্গে ফুলের হারের আধ্যানা হয়েছে মৃত্পের হার। সে<u>দিকে হাতে</u> বৃশ্চিকেব বা**জুবন্ধ, প্রকো**ঠে হাড়ের কঙ্কণ, হাতের আঙুলে বাবের নথ। সে হাতে আছে ভয়াল শিঙা, ত্ত ফু দিলে জাগে বাঘের তাক, হাতীব গর্জন। সেদিকের অক্তে প্রনে আছে বাথের ছাল—তাতে এজগরের চামড়ার পাড় বসানো। বনের ঠাকুরানীর একদিকের েঁটে হাসি, অক্ত দিকে ক্রোধ হিংসা। একদিকের মূথে গায় মধু—অন্তদিকের মুখে ওপ্রায় বিষ। এ প্রকৃতিকে বনের মেয়ে চেনে। বনের মেয়ে, ভার উপর শুক্লীর মেয়ে, ভাকে সে ভয় করে না। ছোটবেলা থেকে ভার সঙ্গে মিতালি ভার। চলে যেত বনে ফুল তুলতে, চলে যেত ফলের সন্ধানে, চলে যেত সজাকর কাঁটা খুঁজতে। পাখি দেখতে। সঙ্গে থাকত বালিনী সাঙ্গনীা। একবার বনের মধ্যে গাছতলায় এক সর্গাদীকে দেখতে পেয়ে তাকে হাতের ফুলগুলি দিয়ে হাত জে:ডু করে বলেছিল, সাধুজী, আমাদের বাড়িতে কিষণজীর মন্দিরে দেবা লিবেন আম্মন। मन्नानी এই মেয়েটির অনুরোধ আর কিষণজীর নাম-এ *ঠেলতে* পারেন নি। এদেছিলেন। কিষণজীকে দেখে ভক্তিভরে প্রশাম

করে বলেছিলেন, ক্যা নয়া খেল্ খেল্নে কো লিয়ে ইয়ে বনমে ফিন বনবিহারী বন্ গিয়া রে খেল্নেওয়ালা। বড়া বদ্মাস হো তুম—বড়া বদ্মাস। ইয়ে লেড়কী কি বন্ধনমে গির গায়া? আঁ। যাবার সময় বলেছিলেন, সর্দার, শুনো বেটা। ইয়ে লেড়কী তুমহারা বহুৎ ভাগ্মানী হায়, কিবণজীকে পিয়ারী হায়। ইয়ে হো বাবা রানী বনেগী, রাজমাতা হোগী। ইন্কি কভি কুছ খায়াব নেহি বোল্না। কভি না। হাঁ! তোমারা কুল, বন্শ, উজালা কর্ দেগি। সেই অবধি দলু মেয়েকে কিছু বলে নি। বলত না কখনই। শ্রী মেয়েকে ছ বছরের রেখে মারা গিয়েছিল, কিন্তু সে আর বিয়েকরে নি। তা বলে সে বন্দারারী ছিল না। মরণ্য-জীবনে ত্রার্মার বলে 'রাখনি'। তার মধ্যে তার তখন তিন চারটি সেবিকা। তারা বলে 'রাখনি'। তার মধ্যে তটো ছিল লুঠে আনা মেয়ে। আর। এই অন্থিকে বাজিনী। বালবিধবা অন্ধিকেকে সে প্রথম যে বনে শ্রার মৃত্যুর পর ভালবেসে ঘরে এনেছিল। অন্ধিকেই মানুষ করত ক্রিনীকে।

কল্মিণীর আদর তিল যথেষ্ট। সে আদর আরও বাড়ল সাধুজীর কথায়। সে কিষণজীকে নিয়ে প্রায় খেলা শুরু করে দিলে। মধ্যে মধ্যে বাপকে বলত, বাবুজী, আজ কিষণজী এই মিঠাই খেতে চেয়েছে। দলু বিশ্বাস করত এবং সেই নিষ্টি যোগাড় করে ভোগ দিত। এননি নানানতর কথা বলত রুল্মিণী।

একবার সে বললে, বাবুজী, কিষণজী বলেছেন তুই নাচ শেখ রুক্মিণী, তোর নাচ আমি দেখতে ভালবাসি। গীত তুই ভালই গাস। আমি নাচ শিখব বাবা।

দল্ সদার তাও অবিশ্বাস করে নি। অনেক ভেবেচিন্তে বিষ্ণুপু বর দরবাবে গিয়ে সেথান থেকে নিয়ে এসেছিল নাচিয়ে এক প্রে চা বাঈকে। নিয়ে আসা ঠিক নয়, প্রায় চুরি ডাকাতি করে এনেছিল। পাণ্ডা সেজে গিয়ে বলেছিল, আমি আসছি পুরী থেকে। মহাপ্রভুর বড় ইচ্চা তোমার নাচ দেখেন। অবিশ্বাস করো না। তোমার টাকা অলঙ্কারের ভয় তুমি করো না। তুমি শুধ্ চল, একটি অলঙ্কার নেবে না, একটি পয়সা নেবে না, সব আমাকে দিতে হুকুম হয়েছে। ভেবে দেখ, ভোমার যৌবন গেছে, রাজদরবার ভোমাকে ডাকে না, যারা রূপ যৌবন বিলাসী, তারা ভোমার দিকে

তাকাথ না। স্থতরাং কোনো লোভে আমি আসি নি। দেবতার হক্ষে এসেছি।

প্রোঢ়া অবিশ্বাস করে নি। সে সানন্দে রাজী হয়েছিল। দলু বলেছিল, কিন্তু একলা যেতে হবে। আমি তোমাকে ডুলি করে নিয়ে যাব।

শহরের বাহিরে তার দল ছিল, ভুলি ছিল। সকলেই পুরীর লোক সেজেছিল। তারপর নিয়ে এসে তুলেছিল তাদের অরণার আস্থানায়। নেখানে কিষণজীর মন্দিরের সামনে তাকে নামিয়ে বলেছিল, ইনিই মহাপ্রভু! যিনি জগনাথ তিনিই কিষণজী। এঁব আদেশই আমি গিয়েছিলাম। ক্রন্তিণীকে কাছে এনে দেখিয়ে সকল বৃত্ত স্থ বলেছিল শপথ নিয়ে। তারপর বলেছিল, ক্রিণীকে অ,মার নাচ শিখিয়ে দাও বাঈ। আমি তোমাকে বলছি তুমি আমার মা, আমি তোমাকে ছেলের মনে বৃক্তা, করব, যত্ন করব, আর চ শেখানো হলে অমি নিজে তেমাকে পুরীতে নীলমাধ্য দর্শনি

দে-কথা দে রেখেছিল। এককালের নামকরা লাস্তারা সরস্বতী বাদ যে যৌবনে লাস্ত ও রূপের জন্তে নাম পেয়েছিল স্বরতিয়াবাদ, দে প্রেট্ বয়দে এখানে ওই কিয়ণজীর সামনে কল্মিনী বেটিয়াকে নচ গান শেখাতে এদে বদলে গিয়েছে। এও পুরা য়ানার সময় বলেছিল, সর্দার বাপুজী, তোমাকে, তোমার বেটীকে আমার বহুং বহুং আশীর্বাদ দিয়ে য়াভি! তোমরা আমাকে ওই নাগরের প্রদাদ দেওয়ালে। আমার জিন্দেগী সফল হয়ে গেল। ধন্ত তোমার বেটী। তবে কোমার বেটীকে আমি শুরু নাচ আর গান শেখাই নি, আরও অনেক দিয়েছি। ও য়ি কোনো রাজার সামনে দাড়ায় তবু সকবে না। ওই নাগরের সামনে দাড়াবার মূলধন—দে ওর আছে। তাই ও থামাকে দিয়েছে।

কিন্ধানী সত্যসত্যত আশ্চর্য কন্সা হয়ে উঠেছিল। লাস্তে হাস্থে বাক্চাতুরিতে সুরভিয়াবাঈ বলতে গেলে ওকে নাগরী করে তুনেছিল। মূথে মূথে উন্নত্ত গান বয়েৎ মুখস্থ করিয়েছিল।

ক্রিণীর বয়স যখন যোলো তখন বিয়ের সমস্তায় দলু সর্দার খুব চিস্তিত হয়ে পড়ল। একে তারা শুক্লী, তার উপর দলুরা বনে বাস করে অরণ্যের মামুষ হয়ে গেছে। তাদের সঙ্গে নিজের জাত ছাড়া কারুর সঙ্গে চল নেই। এ মেয়ে দেবে কার হাতে? নিজেদের জ্ঞাতির মধ্যে তারা আবার বারোভাইয়া; জানাশোনা বারোভাইয়া যারা তাদের ঘর থোঁজ করে কোনো ছেলেকেই পছন্দ হচ্চিল না তার। এমন সময় একদিন ক্রিণী বল্লে, বাপ্!

- —কি বেটী ?
- ভূমি আমার শাদির তেগে মাথা ঘামিয়ো না। আমার মন উঠছে নাবাপ।

সাধুর কথা সারণ করেও দলু বলেছিল, কার হাতে তুকে দিয়ে যাব বেটী ? আমি অমর লই । মরব ভো একদিন।

- —কেন বাপ, ওই তো **রুয়েছে** কিষণজী!
- —ভোর সঙ্গে কথা হয় বেটী ^প
- না বাপ, আমি বলি, ও বলে না। তা বলাব একদিন। আর না বলে তোমার সর্দারী আমি করব।
- তৃই আমার কাছে ঠিক বাত বলছিদ না। কিষণজীর সঙ্গে বাত তোর হয়।

রুদ্ধিণী হেসে বলেছিল, না গো, বাপ, আমি ঝুটা কেন বলব তোমাকে ?

তবু বিশ্বাস করে নি দলু। সে বিশ্বাস করেছিল তার মেয়ের সঙ্গে কিষণজী কথা কয়, সে তার প্রেমে পড়েছে। কিন্তু হাজার হলেও বেটী, আর সে তার বাপ, লজ্জায় বলতে পারছে না।

অশ্বিকাও তাকে তাই বলেছিল।

রুক্মিনী শুক্লীর মেয়ে, ছেলেবেলা থেকে অরণ্য-জীবনের স্বভাব-ধর্মে আত্মানুক্ষার জন্ম তীরধন্তক বর্শা ছুড়তে শিখেছিল। একটা বাজপাথি পুযেছিল। পাখিটা ছিল পক্ষিণী। ইচ্ছে করেই তেন্তি পুক্ষ পাখি পোষে নি। বলেছিল, ওই একটা পুক্ষ পুষেতি, তাকেই মানাতে পারছি না, আবার পুক্ষ পোষে!

পাখিট! নিয়ে শিকার করতে যেত। তীরধকুক নিয়েও শিকার করত। আজ থেকে একুশ বছর আগে দোলের পর কিষণজীকে নিয়ে সে এবং তার সখী সম্প্রদায় মিলে গিয়েছিল বনভোজনে। তাদের গ্রাম থেকে ক্রোশখানেক দূরে ঝরনার ধারে বনভোজন। ঠাকুরবে একটা পাথরের উপর বসিয়ে চলছিল ভাদের নাচ গান। তামাশা বুল্ল সব ওই দেবভাটিকে নিয়ে। এবই মধ্যে হঠাৎ ভার বাজপক্ষিণী

—দেটা ছিল একটা গাছের ভালে বাঁধা, সেটা উড়বার জন্ম বাটপট বরে সারা হয়েছিল। কি হ'ল তারা প্রথমে বুঝতে পারে নি। হঠাৎ এক সংগী আকাশের পানে ভাকিয়ে বলেছিল, হুই দেখ সদার বেটী, হুই দেখ। বলে খিলখিল করে হেসে উঠেছিল।

—কি ? কি ?

— হুট ! হুই ! দেখ আকাশের পানে চেঁয়ে। হুই সাদা পারা— হুই উড়ছে— ছুটছে গ!

.দখেছিল তারা। এবং বুঝতে পেরেছিল আর এনটা বাজপাধি উড়ে চলেছে ঠিক সাদা হাউইয়ের মতো। আর প্রাণভয়ে উড়ে পালাচ্ছিল একটা সারস।

মেয়েটা তথনও হাসছে। মেগেটার নাম মেনী, ভাল নাম মেনকা।
—এতে হাসছিল ক্যানে ?

रेविल সে খুলে দিয়েছিল নিজের বাজকে। পুঞ্ণীর নাম ছিল। বুঁটুলী। ুঅর্থাৎ বাঁটুলের নারী নাম।

পাথিটা ঝটকা মেরে আকাশে উড়েছিল এবং তীক্ষম্বরে চিংকার করেছিল। বজেপাথি শিকারের সময় ডাকে না। সে নি শব্দে যায়।

রুক্সিণী আশচর্য হয়ে বলেছিল, মব্—ভাকিস কেন ? খুব তো ভাগদের শুমোর দেখি !

মেনী আবার হেসে বলেছিল, ভাকবে নাই ? পরাণ বলে আনচান করছে উয়ার। উটা মরদ লাগছে গ—সর্দার বেটা।

কথাটা মিথাা নয়। ওরা তাকিয়ে দেখতে দেখতেই দেখলে, বাঁট্লী আকাশে উঠতেই সেই বাজটা শিকার ছেড়ে বোঁ করে পাক দিয়ে একেবারে নিচের দিকে মুখ করে পাখা গুটিয়ে নিজেকে ছেড়ে দিলে, পড়তে লাগল রাত্রির অকাশ থেকে খদা তারার মতো। তারপর মেলল পাখা। তখন তার থেকে আর মাত্র খানিকটা দূরে বাঁট্লী উড়ছে। বাঁট্লীও বাজপাখী। সেও বাজপাখির বিচিত্র ওড়ার কোশল দেখিয়ে বাজকে নিচে রেখে উঠল উপরে। বাজও উঠল। বাঁট্লী পাশ কাটাল। বাজও বেঁকল। বাঁট্লী আবার ঘুরল। শৃশ্যমগুলে সে যেন চোর ধরাধরি খেলা। বাজটাকে বাঁট্লী প্রায় নাজেহাল করে রাগিয়ে দিয়েছে। সে বিপুল বিক্রমে এবার ষেন আক্রোশভরে তার দিকে ছুটল। বাঁট্লী কিন্তু আরও চতুরা—সে

এবার সাঁ সাঁ করে আকাশ থেকে নামতে লাগল পাখা গুটিয়ে ছোঁ মারার ভঙ্গিতে। তারপর পাখা মেলে এদে বদল ষে ভালটিতে সে বদেছিল দেই ভালে। বসেই দিল আর একটা ডাক। দেখতে দেখতে বাজটা এদে ঝপ করে বদল পাশে। বাজটা বড। প্ক্ষ কিনা। পায়ে মলের মতো দোনার গোল মল পরানো।

এবার সব সখীর। মিলে কলরব করে হেসে উঠল। তাই তো, একি! মেনী বলেছিল, মরণ! কাকে নিয়া আলি ল! অ বাঁট্লী! করিণীও কেসেছিল এবার। সে বলেছিন, দেলো, বাঁট্লীর বর এসেছে, ওকে খেতে দে।

সাধ হয়েছিল ওকে ধরবে। ভাল জাতের বাজ আর খুব শিক্ষিত বাজ। তাকে খেতে দিয়েছিল তথের বাটি। সর চিনি। তা ছ'ডা মাংসও ছিল। হরিণের মাংস।

শোলাক্ষী রাজপুত্র শুক্রী হয়েছে, পেশায় যুদ্ধন্যবস্থী। বহু কালী পাইকের মালিক। ওরা উশাসনায় কিষণজীর উপাসক হলেও মাংস খায় হরিণ শিকার করে, বুনো বরা মারে। তাবে কিষণজীর ভোগে কা দেয় না।

এখানেও হরিশের মাংস আলাদা রান্না হতিল, বাফীদের মেয়েরা খাবে। খাবার সময় হতে হতে ছোট ছোট বাচ্চারা আসবে, তারাও খাবে।

মাংস খেতে দিয়ে সে একজন বাজিনীকে পাঠিযেছিল একটা ভাল্কের বাচ্যা–রখা খুব শক্ত লোহার খাঁচা আছে সেটা আনতে। ঠিক করেছিল খাঁচার ভিত্র খাবার দিয়ে আগে ডাকবে বাট্লীকে। বাট্নী তার ডাকে ঠিক এসে চুকবে খাঁচায়, তথন তার পিছন পিছন বাজটাও চুকবে। ননী হয়ে যাবে পুক্ষ।

কৌতুকে প্রমন্ত হয়ে উঠেছিল তার মন।

সে গান গাইতে লেগেছিল—রে কানাইয়া, আজ সব স্থীরা মিলে ভোকে থিরে বন্দী করব। আঁচলের পাকে পাকে বাঁধব। হাতের বাঁধনে বঁধব া বাঁধব ভোর গলা, বাঁধব ভোর হই হাত, বাঁধব ভোর ছই পা। আমার ঠোটে রাখব ভোর ঠোট। দেখি, তুই পানাস কেমন করে।

এরই মধ্যে কখন যে একজন বোড়সওয়ার এসে সামনে ঝরনাটা যেখান থেকে ঝরছে সেই উঁচু পাথরের মাথায় দাড়িয়েছে তা কেউ দেখে নি। ঝরনা ঝরার শব্দের মধ্যে ঝরনাটার পিছন দিকে ওঠ। ঘোড়ার খুরের শব্দও পায় নি ভারা। যখন দেখল তখন ভারা অবাক হয়ে গেল।

মাণায় পাগড়ি, পরনে চুক্ত পাজামা, গায়ে লম্ব। পাঞ্জাবি চাদবের বেড দিয়ে বাঁধা। পিঠে তুণ বর্শা। কোমরে তলোয়ার। রেকাবের উপর পায়ের নাগরা জুতো ঝক্ঝক্ করছে। কোনো সম্ভ্রান্ত লোক এবং হিন্দু। মুসলমান নয়।

কক্মিণীর দল স্থব্ধ হয়ে গিয়েছিল এমন এক অপরিচিতের আবির্ভাবে।
ত বার খিলখিল করে হেসে উঠেছিল সেই মেনী। স্থব্ধতা ভক্স
হয়েছিল।

অগরিচিক বিশিষ্ট জনটি মেনীকে ২টে ছিলেন, হাসছ কেন গ —হাসব নাই! আপনি এলেন—কাদতে পারি গ

কর্মিণ এবার সংযত হয়ে এগিয়ে গিয়ে রাজনীয় চঙে সেলাম করে ব্লেছিল, জনাস, তাপনাবে দেখে মনে হচ্ছে আপনি কে নো মুল্কের মালিক। রইস আদমী। আপনি কে স্থামরা এখানে মেয়ের। কিষণজীকে নিয়ে বংভোড লে এনেছি। শুধু মেয়েবা। এখানে আপনি ?

তিনি বলেছিলেন, আমার হাউন্থের সন্ধানে এসেছি। তিনি দেখে থা দিয়েছিলেন বাজটাকে। হেসে বলেছিলেন, একটা সারদ দেখে থকে ছাড়লাম। ও উঠল। হঠাৎ দেখলাম আর একটা বাজ ও ভাবলাম, বাজে বাজে শিকার নিয়ে লড়াই বাধবে। তারপর দেখলাম এই বাজটা ঘুরপ ক খেয়ে নেমে পড়ল। আমার হাউইও তার পিছু পিছু ধাওয়া করে নেমে পড়ল এই বড় গাছটার কোলে। গাছটাকে নিশানা করে এখানে এসে দেখছি, ভোমরা নাচে গানে এমন মন্ত যে আমার খাড়ার খুরের শব্দও কানে গেল না। পরে ব্রকাম, ঝরনার শব্দের জন্ম শুনেও পাও নি। কিন্তু খুব আনক্ষেমন্ত ছিলে দেবতার সম্মুখে, আমি সাড়া দিই নি। ভালও লাগছিল। কক্মিনী বলেছিল, ভাহলে মেহেরবানী করে আমুন, নেমে আমুন। নিয়ে বাজ নাপনার বাজ।

নেমে এসেছিলেন তিনি। রুক্মিণী তাকে বসিয়ে বলেছিল, আপনার বাজকে আমরা খাইয়েছি তুধ, সর, মাংস। আপনি কিছু থান। দেবতার প্রসাদ। তিনি বলেছিলেন, কি জাত ? এদের তো দেখে মনে হয় বাগদী। তুমি ? তুমি তো তা নও! চেহারাতেও পৃথক, তা ছাড়া এমন সহবতের কথা তো বাদগী মেয়ের নয়।

রুক্মিণী বলেছিল, আমি শুক্লী রাজপুতের মেয়ে। এরা বাগদীর মেয়েই বটে। সহবতের কথা ? আমার বাবা এক বাঈকে এনে রেখেছিলেন, তার কাছে শিখেছি। বিষ্ণুপুরের স্মর্ভিয়াবাঈ।

— স্ট্যা স্থান শুনেছি বটে। স্বরতিয়াবাঈ পাকা চুল ভাঙা গলা
নিয়ে জগন্নাথ গিয়েছিল। বিষ্ণুপুর থেকে পুরী পোঁছতে তার জিন
বছর লেগেছিল। লোকে বলে, বনের ভিতর কোথায় সে তপস্থা
করছিল। পুরীতে যখন গান গাইত তখন তার তুই চোখে ধারা বইত।
— তু বছর সাতে মাস তিনি আমালের এখানে ছিলেন, আমাকেই
শেখাতেন নাচ গান সহবত।

—হোমার নাম কি ?

কল্মিণী ক্রিশ করে বলেছিল, জনাব মালি, মাপনি রইস আদমী তরিবং সহবতের রাজা। আপনিই ফরমাশ ককন, আমি কুমারী মেয়ে আপনার নাম আপনার পরিচয় না পেলে কি করে আমার নাম বলব ?

—চন্দনগডের নাম ভো জান ?

সঙ্গে নত হয়ে প্রণাম করেছিল কক্মিণী। তারপর স্থীদের বলেছিল, প্রণাম কর, প্রণাম কর।

তারা সার বেঁধে নত হয়ে প্রণাম করেছিল।

তিনি হেসে হাত তুলে আশীর্বাদ করে বলেছিলেন, আমার নাম মাধব সিং।

— খামি জানি জনাব আলি, মালিক বাহাত্ব ! আমি বোকা, হাজাব হলেও বুনো মেয়ে। দেখেই আমার অন্থমান করা উচিত ছিল, অন্তত্ত কপালের ঐ দাগটা দেখে বোঝা উচিত ছিল। যোলো বছর বয়সে শুধু তলোয়ার নিয়ে একটা শেরকে মেরেছিলেন। তখন শেরেব নখ বসেছিল আপনার কপালে। এটা মুলুকের সবাই জানে।

—হ্যা', দাগটা আমার চিহ্ন বটে।

রুল্মিণী বলেছিল, আমার নাম এবার বলি-

বাধা দিয়ে মাধব সিং বলেছিলেন—বলতে হবে না। গামি বোকা নই। ভোমার নাম রাধা। অন্তত এই নামটা আমি দিলাম। সেলাম করে রুক্মিণী বলেছিল, না মালিক, আমার নাম কক্মিণী।

- —ওই হ'ল। তুয়ে তফাত কি ?
- —আমার গোস্তাকী মাফ হয় মালিক; তুইই কিষণজীর প্রিয়তমা হলেও বাধাকে তিনি ছেড়ে পালিয়েছিলেন, তুথ দিয়েছিলেন। তা ছাড়া রাধার অনেক কলঙ্ক। আমি তুথও চাই না কলঙ্কও আমার সইবে না। রাধা গে য়ালিন, আমি রাজপুতিন।
- —সাবাস, সাবাস, সাবাস কক্মিণী। আমি বোকাই বটে।

স্থীরা অবাক হয়ে ক্রিণীর এই বাক্চাতুরি শুনেছিল। তাদের সঙ্গে যে ক্রিণী হাসে খেলে নাচে গায় ৭ তে সে নয়!

কক্মিণী বার বার অভিবাদন করেছিল।

এই সময়ে এসৈছিল খাঁচাটা। তিনি জিজ্ঞাসা করেছিলেন, ওটা কি হবে?

এবার চন্দনগড়ের রাজা—লভাইয়ে যাকে লোকে বলে কস্তম, সেই কস্তম মাধব সিং সম্মুখে জেনেও মেনী আবার হাসতে শুক করেছিল। রাজা বলেছিলেন, তুমি বড় হাস। হাসছ কেন ?

মেনী ভয় পেয়ে বলৈছিল, আপনি রাজা সাহেব, আমি ছোট বাগদীর বেটী, হাসি আমার রোগ বটে। দাঁতগুলান তুশমনের হাড়ে বিধাতা গড়ে বসায়ে দিয়েছে, ঠাঁই বাছে না, মানুষ বাছে না, বেরায়ে পড়ে।

- —না না, তুমি হাস। ভাল লাগছে তোমার হাসি। কিন্তু হাসছ কেন ?
- হুজুর, আপনি নিজে বললেন, আপনি বোকা। তা খানিক বটেন। খাচা আপনার হইটাকে বন্দী করবার তরে—

(टरम बाजा वलातन, अरक वन्मी कदारव (क ? शदा शूदारव (क ?

- आभारनत वं हिनौ। तम प्रिया निरम्भिन किनीत वाकरक।
- আচ্চা !
- —ওটা মেয়ে বটে হুজুর!
- ও! তা আর তো হবে না। আচ্চা, একটা বাঙ্ক আমি তোমাদের দেব।
- উটাই লিব। দেখেন। লেন, আপুনি ডেকে লেন আপনার হইকে। বলেই বলেছিল, দাড়ান। ভারপর খাঁচার দোর তুলে রুক্মিণীকে বলেছিল, লাও গো সর্দার বেটা, লাও, ভর ভোমার বাঁট্লীকে খাঁচাতে, ডাক ভুড়ি দিয়া। রাজা হুজুরকে ভেক্কিটা দেখায়ে দাও।

রুক্মিণারও কৌতুকের সীমা ছিল না। সে বলেছিল, আপনি হুকুম দিলেন ভো?

রাজাও কৌতুকভরে বলেছিলেন, দিলাম।

খাচার ভিতর বাট্লীর প্রিয় খাত সর গুড আর মাংস দিয়ে রুক্রিণী তুড়ি দিয়ে ডেকেছিল, বাঁট্লী, আয় আয়—বাট্লী—

বাঁট্লী একবার অপাঙ্গে হাউইয়ের দিকে তাকিয়ে বােধ হয় তাকে ইঙ্গিত করেই মাটিতে নেমে পায়ে পায়ে হেঁটে গিয়ে থাঁচার দরজার মুখে মুখ পুরেছিল। ওদিকে হাউই চঞ্চল হয়েছে। রাজা তাকে ডাকলেন, হাউই, হাউই, এই, আয় আয়। কিন্তু হাউই তাঁর কথা শুনল না, সেও পায়ে পায়ে হেঁটে গিয়ে বড় থাঁচাটার মধাে বাট্লীকে অমুসরণ করে চুকে বসল।

সব মেয়েরা এবার খিলখিল করে হেসে গড়িয়ে পড়ল।

রাজা সেদিন সারাদিন থাকলেন। গান শুনলেন। নাচ দেখলেন। রুক্মিণীর সঙ্গে আলাপ করলেন। প্রসাদও খেলেন।

যাবার সময় কক্মিণী থাঁচাটা তাঁর হাতে দিয়ে বললে, মালিক বাহাছর, আপনি রাজা, আমি গরীব শুক্লীর মেয়ে, এককালে আমরাও ছিলাম শোলাঙ্কী রাজপুত। আজ আপদ্ধর্মে শুধু শুক্লী। বনে বাস করি। আমরা বনেই স্বাধীন হয়ে আছি। পৈতে নেই। আপনি তবু আমার ঠাকুরের প্রসাদ খেলেন, এ খাঁচা আপনাকে আমার নজরানা। বাট্নীকে স্বন্ধ নিয়ে যান।

রাজা বলেছিলেন, ও নজরা ায় তো মন ভরল না আম র।

—আর কি আছে আমার মালিক "

রাজা বলেছিলেন, ওই যে বিষণজী, তুম তার সেবিকা। আমি তাঁর সেবক। আমার নামও মাধব সিং। কক্মিণী, যদি তোমাকে আমি তোমার বাঁট্লীর সঙ্গে নিয়ে থেতে চাচ্

চুপ করে ছিল ক্ষিন্মী। নে ভাবছিল। সেকালে বাজাদের উপপন্নী রাখার কথা সে জানে। সমাজে দেশে সেটা সাধারণ ব্যাপার। কিঞ সেটা আভিজাত্যের লক্ষণ। কিন্তু সে ব'রোভাইয়া শুক্লী সর্দারের মেয়ে —ছেলেবয়স থেকে এ সময় পর্যন্ত কিষণজ্ঞাকে ভজনা করে এবং ওই স্বরতিয়াবাঈয়ের কাছ থেকে রাজপুতানার গল্প শুনে এমনই একটি মন পেয়েছে, ভাবনা পেয়েছে, যাতে সে উপপন্নী হতে ঘুণা বোধ করে।

-- কি ভাবছ রুক্মিণী %

সে হাত জোড করে বলেছিল, রাজা সাহেব, রুক্মিণী মাধ্বেব গুণ শুনেই অনেক আগে থেকে ম্ঝা তবে সে তাকে কামনা করতে সাহস করেনি। মাধ্ব যখন তাকে কামনা করছেন তখন তার থেকে বড ভাগা আর কি হতে পারে ?

রাজা হাত বাড়িয়ে তার হাত ধরতে চেয়েছিলেন। কিন্তু করিণী হাত সরিয়ে নিয়ে বলেছিল, তবু একটা কথা নে বলবে। উত্তব শুননে। —বল।

—ক্ত্মিণীর মাধবের কাছে মিনতি তাঁর চরণের দাদী যে হবে সে ক্ত্মিণী নাম নিয়েই হবে তো ?

রাজা তার মুখের দিকে তাকিয়েছিলেন। উত্তব দিতে পারেন নি। ক্ষিণীই বলেছিল, সত্যভামা জাম্ববতী যোলোশো মহিষী মংধবেব ছিল। ক্ষিণীব ত দে তো বলনার কিছু নেই। কিন্তু সে তো নাম পাণ্টাতে পারবে না হুজুর। রাধা ভাগ্য আমি চাই না রাজাবাহাত্রর। তার থেকে আমি মীরাবাঈয়ের পথ ধরব। রাজা তাকে বলেছিলেন, তুমি ক্ষিণী হয়েই যাবে ক্ষিণী।

র।জা মাধব 'দ' শুধু র'জা ছিলেন না, তিনি ছিলেন বীর, বড শিকারী, তর্দ ন্ত সাহদী। আর একটা কথা চলিত হযেছিল যেটা লোকের মুখে চলে। সেচা হ'ল—'ব্রদ কি বাত হাতাকা দাত। মনিনী মাধব সংক।—বাত দেতা ভোজাত দেতা। বাত কি খি।প কভি নেতি হেতা।

তিনি বিয়ে করেঃ নিথে গিয়েছিলেন কণ্মিণীকে। বাধা পড়েছল অনেক। কিন্তু সে বাধা তিনি মানেন নি। মুর্শিদাবাদে তথন নবাব স্বজাউদ্দিনের আমল। স্বজাউদ্দিন যথন উড়িয়া থেকে মুর্শিদাবাদে বসতে চলেছিলেন তথন মাধব সিং তাকে নজরানা শেষক্ষ পাঠিয়েছিলেন, কিন্তু নিজে যান নি। তার কারণ তিনি বলেছিলেন, ছেলের সম্পত্তি যে কেড়ে নেয় সে বাদশাহী সনদে নবাব হয়েছে বলে নজরানা পাঠান্ডি, কিন্তু সেলাম দিতে যাব কেন ? এমনই চরিত্রের লোক। স্বতরাং যে কথা তিনি দিয়ে গিয়েছিলেন ক্লিণীকে, তা তিনি রেখেছিলেন।

রাজার আরও তিন বিয়ে ছিল। তিনটিই ছত্রি রাজার কক্ষা। এ ছাড়াও উপপত্নী ছিল। উপপত্নীতে রানীদের আপত্তি ছিল না। কিন্তু এই পৈতে ছাড়া শোলাঙ্কী রাজপুত শুক্লী সর্দারের মেযেকে বিবাহে তাদের প্রচণ্ড আপত্তি হয়েছিল। ছত্রি মনসবদার প্রাহ্মণ দেওয়ান এবং অক্যান্য ছত্রিদেরও আপত্তি ছিল প্রবল। শেষ পর্যন্ত নতুন শুক্লী রানীর জন্ম আলাদা মহলের ব্যবস্থা করিরে হবে ভারা সম্মাত দিয়েছিল। রাজা জেদ ছাড়েন নি। জেদ বজায় থেকেছল কিন্তু হিলেও ছত্রি এবং ব্রাহ্মণেরা এসেই চলে গিয়েছিল নাক্র ফলমূল মিষ্টান্ন খেয়ে। বিয়ে হয়েছিল চন্দনগডে। দলু সর্দি ব শ্রাণ নিমে গিয়েছিল। ভার ভাইরা যায় নি, ছেলে পার্টিয়েছিল। কিন্তু বাহু ত্তব–ব্যরিরা গিয়েছিল, দশাধীরা প্রিরেছিল। আব গিয়েছিল বাংদী পাইবো।

বিয়ে ২যে গেন। র'ভা ভেবেছিলেন লডাইযে তিনি জিণনে।

কিন্তু বিষেব প্র দেখলেন, না, তিনি জেতেন নি, লডাই লেগে ব্যেছে

এং প্রথম দফায় তিনি জিলেছেন একথা সত্য হলেও দ্বিতীয় দফ র

জন্য প্রতিপক্ষরা দস্তরমত লড়াই সাজিয়ে রেখেছে। রাজা দেখলেন –

আলাদা-মহনে বাস করার জন্য ক্সিণী রানীর মর্যাদা পাচ্ছে না।

ম 14 সিং জেদী, তুলিন্ত জেদী। কিন্তু তার থেকেও সম্বেত জেদ

ম 14 সিং জেদী, তর্দাস্ক জেদী। কিন্তু তার থেকেও সমবেত জেদ ৬ রও কঠিন, আবও শক্তিশালী।

গৃহদেব গা রাধামাধ্বের পুবোহিত বললে, পর্বেশার্বণে রানীদেব কজ আপের র নীরা গ্রবেন। নতুন রানীকে করতে দেব না—এ হলে পরে না।

জন। রানীরা, দেওয়ান এবং ছত্তির। তাতে সায় দিলে। এদেব মূল শাক্ত মমসবদার সুচেত সিং—বড় রানীর সহোদর।

বজা কি করতেন তা বলা ষায় না, কিন্তু কজিণী এর সমাধান বরেনে। বললে, তুমি আমার কিষণজীকে এনে দাও, আমাব এখানে কৈ স্থাপন কর। তাঁকে পূজো করলেই তোমার বংশের ঠাকুরকে পূজো করা হবে। আর এ সমস্থার সমাধানও তিনি করে দেবেন। রাজা খুশী হলেন। তাই হোক। খবর পাঠিয়ে তিনি শ্বশুর দলু সদারকে আনিয়ে বললেন সমস্ত। তারপর বললেন, সদার, কল্লিনীকে বক্ষা করতে একলা আমি। আমার ভয় হনে এরা কোন্দিন—

েনে বললেন, নিজের জন্মে ভাবি নে কোনদিন। কিন্তু রুক্মিনী চ কাক্মণী বলেছিল, তার জন্মে তুমি ভেবো না রাজা। দ্বারকার কিষণজী পেহত্যাগের আগেই রুক্মিণী বৈকুঠে চলে গিয়েছিলেন। দলু বলেছিল, তুমি রাজা, তবু আমার জামাই। আমাদের বহু পুক্ষ আগে হারানো সম্মান তুমি দিলে ক্মিণীকে বিয়ে করে। যদি কিতৃ বাসের জায়গা আমাদের দাও তবে আমি আমার পৈতৃক পঁচিশ ঘর পাইক এখন চল্লিশ ঘর হয়েছে, তাতে মরদ পাইক এখন ছশোর উপর— ত,দের নিয়ে এখানে আমি চলে আসি, বাস করি। কাজ করি। ছশো পাইকের জান থাকতে গোমাদের কেট ছুঁতে পারবে না।

মাধব সিং সানন্দে মত দিয়ে বলেছিলেন, তুমি শ্বশুর, তোমার সঙ্গে বাণ-বেটার সম্পর্ক হয়েছে। তোমাকে আমার প্রণাম। যাও, নিয়ে এস পাইকদের যত জলদি হয়।

ভদের কিন্তির উত্তরে মাধব সিং ধোড়া তুলে কিন্তিটাই শুধু ঢাকলেন না, তাঁর ফিলের মুখে উঠ-কিন্তি পড়ে গেল। মাসখানেকের মধ্যে চন্দনগড়ের পাশটায় যে জঙ্গলটা ছিল সেই জঙ্গল কেটে বসে গেল নতুন গইকরা। চন্দনগড়ের শক্তিবৃদ্ধি হ'ল। চল্লিশ ঘর নয়, এল ষাট ঘর। বাহাত্তর-ঘরিদের তাবে থেকে বিশ ঘব পাইক দলু সদারের দলভুক্ত হয়ে ষাট ঘরের তিনশো জোয়ান এসে নিজেরেই নিজেদের ঘরদোর সব গড়ে নিলে।

ভারপর হসং একদিন বিপদ বাধল আবার ঠিক এক বছর পর মারাত্মক কিন্তি পডল। কটকের শাসনকর্তা স্বজাউদ্দিনের জামাই ক্তম জং-এর দর্বার থেকে পতা এল। মীর হবিব ক্তম জং-এর দেংবান। স্বজাউ দানের ছেলে তকী থাব আকস্মিক মৃত্যুতে নবাবের ড।মাই কন্তম জ॰ উডিয়ার নায়েব নাজিম হগেছে, মীর হবিব তার দেওয়ন। তিনি ^{কি} থেছেন পত্র: "মুধা বাংলা বিহার উভিয়ার নবাব স্তবাদার মতোমন উল্মুক্ত স্থুজা এদিন আসদ জ বাহাতুরের প্রতিনিধি উডিয়ার নাষের নাজিম মহামান্ত আমীর উল্মুক্ত মুরশিদকুলী কস্তম জং বাহাতুরের আদেশক্রমে এই হুকুম-নামা চন্দ্রগড়ের রাজাবাহাতুর দ্রীযুত মাধব সিং সাহেবের উপর জারি হইতেছে। নায়েব নাজিম বাহাতুরের তীক্ষ্ণ দৃষ্টির সম্মুখে ইঙা অকাট্য সাচ্চা খবর বলিয়া ধরা পড়িয়াছে যে, আট-নয় বৎসর পূর্বে এক শুক্লী সর্দার—দলপৎ শুক্লী বিষ্ণুপুর রাজ-দরবারের আশ্রিত এক স্থরতিয়াবাঈকে ভূলাইয়া অপহরণ করিয়া লইয়া যায়। এই শয়তান সদার অভি ব্যভিচারী এবং ডাকাতিই তার একমাত্র পেশা। এই সুর্বতিয়াবাঈ প্রথম জীবনে হিন্দু থাকিলেও वाने बहेया तम हेमलाम धर्म खंडन कित्रवाहिल। स्वत्रिक्षावानेतक यथन

।দলপৎ অপহরণ করে তথন তাহার দক্ষে তাহ ব এক পালি গা ব। আপন ক্রম' ছিল। সেও পবিত্র ইদলামের আঞ্রিতা মুদলমানী সুরতিয়ার কলা, দেও মুদলমানী। দেই কলা স্থর ইয়াব মৃত্যুর ব হইতে দলপতের কাছে ছিল। মে তাহাকে কক্সা বলিয়া পারচর দিয়া থাকে। এবং রাজা মাবব দিং দমস্ত জ।নিয়া বা না জানিয়া ভাহাকে আপনার উপপত্নী ক রয়া রাখিঘাছে। ইহার তুলা ইসনামের মধনান কি হুহতে পাবে স্থাত্রাং নারেব নাজিম বচারক-শ্রেষ্ঠ ৮৬২ জং-এর হুক্ম, অবিলম্বে ও০ ক্লাসহ রাজ। মাধব সিং উভিয়ায আসিয়া প'বত্র ইসলাম ধর্ম গ্রহণ কবিবেন। অথবা ওই ককাকে উপযুক্ত মর্যাদার স্থিত নাজিমের মহলে পাচাইয়া দিবেন। অস্থায় উভ্যার নবাবী ফোজ চন্দনগড় ভূমিসাং করিয়া ইসলামের অপমানের শেণ লইবে।" রাজা মাধব সিং জ্বলে ড্রেট কেন। তবুও নিজের নর্যাদা, এবং বাজাের বিপদের দিকে লক্ষা রেখে পত্রখনা ছিঁডে ফেলে দেন নি। উত্তরে নিজে হাতে পত্র লিখে । দর্যেছিলে। সংক্ষিপ্ত পত্রঃ "ধাহার তরবারির শক্তি আছে, সঙ্গে বভ গরুচর আছে, তিনি খেয়ালমতো আলোর রঙকে কালে। বলিলে কোনো তুর্বল মানুষ : কোনো প্রমাণ দিয়া প্রমাণ করিতে পারে না যে, আলো কালো 🤋 নয়, আলো সাদা। যে অভিষোগ করা হইয়াছে—ভাহা কোনো ' শয়তান আমার এবং আমার বিবাহিতা পত্নীর অনিষ্ট কামনায় নায়েব নাজিমের দরবারে হাজির করিয়াছে। বিনা প্রমাণ প্রয়োগে বিচার করিতে পারেন একমাত্র ঈশ্বর, খোদাভায়লা। নায়েব নাজিম সৃশ্ব াবচারক ক্রায়বান হইলেও তিনি ঈশ্বর নহেন। স্বতরাং প্রমাণ প্রয়োগ গ্রহণ করার পূর্বে কোনো আদেশদান হইতে পারে না। এই কন্সার নাম কল্লিণী, সে দনপ শুক্লীর কন্তা, স্তর্ব ত্যাবাঈ পুবী যাতার পথে দলপং রাষের প্রাথে তুই বংসর সাত্মনে থাকিয়া তাহ কে নৃত্যী। শিখাইয়াছিলেন। প্লরতিয়াবাঈও মুদলমান ধর্ম গ্রহণ করেন নাই। পুরী মন্দিরে कि শেষ জীবন অতিবাাহত করিয়াছেন। আমাকে ্যে কোনো অজুহাতে বাংস করা উদ্দেশ্য হঃকো স্বতন্ত্র কথা। অন্যথায় নবাব ইহাতে সন্তুষ্ট হইবেন বলিয়া আশা করি।" অন্দর মহল থেকে 🖫 জসভার রানী ও সরকারী কর্মচারীরা এ উত্তর

অন্দর মহল থেকে রজসভার রানী ও সরকারী কর্মচারীরা এ উত্তর শুনে বেঁকে বর্নি থে েছিল, একি কথা। নবাব দরবার থেকে যে অভিযোগ এনেত্র সন্থান হবে কি করে! সাধারণ প্রজারা নবাবী ফৌজ রাজ্য আক্রমণ করতে পারে জেনে ভীত হয়েছিল।

বাজ। মাধব সিং ক্রিণীকে কাছে ডেকে বুকে জড়িয়ে ধরে বলেছিলেন কোনো ভয় নেই।

দলু সর্দাবের দল অহরহ প্রস্তুত হয়ে থাকতে শুরু করেছিল। মেয়েরা তাদের পোটলা-পুঁটলি বেঁধে রেখেছিল, পুরুষেরা লড়াই শুক করলে ভারা বনে ঢুকে বসুবে। দলু সিং সদারের বাগদী নায়কেরা আরও পাইক সংগ্রহ করে এনেছিল। সবস্থদ্ধ মিলে তারা তথন পাঁচশো। ভারা হুর্দাস্ক, ভারা মরিয়া। তাদের কাছে রাজ্যের ছত্রি এবং চুয়াড रेनज शैनवन श्रु পড়েছে। তারাও সংখ্যায় শ পাঁচেক। রাজ্ঞা, দলু এবং কক্মিণী সকলেই বুঝতে পেরেছে—এ সৰই বড় রানী এবং তার ভাই স্তুচেত সিং-এর ষড়যন্ত্র। রানী তু'হাতে টাকা ছড়াচ্ছেন গোপনে। রাজা মাধব একটা অন্যায় করেছিলেন। কল্মিণীকেই তিনি সব করে कुलिहिल्लन काँव कीवरन। यना बानीएनव महत्ल खरूकन ना। ठेक्किन-বাড়িতে গিয়ে বাইরে থেকে প্রণাম করে চলে আসভেন। নিমন্ত্রণ কাউকে করতেন না, কাকর বাড়িতে নিমন্ত্রণে ষেতেনও না। তিনি দলুকে মধ্যে মধ্যে ডেকে পরামর্শন্ত করতেন যে একদিন কল্পিণীকে এবং সর্দার আর পাইকদের নিয়ে চন্দনগড ছেডেই চলে বাবেন তুর্গম অরণ্যের মধ্যে। সেখানে নতুন করে গড়ে তুলবেন নতুন রাজ্য। কিন্তু ক্রিণী প্রায় আসন্তর্মবা। একমান দেডমানের মধ্যেই তার সন্তান ভূমিষ্ঠ হওয়ার কথা। প্রতীক্ষা করভিলেন সেই সম্ভানপ্রসবের। ক্রিণী কথনও কথনও ছুরি নিয়ে থেলা করত। রাজা মাধ্ব সিং হাত থেকে ছুরি কেন্ডে নিতেন। অবশেষে তাকে একদিন কিষণজীর সামনে निरम शिरम वलि हिलन, मामरन कियमकी, এकটा में कथा वलाव

ক্রিণী ? —কি ?

[—]ছুরি নিমে যখন থেলা কর তখন কি ভাবো ? কন্মিণী চুপ করে দাঁডিয়েছিল। কথা বলে নি।

[—]কক্মিণী!

এবার কল্মিণী কেঁদেছিল। রাজা তাকে বুঝে নিয়ে বলেছিলেন, একটা শপথ করতে হবে তোমাকে।

[—]दल।

—যতদিন তোমার গর্ভে অামার বংশধর রয়েছে তর্তাদন এসব ভাববে না।

(म वरलिছिल, ভाবব ना।

ঠিক তার পরদিনই সংবাদ এসেছিল মীর হবিব আসছেন। সরজমিন তদন্ত করবেন। রাজা শঙ্কিত হয়ে দলুকে বলেছিলেন, কোন পথে কোন দিনে চন্দনগভ ছেডে যাবে শ্বশুর ঠিক করে রাখ। তুলি ঘোডা এসব যেন অন্তপ্রহর তৈরি থাকে। মীর হবিব বাব নয়, সে সাপ। তবে নবাবী চিঠির স্থর এবার ভাল। পত্রে আছে: "নায়েব নাজিম সহিষ্ণু এবং স্কল্প বিচারক। তিনি রাজা সাহেবের নির্ভাক পত্রে অসম্ভন্ত হন নাই, তুইই হইযাছেন। একটা সংবাদ ইতিমধ্যেই পাইয়াছি। স্থরতিয়াবাঈ সত্যই শেষ জীবন পুরীতে অতিবাহিত করিয়াছে। এবং সে বালত তাহার কেহ নাই। রাজা সাহেবের অস্ত কথাগুলিও বিশ্বাসযোগ্য। তবুও তদন্ত না করিলে স্ক্ল্প বিচার করা যায় না। সেহেতু নায়েব মীর হবিব আমীর সাহেব যাইতেছেন। সঙ্গে তাহার এক শতের বেশী সিপাহী থাকিতেছে না। স্বতরাং কোনো আশক্ষা কবিবেন না। জানি, রাজা সাহেব সাহদী এবং ধীব ব্যক্তি। কস্তম বলিয়া তাঁহার খ্যাতি আছে।"

তব্ রাজার সন্দেহ হয়েছিল, কিন্তু কিছু করার তো উপায় ছিল না। রাজ্যে কিন্তু অসন্তোষকে তথন প্রবল করে তুলেছে মধব সিং-এর মনসবদাব বড রানীর ভাই স্থচেত সিং। দিন দিন ন'না গুজব রটছে। 'একশো সিপাহী নিয়ে আসছে মীব হবিব কিন্তু তার পিছনে আসছে পাঁচ হাজার পণ্টন আর তোশখানা। রাজা মুসলমানী বাইষের মেয়েকে না দিলে একেবারে সব ভূমিসাং করে দিয়ে যাবে। ও মেয়ে মুসলমানী।'

'রাজার পুকত রাধামাধবের পূজারী বলছে, 'দেবতা বিমুখ হয়েছে। পূজার ফুল পায়ে থাকে না, পডে যায় মাটিতে। ভোগও নাকি হয় না। ভোগের উপর তুলসীপাতা দিতে গেলে হাত থেকে খদে মাটিতে পডে যায়।' তরু মাধব সিং অটল রইলেন। দাডিয়ে থেকে একদিন পূজো দেওয়ালেন, পূজো করালেন। ভোগ দেওয়ালেন। সেদিন কিছু হ'ল না, ফুলও পায়ে থাকল, তুলসীপাতাও ভোগের মাথ,য থাকল। তরু গুজব ফিরতে লাগল। দলপৎ সিং-এর পাইকরংও অহরহ তৈরি হয়ে হয়ে ঘুরতে লাগল। রাজা অক্য সিপাহীদের টাকা দিলেন একটা উপলক্ষ করে। স্থচেত সিংরা চুপ হয়ে গেল। রাজা বললেন, দেখ, আস্থক মীর হবিব। হোক তদন্ত।

মীর হবিব এলেন। তাঁর তাবু পড়ল গ্রামের বাইরে। সিপাহী একশোর বেশি নয়। তোপ নেই। হবিবকে অভ্যর্থনা করলেন বাজা। হবিব খুব কেতাত্বস্থ আমীর। কথাবার্তায় ভারী পারক্ষম। দলু সর্দার সঙ্গে ধায় নি। মাধ্য সিং তাকে কলিনীয় ভার দিয়ে রেখে গিয়েছিলেন। রাজার বৃদ্ধি ছিল খুব তীক্ষা। অনেক দূর পর্যস্থ দেখতে শেতেন, একথা দলু জানত। তবে দলু বার বার বলেছিল, তুমি বল রাজা সাহেব, একদিন রাতে স্থাচেত সিংকে কেউ শেষ করে দিক। বিন্তু রাভা তা দেন নি। বলেছিলেন, কত জনকে খুন করবে শশুর প্রভাগ তারা লে বি করে করব প করতাম ব্যভিচারিণী হলে, কিন্তু সে অপরাধ তো তারা করে নি।

চুপ করেছিল দলু। ইাা, ঠিক বলেছে জামাই। রাজবিচার! রাজবৃদ্ধি!

সেদিন রাজার সঙ্গে ছিল গণেশ পাইক আর ভীম পাইক ডাইনে বাঁয়ে। পিছনে ছিল বিশক্ষন পাইক একটু দূরে।

হবিব আমীর রাজাকে বসিয়ে হেসে বলেছিল ফার্সী বয়েং। তারপর বলেছিল, এ হ'ল দেওয়ানা কবি হাফিজের বয়েং রাজা সাহেব। অর্থ হল – হাফিজ বলেছিল তাঁরে যে প্রিয়া ভার গালে একটি তিলের জন্ম ভিনি বোখারা সমরগন্দ দিফে দিতে পারেন। তুমি রাজা সাহেব তেমনি দেওয়ানা, মোহব্বভিতে দেওয়ানা আদমী। রাজা বলেছিলেন, আমীর সাহেব, আপনি পারসীতে পণ্ডিত, রানিক লোক। কিন্তু কক্মিণী ভামার বিবাহ করা ধর্মপায়ী।

⁻⁻ जनाडे १

⁻⁻⁻ना, नामी।

[—]আ। া! তাহলে তে'ম র মৃল্লুক জুডে এমন চেল্লায় কেন :

[—] কেউ চেঁচায় না ! স্থাচেত দি আর তার বোন চেঁচায়। তার বোন, আমার প্রথম স্ত্রী।

হা-হা করে হেসে হবিব বলেছিলেন, সতীনের কাণ্ড! ওরুতি গোস্তা। তা হতে পারে। তবে মীর হবিবের পর্য একটি। এক প্রথেই সে ঠিক ধরে নেবে—স্তিটো কি। এক শ্রথ!

রাজা বলেছিলেন, বেশ, পর্থ করুন।

একটু চুপ করে থেকে হবিব বলেছিলেন, জানেন রাজা, গুলাব তামাম মুল্লকেই এখন ফোটে। কিন্তু বস্ত্রাই গুলাবের কাছে কেউ না। সে ধরবার ক্ষাতা ক'জনের ? সবাই দেনে এক গুলাব। কিন্তু যার বাড়ি বসরা সে ঠিক ধরে দেবে--এ গুলাব বসরাই কি বসরাই নয়!

রাজা সাহেব চমকে উঠে তার মুথের দিকে তাকিয়েছিলেন।

হবিব বলেট চলেছিলেন, দেখিয়ে রাজ। সাহাব—এ তো আপনি মানবেন যে এতকাল আপনারা রাজপুতানার রাজপুত শের এই শঙ্গালে ভাত মুড়ি আর মিচ্চির মুল্লুকে বাস করছেন ' ভবু আপনাদের র,জপুত ওরতদের একটা আলাদা জলুদ আছে, একটা ছাঁচ আছে। ত্রিবতে সহবতে চোথের চাউনিতে বংলার কালী লেডকীর সঙ্গে ফ'বাক অনেব। তেমনি, ঠিক মুসলম'ন যারা ইসলামী একটা ছাঁচ একটা গড়ন একটা তরিবং থাকবেট। যতই হিন্দুয়ানীর রঙ দিয়ে ঢাকুক, সে ঢাকা যায় না। মুসলমানী বেটী আমি এক নজরে ধরতে পারি।

রাজা উঠে দাভিরে বলে উঠেছিলেন, হবিব সায়েব! এর্থাৎ রাজা বুঝেছিলেন হবিব সায়েব এর পর বলবে রুক্মিণীকে এর পর হাজির করা হোক। উঠে দাঁডিয়েছিলেন তিনি।

হবিব চিংকার করে উঠেছিল, এও বেওকুফ, বে-ভরিবং জংলী রাজপুত, বৈঠ যাও।

রাজা ডেকেছিলেন, ভৈবব! ভীম। গণেশ। চলো।

হবিব সাঠেব চিংকাৰ করেছিলেন, সি-পা-হী লোক! ম-ন-স-ব-দা-র । भव रेट्रिके जिल। किन्न रवांत क्यू किन्न म'र्ग घर गिरम्बिल। किन् পরে হবার কথা ছিল। হবিবের সিপাহীরা এদে ঝাঁপিয়ে পড়েছিল রাজা এবং ভীম ভৈরবদের উপর। রাজ। লডাই করতে করতে পেচিত্রে বলৈছিলেন, একজন যাও, বর দাও নলুকে, ক্রিণীকে !

ব্লতে কেন্তে তিনি লডেদিলেন।

ভীম আব গণেশ ফেরে নি। ভৈবা ফিরেছিল,—সর্দার, সর্বনাশ-সব শেষ !

'রপর ি করতে হবে রাজা তা আগেই ্রলে বেখেছিলেন দাপ কে। ক্ষিণীকে তিনি বাঁচাতে বলেছিলেন। ভিন রানীর মধ্যে কারণৰ পুত্র-ম্ম্যান নেই। স্ব ক্সা। রাজা <েছিলেন ক্রিণীর গর্হে যদি

বংশধর থাকে ? ওকে বাঁচিয়ো শ্বশুর। তোমার আমার তু'জনের জলপিও। এথানে স্থচেত সব বিষয়ে দিয়েছে। ওরা তোমাদের মারবার চেষ্টা করবে। পালিয়ো—যে কোনো উপায়ে পালিয়ো। তুর্গম বনে। গভীর বনে। যে ভাবে তোমার দাদো পালিয়েছিল। তাদের সঙ্গে তুমি বেঁচো। নইলে কল্পিণীর পালানোর মানে হয় না। নিজেদের পুরনো বনে ফিরে যেয়োনা, সেখানে ওরা ভোমাদের পাত্তা করবে। নতুন তুর্গম বনে চলে যেয়ো।

দলপতের হুকুমে পাঁচশো জােয়ানের চারশো দিয়েছিল লড়াই। আর
দলপৎ নিজে মেয়েছেলে, গক্ ঘােড়ার পিঠে নিতান্ত দরকাবী জিনিস
এবং ডুলিতে করিণীকে চাপিয়ে চুকে পডেছিল বনে। সঙ্গে একশাে
জােয়ান, বাদবাকি মেয়ে বুড়া আর বাচ্চা! সেই আসছিল তারা।
বন থেকে বনে, গভীর বনে বনে, নালা চিবি পার হয়ে চলে
আসছিল। সেদিন ছদিন পুরাে হয়ে হিন্দিনে পড়েছিল। তিন থাকি
হয়ে চলেছে তারা। সামনে বিশ জােযান আর সে। তাদের সঙ্গে
ডুলি আর ঘােডার পিঠে গকর পিঠে জিনিসপত্র, তার সঙ্গে বাচাা
বুড়াে আর বােগা লােক। তার কিছু পিছনে শক্তসমর্থ মেয়েরা।
তাদের পিঠে জিনিস, কাকর পিঠে কচি বাচা। তাদের সঙ্গে পাঁচিশ
জােয়ান। একেবারে পিছনে পঞ্চাশ জােয়ান। যারা পিছু নেবে—
তাদের সঙ্গে প্রথম লডাই তারা দেবে। ইাকবে। মাঝের জােয়ানেরা
ঘাটি গাড়বে। তাদের সঙ্গে শক্ত মেয়েবা। তারাও বাঁটুল ছুঁড়তে
জানে, তীর ছুঁড়তে জানে।

এদিকে সামনের দল ডুলি আর মেয়েদের পিছনে রেখে আর একটা ঘাঁটি পাতবে, নইলে চেষ্টা করবে আরও গভীর বনে চুকবার। পঞ্চাশ জোয়ান যারা সবার পিছনে আসছিল—প্রথম লড়াই দেবার জন্মে ভারা কেউ ফেরে নি। লড়াই দিয়ে ভারা মরেছিল। বাকিরা চুকেছিল গভীর বনে।

वृष्ट

বিশ বছর আগেকার কথা। তিন দিনের শুরুতে আবার এল বাধা, বিকেলবেলা প্রস্ববেদনা উঠল রুক্মিণীর। খুব জ্বোর কদমে

ঠেটে সামনে পাহাড দেখে থামতে হ'ল। একজন লোকও।ফরে এল। একটা জ্বোড অর্থাৎ ছোট নদী পাওয়া গেছে। আন্থানা পডল। কাপড ঘিরে ঘেরা দিয়ে কুক্সিণীকে নিয়ে অম্বিকে ব ফিনী আর দলপতের বিধবা বোন অহল্যা ঢুকে বসল। লে কেরা চিঁতে ভিজিয়ে খেলে। আটটা গৰুর পিঠে শুধু চি ড়ে বেরাই ছালা নিয়েছিল দলপং। তুটো ছালায় ভেলি গুড়। লোকজনের। থেয়েদেয়ে শুল। এদ নেই। মদের জন্ম প্রাণ হাইকাঁই করছে। পথে কিছু শিকার হয়েছে—ত্রটো বড় সম্বর হরিণ। তার চামতা ছাড়িয়ে তুপুরে আগুল করে পুড়িয়ে নিয়ে খেয়েছে। স্থন নেই। স্থনের টিন ফেলে এসেছে। পাঁচ-সাতটা গাইয়ের তথ আছে। ছেলে আর রোগারা খেয়েছে। বক্সিণী খেয়েছে। আর পথে পেয়েছে গোটা দশেক মধুর চাক। এ তুদিনের মধ্যে চন্দনগড়ে কি ঘটেছে তার খবর তারা পায় নি। তবে পিছন কেউ নিতে পারে নি। তারা উড়িয়ার এলাকার দিকে याग्र नि । भूतीत भथरक वा भारम त्रार वतन वतन हरलहा । এलाका বাংলার—দে দলপং চেনে। ঠিক করে নি কোপায় যাবে। তবে চলেছে। কক্মিণীকে বাঁচাতে হবে আর তার বাচ্চাকে। মাধব সিং বলে গেছে, শ্বশুর, বেটাছেলে হবে আমার বিশ্বাস। আমার গোমার ত্র'জনের বংশধর, জলপিণ্ডের আধার। তাকে যেখানে হে ক গিয়ে বাঁচাতে হবে।

সারাটা রাত্রি গাছের তলায় বসে। সে কি করবে? কল্মিণীর এক-একটা কাতরানি ভেসে আসছিল আর বুকটা ধ্বক ধ্বক করে উঠছিল। সে চুপ করলে কি করবে ভেবেই যান্ডিল ঘটনাগুলো। ছদিনের মধ্যে ভাববার অবকাশ ছিল না। ভাবতে পায় নি। রাজার দেহটা? আঃ, কেউ ফিরল না? যাক, যাই হোক বাবা, রাজা মাধব সিং, তুমি ক্ষমা করো। তোমার বংশধর আর কল্মিণীকে বাঁচাতে ভোমার দেহ উদ্ধার করে সংকার করতে পারলাম না। আসুক, আজ তোমার বংশধর আসুক। ওই কাতরান্ডে কল্মিণী। সে আসছে। সে করবে তোমার সংকার।

তথন জোয়ান বয়স দলুর, তথনও সে নোয়ায় িন, সোজা ছিল।
চামড়া কোঁচকায় নি। তু-চার গাছা চুল পেকেছে। পাক্ক না হলে
দাদো বলে মানাবে কেন? দাদো হয়ে সে এখনও পঁচিশ বছর পার
করবে। তোমার বাচা যোলো বছরের হলে তার হাতে তোমার

তলোয়ার দিয়ে সে তলোয়ার ছাড়বে। দলপতের পাশে যে তলোয়ারখনা রয়েছে সেগানা মাধব সিং তাকে দিয়েছিলেন। যেদিন সে চন্দনগড়ে এসে তার পাইন্দল নিয়ে রাজার পণ্টনভূকান হ'ল সেই দিন। আর ক্রিণীর কাছে আছে তোমার ছোরা। তারপর তাকে দিয়ে তোমার সংকার করাব। গয়াধাম নিয়ে যাব। আর? ঝিঁঝিঁ তাকা রাত্রির বনে ঝিঁঝিঁর তাক ঢেকে দিয়ে পাখিরা ডেকে উঠল। সঙ্গে সঙ্গেও কি শব্দ " একটা কাত্র আর্তনাদ ক্রিণীর। তার সঙ্গেওকি! শিশুর কারা! পাখির ডাকে ঢাকা পভস। চিংকার করতে করতে বেরিয়ে এল অহল্যা। জয় কিষণজী! জয় কিষণজী!

- —অহলাা! চিৎকার করে উঠল দলপং। অহল্যা বললে, শিঙাটা বাজা রে দাদা, শিঙাটা বাজা।
- কি হল বল ⁹
- কালা হযেছিস ? শুনছিস না চেল্লানি ? কি চেল্লানি, কি চেল্লানি ! বাপ রে বাপ ! মাব্ মাব করছে যেন ! বাজা, <u>শিঙা</u> বাজা, সবকে তুল ।
- —ছেলে হ'ল গ
- —— আঃ, সাত কাণ্ড রামায়ণের বাদে বলে সীতে কে? বললাম নাই চেল্লানিব কথা! শুনছিস নাই?
- হ্যা, ছেলে চিংকার করে কাদছে। চিংকারে কান্নার বিলাপ নেই, রোষ রয়েছে যেন। হ সিতে ভরে উঠল দলপতের মুখ।
- অহল্যা দ্ব হাতে এদটা মাপ দেখিলে বললে, আই ছেল্যা, এই হাতের বাই। সদল বদল—
- —কি ছেলে রে ?
- কি আবার! বেটাছেলে না হলে শহলো চেল্লায় ? শিঙা বাজাতে বল্। লো, শিঙা বাজা।
- —না। ,শিঙা বাজালে সব ধড়মড়িয়ে উঠবেক। মনে করবেক কে কোপা তশমন থাইচে। সে গোলমাল হবেক। হবে, বাজবে শিঙা, বাজবে নালাড়া, বাজবে চোল—সে দিন আসবেক। আজ লয়। জয় কিয়ণজী! জয় কিয়ণজী! জয় গোপাল! জয় য়োগমায়ণ! জয় বাধামাধবের নাম সে করবে না। রাধামাধবের নাম সে করবে না।

গোপাল! জয় যোগমায়া! ভোমার বাচ্চার মঙ্গল করো। হে বনের দেবতা, তুমি মঙ্গল করো।

উপরের দিকে সে ভাকালে। আকাশ ফরসা হয়েছে। ওইটা পূব দিক। গাছের ফাঁকে ফাঁকে লাল বরণ দেখা যাকে। পূবে সূর্য উঠছে। পশ্চিমে বন—কেবল বন, কেবল বন, দক্তিণ-পশ্চিমে পাহাড়গুনো এখনও কালো দেখাকে। আকাশের গায়ে মেঘের মতো।

সে উঠল, কালকের লাকেদের কাটা ডালগুলোর ইশারা ধরে ধাবে সে নদীর ধারে। তার আগে সে ডাকলে, ভূপালে, এ ভূপালে, উঠ্। জেগে বস্। শুনছিস ? করিনীর ছেল্যা হ'ল রে শুয়াররা। উঠ্। আমি গ্রাহিছ।

আর একবার তাকালো সে কক্মিণীর প্রাসবস্থানের ঘেরাটার দিকে। গাছতলাটা স্থান্দর। গাছটাও প্রকাণ্ড শাহী গাছ। অর্জুন গাছ। ঠিক হয়েছে। কক্মিণীর বেটার নাম হবে অর্জুন সিং। আক্রা নাম। কিষণজীর দোস্ত অর্জুন। বহুং আক্রা হয়েছে।

[ক]

ভোরবেলা সে মুখ হাত ধোবার জন্মই ছোট নদীটির সন্ধানে এই কাটা ডাল ফেলা বনতল দেখে ঘাটে গিয়ে পোঁচল। ঘন বনের মধ্যেই নদীটি বয়ে ঘাচ্ছে। গথেরর বালিতে ভরা নদীবক্ষের উপর দিকে কাচের ধারের মতো জল তরক্ষময় হয়ে উঠে প্রায় ল.ফিয়ে লাফিয়ে চলছে। এখন জল কম। শক্তেক বড় বড় কালে। পাথেরেব মাথা উঁচু হয়ে বেরিয়ে রুয়েছে। জলের দিকে ভাকিয়ে লেখলে, স্বন্ধ জনের তলায় পাথরগুলি স্বন্দর গোলালো, নানা আকংরের, নানা রুভের। কিছ় কিছু পাথরের মাঝখানে সাদা সরু একটি বা তুর্দি গোলা পৈলের মধ্যে বিছে বিহুর রুয়েছে। দলু স্বনিবের সম্বাম হ'ল। এ জো সবই নিবসাকুরের জাতের পাথর। নদীটিকে ভার প্রামায়ী বঙ্গে সানে হ'ল। সে থানিকটা জল মাথায় নিয়ে হাত জোড় করে বললে মা, তুমি নিশ্চয় কোনো শাপত্রপ্রা দেবককা। কোনো শাপত্রভা বেকাল্য হয়ে ভোমার কোলে মালাক্ষে কোলে হ'জার লাখ হয়ে ভোমার ছেলের মতো খেলা করছে।

মা, আমি খুব বিপন্ন। আমার জামাইকে মেরেছে অক্যায় করে।
আমার মেয়েকে নিয়ে বনে বনে চুঁড়ছি। কোথায় নিরাপদ ঠাঁই
পাব যেখানে হুশমনেরা খোঁজ পাবে না। পেলেও তোমার মতো
দেবতার দয়ার বেড়া ঠেলে আমাদের নাগাল পাবে না। দয়া
কর মা!

হঠাৎ একটা গর্জনে চমকে উঠল দলু। একি! মা রাগ করলে! ওপারে একটা পাথরের উপর একটা বাঘ দাঁড়িয়ে তাকে দেখছে। সর্বনাশ! বাঘের সঙ্গে লড়াইয়ে শুক্লী বংশের ছেলে দলপং, শোলাষ্কী রাজপুত ভয় খায় না। কিন্তু তার হাতে যে কিছু নেই বললেই হয়। একটা ভোজালি শুধু। সে অবশ্য পালাতে পারে। তখনও ওটা নদীর ওপারে। 'এক লাফে নদীটা পার হতে পারেণে না। শয়তান ডেলা নয়, চিতা। কিন্তু ছুটলেই বেটা লাফ দিয়ে নদী পার হয়ে পিছু নেবে। এবং গিয়ে হাজির হবে ওদের আস্থাণায়। কল্মিণীর হেলে হয়েছে। একটা শোরগোল হৈ-চৈ হবে। ভয় পাবে কল্মিণী বাচ্চার জন্যে। ধা করে একটা মতলব তার এসে গেল। সে যদি নদীর ধার ধরে আন্থানাকে দ্বে পিছনে রেখে এগোয় ভো কি করবে বেটা ' বেটা কি ভার সঙ্গে জিভ চাটতে চাটতে ওপার ধরে চলবে না গ ভারপর দ্বে গিয়ে যা হন বোঝাপড়া ওর সঙ্গে করবে দলু। একটা ভোজালিই যথেষ্ট, সে শোলাষ্কী রাজপুত!

ভাই সে করলে। ছুটে সামনের দিকে এগুলো সে যাতে আস্তানা দরে পড়ে। হাা, ঠিক হয়েছে। ভার মতলব হাঁসিল হয়েছে, বাঘটা একবার নদীতে নামবার উত্যোগ করে আবার তীরে উঠে ঠিক দলুর সক্ষে চলল। দলু হেসে এবার বললে, আ বে, আও। আও মিরা, আও। চলো, আওর থোড়া সামনে চলো। আওর থোড়া। চলছিল সে নদীর উজানে। ক্রমশ যেন বন মাটি উঁচু হয়ে উপরে উঠছে। নদীটা গভীর হয়েছে। সামনেই একটা জায়গায় উঁচু পাথরের গা বেয়ে নদীটা ঝোরার মতো বার বার বারে পড়ছে। নদীও সংকীর্ণ হয়েছে গভীরতাব সঙ্গে সঙ্গেল অসকা নীচে বারছে, নিচে একখানা পাথরের উপরে পড়েছ ছিটকে উপরে উঠছে, চারিপাশে ছড়াছে। কুয়াশার মতো হয়ে বাতাসে ভাসছে। দে দাড়াল মুয় হয়ে। বাঘটাও ওপারে দাড়িয়েছে। দলু দেখতেই লাগল। ওঃ জানেক—অস্তুত পঁটিশ হাভ নিচে পড়েছে জল। নদীগর্ভ প্রায় পাঁচিশ

গাত গভীর এখানে। নিচে জল যেন ভাতের হাঁড়ির মতো ফেনায় ফেনায় টগবগ করে ফুটছে।

প্রদিক থেকে 'ওঁ ওঁ' শব্দ উঠল, বাঘটা শব্দ কলছে। অর্থাৎ যেন বলছে কি বিপদ, লোকটা যে বিশ্রী জায়গায় দাঁডিষেছে। বেটার আর एর সইছে না। দলু বুঝতে পারলে এই ঝোরাটার কাছ থেকে সরলেই বাঘটা যা হোক একটা কিছু করবে। হয় লাফ দেবে, নয়— নয় কি করবে ? নামবে নদীতে ? কিন্তু সেই বা কি করবে ? এইবাব সোজা উলটো-মুখো পালাবে [?] আপদোস হ'ল ব**র্ণা**টা না আনার জন্মে। তলোয়ারখানা আনলেও হ'ত। হঠাৎ একটা ঘোঁত ঘোঁত শব্দে ওপারে বাঘের সামনের জঙ্গলটা নডে উঠল। বাঘটা চকিতে তার मिक थारक मामरन मृष्टि किरिद्य शर्कन करत लए : एनवाव करका माणाल যেন। দলু বুঝেছে কিছু নয়, এক বুনো শুয়োব। ঝোপের মধ্যে ছিল, বাঘটাকে দেখে ক্ষেপেছে। সে নিশ্চিম্ভ হ'ল, সে খালাস। যা শত্ৰু পরে পরে। এবার বাঘটা পড়বে শুয়োরটাকে নিয়ে এবং ওই শুষোরের মাংসেই আজ খুশী হবে। কিন্তু তুর্ধষ শোলাঙ্কী রাজপুত-রক্তের কৌতৃহল কম নয়। রক্তার্বক্তি জীবন-মরণের লডাই দেখতে বিপুল উল্লাস। লডাইটা তাকে দেখতেই হবে। সামনের ওই উঁচু জায়গাটা--্যেখান থেকে ঝোরার জলটা ঝবছে ওখানটা থেকে বেশ দেখা যাবে। উঁচু একটা পাথরের চন্ধরের মতো। চারপাশের ঘন ঝোপ-জঙ্গলের মধ্য থেকে পাথরটার খানিকটা বেরিয়ে আছে। পাহাড এপাশ ওপাশ তু'পাশেই এখান থেকেই আরম্ভ হয়েছে। কিন্তু দে জায়গাটায় ওঠা সহজ নয়। অনেক ছোট বড় পাথরের চাই এবং ফাঁকে ফাঁকে কাঁটা জঙ্গল জন্মেছে। অবশ্য বনের মানুষ পাইক সদাবের কাছে তা আদৌ হুঃসাধ্য নয়। সে পাথরটার উপর উঠে দাঁডাল। ওপারটা স্পষ্ট দেখা যাড়ে। ঝোরাটা একট আগে পড়েছে। ওঃ ঝোপটা পুব জোরে তুলছে এবং বুনো শুমোরটার গোঙানি শোনা ষাচ্ছে। বাঘটা টান হয়ে দাঁডিয়ে লেজ আছডাকে। বা বা বা, পডাইটা জমবে ভাল। প্রভ্যাণামতো শুয়োরটা একেবারে ভীরের মতো বের হ'ল, সামনে ছুটল : বাঘটাও একটা হাকাড মেরে তার উপর বাাপিয়ে পডবার চেষ্টা করল: লাগল তুই অমুরে মারামারি। শুকরাসুর আরু বাঘাসুর। ঝোরার জল আর ঝরার শব্দ ছাপিয়ে তাদের হুকার উঠতে লাগল। চারিপাশের গাছ থেকে ভোরবেলার সদ্যজাগা

পাখিগুলো পাখা মেলে উডল। कनूत মাথার উপর দিয়ে উড়ে গেল ছটো মযুর। দলু ভূলে গেল কক্মিণীর কথা, নাভির কথা, ভার আস্তানা এবং নিজের কথা। তই চোখ বিক্ষাবিত করে দেখতে লাগল। সে নিজে বুনো শুয়োরটাব দিকে। বাঘটা তার শক্র। বাহবা বাহবা বাহবা। মুখে বাহবা দিয়ে হাতে তালি দিয়ে সে শুকরাস্থরকে উৎসাহিত করতে লাগল। শুযোরটার অঙ্গ-ভঙ্গির সঙ্গে কথনও নিজেই সামনে ঝুঁকছিল কখনও বেঁকে যা[ি]ল। বাঘটার স্থবিধা হলেট সে ভার তুট হাত ইণ্ট্রর উপর রেখে স্থিব হয়ে দেখছিল। হে মাতাজী, তে দেবককা নদী, ককণা কর মায়া-জিভিয়ে দাও ওই বরাহবীরকে। সত্যই ওই নদী মাতাজী শাপভ্ৰষ্টা দেবককা। তা নইলে বাঘের হাব হয়! বরাহকে মাতাজীই জিতিযে দিলেন। বাঘটাকে এমন গুঁতো মারলে বরাহবীর যে বাঘটা ঘায়েল হয়ে পড়ল এবং পরক্ষণেট জান হিসেবের ভূলে পড়ল একেবারে নদীর ভিতর। একেবারে অভাড খেয়ে পাথবের উপর। সেই পঁচিশ হাত তলা থেকে ছিটকে উঠল জল। সাবাস! সাবাস! স্বাস! বুনো শুয়োরটাও জখম স্যেতে কিন্তু খুব বেশী নয়। তার সামনের শত্রু অদৃশ্য হতেই সে গোঁ। গোঁ करत करल राज मामत्नत कक्रामत मधा निरम । नन् प्रथल वाघाँ। নিচে জলের ঘুরনচাকে এবছে—ভুবছে। পাক কতক ঘুরেই সেটা জলের তোড়ে ভেনে গিয়েই সজোরে ধাকা থেলে একটা উঁচু পাথরের সঙ্গে। একটু আটকে থেকে পাথরটাকে বেড় দিয়ে ছুটে চলা জলের স্রোতে চলল নিচের দিকে। দলুও ছুটল; এবার নিচের দিকে ভেগে যাওয়া বাঘটার সঙ্গে। কিছু দূর গিয়ে নদী যেথানটায় কম গভীর হয়েছে সেখানে সে নেমে পডল নদীর পাত ভেতে। জলের স্রোতের ভোড়টা পা দিয়ে পরথ করে নিয়ে জলে নামল। জল কে কোমর। ওট বাঘটা আসছে ভেসে। সে একটা চওড়া উঁচু পাথরের উপর বসল। বাঘটা ভেসে আসছে। এখনও চেষ্টা করছে যা কিছু পাড়ে ভাই ধরবার। দলু ভোজালি হাতে সেই পাথরের উপর বদে অপেকা করে রইল। বাঘটা পাথরটার সামনে এসেই থাবা দিয়ে আঁকড়ে ধরল পাথরটাকে। এবং আঘাতের যন্ত্রণায় জলের খাদবোধী কন্তের বিরতি র উপর সামনে দলুকে দেখে দাত বের করে ভীষণ হযে উঠল। দলু সেই মুখের উপর কার ভোজাতি দিলে আখাকের পর আঘাত করলে। ইয়ে

লে—ইয়ে লে—ইয়ে লে! ইয়ে—। আ! বাঘটার থাবা ছেড়ে গেছে। পাথর থেকে সেটা জলে ডুবছে। দলু অপেক্ষা করে বসেছিল। লেজটা পেজেই সে হাতে চেপে ধরলে। ভারপর এপাশ থেকে জলে নেমে টানতে টানতে নিয়ে এল কিনারার ধারে। বাঘের মুব্যানাকে সে কোপে কোপে একেবারে চুর করে দিয়েছে। নিচের দাভের পাটেটাই ছিঁড়ে ঝুলে পড়েছে। সে শন্তিশালী লোক। সেটাকে 'েনে কানায় ছেচড়ে তুলে আরও কটা কোপ মেরে উঠে দাড়াল। ভারপর নদীকে প্রণাম করে বললে, জয় মাতাজী। এই বাঘের রক্ত নিয়ে গিয়ে অর্জুন সিং-এর কপালে ভিলক লাগাবে। আর চামড়া ছাাড়য়ে ওর পাঁচবার সেই ছোট্ট হাডটা, যেটা মামুষকে সৌভাগ্য দেয়, সেইটে পুরে একটা ভক্তি বানিয়ে এখন গলায় ঝুলিয়ে দেবে। বড় হলে সেটা পরবে হাতে।

বাঘটাকে টেনে আনতে আনতে তার মনে হ'ল এটা তাকে নদীমাতা

কালারা দিলেন। বললেন, দলু বেটা, আমার কিনারায় থাক, আমি তোকে

এমনি করেই রক্ষা করব। আমার খুশি হলে আমি সব পারি শিবের

বরে। শিব আমার ছেলে। আমি বুনো শুয়োর দিয়ে বাঘ মারি। বাঘ

হ'ল কুশমন। মীর হবিবও ওই—স্থচেত সিংও ওই। থেকে যা এখানে।

হাা, ঠিক কথা। মাতাজীর কথা ঠিক। এবার একবার খমকে দাঁড়িয়ে

সে ভাল করে চারিদিক চোখ মেলে দেখলে। সামনেই সেই গাহাড়।

যা কাল সন্ধ্যে থেকে দেখে আসতে। এখন স্পান্ত হয়েছে। সকালের
বোদ পড়েছে পাহাড়ের উঁচু চুডাগুলোর উপব। ওঃ চুডা তো একটা

নয়! এক তুই করে গুনে গেল দলু। বারোটা! পাহাড় খুব উঁচু নয়।

ছোট। একটাই বেশ উঁচু। গায়ে বন জঙ্গল। যে বারোটা পাহাড়ের

চুড়ো থারোজন ভারী জোয়ানের মতো গেল হয়ে পরস্পরের হাত ধরে

দাভিয়ে আছে।

একটা থাকে থেকে বেরিয়ে পেছেন এই মাজাজী। ইনা ইনা, তা হলে তো এই বারো জোয়ান পাহাডের হাত ধরাধরি কর। গোলাহয়ের ভিতরটো দেখতে হয়। ওর ভিতর তো ওই নদীর কিনার। বড় ভাল জায়গা মিলবে বসতের। ইা, ফশমন হলে বারে। পাহাড় কখবে। আর তারা যদি বারো পাহাড়ের গায়ে ছই বারো চবিবা ঘাঁটি গাড়ে, তাহলে পাহাড়ের হাত ধরার মতো নিচু জায়গাঞ্জলো খুব সহজে কখতে, পারবে। ত্রেফ পাথর গড়িয়ে দিলেই বাম ফতে। এক পাথর পাঁচ-দশ

দিপাহীকে পিষে মেরে দেবে। বর্শা কিছু করতে পারবে না, তীর না, তলোয়ার না, এমন কি, কোনো শয়তান তুশমন কামান দেগেও তার কিছু করতে পারবে না।

ওই ভিতরটা তো গিয়ে দেখতে হয়। নিশ্চয় বসতের খুব ভাল জায়গা
মিলবে। মিলতেই হবে। নইলে এমন হয়। এখানে থামাবার জন্মে
নদীমাভার লীলাতে এইখানেই কক্মিণীর প্রসববেদনা উঠল। অর্জুন
সিং ভূমিন্ঠ হ'ল। সকালে নদী-মাতা তাকে চোখে আঙ্ল দিয়ে
দেখালেন বুনো বরা তার জুশমন বাঘকে মেরে দিল। আর ইশারা
কাকে বলে ?

[4]

বেলা এক প্রহর হয়ে গেল দলু সর্দার পঞ্চাশ জোয়ানকে ক্রিণী, অর্জুন সিং, বালবাচ্চা গক-বাছুর পাহারায় রেখে, পঞ্চাশ জোয়ান সঙ্গে নিয়ে বের হ'ল ওই নদীমান্তার কিনারা ধরে পাহাড়-ঘেরা জায়াগাটা দেখবার জন্মে।

ত্'ভাগ হয়ে তার ত্ই কিনারা ধরে এগোতে লাগল। দলু হুকুম দিলে, বাঘ দেখলে মারবে—সে তুশমন। হরিণ মারবে—সে খাছ। মযুর —সে তু'চারটে মারবে, তাদের সঙ্গে চাট হবে। সাপ মারবে—সে সব তুশমনের উপর তুশমন। গো-সাপ মারবে না, সে সাপ খায়। তু-একটা মারতে পার। মারবে না শুধু বুনো শুয়োর। না, ও মারা চলবে না। তুই দল নদীর কিনারা ধরে সেই ঝোরাটা পার হয়ে উপরে উঠে বাহবা বাহবা করে সাবাস দিয়ে উঠে থমকে দাভাল।

দলু যা ভেবেছিল তাই। বারো পাহাড় গোল হয়ে স্ত্যিই বারো জোয়ানের মতো হাত ধরাধরি করে দাঁড়িয়ে আছে। ভিতরটাও প্রায় একটা গোলাই। বারো পাহাড়ের গা বেয়ে পনরো-যোলোটা ঝরনা নেমে এসে এ বলের মতো হয়েছে। সেই বিলের জল এই ঝোরাটার মুখে হরদম ঝর ঝর করে ঝরে নদীমাতাকে তৈরি করেছে। বিলের চারিপাশটায় ঘন জঙ্গল। বড় বড় গাছ। শাল অর্জুন বট অশথ। শাল অর্জুন বেশি। তেমনি নিচে ঝোপ ঝাড় আর জঙ্গল। বড় বড় লঙা গাছে জড়িয়ে উঠেছে। লঙা-গুলোর গোড়া পাহাড়ে চিভির মন্ত মোটা। সরু কাঁটা ভরা ছোট

লভার অন্ত নেই। ভূঁশিয়ারির সঙ্গে পা ফেলতে হবে। নইলে কাটা কাটা আর কাটা। শুধু তাই নয়, নিচের গোলাটার সমস্তই স্যাত্তসেঁতে। পাহাডের কোণগুলি থেকে অবিরাম জল চুঁইয়ে পড়ে মাটিকে প্রায় কাদার মত করে রেখেছে। বসবাদের চাষবাদের মযোগ্য। একটা দোঁদাজবজবে গবে বাতাস ভারী হয়ে রয়েছে। ভবে একটা থবর ওই ভিজে মাটিতে লেখা ছিল সেটা দলু সর্দ র আর ভার বনচারী সঙ্গীদের চোথে পড়ল। নিভুলি খবর এবং ভারা তা নিভূলভাবেই পড়ে নিলে। নরম মাটির উপর পায়ের ছাপে ছ'পে লেখা আছে এই পাহাডের বনের ভিতরকার বাসিন্দাদের সংবাদ। হরিণ আর বুনো শুযোর বেশি। ভালুক কম নয়। বাবের পায়ের ছাপও মিলল, তবে ছোট : চিতার পায়ের দাগ গোটা কয়েক। বড পায়ের ছাপও রয়েছে। বাঁদবের হাত-পায়ের ছাপও দেখা গেল। আর সব পাথির পায়ের আলপনা। সজাক থরগোশ শেয়াল এসব তো আছেই। সাপের পেটের আঁকাবাঁকা দাগও রয়েছে ভার মধ্যে। পাখিরা আকাশে উড়ভে। বাঁদরেরা গাছের ডালে রয়েছে। ত্রটো मयुत्र তारित मामराने अभ करत এम जलत शास्त्र वमन। मनू वनल, भाविम ना। जुरे मन जुंशार्म मांजिया हिन। मनु वनारम, এक काक কব্ ইবার, তোরা সব উদিক দিয়ে পাহাড়ে উঠ্। আমরা ইনিকে উঠি। তুদিক থেকে সামনে এক মুখে চলি, তাহলে ঠিক মাঝ বরাবর দেখা হবেক।

তাই উঠল। দলু নিজের দল নিয়ে উঠল, সব থেকে উঁচু পাহাডের নাথাটা তার দেখার এলাকার মধ্যেই পড়বে। দলু আরও বলে দিলে, প্রথমেই প্রথম পাহাড়ের একেবারে মাথায় উঠে থুব উঁচু দেখে গাছের মাথায় চড়াবি কাউকে। দেখে লিবি আশপাশ। নিজের দিকের পাহাড়ে মাঝখান পর্যন্ত এসে সে খুলী হল। মাটি পাথর জমে বেশ শক্ত জমাট জমিন। গাছগুলো এখানে নিচের গাছের মত বড় নয়, জমির উপর পাহাডের লভাজঙ্গল আছে কিন্তু তা খুব ঘন নয়। বন পাহাড়ের আজীবন অভিজ্ঞভায় সে ব্বতে পারলে এখানকার জমি কেটেকুটে সমান করে নিলে বাস করা চলবে। খানিকটা মাটি হাতে নিয়ে দেখে একটু মুখে দিয়ে চাকলে, হাতে গুড়ো করে দেখলে, শুকৈও গদ্ধ নিয়ে দেখলে। দলু উৎসাহিত হয়ে বললে, ঠিক আছে। মাটি ভাল। চল।

একজন বললে, চুপ। হরিণ। হুই!

বনের গাছের ফাঁকে ফাঁকে দেখা যাছে একটা বড় সম্বর, বাড় উ চ্ করে মুখ তুলে স্থির হয়ে দাঁডিয়ে আছে। সম্ভবত বাতাসে মামুশের গায়ের গন্ধ পেয়েছে। কান থাড়া করেছে। বড় শিগুওয়ালা মরদ হরিণ। দলু ইশারায় বললে, তুই দল হয়ে তুদিকে থেকে। হরিণ চতুর, অত্যন্ত গতর্ক। কিন্তু মামুষ তার চেয়েও চতুর। এক দল এড়াতো গিয়ে সম্বরটা ছুটে একেবারে দলুর দলের সামনে এসে পড়ল। দলুদের বর্শা তৈরি হয়েই ছিল। একসঙ্গে গাছের ডাল কেটে বনের লতা দিয়ে সম্বরটার চার পা বেঁধে ওই ডালে ঝুলিয়ে জানে তুলে তারা চলল। আরও মারা পড়ল একটা ভালুক। বড় বাঘ দেখা দিয়ে মিলিয়ে গেল বনের মধ্যে। বড় সাপ দেখে দলু থমকাল। শুভাচুড় লাগে! হিতে গ্র

হিতলাল পাইক সাপের বিতা জানে। সাপ ধরে। সেগুণী ওস্তাদ।
সাপটা একটা পাথর থেকে আর একটা পাথরে উঠছিল। হিতলাল
দেখে বললে, শঙ্খচ্ড় ঠিক নয়, ওই জাতের বটেক। বেদো জাতের
বটেক। ইয়ার মাটো বটেক শঙ্খচ্ড়, বাবাটো বটেক ঢ্যামন। উ
জাতের মেয়েগুলান বড় ছেনাল। তবে ইও কম লয়। উয়ার
লেগ্যা ভেবো নাই গ। বনে আমি ঈয়ের-মূল দেখে এসেছি।
এনে লাগায়ে দিলে ভার গন্ধে শালারা সে মুখে ইটিবেক নাই।

বড পাহাডটার উপর উঠে তারা থমকাল। পাহাড়ের বুকে পায়ে হাঁটা পথের চিক্ত। মালুবের পায়ের পথ। মালুষ আছে এখানে! অতি সন্তর্গণে তারা এগিয়ে চলেছিল। মালুষের সন্থাকে সেবা কুশমন মালুষ। তারা আছে এখানে। কিন্তু কারা গ বনে পভাডে বুনো মালুষ অনেক জাতের আছে। একেবারে উলঙ্গ মালুষও আছে। বনের পশুর মতেই ফল-মূল-পাতা জন্তু মেরে মাণ্স পুডিয়ে খায়। হাখান্ত কিছু নেই, সাপ মেরেও মুগুটা এবং কঙ্কালটা বাদ দিয়ে বাকিটা মালুসে নিয়ে প্রমানন্দে খায়! তার থেকে ভাল মাণ্সা নাকি তাদের নেই। প্রামের বীজ সেদ্ধ করে ভাতের অভাব মেটায়। তাদের সাড়কি আছে, তীর আছে, সবই বিষ মাখানো। এবং লক্ষ্য তাদের অব্যর্থ। ওঁরাও মুগুা সাঁওতালদের মত। অথবা আর ও বুনো। দেখাও মিলল কিছুক্ষণের মধ্যে। দলুরা সন্তর্গণে এগোচ্চিল—হঠাৎ

একট গাছের আড়াল থেকে একটা কালো উলক্ষপ্রায় মৃতি যেন গাছের ডিব ভিতর থেকেই বেরিয়ে উর্ধ্বশাসে তাদের ভাষায় চিংকার হরতে করতে ছুটল। এদেশেরই ভাষা তবে অনেক ওদের নিজেদের দল মেশানো আছে। তারা আশ্চর্য হয়ে গেল লোকটা যা বলছে শুনে। ফুট্ম এসেছে কুট্ম এসেছে বলে চিংকার করছিল সে। কুট্ম অর্থাই চুট্র আত্মীয়। সেকি! তুশমন নয় ?

দলু বললে, বজ্জাতি। বজ্জাতি বোধ হয়। সব তৈয়ার হয়ে দাডিয়ে যা।

গোল করে ব্যুহ রচনা করলে দলু। উল্টো দিকে মুখ করে দলুকে ভিতরে রেখে তারা গাছের আড়ালে আড়ালে দাড়িয়ে গেল। একজন গাছে উঠল দেখতে। কোন্ দিক থেকে আসছে সে দেখে নিচের লোককে হুঁ শিয়ার করবে।

স ২ঠাৎ বললে, আসছে। তুই উপর দিক থেকে।

- –কত জন রে ?
- –সদ্দার!
- **一**f ?
- —ই তাজ্জব! সবগুলান মেয়ে লাগছেক।
- —মেয়ে ?
- ⊢হু গ।
- ভাল করে দেখ্।
- দেখজি। উয়ারা আধা নেংটা গ। বুক_দেখা যেছে। চুল দেখা যছে। হাতে পাতায় করে কি সব আনছে। পিছাতে মরদরা। পছাকার উরা মরদ বটেক। হাতে ধেন্তুক রইছে, কাঁড় রইছে।
- -কত গুলান ?
- -তা, আানেক বটেক। মেরাতে মরদে একশো হবে। নু তাকে বললে, উদিকে, উদিকের পাহণড়ে আমাদের নোকদের খতে পেছিস ?
- -উঁহ। হাঁকব ?
- -থাক্। আসতে আসতে সব শেষ হয়ে যাবেক যা হবার।

 ইছুক্ষণের মধ্যেই <u>একদল অর্থ-উলক্ষ মেয়ে একটু দূ</u>রে এসে থামল।

 <u>'দের হাতে পাভার ঠোঙায় ঠোঙায় কিছু রয়েছে। জন তুয়ের</u>

 <u>খায় হাঁড়ি। বুনো জাতের খেনো মদের</u> ভীত্র গন্ধ বাভাসে ভেসে

আসছে। তারা এসে থমকে দাড়াল। তাদের পিছনে একদল প্রায়-উলঙ্গ পুরুষ, তাদের হাতে মোটা বাঁশের ধন্নক, পিঠে ফলাওয়ালা তীরের চোঙা এবং সড়কি।

মেরেগুলো হেদে বললে তাদের ভাষায়, কুটুম এস, কুটুম বস । বস কুটুম, মদ খাও। মদের সাথে পিঠা খাও। মাংস খাও। অবার কুটুম, মদ খাও। না খাও তো ফিরা যাও। এ হুকুম মাধের বটেক, এ হুকুম সাধ্বাবার বটেক। খাও যদি ভো কুট্ম, লইলে তশমন ওই দেখ মরদগুলান কাড় সড়কি লিয়ে তৈরী কটেক।

আবাক হয়ে গেল দলু। সে জিজ্ঞাসা করলে, ভোরা কে ?

ছিত্রশ জেতে আমরা। খাও কুট্রম, খাও। বদ কুট্রম, বদ। না খাও তো মাঠাকুর কোপ করবে। সাধুবাবা বলে গেছেক ইখানকার জ্বর ধরবে। ই জ্বর মরণজ্বর। ধরলে পরে বাঁচবে না। তারা পাতাগুলি নামালে কিছু দূরে তাদের সামনে। মদের ইাড়িও নামালে। তারপর জাব র ডাকলে, এস, খাও।

[1]

বিচিত্র জাত। তিন পুক্ষ অরণ্যভূমিবাসী, দল্দের কাছেও তারা অতি-বক্ত এবং অতি-বর্বর। কিন্তু দলু তাদের সঙ্গে ঝগড়াটা করলে না। তাদের দেওয়া খাবার এবং মদ খেলে। তবে প্রথমেই বলেছিল, গুদের ভাষাতেই বলেছিল, খাবারে বিষ নাই কে বললে? দিন নাই তো?

— ওরে বাবা! ওরে মা! হেই ঠাকুর! হেই সাধুবাবা! না নানা!

দলু বলেছিল, বেশা, তবে ভোরাও আমাদের সঙ্গে থা। খাবার—অফ্য কিছু নয়, ঘাসের বীজের মোটা পিঠে আর মাংস। ভারা বলেছিল, তুমি খাঁটি কুট্ম, খাঁটি কুট্ম। তুমি খাও, আমি খাই। ভেতে ভেতে খাই।

দলু জিজ্ঞাসা করেছিল, মাংস কিসের ? সাপ লয় তো ?

—সাপ লয়, বুনো শুষোর বটেক। থুব ভাল বটেক।

—আমাদের জাভ যাবে যে!

—জাত ইখানে নাই। ইটা ছত্রিশ জাতের মায়ের হুকুম। আর সাধ্যাবার হুকুম। আমরা ছত্রিশ জেতে।

দলু বলছিল, আগে মদ দে। তোরা খা আগে।

ভারা হের্নেছিল খিল খিল করে। মরদরা হেসেছিল হো হো শব্দে। —পেসাদ— মামাদের পেসাদ খাবেক ?

র্মদ থেয়ে দলু তাদের বিবরণ শুনেছিল।

এই যে নিচে নদীর ত' ধার, সাগতসেঁতে জ্বল্জবে, এই যে খন জক্ষণ, এখানে এক মরণজ্ঞর মাছে। সে জ্বর ধরলে মান্ত্যের আর রক্ষা নেই। আর আছে ওই সাপ। ওই সাপে কামডাগে হাতী মরে। এখানে আগে আগে মন্ত্য এগেছে। তারা সব ওই জ্বরে আর সাপের কামড়ে মরেছে। এখনে নান্ত্র আসে না। একদিন এক সন্ন্যাসী এল। এসে এই পাহাডে গাইতলায় বনল। সে মা মা করে ক দছিল। মা তাকে স্বপন দিয়েছে কি ওই মরণজ্ঞারের পাহাডে যা, দেখানে আমার দেখা মিলবে।

কদিন পর জ্বর হল সাধুর। খুব জ্বর। সাধু জ্ঞান হারাল। তথন একটি মেয়ে এসে মাথার কাছে বসে বললে, এই শিকড়টি খা। জ্বর তোর ভাল হবে।

সাধু বললে, তুমি কে মা ?

মেয়ে বললে, আমি ছত্রিশ জাতের মা। আমি মদ থাই, শুয়োরের মাংস খাই। এই রাজ্য তোকে দিলাম আমি। আমার পূজা কব্। ওই মদ, ঘাসের বীজের পিঠা আর শুয়োরের মাংসে ভোগ দে। আব এই দিলাম জ্বের ওষুধ। এই শিকড় পুঁতে দে, গাছ হবে। জ্বর হলে এই শিকড় দিবি, ভাল হবে এগানে ছত্রিশ জাত এনে বাস করা। যত ঘর-ছাড়া ঘর-হার্ম মাসুষ নিয়ে ছত্রিশ জাত। উঁচ্ নাই নিচ্নাই—সব এক।

সেই সাধুর শিশ্র হয়ে বাস করেছিল এরা। যারা এসেছিল কেউ ছিল থুনে, কেউ ছিল ডাকান্ড, কেউ পলাতক, কতক হা-ঘরে বেদে। নিরাপদ আশ্রেয় এটি। জ্বরেব ভয়ে কেউ আনে না। আসতে চায় না। তা ছাড়া চারিদিকে পাহাড়। আবার শুধু জ্বরও নয়, এখানে এসে ছব্রিশ জেতেও হয়ে যায়। জাত থাকে না। জাত মানলে ওরা লড়াই করে, ডাড়ায়, মেরে ফলে। যদি কোন আগজ্বকেরা জেতেও ভাহলেও থাকতে পারে না। কারণ তাদের ওই

জর ধরে। যে জাত মানে তাকে ওষুধ দিতে মানা। ওষুধ কি তা কেবল একজন চেনে, আর কেউ চেনে না। তার মরবার সময় হলে সে আর ্কজনকে চিনিয়ে দিয়ে ধায়। মায়ের আদেশ আছে সে ধিদ মায়ের আদেশ ভঙ্গ করে অক্য কাউকে ওষুধ বলে দেয় তবে তার হাতে হরুধ খাটবে না। আর যে বলে দেবে—তার ছেলেপুলে সব মরবে। মায়ের দেওয়া আরও একটি ওষুধ আছে, সেটা ওই সাপের ওষুধ। সে ওষুধ কেবলমাত্র চার পাঁচ ঘরের লোকের মধ্যে জানে। তারা এখানে ধখন আসে তখন বেদে ছিল—এখন সবার সঙ্গেই একজাত—ছত্রিশ জাতিয়া।

मलू এবং मलूद मृल মদের নেশায় লাল চোখ বিক্ষারিত করে গল্প শুনছিল। মদটা খুঁব কড়া। নেশা ষেন সাপের বিষের মত শন-শন করে রক্তের মধ্যে ফিরছে। মাথায় উঠে ঝিন্ঝিন্ ঝিন্ঝিন্ করিয়ে দিতে মগজকে। কিন্তু দলু পাকা মদ খাইয়ে এবং ভার সর্দারী করা বৃদ্ধি এরই মধ্যে বেশ ছুঁ শিয়ারির সঙ্গে খেলছিল। সে ইশারায় সকলকে বারণ করেছিল মদ খেতে। তাতেও সকলে বোঝে নি। তখন সে বলেছিল, হাঁ হাঁ বাবা পাইকরা, গুকর আদেশ ভুলবি না। ষে ঠাঁই ষাবি সে ঠাইয়ের নিয়ম মানবি। মানলি তো বাঁচলি, সুখ পেলি। না মানলি তো মরলি, ছুখ পেলি। কি বল্ কুটুমরা ?

খুব খুশী হয়ে তারা বলেছিল, হাঁা গো, হাা। তুমি কুট্ম ভারী কুট্ম, তুমি কুট্ম হিয়ার কুট্ম।

একটা পূর্ণবৌবনা মেয়ে, সে এসে তার গলা জড়িয়ে ধরেছিল। ওদের মাতব্বর বলেছিল, উ তুর কাছে গেল। তু উকে পেলি। তুকে দিলম। তুকে আমরা নিলম।

মেয়েটা দলুর হাত ধরে টেনে বলেছিল, চল্ আমার ঘরকে।

—বস্। তাহলে আমার গুকর আর একটি কথা বলি। তুদের গুকর কথা মানলাম। <u>আমাদের গুকর</u> কথা শোন্। গুক বলেছে, নিয়ম মানবি। স্থথে থাকবি। কখনও গলা ঠেটে খাবি না পরের পেয়ে, খেলে পরে মরবি। আর তিন পাত্তরের বেশি মদ খাবি না কুটুম বাড়িতে পেথম দিন। কি? খারাপ কথা ?

—না না, ভাল কথা।

দলুরা সেথানে সারাটা দিন রউল। ইতিমধ্যে ওদিকের দলটা ওদিকটা সমস্তটা ঘুরে প্রায় অপরাহু বেলায় এখানে এসে পৌছেছিল। সারাদিন ঘুরে তারা ক্লাস্ত ও পরিশ্রাস্ত। শিকার তারাও করেছে কয়েকটা ময়য়, সজারু, কতকগুলো পাখি, ছটো হরিণ। একটা হরিণ তারা ছাড়িয়ে আগুল করে ঝলসে খেয়েছে তবে ওদের ছজন জখম হয়েছে। একজন ময়েছে। একটা পাহাড়ে নাকি ভিমকলের গুহা আছে। আগে যারা যাচ্ছিল তারাই ওই গুহার মুখে এসে হঠাৎ ভিমকলের সামনে পড়ে। দেখতে দেখতে ভন ভন শব্দ করে ঝাঁক বেঁধে তাদের তাড়া করে। তাদের কজন তাড়াতাড়ি করে ছুটতে গিয়ে শেষে পথ না পেয়ে পাহাড়ের পাথরের উপর থেকে ঝাঁপ খেয়ে পড়ে। তারা হাত পা ভেঙে বেঁচেছে। একজনকে ভিমকলেরা ছেঁকে ধরে বিঁধে মেরে ফেলেছে। পিছনের দল থমকে গিয়ে পিছিয়ে যায়। তারপর শুকনো ভাল যোগাড় করে আগুন জ্বেলে দেই জ্বলস্ত ডাল মাথার উপর ঘুরিয়ে অনেক ঘুরে পাহাড়টা পার হয়েছে।

বুনোদের মাত্তবর বনলে বাবা, উগুলান মায়ের বাহন বটেক।
আগে আরও ছিল, ই পাহাড়ে ছিল। তা দি সন্ন্যাসী মাকে বলে
বনে আগুন লাগায়ে মন্তব পড়ে যজ্ঞ কংলেক। তথুন ই পাহাড়
থেকে ভিমকলরা পালাল। মায়ের আদেশ রইল—উ পাহাড় ভিমকলের
রইল। ওরা তুদের থিপদ-আপদে সহায় হবেক। বিশ্বাাচলে মায়ের
সৈক্ত আছে—অমর। এখানে ভিমকল।

দলু সারা ত্ব প্রহরটি সেই যুবতীর সক্ষে কাটিয়েছিল তার ঘরে। মেয়েটা বলেছিল, তুমি একটা বীর বটেক। বাবারে, গায়ে কত বল তুমার! তেমনি কেমন রঙ বটেক গোরাপারা! চোখ ছটো বড় বড় বটেক! তুমি খুব সোন্দর!

দলুর বয়স তথন তু-কুড়ি সবে পার হয়েছে। সে তথন ভরা জোয়ন। তার নিজের রূপের এবং শক্তির অহংকার ছিল। তার ভাল লেগেছিল যুবতীর স্তব প্রশংসা। তার শথের গোঁফে তা দিয়ে বলেছিল, ই তুটো ?

— হুঁ। খুব খুব খুব ভাল। আমাদের মরদগুলোর মোচ ইতিটুকুন টুকুন—ছাই।

দলু ফীত হয়েছিল। কিন্তু বৃদ্ধি এংশ হয় নি। সে জেনে নিয়েছিল এখানকার সবকিছু এবং জানতে পেরেছিল যে, এই এদের আত্মরক্ষার কৌশল। এখানে তাদের মত ত্–চার দল কখনও কখনও এসেতে। এখানে থেকেছে। মদ আর নারীর সঙ্গে তাদের পা এখানকরে মাটিতে পুঁতে দেয়। কিন্তু দশ-বাবো দিনেই তাদের জ্বর শুক হয়।
জ্বর প্রবল, তার সঙ্গে রক্ত দান্ত। তিন দিন-চার দিনের বেশি কেউ
বাঁচে না। এদের দদারই ২দের ওঝা। দে-ই জানে শুধু এই জ্বরের
ধ্র্ধ। সত্যিই জ'নে। তাদের নিজেদের মধ্যে জ্বর হলেই শুধু দে-ই
শিকড় দেয়। কিন্তু ধারা তাদের তাদের অন্ত শিকড় দিয়ে থাকে।
ভারা মরে।

এখানকার জ্বর নিয়ে যারা ফিরে যায় তারা সেই জ্বর নিজের গ্রামে ছড়ায়। সেই জন্ম ছত্রিশ জাতের জ্বন্ধলে কেউ আসে না। এখানে ঢোকবার পথকে লোকে বলে যমত্যার। ওই যে নদীটা— যে মুখটায় বেবিয়ে ঝে'রা হয়ে ঝরে ঝরে পড়ে বয়ে যালে, এইটারই নাম যমত্যার। কখনও কখনও ত্-একটা মানুষ মিশে থেকে গিয়েছে। তাদের মেয়ে এদের দিহেতে। ওদের মেয়ে ওরা কুট্ম এলেই দিয়ে খুশী করে।

মদের ঝোঁক কেটে আস্ছিল দলুর। দলু পাইকদের স্দিতি, তার বৃদ্ধি অনেক। সে নিজেদেন মধ্যে দলে দলে পাঁচি ক্ষেছে। এক রাজার হয়ে অফা রাজার সক্ষে লড়াই কবতেও বৃদ্ধি নিয়ে খেলতে হয়েছে।

রাজারা সোজা নয় তারা খুব বাঁকা মানুষ। লড়াই জেতার পর কত বার যে বাজার হয়ে তাবা লড়েছে, তাদের সঙ্গেই সময়ে আচমকা লড়াই দিয়ে লুটেপুটে পালাতে হয়েছে। নইলে সময় পেলে ওই রাজাই তাদের মেরে ফেলত। বৃদ্ধি তার আছে।

সে অনেক ভেবে সেদিনের মত তার কাছে বিদায় নিয়েছিল। বলেছিল, কাল আসব। আজ ষাই কুটুম। আজ আচমকা এসেছি। কাল জিনিসপত্র নিয়ে আসব।

ज्या निरम्भिक्त এक शांकि मध्।

मन् (हरब्रिक्न, सून, सून मिर्ड भाद ?

ভারা ভাও দিয়েছিল। বলেছিল, মুন আছে—যত লিবে। উই বিচে জবজবে একটা ঠাইয়ে ফুটে ফুটে উঠে সাদা হয়ে।

আন্তানার ফিরে এসে সারা রাত্রি অনেক চিম্ভা করে পরামর্শ করেছিল ভৈরবের সঙ্গে। ভৈরবকে বলেছিল, ভৈরব, এই ঠাইটার মতন ভাল বসতের জায়গা মিলছে না। ওই বারো পাহাড়। ইটার সঙ্গে উটা বেখানে যেখানে মিলেছে সেখানে ঘাঁটি বসালে— আর লদী মায়ের তু মুখ, একটা উ-মাথায় ঢুকার মুখ আর ই-মাথায় বেরুবার মুখ আগলে দিলে যমও ঢুকতে লারবে। তার উপরে আছে ওই জ্বরের বিষ। জ্বর ধরলে দশ দিনে হাজার জনা খতম করবেক। ই জাগা ছাড়া হবে নাই। শুধু জানতে হবেক ওই জ্বরের ও্যুধের শিকড় গাছ, আর সাপের বিষের শিকড় গাছ। সাপের ওস্তাদ আমাদের আছে। কিন্তুক জ্বের বিষের ও্যুধটা—ওটা আদায় করতে হবেক।

- দিবে রে দিবে। সে ঠিক বার করে লিব আমি। হেসেছিল দল্।
- —মেরে ? যাজনা দিয়ে দিয়ে ?
- —সে শেষে। আগে শুলুকে।
- —সিটা কি রকম ?
- কটা খুব চালাকচতুর ছুঁড়ি চাই। চতুর হ' চাই, চটকদার হ'
 চাই। বেটাছেলেকে খেলাতে পারা চাই। যে সব মেয়ে আমরা
 ইখান উখান থেকে লুটে ছিনিয়ে এনেছি— তাদের ভিতর থেকে বেছে
 আন।
- হুঁ, বুঝলাম। বলেছ ঠিক।

দলু বলেছিল, ইদিকে আমি রইলাম। যে মেরেটা আমাকে ধরেছে
সিটা ওই সদ্দারের ছিল। সিটা আমাকে কাল খুব ভুলাতে চাইলে।
গৌফে তা দিয়ে দলু বললে, তা সিটাই ভুলাল আমার কাছে।
আমিও দেখন, সি জানে কি না। আমার সঙ্গে দশটা মরদ যাবেক।
আর পাঁচটা ছুঁড়ি। দে দেখি দেখে। ঠিক সাত দিন বাদে আমি
খবর দিব। না পেলে তু জানবি বিপদ। তথুনি তু যাবি দল নিয়ে।
একেবারে শালাদিকে সব শেষ করে দিবি। সাত দিন তু রইলি।
আমি ক্মিণীর বাবা, তু তার কাকা। ক্রম্মণী আর অর্জুন ইদের ভার
ভখন তুর।

- —ভাই হবেক সদ্দার।
- তু পিণ্ডিভ্রে কর্। আমি যদি মরি ভবে ভোর জান থাকতে উদের তুথ হবে নাই। তিন সত্যি কর।
- —করলাম। করলাম। করলাম। আমিও বললাম, সদ্ধারী তথুন তোর। রুক্মিণী তোর বিটী, অর্জুন তোরু

লাভি। বেইমানি করলে ভোর হুটো বেটা আছে, ছু বেটার মাধায় বাজ পড়বে।

—পড়বে। পড়বে। পড়বে। শুধু তাই নয় – বেইমানি করলে আমার কুঠ হবে। হল তো ?

—সাবাস, সাবাস! তু আমার মায়ের পেটের ভাইয়ের বাড়া। এখুন দেখে দে পাঁচটা ছুঁড়ি, দশটা মরদ। আর একটা কথা ভৈরব – কি বল।

ওই ঝোরার ধারে উঁচা শাল গাছটোর ডগায় একটো সাল কাপড় বেঁধে দে। কুনো বেপদ হলে, কক্সিণী অর্ভুনের কুনো রোগ হলে উটা নামায়ে লিনি, লাল কাপড় বেঁধে দিবি। হোক্!

—হোক।

দশটা মরদ—দেরা মরদ আর চালাক মরদ বেছে দিল ভৈরব। আর পাঁচটা লয়, ছটা মেয়ে এনেছিল। সব কটিই যুবতী এবং চঞ্চলা, লা, তারও বেশি তারা—চপলা। এরা সব ওদের হরণ করে আনা মেয়ে বা হরণ করা মেয়ের মেয়ে। ওদের মধ্যে এরা দাসীর মত থাকে। ওদের ভোগ্যা।

দলু বলেছিল, সব শুনেছিস গ—ছুঁড়িরা ?

লারা মুখ নামিয়ে মুচকে মুচকে হেসেছিল।

দলু বলেছিল, শুন্ শুন্ লাজের কথা লয়। তুদের হতে হবে মেনকা রস্তা। অপ্সরী হতে হবেক। অস্ত্রর ভুলাতে হবেক। হাঁ! আর এই ছোকরা বেটালা! উদের মেয়েদের সঙ্গে মাততে পারবি তো়ে? তারা পুক পুক শব্দ করে হেসেছিল।

দলু বলেছিল, হুঁ—শুধু মাতলে হবেক নাই। মাতাতে হবেক।
মেয়েদের মধ্যে সেরা মেয়ে পঞ্চি—তাকে নিয়ে দলু ছত্রিশ জাতিয়াদের
সর্দারকে দিয়ে বলেছিল—এই লে। ইটোকে তোকে দিলম। তু
আমাকে বুমরীকে দিলি, ইকে আমি তোকে দিলম।

তিন

বৃদ্ধির খেলায় দলুর জিত হয়েছিল। তিন দিন পরই দলু পেট ধরে পড়েছিল, পেটে যাতনা হক্তে। চার দিনের দিন পঞ্চিকে, যাকে দলু ছত্রিশ জাতিয়ার সর্দারকে দিয়েছিল, সেই পঞ্চিও একটা ইশারা দিয়েছিল। তারপর সেই যুবতী ঝুমরীকে বলেছিল, ঝুমরী, আমাকে বাঁচা, আমি কথুনও পালাব নাই।

ওদিকে পঞ্চিত পেটের যাতনার ভান করে পড়ে ছিল এবং সর্দারকে বলেছিল, সর্দার, আমাকে বাঁচাও। স্দার তাকে শিকড় দিয়েছিল খেডে। পঞ্চি তাকে দেওয়া সেই শিকড়টা চতুরালি করে খুঁটে বেঁখেছিল। এদিকে ঝুমরী দলুকে দেওয়া শেকড়টা দেখে, সেটা খেতে দেয় নি, বলেছিল, আমি ঠিক শিকড় আনছি, ইটা খেয়োনা। তারপর আর দেরি হয় নি গাছটা জানতে। দলুর গোটা অপুখটাই নকল। সে ঝুমরীর দেওয়া শিকড়টা খাবার ভান করেছিল: খায় নি। অবসরমত গোপনে পঞ্চির সংগ্রহ করা জড়ের সঙ্গে মিলিয়ে দেখে বুঝেছিল—ইা, এই আসল জড়ি।

ই তিমধ্যে পাঁচ দিনের দিন সন্তিটে একটা জোয়ানের জ্বর হয়েছিল। গেদিন ছত্রিশ জেতে সর্দার ওষুধ দিলে সেটা দেখে দলু বলেছিল, সর্দার, ঠিক জড়ি দাও। জাল দিয়োনা।

मर्नात वलिছिल, जाल लग्न । ठिक वर्षेक ।

—না। লয়। এই দেখ আমার কাছে আসল জড়ি আছে। চমকে উঠেছিল সর্দার, উ তুমি কুথা পেলে!

দলু সোজা উত্তর না দিয়ে বলেছিল, কুটুম বলেছ, কুটুম হয়ে বইলাম।
কিছু কইলাম না। এখুন বেইমানি করলে তোমার ই জাপা
আমি চয়ে দিব, ধ্বদে দিব। তোমাদের সব লোককে কেটে ফেলাব।
হাঁ!

ছত্রিশ জাতিয়া সর্দার এবার বোবা হয়ে গিয়েছিল। এদিকে দলু তার এক জোয়ানকে পাঠিয়েছিল ভৈরবের কাছে। যেন বিশ পঁটিশ বাছাই মরদ তুরস্ত এসে হাজির হয়ে যায় একেবারে তৈযার হয়ে।

তাই এদেছিল। এবং ছত্রিশ জাতিয়া গড়ের - গুপু অন্ত্র মরণজ্বরের ওষুধের জায়গাটিতে ওদের সর্দারকে নিয়ে গিয়ে বলেছিল,
চেনাও ওষুধ। শোন কথা। ওষুধ যদি চেনাও, তবে তুমি থাকলে,
আমি থাকলাম। মিতা বলব। আমার লোকেরা থাকবে, তোমরাও
থাকবে। মুখের কুটুম সভিয় কুটুম হবে। তা লইলে তুমাদের
বেটাছেলেদিগে মায়ের থানে লিয়ে গিয়ে কাটব। মেয়েগুলাকে লুটে

লিব। চলে যাব ইখান থেকে। বাস্, দেখ। তবে গাছ আমি
চিনেছি। পঞ্চি দিয়েছে জড়ি, ঝুমরী সেও এনে দিয়েছে জড়ি,
আমি গন্ধ দেখলম এক, চেখে দেখলম এক। ছাপি আমার কাছে
নাই।

সর্দার বোকা হয়ে গিয়েছিল এবং সত্যিই সব দেখিয়েছিল। কিন্তু লোকটা খাঁটি লোক ছিল। দলু তার নামে মাধা নামায়। সে বা করক ার ধরম পালন করত। কি করবে? ওইটাই ছিল এদের নিযম। কে করেছিল কে জানে! হয়তো সেই সন্ন্যাসী, নয়তো এরাই।

এদের বৃদ্ধিমত এই মরণজ্জরে জর্জর জায়গাটির রাজ্ব বভায় বরবার এ ছাড়া অক্সও তাদের ছিল না। গুপ্ত নিয়ম। নিয়ম ছিল—
রুট্রিভার ভান করে জায়গা দেবে। তারপর জর ধরলে আসল ওয়ৄধ দেবে না; যা-তা জড়ি দেবে। তা হলে তারা জ্বের সব মরবে—নয় তো প্রাণের ভয়ে পালাবে। এ স্পার সেই নিয়ম পাল- করতে ক্রেছিল। কিন্তু দলুর বৃদ্ধির কাছে হার মেনে ওয়ৄধ চেনাতে বাধ্য হয়েছিল। নিয়ম ভেঙে সে আর বাঁচে নি। মুরেছিল ইড্ডে করে। সেদিন সে খ্ব মদ খেয়ে ফুর্তি করেছিল। কিন্তু পঞ্চিকে নিয়ে নয়, বুমরীকে নিয়ে। তবে পঞ্চি দলু স্বাই ছিল। সে মদ খেয়ে দলুকে বলেছিল, আজ কিন্তু আমরা নাচব—সারারাত নাচব।

' দলু বৃঝতে পারে নি। বলছিল, বেশ তো।

সে আর ঝুমরী নাচ আরম্ভ করেছিল। সে মাদল বাজাচ্ছিল, ঝুমরী নাচছিল। মধ্যরাত্রি তথন। দুরে উঠেছিল বাঘের ডাক। ব'ঘের ডাক দূরে দূরে রোজই ওঠে। এখানে মরদরা পাছারা দের, টিন বাজায়, আন্তন জ্ঞালে। বাঘেরও খাত্যের অভাব হয় না। জানোয়ার আছে। হরিণ, বুনো বরা। হরিণ উপরের দিকে অনেক। কেবল বড পাহাড়টায় নেই। ছত্রিশ জ্ঞাতিয়ারা তাড়িয়েছে। নইলে ওদের টানে বাঘ আসবে।

বাবের ভাক শুনে সর্দার মাদল থামিয়েছিল। ঝুমরীও থেমেছিল। সর্দার এসে ঝুমরীর হাত ধরে বলেছিল, চল।

দলু ব্যাপারটা বুঝতে পারে নি এবং তার তখন ঘুমও এসেছে। তার ঘুম ভাঙিয়েছিল পঞ্চি।

THAT

- **—**िक ?
- उता हल शन। त्रुमती यात्र मन्तात ।
- —কোথাকে ?
- —বনে বনে ছুটে চলে গেল।

দূরে তথন বাঘ ডাকছে। দলু বলেছিল, সেকি!

উঠে দাড়িয়েছিল সে। ডেকেছিল, সন্দার! সন্দার। ঝুমরী! ছত্রিশ জাতিয়ার একজন এসে বলেছিল, ডাকিস না উদের। উর বনে গেল। ডাক এসেছে।

- —কার ?
- —মায়ের। মায়ের বাঘ ডাকছেক, শুনছিস না ?
- —কি বলছিস ?
- —ঠিক বুলছি। উ তো গেল বাবের প্যাটে যাবে বলে। বাঘ আজ ভাই লেগে ভো আইছে। মা প'ঠায়েছে।
- —সেকি <u>।</u>
- —হঁ। তুকে সে ওযুধ দেখালে। ইথানকার যাত্টি গেল। উর
 অপরাধ হল, পাপ হ<u>ল। সাধু</u>বাবার, মাঠাকরুনের আদেশ বটেক
 কি—যি সদার ই ফাঁস করবে তাকে পাপ লাগবে। কুঠ হবে।
 তবে বাঘ ডাকলে যদি ভার প্যাটে যেতে পাবে তবে পাপ যতাবে।
 উচলে পেল। যেতে দে। আমরা তুর বশ মানলম।

পরদিন সকালে খুঁজে দেখছিল দলু, সদারের দেহের কিছু পায় নি, পেয়েছিল তার গলার মালা। বুনো ফলের কুলো আর লাল বীজের মালাটা। আর কোমরের গাছের ছাল থেকে বের করা স্থতোর ছোট্ট কাপড়খানা। ঝুমরী কিন্তু মরে নি। সে মরতে ভর পেরেই উঠে পড়েছিল একটা গাছে। দলু সদার তাকে নামিয়ে ফিরিয়ে এনেছিল। মেয়েটা কিন্তু ফুঁপিয়ে ফুঁপিয়ে কেদেছিল—আমি ল রলম গো, গাছে উঠে বাঁচলম।

म्लू जात्क श्रुव मभामद करत माखना मिरव्रिक्ति।

তারপর দলু ছাত্রিশ জাতিয়ার জঙ্গলে নিয়ে এসেছিল তার সমস্ত দল। খুব ছিসেব করে সে এখানে বাস পত্তন করেছে। খুব ছিসাব করে। শুধ্ তৈরবের সঙ্গে সে পরামর্শ করে নি। ঝুমরীর সঙ্গে আর পঞ্চি সঙ্গেই পরামর্শ করেছিল। ওই গুজনকেই সে নিজের উপপ্র করেছিল। পঞ্চি লুট করে আনা মেয়ে, সে ভাল জাতের মেয়ে বৃদ্ধি থুব তীক্ষা। সে যখন ওষুধের শিকড়টা দেখেছে তখন তার যা জানে, গন্ধ জানে। খুঁজে বার করতে ভার খুব দেরি হবে না। ঝুমরীর বৃদ্ধি না থাক, সে ওমুধ চেনে। এ ও্যুধের উপর পুরো অধিকার ন থাকলে ছত্রিশ জাতিয়া জঙ্গল পাহাড়ের রাজন্ব থাকবে না। এ ওমুধ অত্যে জানলে সে দল বাঁধবে। দল নিজের শক্তিতে ভার দলকে না পারলে বাইরে থেকে অন্য দল ডেকে আনবে। দল বাঁধবে এই ভয়েই সে তার একশো পাইককে পাশাপাশি ভিনটে পাহাড়ে বাস করিয়েছিল। নইলে ভৈরব বলেছিল, সর্দার সব পাহাড়ে ছড়িরে কিছু কিছু করে বসাও।
দলু বলেছিল, না ভৈরব। মন না মতিত্রম রে! উ হবে না

দলু বলোছল, না ভৈরব। মন না মাতভ্রম রে! ও হবে না বেশি ছড়ায়ে বসালে পরে পাড়ায় পাড়ায় কোঁদলের মতন কোঁদল বাড়বে। কোঁদল থেকে ঝগড়া খুনোখুনি।

ভৈরব সেটা মেনেছিল।

দলু শলেছিল, দেখ্ যা করছি, সব ওই কুঁমর অর্জুন সিং-এর জন্তে রাজা মাধব সিং-এর বেটার জন্তে। তার জন্তে এই ছত্রিশ পাড়িয়া জঙ্গলকে গড় বানিয়ে তার হাতে দিয়ে যাব। আর বলে যাব, কুমর অর্জুন সিং, তুমি আমার লাতি বট। বিটীর বেটা বট, কিন্তু তুমি খাঁটি ছতি, রাজপুত। আমি ভোমার দাদো, মায়ের বাপ। আমরা এক-কালের শোলাঙ্কী রাজপুত। অগ্নিদেবের বংশ। আপদ্ধর্মে আত্মরক্ষার জন্তে পৈতে হারিয়ে শুক্লী হয়েছি। আমরা আবার শুক্লীদের মধ্যে বারোভাইয়া, পৈতে ছেড়েছি কিন্তু ক্ষত্রিয় ধর্ম আমাদের অট্ট রেখেছে; আমাদের বেটীরা ত্বার শাদী করে না। বেটী আমার কিষণজীর ভজন করে, পূজন করে। আমার বেটী ভোমার মা সাক্ষাৎ দেবী মহাসতী। মাধব সিং-এর রাধা হয় নি, সে শাদী করে ভার রুক্লিণী নাম আর শোলাঙ্কী রাজপুতের ধরম রেখেছে। ভোমার বাপের কাছে কথা দিয়েছিলাম ভোমাকে বাঁচাব, ভোমাকে রাজা করে বিসিয়ে যাব। তা এই ছত্রিশ গড়িয়ার জঙ্গলকে গড় বানিয়ে ভোমাকে রাজা করলাম। দিয়ে গেলাম এই পাইকদের। তুমি এদের রাজা, এদের দেবভা। এদের ভালবেসো। আর একটি কাম

রা রাজা, আমার ভাইয়া, এদের সঙ্গে চলে তুমি এদের জাতে লা। এদের বেটা ভাল লাগলে শাদী করো, রাখনী করো না। চরর অভিভূত হয়ে শুনছিল। সে বলেছিল, সদার, বাহা! ছা! বললে তুমি। বাহা বাহা বাহা! ধরমের কথা। মান্তুষের চ কথা। তুমি নিশ্চিন্ত থাক সদার। তামাম পাইক কুমর অর্জুন দে-এর গোলাম। দাত দিয়ে তার পায়ের কাঁটা তুলবে। জান যে তার হুকুম ভামিল করবে। কুমর অর্জুন সিং বড় ভারী রাজারে তুমি দেখো, মুল্লুক তার নামে কাঁপেবে। কুমর বড় হতে হতে মাদের একশো জোয়ানের ছেলেপিলেতে পাঁচশো হয়ে যাবে বিশ্ব হরে। আমি বলি চন্দনগড়ে ধারা বেওয়া হল, মরদ যাদের মরল, দের সব সাঙা দিয়ে দাও। এক এক জোয়ান তুই তিন পরিবার। হলে পাঁচশো কেন, হাজার হয়ে যাবে। আর একটা কাজ কর। -কি?

-এই বুনো মরদগুলোকে মেরে ফেল। এদের মেয়েগুলোকে দিয়ে। ও পাইকদের।

না। ঘাড় নেড়ে দলু বলেছিল, না ভৈরব। সে বেধরম হবে, ধরম হবে। দেখ, মাধব সিংকে মারলে অধরম করে, আমাদের াইকদের মারলে হাজার জনায় ভিনশো জনাকে ঘিরে। সে অধরম, া পাপ। ভগবানের খাতায় সে পাপ উঠে গেল। সে অধরমে ামরা তুনিয়াতে তুঃখ পেলাম, ভগবানকে দেখলাম—বললাম াচার করো। মরণের পর তিনি বিচার করবেন। জরুর রবেন। স্তুচেত সিং মীর হবিব এদের মরণের পর বিচার জরুর ে। চাঁদ সূর্য এখনও উঠতে, দিন হচ্চে রাত্রি হচ্ছে। বিচার বে না ? কুমর অর্জুন সিং বড় হবে, মস্ত বীর হবে। ঘোড়ায় ডে তলোয়ার হাতে ছুটবে টগাবগ টগাবগ। তুশমন দেখবে কি ম আসছে। সে তীর ছুঁডবে, তুশমনের বুকে বাজবে বাজের মত। ই মীর হবিব, ওই সুচেত সিং-এর খুন নিয়ে আসবে। রুক্মিণীর ায়ে ঢালবে, বলবে, লাও মা—ছশমনেব খুন। বাপের খুন তারা ব্যেছিল, আমি আনলাম ভাদের খুন। ছনিয়া ধন্তি ধন্তি করবে। পরে দেবতা বলবে, সাধু সাধু। জিতা রহো। তেমনি বেইমানি বে এই মানুষ কটিকে অনেকজনা মিলে মেরে ভগবানের অভিশাপ ার্ম কুডোতে পারব না। আমি ছত্রি রে। শোলাঙ্কী রাজপুত। হাদেবের বংশ। তাছাড়া এখানে যে মাতাজী আছেন তিনি কষ্ট হবেন। যে সাধু ওদের বসিয়ে গেছেন তাঁর আত্মা কোপ করবেন। খবরদার—খবরদার!

ভৈবা বার বার ঘাড় নেড়ে বলেছিল, ঠিক। ঠিক। বছৎ বছৎ ঠিক।
নলু বলেছিল, ওই ওষুধটার জন্যে সর্লাবের সঙ্গে চাতুরি খেলে
মনটা খচ্ খচ্ করছে। লোকটা নিজে গেল বাঘের পেটে। তবে—
একট্ ভেবে বলেছিল, না, আমার দোষ নাই ভৈরব। ও লোকটাই
তো চাতুরি খেললে প্রথম। আমি তো নই। ভেবে দেখ, কুট্ম
বলে ডাকলে, মদ দিলে, পিঠা দিলে, বুনো বরার মাংস দিলে,—
আমরা জাত মানলাম না, কুট্ছিতে মেনে নিয়ে ভগবানকে ডেকে
খেলাম। কিন্তু উর মতলব ছিল আমাদের জ্বর ধরিয়ে মেরে ফেলা।
জাল ওষুধ দিলে বলেই আমি জাল ফেললাম পাণ্টা। ঠিক কি না গ

দলু গলেছিল, বাস্। তবে আর অধরম করব না। উদিকে মারব না। উরাও থাকুক আমাদের অধীন হয়ে। আমরাও থাকি। এখন এক কাজ কর —জলদি গাছ কেটে ফেলে সব আগে একখানা ঘর বানিয়ে দে কুমর অর্জুন সিং আর ক্মিণীর জন্তে। তা'পরে সব চলে আয়। এসে ঝপাঝপ ঝুবড়ি বানিয়ে লে পেথম। তা'পর হবে ঘর বাডি। কি বল ?

— ঠিক বলেছ।

দলু একোছিল, তবে যে দিন আসবে সেইদিন ওট মা আর সাধুর স্থানে পূজা দিতে হবে, হাঁ। তারপর হবে বসত একে একে।

— ঠিক আছে, ঘর একখানা বানাতে কদিন ? চার চার মিপ্রি এ.ছে, পঞ্চাশ যাট জোয়ান আছে, বুড়া আছে চল্লিশ, চৌদ্দ পনর যোল বছরের ছেলে আছে পঞ্চাশ। শক্ত পোক্ত মেয়ে আছে, তু তিন শো আছে ছুঁড়িতে আধবুড়ীতে। সবাই খাটবেক। কদিন লাগবে ?

পর্বিদন সকাল থেকে গাছ কাটা শুরু হয়েছিল। ছত্তিশ জাতিয়া বুনোরা থাকে ছোট ছোট ঝুবড়ির মধ্যে। তারা আয়োজন দেখে অবাক হয়ে গিয়েছিল।

দলু ভৈরবকে বলেছিল, ভৈরব, এদের জন্মে কাপড় চাই রে। মেয়েঞ্চলা আধল্যাংটা থাকলে চলবে না। ছোঁড়াঞ্চলান জাহ্নামে য় গে। বেটাছে**লেগুলোকে কাপড় দে। নইঙ্গে আমাদের** মেয়েরাই বা বেরাবে কি **করে ?**

- —কাপড় কো**থা মিলবে** ?
- —কাছেপিঠে হাট কোথা খোঁজ।
- —কিনবার টাকা কো**থা** ?
- েকুব বেহুদা কুথাকার! কিনবি কি রে? কিনবি কি? আঁ।
 কুঠ! হাঁ। থাজনা আদায়! কুনর অর্জুন সিংয়ের লজর না!
 আদায় শুক করে দে।

চার

এ দ্ব হল বিশ বছর আগেকার কথা। আজ বিশ বহর বাদ দলু সদার এখন প্রবৃত্তী বছরের প্রোচ। বালেশ্বর সঞ্চল থেকে সভ-ফেরত ভীম পাইকের ছেলে গণ্ডারের কাছে বর্গীদের নতুন সমাবেশের কথা শুনে ভাবছিল। খবর ওই গণ্ডার এনেছে। পথে সে শুনে এদে: ১ বর্গীবা আবার আসছে। ভাবতে ভাবতে সে চঞ্চল হয়ে উঠেতে একটা কারণে। কুমর অর্জুন আজ বিশ বছরের মরদ। বহু, আতা জ্বিদা জোয়ান। এইবার ভাকে একদিন সকলকে ডেকে eð ম যের মন্দিরের সামনে পাথরে বাঁধানে। সর্দারীর বেদীর উপর আচ্ছা এক কাঠের চৌকি রেখে রাজা করে দেবে কি না। সমস্প কথা বলে বলবে কি নায়ে, কুমর গর্জুন, তে'মার বাপকে অধরম করে খুন করে ছল মীর হবিব। সে সাক্ষাং শয়ভান। সে চলল আবার বাংলা মুলুনে তোমার গড়ের পাশ দিয়ে। তুমি পার তো শোধ নাও ভোমার বাে রে মৃত্যুর। এই মস্ত সুধােগ। ওদিক থেকে আসতে নবাব আলি দে। তার সঙ্গে লড়তে হবে মীব হবিবকে। মীর হবিব বর্গী, এরা সামনাসামনি লড়ে না। এরা নবাব এলে পালায়, নবাব ফিরলে পিছু নেয়। ঠিক নেকড়ের দল। আবার নবাব ফেরে তো ওরাও ফের পাল'য়। যারা শক্তিমান তাদের সামনে শেয়াল, পিছনে অর্জুন সিং। এমন পুষোগ আর মিলবে না। আমরা সবাই ভোমার পিছনে আছি। দলু স্পার শুধু ভোমার দাদো, ভোমার বাপের খণ্ডর নয়, তার নোকরিও করেছে, নিমকও খেরেছে। বিশ বছর ধরে এর জন্মে অনেক কট সয়ে

অনেক কৌশল করে সব আয়োজন করে রেখেছে। ছত্রিশ জাতিয়ার জঙ্গলগড় গড়ে তুলতে কি কম মেহনত করেছি ? কম তকলিফ সয়েছি গ লোকের জান গিয়েছে। জবে আমাশয়ে কি কম মানুষ মবেছে! ওযুধ এখানে আছে। গাছের শিকড়, সে দলু জানে। সে ছাড়া আর এক শিথিয়ে রেখেছে তোমার মা রুক্মিণীকে। হঠাং যদি মরে সে— তবে! তবে সে বিলকুল বরবাদ হবে। ওষুধ থাকতেও ওষুধ খেয়েও মবেছে। এক এক বছর এমন হয়েছে যে এখান থেকে পালাবার জন্মে লোক পাগল হয়ে উঠেছে। এথানকার মাতাজীর পূজা দিয়েছি। বরার ব্রক্ত দিয়েছি। নিজেরা বুক চিরে রক্ত দিয়েছি এক একবার। তবু মাতাজী প্রসন্ন হন নি। ফের পূজা দিয়েছি। তারপর কমেছে। দলু সদার অনেক বৃদ্ধি ধরে। কুমর অর্জুন সিং সে লোকদের জোরজবর-। দক্তি করে ধরে রাখে নি। তার বুদ্ধি আছে, সে এই বারো পাহাডের মাঝ বরাবর ক্ষতি করিয়েছে। কেটেকুটে পাহাডের গায়ে জমিন করে ভাতে জোয়ার ভুটার চাষ করিয়ে প্রতিটি পাইককে জমি দিয়েছে। চাষ করো, খাও ছোটখাটো হোক বেশ মজবুত মজবুত ঘর বানিয়ে দিয়েছে। মাটিতে পাথরের চাঁইয়ে দেওয়াল গেঁথে শালকাঠের চাল কাঠামো করে ঘাস দিয়ে ছাইয়ে খাসা ঘর হয়েছে। সর্দরেদের ঘর বড়। তোমার ঘর সকলের থাকে বড়, সকলের থেকে ভাল । তোমার জন্মে রাজার ছেলের মত ঘরও বানাতে পারত, তা বানায় নি। বাইরের लारकत काथ পড़रव। এখানেও বহুৎ লোকের হিংসা মনে হবে। বাইরের লোক জানে এরা সব ছত্রিশ জাতিয়া। তা জান্তুর। ছত্রিশ জাতিয়াদেরও সে বাঁচিয়ে রেখেছে। ওরা আর সেই ক্যাংটা নেই। ওর।ও এখন প্রায় পাইক হয়ে উঠেছে। এখানকার সাপকে জব্দ করেছে ওরা। প্রতি বছর সাপ মারিয়েছে দলু সর্দার। সাপের কামড়ে প্রথম প্রথম লোক কম মরে নি। লোক মরেছে, গরু মরেছে, ঘোডা মরেছে। সাপ এখন ৭ দশ বিশটা আছে, ভবে লুকিয়ে থ'কে। ওরাও মানুষকে ভয় করতে শিখেছে। বিশ বছরে বাঘের পেটে, ভালুকের আঁচড়ে, বুনো বরার দাতে ভাও মনেক আদমী গিয়েছে। ভাদেরও মেরেছে।

নদীর ধারে সাঁতেসেঁতে জবজবে জ্বমি এখন গনেক শুণা শুখা হয়েছে। নালা কেটে কেটে নদীর সঙ্গে মিশিয়ে দিয়েছে। সেখানে কিছু কিছু ধান হয়। লোহার বাগদী এনে কামারশাল করেছে। হাতিয়ার শানায়, বানায়ও। লুটেপুটে হাতিয়ারও জড়ো করেছে অনেক। ছুতার তৈরি করেছে।

ছত্রিশ জ্বাতিয়া গড়ের বারো পাহাড়ে, পাহাড়ে পাহাড়ে যেখানে যেখানে জ্বোড়, সেখানে সেখানে মোটা মোটা কাটা গাছ, বড় বড় বট অশ্বর্থ গাছ লাগিয়ে তার আড়ালে মজবুত মজবুত ঘাঁটি বানিয়েছে। আর নদী মায়ী যেখানে ঢুকেছে, আর যেখানে ঝোরার মুখে ঝরে পড়ে চলে গিয়েছে, এই তুই মুখে তুই-তুই চার ঘাঁটি রেখেছে। স্ব জায়গায় আছে নকোড়া। গাছের উপর মজবৃত মাচান করা আছে। দেশে মুল্লুকে ঝঞ্চাট হলে মাচানে পাইকরা বসে যায়। পাহারা দেয়। বড বড পাথর জুমা করা আছে। গভিয়ে দিলে সিপাহী গোড়া গুঁডিয়ে য বৈ, হাতী পর্যন্ত খোড়া হয়ে ছাবে। এখানকার চারিপাশে সাঁওয়ের লেকের সঙ্গে কোন ঝগড়া ব্লাখে নাই। তাদের চুলেও হ ত দেয় না। অনেক দূর দূর গিয়ে তারা গাঁও থেকে ধান আদায় করে আনে। দূর থেকে হাট লুট করে আনে, কাপড মদলা তেল সর্যা। সব জিনিদ আনে। আয়ুনা মানে, কাঁকুই মানে, দস্তার গহনাও মানে। টাকা আনে। কাছের ছাটে ঠিক দাম দিয়ে কেনে। এখান থেকে ছ কোশ দূর দিয়ে গিয়েছে বাদশাহী সভ়ক। সেখানে যাত্রীদের উপর কোন হামলা করতে দেয় না। শ্রেফ রাস্তা পাহার। দেয় বলে মানুষ পিছু এক শিয়সা আদায় করে নেয়। তারা লুট করে অনেক দ্রে। সে সবই মন্ত জায়গার পাইকদের নামে যায়।

মিব অর্জন সিং, তুমি বিশ বছরের হয়েছ। তোমার বাপের
মত জোয়ান তুমি। গৌফও তে।মার বাপের মত। চোখ তুটোও
তমনি মোহনিয়া। রঙটা শ্রামলা হয়েছে সে তোমার মায়ের জল্যে।
দাহসও তোমার খুব, বীরও তুমি কণ্পের মত। তৈরবের সঙ্গে
াঠি ধরতে পার। আমার সঙ্গে তলোয়ার, <u>ভারধন্তকেও ওক্তার।</u>
বি থেকে তোমার হিশ্বত সভ্কিতে। গত ত বছরে ওটো বাঘ
মরেছ। একটা চিতা, একটা ভোরা। তুমি ভোরাকে এক সভ্কিতে
মায় এ-কোড় ও-ফোড় করেছ। সাবাস! সাবাস! কিন্তু
মি মাতাল হয়ে গেছ; বড় বেশি দাক থাও। দাক পেলে জলের মত
চ তক করে থাও। নেশায় হুল থাকে না। কখনও কখনও বেহেড
য়ৈ যাও। আর বড রাগীদার। তোমার মা আমার বেটা। বেটা

বলে বলছি না, এখানকার স্বাই বলে, তুমিও বলবে যে এ মেয়ে এ মা যেমন তেমন নয়—সাক্ষাৎ দেবী। খাঁটি রাজপুত রাজার রানী। ভাকে আমি স্বর্তিয়াবাঈয়ের কাছে নাচা-গানা শিথিয়েছিলাম।

সে এখন সেই তার কিষণজীর কাছে ভজন ছাড়া কোন গীত গায় না, কেশে সে তেল দের না। ব্রাক্ষণের বিধবার মত এক বেলা এক মুঠি খায়। বাবের চামড়ায় শোয়। তার মুখে আজ বিশ বছরের মধ্যে, এক তুমি যখন ছোট ছিলে, যখন তুমি খলখল করে হাসতে তখন হাসি দেখেছি, আর হাসি দেখি নি। বেটীকে এখন দেখলে মনে হয় সে যেন মনে মনে কাদছে কাদছে কাদছে। তার আর বিরাম নেই। কেন? স্রেফ তোমার জন্মে। তুমি তার মনের মত হলে না অর্জুন সিং। তুমি লাঠি শিখলে, তলোয়ার শিখলে, সভকি শিখলে, বীর হলে, কিন্তু রাজার ছেলের সহবং শিখলে না কেন?

ভোমার মা আমার বেটা, নইলে তাকে প্রণাম করতাম। কেন জান ? গোড়াতে আমি তোমাকে বলতাম কুমর অর্জুন। ভৈবৰও বলত। তোমার মা বারণ করেছিল। বলেছিল, না বাপ, না। কখনও বলো না। বাচচা বয়স থেকে কুমর কুমর শুনে মগজ যদি খারাপ হয়ে যায় তবে বিপদ হবে। বাপ, তুমি সদার, ভোমার নাতি—এতেই তো সবাই খাতির করবে। তাতেই হয়তো মগজ গরম হবে। তার উপর 'কুমর' বললে সে ওর পক্ষে বহুৎ খারাপ হবে। তা ছাড়া বাপ, ওকে যদি কুমর বল তবে ক্রমে ক্রমে একথাও তো বাইরে ছড়াবে। কে ওখানকার অর্জুন সিং রাজার ছেলে কুমাব সায়েব গ তখন লোকে জিজ্ঞাসা করবে, কোন্ রাজার ছেলে গ কোথা থেকে এল? তথন ও চন্দনগড়ের নাম যদি ছড়ায় তবে তো বিপদ হবে বাপ।

বুঝে দেখ অর্জুন, কত বুকি ধরে আমার বেটী। সে ঠিক বলেছিল।
তা হলে ভোমাকে বাঁচানো, এই জঙ্গলগড় তৈরি করা বিপদ হ'ত।
আজ বিশ বছরের চল্লনগড়ে মাধব সিং-এর কথা লোকে ভুলে গেছে।
জানে কর্মিণীবাই কোথা মরে গেছে কি কোথায় চলে গেছে।
আজ এখানকার লোকেরাও ঠিক জানে না। সে আমলের
বুড়ো বুড়ী নাই। আমার বয়সী আছে ভৈরব আরু গোবর্ধন, তাদের।
বউরা। ভারাও চেপে আছে। অল্পবল্প মনে আছে সে আমলে বারো

থেকে বিশ ভিরিশ বছরের যারা ভাদের। কিন্তু সে অল্প। আমরা ওটার উপর জোর দিই নি বলে তারা আপনা-আপনি ভূলেছে। জোর দেয় না। কেউ মনে করিয়ে দিলে মনে পড়ে। ভারা ভোমাকে দলু সর্দারের নাতি, আমার পরের সর্দার বলেই জানে। ভবে ভোমারও গুণ আছে। তুমি বীর, তুমি খুব হাসতে পার, খুব দিলদরিয়া তুমি। খুব হৈ হৈ করতে পার, সব থেকে বড় গুণ সকলকে ভালবাস। আপন পর নাই। কিন্তু দোষ তোমার তা থেকেও অনেক বেশী। তুমি এমন মায়ের ছেলে, রাজা মাধব সিং-এর বেটা। পাঁটি ছব্রি হয়ে ভূমি সহবং শিখলে না, ধীর হলে না। তোমার মা স্তরতিয়াবাঈয়ের কাছে লেখা-পভাও কিছু শিখেছিলে। তোমার মা তোমাকে লেখ:পভা শেখাতে চেয়েছিল, তুমি শিথলে না। তুমি মদ খাও। তুমি ওই ছত্রিশ জাতিয়াদের সঙ্গেও মদ খেয়ে হুল্লোভ কর। ভালের জোযানী বেটী-श्वलाटक निरंत्र (थना कर । পार्टेकरनर विगिरनर मस्त्र रमनारमाख কর। কিন্তু পাইকদের বারণ করা আছে, তারা মেয়েগুলোকে শাসনে বাখে। কিন্তু ঝুমঝুমিকে নিয়ে তুমি মেতে আছ। তোমার মাকে পর্যন্ত মেনে নিতে হয়েছে তা। তবে ঝুমঝুমি ভো ভাল মেয়ে। ছত্তিশ জাতিয়া জঙ্গলগড়ে এখানকার দেবীজির বারণ লাচে জাত ষানা। তবু অর্জুন সিং, তুমি কুমর, রাজা মাধব সিং-এব বেটা। ভোমার একটা জাত আছে। জাত না মান, ইঙ্কত আছে। ইঙ্কত না থাকলে সব হওয়া যায় অর্জুন সিং—সে রাজা হয় না, ক্মরও হয না।

তবু ভাবছি অর্জুন সিং, তুমি যাই হও—মাতাল হও, মুক্থ হও, হাল্লাবাজ হও—এইবার ভোমাকে সব বলে, ওই পাথবের বেদীব উপর কাঠেব চোক পেতে ভোমাকে বিসয়ে, ভোমার হছে ভোমার বাপের ভলে হ'ব। এই ভোমাকে আমরা সবাই বললাম রাজা। ভোমাকে বললাম সব বৃত্তান্ত। ভোমার বিশ বছর বয়স হ'ল। এদিকে কিষণজীর খেলায় হালার লাগল গোলমাল। এবার তুমি যা হয় কর। মীর হবিব এই পথে আসবে শুনছি। চন্দনগড়ের স্থাচেত সিং-এর সঙ্গে ভার দোক্তি টুটেছে। এবার তুশ্মন। এবার সে স্থাচেত সিং-এর ত্শ্মন।

গতবার এই কমাস আগে এই বৈশাখ মাসে একটা স্বযোগ চলে গেছে। গতবার উভি্যা দখল করে, মীর হবিব এই জঙ্গলের ধার দিয়েই গিয়েছিল; মেদিনীপুর দখল করে তাঁবু গেড়ে বসেছিল। চন্দন-গড়ের স্থাচেত সিং তথনও দোস্ত। চন্দনগড়ে খানাপিনা করে সেলামী নিয়ে তাকে খেলাত দিয়ে মেদিনীপুরে ছাউনি গেড়েছিল। কি সাবধানেই তখন রাখতে হয়েছিল তোমাকে এবং কি সাবধানেই ছিল ছত্রিশগড়ের তামাম পাইকেরা। তোমার তখন বেমার।

লোকে বাচ্চা ঘুম পাড়ায় অর্জুন সিং বগীর ছড়া বলে, "ছেলে ঘুমোল পাড়া জুড়োল, বর্গী এল দেশে, বুলবুলিতে ধান খেয়েছে খাজনা দোব কিসে।" ঠিক সেই রকম করেই ছত্রিশ জাতিয়া জঙ্গলগড়ে পাইকরা ঘুমের ভান করে পড়েছিল। তবু তুমি ছবন্ত ছর্দান্ত, তোমার কয়েকটা হরস্ত সঙ্গী নিয়ে বেরিয়ে পালিয়েছিলে। তখনও তোমার বেমার হয়নি। পথের ধারে জঙ্গলের উঁচু গাছে চড়ে বগাঁদের যাওয়া দেখতে গিয়েছিলে। তোমার মায়ের পুণ্যবল আর তোমার নসীব। তোমার একটা ফাঁড়া ছিল সেটাই তোমাকে বাঁচালে। ওই গাছে কিসে তোমাকে কামড়ালে, তার জ্বালাতে তুমি গাছ থেকে নেমে নদীর জলে পড়লে, হুঁশ হারালে। সঙ্গীরা তোমাকে নিয়ে এল, তখন সর্বাঙ্গ তোমার ফুলেছে। আর তোমার সঙ্গে ছিল ঝুমঝুমি। তৃ মাস ভূগে প্রাণে বঁচলে। দলু সদারের বৃদ্ধি আর ধরম যিনি তাঁর মহিমা, অর্জুন সিং। তোমাকে চিকিৎসা করে বাঁচালে ওই ছত্রিশ জাতিয়ারা। আর ওই মেয়েটা ঝুমঝুমি। ওদের যে সাপের ওস্তাদ সে-ই করলে চিকিৎসা। আর সেবা করেছে ছত্রিশ জাতিয়'র মেয়েটা ওই ঝুমঝুমি। ভোমার পেরারী। সে ওই সাপের ওস্তাদেরই বেটী। ওই যে কালো ন'গিনের মত ছিপছিপে লম্বা বেটীটা, যার চোখ তুটো লম্বা ছুরির মত, নাকটা একটু ছোট, মনে হয় সূচলো নাকের ডগাটাকে কর্নি দিয়ে কেউ একটু চিপে মেজে দিয়েছে। তাতে নাখার খুলেছে খুব। ঠোঁট ছুটো পতেলা, কপালটা ছোট, চুল একরান, কিন্তু করকরে কোঁকড়ানো। হ'সলে গালে টোল পড়ে; কে:মরখানা এতটুকু—যাকে নিয়ে ভোমার প'গলামির শেষ নেই। ন:মটাও—ঝুমঝুমি। বছং মিঠা। মেয়েটা ছেলেবেলা ভাল নাচত, চবিকশ ঘটাই প্রায় নাচত বলে দলু স্র্লারই হাট থেকে গোটা দশেক ঘুঙুর এনে দিয়েছিল: তাই গেঁথে পরে ঝুমঝুম্ করে নাচত। নামই হয়ে গিয়েছিল ঝুমঝুমি। হায় হায় হায়! তথন কি দলু জানত যে ওই কালুটে রোগা মেস্বেটা বড় হয়ে এমন হবে

যে অর্জুন সিং-এর মন ভ্লাবে! এমন থ্বস্তরতি হবে! এমন ত্রস্ত হবে যে অর্জুনের সঙ্গে পাল্লা দেবে! তুমি বন্শী বাজাও ভাল, ছোকরী নাচে ভাল। বনের ভিতর গিয়ে তুমি বন্শী বাজাও আর মেয়েটা বেহায়ার মত নাচে তা দলু শুনেছে। তুমি শিকারে যাও, ও গাঁওয়ের ধারে বসে থাকে, গাছে চড়ে, কখনও ফিরবে কোন পথে ফিরবে তার জন্তো।

ভাইয়া, তোমাকে চুপি চুপি বলতে পারি, দলু মনে মনে ভোমার তারিফ করে। কচির তারিফ করে। দলু যদি জোওয়ান হ'ত তোমার মত তবে তোমার সঙ্গে ওই ছোকরীর মালিকানা নিয়ে লড়াই হয়ে ষেত। জোয়ানী বয়স তোমার-এ হবে। কিন্তু তোমার মায়ের যে মুখ ভার। আর বাড়াবাড়িটা বড় বেশি করছ। দলু সর্দার খানিকটা তামাক খরসান ঠেঁটে টিপে নিয়ে পিচ ফেলে ভাল করে নুড়েচড়ে বসল। ভীম বাগদীর ছেলে গণ্ডারের আনা বালেশ্বরের খবর শুনে সে গণ্ডারকে পাঠিয়েছে রুক্মিণীকে খবর দিতে। কক্মিণী সকালে স্নান করে কিষণজীর সেবায় লাগে। তাকে শ্যান থেকে ওঠানো, মুখ ধোওয়ানো, বেশ করানো, বালাভোগ দেওয়া, কাঁদর-ঘণ্টা ব'জিয়ে আরতি করা। অনেক কাব্দ তার। অহল্যা বুড়ী হয়েছে, দে তাকে সাহায্য করে। অন্বিকে নেই, সে মবেছে। বাগদীদের ছুট বিধবা আছে, ছুই কুমারী আছে, তারা কিষণজীর মন্দিব ইঠান ঝাঁট দেয়। তাদের নিয়েই দিন কাটে রুক্মিণীর। ছেলের নাম বড় করে না। বলে—ভাগ্য! আমি কি করব! ফুরসত তার কম, খুব কম। তাই গণ্ড,রকে বলেছি দাড়িয়ে থাকবি, ফুরসত পেলেই বলবি, বহুং জকরী কমে, তোমার বাপ বদে আছে। कथा ना इरलाडे नय। এবং এদে তাকে খবর দেবে। দে যাবে ক বিলীর ক।ছে।

পাঁচ

খবসান ঠে টে টিপেও বেশ জমল না দলুর। সে ডাকলে, ঝ্মরী!
ঝ্মরী আজও আছে। বুড়ী হয়েছে। সে-ই তার সেবা করে। সে
বেরিয়ে এল। ঝুমরীর পরনে এখন মোটা তাঁতের শাড়ি। আঁচলাঁ।
খুব বাহারে। <u>হাতে</u> মোটা কাঁদার কাকনী। গলায় মোটা পুঁহিব
মালা, রূপদক্তার হার। হাজার হলেও সে স্দারের দাসী।

- —কি ?
- -- यन (म।

কুমরী বিনা বাকাবায়ে মদ এনে দিল। একটা ঠোঙায় এনে দিল খানিকটা ময়ুরের মাংস।

থেয়ে সে বসে আপন মনেই ঘাড় নাড়তে লাগল। অর্থাৎ নিজের মনের সঙ্গেই কথা বলছিল।

क्भन्नी वनतन, छ कि श्रष्ट्क? अँ ?

- কি হছেক ?
- আপন মনে বাড় লাড়ছ ?
- —আড় লাড়ছি, ভাবছি তুকে কাটব ওই মায়ের থানে।
- —ক্যানে, বুড়া বয়দে ছুকরীর শথ হয়েছে নাকি ? বুড়ীকে কেট্যা পথ স'ফ করবে ?
- হ। তুর মাথা:
- कि कदरक १ शहरक १
- কুর বুড়া মাথা খেয়ে কি হবেক ? কি সুখ মিলবেক ? তার চেয়ে ওই ঝুমঝুমির মাথাটা এনে দিতে পারিদ ?

অবাক হয়ে ভাকিয়ে রইল ঝুমরী। ঝুমঝুমির সঙ্গে অর্জুনের ভালবাসার কথা ছত্রিশ জাতিয়ার জঙ্গলে মান্তুষ জানে, জল্প জানে, পাথিরা জানে, গাছেরাও জানে। বুড়ো দলু ভার দাদো। কিন্তু এখানে এই মুল্লুকে ভো এদব ব্যাপারে দাদো নাই নাভি নাই, দাদা নাই ভাই নাই। হয়তো ব প বেটাও নাই। ঝুমরী দলুর জন্যে সব পারে। কিন্তু এ যে নাভি—যে-সে নয়। এ যে অর্জুন। ঝুমঝুমি যেমন সবার মনে দোলা দেয়, অর্জুন ভেমনি—না, তার চেয়েও বেশি দোলা দেয় সবার বুকে। আর সে ভো যে-সে নয়—সে অর্জুন। ঝুমঝুমির মাথা যে খাবে ভার কলিজা দে চি তুঁ নিয়ে চটকাবে, খাবে।

হঠাৎ দলু বললে, শোন। ইথানে আয়। ভয়ে ভয়ে সে এপিয়ে এসে বললে, কি ?

—শেয়েটাকে—

গলা শুকিয়ে যাজে দলুর। ঝুমরীও কাঠ হয়ে গেছে। তবুও দলু বললে ফিদ্ফিস করে, মেরে ফেলতে পারিস ?

कुमतीत म्थजा एक्ष् हाँ राय राजा।

म्नु वनत्न, अद्र, व्यर्जुत्नद्र तम्भा ना घूँपेत्न (य हनद ना द्र !

ঝুমরী বললে, একটা কথা কলব, রাগ করবে নাই ভূমি !

- -ना।
- —তা হলে তুমার অর্জুন বাঁচবেক নাই। আর তার আগে তুমাকে আমাকে মেরে ফেলায়ে বুকে চড়ে নাচবেক। তারপরে নিজে মরবেক।
 —হুঁ। তা সত্যি। বাড় নাড়লে দলু।
- ভবে ? আর নেশা ছুটায়ে বা কি হবেক ? ছটিতে উরা কেমন নেচে গোয়ে বেডায় < লাকন

ভবে দোৰ ত্তে আছ রেতে সব বলব। সব

- מ --- אורים אפיין
- পণ্ডার এসে দাড়াল-সদার-
- —হয়েছে কক্মিণীর ?
- —হা, তুমার তরে বসে রইছে।
- —চল বামরী।
- —·凯!
- —মুখটা ঠা করবি তো জিভটো ধরে টেনে ছিঁডে লিব। বুঝলি ^१
- —বুঝলাম, মুখ আমার হাঁ হবেক নাই।
- --- সাজা।

করিনী বসে ছিল তার অপেক্ষায়; দলুর জন্মে একটা কাঠের পিঁডি পেতে রেখেছিল। পাইকদের ঘরে পিঁডি আছে। তবে ব্যবহার নেই। করিনী রানী ছিল, সে বাপকে পিঁড়ি পেতে দিয়েছিল। সে পিঁডি ব্যবহার করত। করিনী বললে, বস বাপ, জকরী খবর কিছ নাকি প ভোমার গণ্ডারের যে তাগিদ! গণ্ডারের মত ঠায় দাঁডিহে, নডে নি।

গণ্ডারের দেহের আকারের জন্ম আর থৈর্যের জন্ম নাম গণ্ডার। আসল নামটা হারিয়ে গেছে।

কুক্মিণী এক টুহাসলে, কিন্তু দলু হাসলে না। বললে, হ্যা মা, খবব জুকুরী আৰু জোর। জুবর বল জুবরও বটেক।

—কি ^१

পঞ্জারকে বললে দলু, বোল্ রে—তুহি বোল্।

গণ্ডার স্বল্পভাষী। দে বললে, বর্গীরা বালেশ্বরে ফের জমছে।

—সব বেংল না রে উজবুক।

—আমি বলব ? সে রুক্মিণীর দিকে তাকিয়ে বললে, চার মাহিনা হয় নাই নবাব আলিবদী বলীদের কটক ছাড়া করে দিলেক, সে জান। বদমাশ বর্গী আর মীর হবিব যখন মেদনীপুরে ছাউনি ফেলে তখন মুচেত সিং অনেক টাকা দিয়েছিল, তাও জান। কিন্তু বর্গীরা যখন নবাবের ভয়ে পালায়, নবাব যখন মেদিনীপুরের ওপারে এদেছে—কাঁসাই পার হচ্ছে, তখন মুচেত দেখলেক বিপদ। নবাব তাকে পাকড়াবে বর্গীর দোস্ত বলে, আর তার সঙ্গে জুটল লুটের লোভ। বর্গী যখন চন্দনগড় পাশে রেখে পালাইছে তখন মুচেত সিং বর্গীর পিছন দিকটার উপর ঝাঁপিয়ে পড়ে লুটে নিলেক। শুনেছি, রসদ আর খানার অনেক কিছু পেয়েছিল।

ক্লিণী বললে, সেও আমি জানি বাপ। তখন অর্জুন রোগে প'ড়ে। খামি কিষণজীর দোরে ধর্না দিয়েছি তবু এসব আমার কানে এসেছিল।

—মা! আমি তোমাকে তো এসব শোনাই না। কেন না চূমি তুথ পাবে। তুথ পাবে অর্জুনের লেগে। আমারই কি কম তুথ ংয়েছিল মা! তথন একটা কত বড় স্থবিস্তা মিলেছিল। অঃ! সদিন যদি অর্জুনকে নিয়ে দলবল জুটে ওই শিয়ালের মত ছুটে লোনো ওদের পথ রুথে ওই নেকড়ে ওই মীর হ বিবটার গর্দান নিয়ে মুঞ্টা বর্শায় গেঁথে নবাব আলিবর্দার কাছে হাজির হতে ারতাম আর ভোমাকে সঙ্গে নিয়ে নবাবকে দেখিয়ে তোমার তুথ দাতাম, তা হলে সব শোধবোধ হয়ে যেত মা। নবাব আলিবর্দা মুন্ বীর তেমুনি আদমী সাচচা। ত্রিতের লালস্ নাই। জীবনভোর ক বেগম; তার তিন বেটা। বেটার দরদ সে বুরাত মা। তুমি অদি নতে স্থচেত সিং-এর বেইমানির কথা, তুমুখো সাপের কামের কথা, হলে ঠিক বিশ্বাস করত নবাব।

ন্ধা অতি বিষয় করণ হেসে, নিজ কপালে হাত দিয়ে বললে, মার ললাট!

हैं। मा, ननाउँ। जा कि वनव !

বল বাপ, আজ কি বলছ বল।

বলছি মা। সবটা সমঝে নিতে হবে মা। তাই বলছি, নবাৰ কৈ পর্যস্ত গিয়ে দখল করলে কটক, সে জান।

গৈ বাপ।

- —মীর হবিব কটক পার হয়ে যে জক্ষল সেই জক্ষল পার হয়ে হটল।
 কেল্লান্ডে রেখে গিয়েছিল দৈয়দ নৃর, ধরম দাস আর সরন্দান্জ থাঁকে।
 তারা যখন কেল্লা নবাবের হাতে দেয় তখন নবাবের সক্ষে তকরার
 করেছিল। সরন্দান্জ থাঁ পাঠান। নবাব সক্ষে তার গর্দান
 নিয়েছিল। স্টেচত সিং নিয়েছিল তার গর্দান, সে ছিল নবাবের কাছেই।
 —বকশিশ খেলাত মিলে থাকবে স্ফুচেত সিং-এর। হাসলে রুক্মিণী।
 অথচ শুনেছি পাঠান সর্দারের সক্ষে স্কুচেত সিং-এর বহুৎ দহরম-মহরম
 ছিল।
- হাঁ মা, তা ছিল। আবার রাগও ছিল ভিতরে ভিতরে। সরন্দাজ খাঁ স্তুচেত সিং-এর মুর্নিদাবাদ থেকে আনা এক বাঈকে চেথেছিল। নিয়েও গিয়েছিল।
- -- এ খবর নতুন বাপ, জানতাম না।
- —হা। এখন নবাব এক কোথাকার কে মাবতুস শোভানকে ফটকের নাজিম করে ফিরল মুর্নিদাবাদ; মীর হবিব নেকড়েও সঙ্গেদ ফিরল—আর শোভানকে হারিয়ে কটক দখল করলে। বেওকুফ বদমাশ শোভান বনে এখন ডাকাইতি করছে তা জান। মুর্নিদাবাদ যেতে পারছে না নবাবের ভয়ে।
- -- হা। এ খবর জানি।
- —ভবে তো তুমি সবই জান মা।
- —সব জানি বাপ। কিন্তু কি করব জেনে? ওই মাতাল বুজিগীন একটা ছত্রিশ জাতিয়ার মেয়ে নিয়ে পাগল ছেলে, তাকে যে বলতে সরম লাগে আমার—তুই রাজার বেটা। তোর বাপকে এমনি করে কেটেছে, তুই শোধ নিয়ে আয়। উল্টোফল হবে বাপ। হয়তো এমন কথা বলবে যা শুনে আমার তথুনি মরা ছাড়া পথ থাকবে না। একটা গভীর দীর্ঘনিশ্বাস পড়ল তার বুক থেকে।
- —কেন মা? কি বলেছে অর্থুন?
- একটু চুপ করে কন্ধিনী বললে, একদিন ওকে ডেকে বললাম, তুই এমন করে মদ খাস, ওই ঝুমঝুমিকে নিয়ে বনে বনে ঘুরিস, তুই সর্দারের নাতি, গোর সরম হয় না? সে বললে, তা কেন হবেক? উতে দোষটা কি? বড় হয়েছি—মদ খাব, ছুকরী নিয়ে আমোদ করব তো কিসের সরম? সবাই তো করে। দাদো মদ খায়। দাদোর খরে ঝুমরী আছে।

দলু মাথা হেঁট করে নললে, হাঁ বেটা, ভা তো উ বলতে পারে।
করিশী বললে, এখনও শোন বাপ, কথা তো শেষ হয় নাই আমার।
তুই যা রে গণ্ডার এখান থেকে। তখন আমি বললাম, তোর দাদো
দলির। তার বেশি ভো নয়। তুই যদি তার বেশি হ'স ? সে
হেসে বললে, কি ? রাজার বেটা ? ভ্—শুনেছি — ভোমরা
গুজ্গুক্ত করে বল। তা রাজার দাসীর বেটা কি রাজপুত্র হয় দলবাবদের বাঁদী থাকে, রাজাদের দাসী থাকে—এমন বেটাও কভ
থাকে।

দল্র স'রা শরীর শক্ত হয়ে উঠল। সে হিংস্রভাবে বললে—মা! ক্রিণী বললে, কার উপর রাগ করছ বাবা, একটা জানোয়ার ভবেছে আমার পেটে। আমি বললাম, বস্ তুই, সব শোন তাহলে। কিন্তু ভদ্ধটা বললে, কি শুনব ? শুনে কি করব ? বালা মরে গিয়েছে, ভোকে ফেলে দিয়ে গিয়েছে রান্ডায়। আমি পথে হয়েছি গাছত লায়; আমি সব জানি। কি শুনব ? আমি চললাম, বুমবুমি বলে আমার লেগে বসে আছে। আমি রাগ করে বললাম, ভে'র বুমবুমিকে আমি বাবাকে বলে কেটে ফেলব। সে বাপ এক লহমায় যে কি হয়ে গেল ভোমাকে কি বলব, দাতে দাত টিগে वनत्न, कि वननि ? তা হলে—। আমি ভয় পাট নি বাপ। অ মার মাথায় খুন চেপেছিল। সামনে গিয়ে বললাম কি করবি ा इतन १ ति— प्रात् आपारक। प्रात्। त्यात त्यन । कि वनव ব্রু — আঁ–আঁ চিৎকার করে সে ওই শালগাছটার মোটা ভালটাকে টেনে মন্ত্ৰমন্ত করে ভেঙে আছতে ফেলে বললে, এই লে। আমি জবাক হলাম বাপ। এ যে দানো একটা। রাগও হ'ল। বললাম, ওরে, তুই তবে মর, তুই মর, তুই মরলে আমি নিশ্চিম্ভ হয়ে মরতে পারব। বলেই আমি বিষণজীর পায়ে পড়ে বললাম, বল কি করব? वल १ পডেই ছিলাম। किছুক্ষণ পর ঝুমঝুমি এসে ডাকলে, মা গো, মায়ী! আমি জবাব দিই নি। সে কাঁদতে কাদতে বললে, ওগো মায়ী, তুমার পায়ে পড়ি গো, শীগ্রি এস গো। দেখ গো তুমার ভর্জন কি করছেক গো। আর আমি থাকতে পারলাম না বাপ। বেরিয়ে এলাম। দেখলাম ঝুমঝুমির তুই চোখে জলের ধারা বইছে। বল্লাম, কি হ'ল ? সে বললে, দেখগে মায়ী সে কি করছে। এস ? গেলাম ভার সাক্ত, গিয়ে দেখলাম বনের ভিতর ধুলোয় পড়ে কাদছে, মধ্যে মধ্যে বৃক্ক চাপড়াচ্ছে আর কলছে, মরে ৰাই আমি মরে ৰাই
ঠাকুর, আমাকে মার, আমাকে ছুমি মার। মা কলছে—মব্ মব্।
আনেক বৃথিয়ে উঠিয়ে নিয়ে এলাম। মনে মনে ঠিক করেছি বাপ
এনার তোমাদের নিয়ে আমিই লডাই করব ছশমনের সঙ্গে।
মরব লড়াইয়ে। ও থাকবে এইখানে। আর যারা থাকতে চায়
থাকবে এই ছত্রিশ জাতিয়াদের সঙ্গে জাত হারিয়ে জন্ম হারিয়ে ক্ল
হারিয়ে বংশপরিচয় হারিয়ে।

দলু মাথা হেঁট করে রইল। কি বলৰে ভেবে পেল না।

ক্স্মিণী বললে, আমাকে রানী ক্রে তোমরা লড়তে পার্বে না বাপ ?

- —খুব পারব মা। খুব পারব। সেই ভাল হবে মা, সেই ভাল হবে।
- —তা হলে তাই হবে। তুমি ডাক সকল পাইক মাতব্বরকে।
- —ডাকব মা, আজই ডাকব।
- —আজ নয় বাপ, আর পাঁচটা দিন সবুর কর। পাঁচদিন পর সেই তারিখ হবে বাপ—েষে তারিখে আমার রাজাকে তুশমনেরা কেটেছিল।
- —ঠিক আছে মা, তাই হবে। তবে আমি সব তৈয়ার রাখতে বলি। কি বল ?
- —ভা বল। কিন্তু গণ্ডার যে বললে খবর এনেছে, জকরী জবর খবর। এ পর্যন্ত যা বললে তা তো পুরনো।
- —হাঁ হাঁ। তুমি আমার বেটা কিন্তু তুমি সত্যিই রানীর বৃদ্ধি
 ধর। এমন বালেশ্বরে মীর ছবিব আবার এসে হাজির হয়েছে।
 নবাব মুর্শিদাবাদে। বুড়ো হয়েছে নবাব। তিয়াত্তর বছর বয়স
 হয়ে গেল। সেখানে গিয়ে বেমারীতে পড়েছে। উঠেছে, তবে খুব
 কাহিল। মীর হবিব এ মওকা ছাডে নি, একদম হাজির হয়েছে
 বালেশ্বরে। বর্গীপল্টন নিয়ে এসেছে মোহন সিং। আর এসেছে
 মুস্তাফা খাঁ, পাঠানের ছেলে মূর্তাজা খাঁ। সরন্দাজ খাঁর ছেলে
 এসেছে। তারা এবার সব থেকে আগে পড়বে চন্দনগড়ের উপর।
 এর চেয়ে বড় মওকা আর কি হবে বেটা ?

কল্পিণীর চোথ জ্বলে উঠল। বললে, ঠিক আছে বাপ, সব তুমি তৈয়ার কর। বল, বর্গী আসছে ফের। আমাদের তৈয়ার হতে হবে। শুবু বলবে না যে আমি ভোমাদের সক্তে যাব রানী হয়ে। কথাটা! বাইরে বেরুলে বিপদ হবে। দলু বেরিয়ে এল। গণ্ডার অনেকটা দূরে দাঁড়িয়ে আছে। স্থির হয়ে দাঁডিয়ে আছে তার অপেক্ষায়। পথে অহল্যার সঙ্গে দেখা হ'ল। অহল্যা আপন মনে বকতে বকতে আসছে উদিক থেকে। 'মা ছেলে বলে দেখবেক নাই। দাদো কিছু বলবেক নাই। এত বড় ছেল্যা হ'ল, ঝুমঝুমি মেয়েটাকে নজরে লেগেছে তার, নিয়ে নিয়ে বনে বাদাড়ে ঘূরে বেডাইছে। তাই তাকে রাখনী করে রেথে দে ঘরে। ছেল্যাটা ঘরে থাকুক—তা না; ই এক আচ্ছা কাণ্ড বটেক!'

দলু চিস্তিত মনেই চলেছিল। অহল্যা তাকে দেখে বললে, ছোড়াটা চলে গেল।

- —চলে গেল ? ছোড়াটা ? কে ? অর্জুন ?
- তা না তো কে ?' কার এত বুকের পাটা হবেক বল ? আপন খুশিতে কাম করবে ?
- —কোথাকে গেল ?
- এই গেল সেই শঙ্করীপুর। কাল মহাষ্ট্রমীতে মেলাই পাঁচা কাটবেক, তার পরেতে বীরাষ্ট্রমীতে সব খেল হবে—লাঠি, কুন্তি। ওই, ওই তো রয়েছে তোমার সঙ্গে তার এক চেলা। ওই যে শালা গণ্ডারে। উ যে কুন্তি লড়বেক। উও তো যাবেক। বলেছে, তোমরা এগোও, আমি যেছি। সন্দারকে খবরটা দিয়েই আমি ছুটব। পাঁচশ-তিরিশটা ছোঁড়া গেল তার সাঁতে, আর সেই ঝুমঝুমিকে নিয়ে সাত-আটটা ছুঁডি।
 - —কখন গেল ?
 - —ভা যমত্র্যার পারাইলো। পথে পড়েছে এতক্ষণ। দলু বললে, এই গণ্ডারে!
 - —আ !
 - —তু বললি নাই আমাকে ? হারামজাদা ?
- অর্জুন সদ্ধার যে বললেক, কাউকে বলতে হবে নাই। আমার সাঁহে যাবি, ভরকা কিসের ? সি ফিরে এসে বলব, যা বলবার আমি বলব। বললে পরে সাত ফেচাঙ ভুলবেক।
- ecর শালা, ছোট্। ছোট্বলছি। গিয়ে ফিরায়ে লিয়ে আয়। বলবি, সদ্ধারের হুকুম যে তাকে আর চুকতে দিব নাই ছত্রিশ জাতিয়ার গড়ে। সে অর্জুনকেও না। যা শালা, যা।

^{&#}x27; গণ্ডার ছুটল সঙ্গে সঙ্গে।

অহল্যা বললে, তা যাক ক্যানে গিয়েছে। পুজো বলে কথা, তার ওপর ছেলে-ছোকরা বয়েস—

—অহ**ল্যা, অ**ংল্যা, তোর মুখটা ভেঙে দোব। চুপ করবি ? বলেই দলু হন হন করে গিয়ে ভাদের সেই বড় নাকাড়াতে হা মারতে লাগল। ডুম—ডুম—ডুম ডুম ডুম ডুম।

সারা বারো পাহাড়ের গায়ে ধ্বনিটা প্রতিহত হয়ে একটা ধ্বনি বারোটা হয়ে বেজে উঠল।

প্রতিটি পাইক বাড়ি থেকে মেয়েরা উঠোনে নেমে তাকালে এই দিকে। পাইকরা যে যা করছিল, ফেলে রেখে বেরিয়ে পড়ল।

ভৈরব হন হন করে সর্বাগ্রে ছুটে এসে দলুর কাছে দাঁড়াল।

-- मर्लाद्र !

—ভৈরব, তু যারে, তু যা। গণ্ডারের কথা তো দি মানবেক নাই, তু বা। ফিরায়ে আন্ ঘাড়ে ধরে, তাকে ফিরায়ে আন্। সি দিতাটা গেল শৃষ্করীপুরে অষ্টুমীর রাতে খেল জিততে। তু যা, শঙ্করীপুরের জমিদার এখন চন্দনগড়ের তাঁবে। সেখানে চন্দনগড়ের মরদরা আছে। তু যা।

—কি বাপ ? গোলমাল নাকাড়া শুনে বেরিয়ে এসেছিল রুক্মিণী। সে জিজ্ঞাসা করলে, কি বাপ ?

— অর্জুন। মা, অর্জুন চলে গেল শঙ্করীপুর অষ্টুমীর রাতের জিভতে।

কক্মিণী বললে, যাক বাবা, যাক। তার অদৃষ্ট তাকে যেখানে নিয়ে যায় যাক। ভার অদৃষ্টে যা থাকে থাক। সে যাক! তোমাকে যা বললাম তুমি তাই কর। সব সাজতে বল। না হয়—মামি এবার চিতা জ্বালিয়ে তার উপর চড়ে বসব। চলে যাব আমার রাজার কাছে। গ্রার চোখ ছটে। যেন জ্বলছিল।

ছয়

প্রতিবাদ করতে সাহস করলে না, শুধু দীর্ঘনিশ্বাস ফেলে উঠে গেল দলু স্দার। সেই ভাল। সেই ভাল। অর্জুন সিং, কুমর সাহেব, ভোমার নসীব ভোমার হাতে। আপসোস! এমন মাতাজীকে তুমি চিনলে না। নিজের পরিচয় তুমি জানলে না। তোমার নসীব—আর কিষণজীর খেল! তাঁর ইচ্ছা—তাঁর ইচ্ছা বেদিন হবে—দেদিন ভুমি জানবে নিজেকে। কিন্ত তাঁর জক্তে দলু সর্দার আর অপেক্ষা করবে না। করবার তার উপায় নেই। মাতাজী তার বেটী রুক্মিণী—রানী আতাজীর হুকুম হয়ে গিয়েছে। ভার থমথমে মুখ দেখে ভয় করছে দলুর।

এতকাল পরে, অর্জুনকে না নিয়েই লড়াইয়ের উন্তোগ করতে দলুর মনে হচ্ছে অর্জুনের কথা। রাজা মাধব সিং-এর ছেলে। সে হয়ে গেল মূর্ধ, গোঁয়োর, বুদ্ধিহীন। হায় রে হায়।

দলু বেশ জানে—গণ্ডার গিয়েও অর্জুনকে ফেরাভে পারবে না। সে ফিরবে না, ফিরবার ছেলে সে নয়।

সে কারুর হুকুমে আমোদ ছেড়ে ফিরবে না। বালাকাল থেকে সে সবল স্বাস্থ্যবান। একবার তার ওই জব আমাশয় হয়েছিল। দলুর উদ্বেগের সীমা ছিল না। রুক্সিণী মাথার শিয়রে নির্নিমেষ দৃষ্টিতে ছেলের মুখের দিকে তাকিয়ে বসেছিল। দলু ওষুধ দিয়েছিল, মাত্রা ছাড়িয়ে বেশিই দিয়েছিল। অসুথ সারতে দেরি হয় নি। কিন্তু তখন থেকেই তার মেজাজের উগ্রতা বেড়ে প্রায় তাকে পাগলই করে তুলে-ছিল। তার উপর দলুরই সমাদর। সমাদরের সীমা-পরিসীমা ছিল না। দলুমদ খেত, সেও বলত আমি খাব। দলুতাই দিত। পমর-যোল বছর থেকে সে মাতাল। পাখি শিকার করত বাল্যকালে। চোদ বছর বয়সে হরিণ মেরেছে, বরা মেরেছে। যোল বছরে প্রথম মারে চিন্তা বাঘ। তারপর ভোরা বাম্ব মেরেছে। বনে বনে উল্লাস এবং ক্ষান্তপনা কৰে বেভিয়েছে ইচ্ছামত। তার নিজের দল একটা গড়ে মিয়েছে সে। গড়তে হয় নি, আপনি গড়েছে। গণ্ডারের বয়স প্রায় ভিরিশ। ওদিকে ভিরিশ, নিচের দিকে যোল পর্যন্ত নিয়ে পঁচিশ জোরানের এক দল। সে জোয়ানেরা শহরের যণ্ডা জোয়ান নয়, প্রামের নওজোয়ান নয়, বলের বুনো জোয়ান। সকলেরই প্রায় এক-একটি তক্দী প্রিয়া আছে। তাদের মধ্যে ছত্রিশ জাতিয়াদের বেটা আছে, পাইকদের লুঠ করে আনা নানান শ্রেণীর মেয়েদের গর্ভজাত মেয়েরা। পাইকদের ।নজেদের মেয়েরা বক্তা হলেও বন্ধন আছে। নিরমকাত্মন আছে। কড়া কাস্থম। কঠিন শাস্তি হয়। পুৰুষেরা নিজেরা যা করুক, মেয়ের অনাচার সহ্য করে না। বুনো মানুষ, লুগ্ঠক; ডাকাভ বললে ডাকাভও বটে। আসল পেশা পাইকগিরি অর্থাৎ

বুদ্ধবাজী। তারা নির্মম প্রহার করে অনাচারের ক্ষেত্রে। আঙ্ল দিয়ে দেখায় রুক্মিণীকে। বলে, দেখ্। ক্রিণীকে মেয়েরা সভিাই ভক্তি করে। শ্রদ্ধা করে। তবে গোপন অনাচার সব সমাজেই আছে, তা পোপনেই চলে। পুরুষদের এই সব লুটে আনা মেয়েদের ও ছত্রিশ জাতিয়াদের মেয়েদের সঙ্গে উল্লাস রঙ্গরস প্রেম ব্যক্তির নিয়ে বাদপ্রতিবাদ করে না। দেশে ছত্রি রাজা থেকে বড় জোতদার, তালুকদার, সদার—ব্রাহ্মণ কায়স্থ থেকে সব শ্রেণী ও সমাজের মধ্যেই ওটার রেওয়াজ রয়েছে। লোগে চ্যু বিজাল পোষে, বোড়া রাথে একটার জায়গায় ত্রটো তিনটে, বাজপ খি পোষে, ময়না পোষে ; এও তাই প্রায় ; স্বতরাং তকণ অর্জুনের দলের ছোকরা ও জোরানদের তকনী প্রিয়া প্রকাঞ্চেই ছিল। কিছুদিন পর বরেই নিয়ে আসবে। আবার বিয়েও করবে। এ মেয়েটাও প্রতিবাদ করবে না, পালাবে না; সমান হাসবে, ঘরের কাজকর্ম করবে; বাডির বউকে খাতিরও করবে, আবার কখনও তার সঙ্গে কলহও করবে। কিন্তু প্রথম প্রথম এরা শুধু লীলাদঙ্গিনী। কৈশোর থেকে <u>খেলা</u> করতে করতে যে।বন শুক হলেই জোড় বেঁধে বনে পালায়। নাচে, গায়, গল্প করে, গাছের উপর চড়ে—এ ওকে ধরতে যায়, ও তাকে ধরতে ীযায়। মধুর <u>চাক ভেডে</u> খায়। মদ খায়। খরগোশ পাখি শিকার करत श्रुष्टिय थाय । जाता निनरे रयटा करते याय । जन्मारण स्करत । কোথান্ত মেলাখেনা হলে তখন জ্বোড় বেঁধে যায়। পাঁচটি দশটি জ্বোড দল বাঁধে। একসকে মেলা দেখে; প্রিয়ার মনের মত পুঁতির ম লা, পারের ঘুঙ্ব, কাসার কাঁকনী, রূপদস্তার চুড়ি, রঙীন গামছা কিনে দেয়। অর্জুনের মত তাদের পাড়ি কিনে দেবার ক্ষতা নেই। অইন কুমরুমিকে তুবার ত্র্বানা শাড়ি কিনে দিংছে। তাঁতের মোটা শাড়ি। শুর শ' ড় নয়, শাভির সঙ্গে উপরের অঙ্গে পরবার আচল। পর্যন্ত। বাুুুুরু হ কপালে একতা রূপোর টিকলি পরে। তার কপালটি ছোট, কালো কণালের উণ্র সাদা রূপে র চাদ ঝিক্মিক্ করে। অর্জুনের সঙ্গে কার সঙ্গ স দলু সদ'বের নাতি: ছোট সদ'রে . হবু সদ'রে। দলুর কাছে নে টাকা অদ,য় করে. পর এহলা। দিদি দেয়। তা ছাড়া দে ধার করে। ভৈরব গোবর্ধন স্বরূপ ভূপাল চার সদার দলু সদাবের পরেই ভারাও সক ধার দেয়। এর্জুন অবশ্য শোধ করে, দাদোর কাছে নিয়ে দেয়। তার নিজের রোজগারও আছে। সেমধুর চাক এনে মধু জমা করে, মযুর্ মেরে পালক পেথম সংগ্রহ করে, সঙ্গাকর কাঁটা জড়ো করে। তারপর

দেয় ছব্রিশ জাভিয়াদের ভারা হাটে নিয়ে গিয়ে বেচে এনে টাকা দেয়। ভারা নেয় সিকি, অর্জুন নেয় বারো আনা। অক্স সকলেও এসব করে। কিন্তু বনের যে এলাকাটা অর্জুনের সেটাই সবার চেয়ে বড। তাকে সর্দারি মামুল দিতে হয় না। অক্সদের নিজের বন নেই। রাজার বনে ভারা এ সব সংগ্রহ করে, তার সিকি দিয়ে আসতে হয় সদারকে। অর্জুনের নিজের এলাকা আছে, ভার থেকেও স্দারের সিকি দেবার নিয়মণ্ড বটে, কিন্তু অর্জুন সে দেয় না। প্রথম প্রথম দিয়ে একদিন বলেছিল, নেহি দেলা।

দলু বলেছিল, কি বিপদ! স্পারি তো আমার নয় হে কন্তা। ই ভো সরকারী তবিল। আমি নাড়িচাড়ি, এর সিকি আমার, কিন্তু বারো আনার মালিক ভোমার মা।

অর্জুন বলেছিল, সে সব আমি নাহি জান্তা হায়। নেহি মানতা হায়। দাদোও জানি না, মাও জানি না, সদ্ধারিও জানি না। নেহি দেঙ্গা। জোর করেঙ্গা তো এসো কার জোর বেশি দেখি।

মা বলেছিল, আমার হুকুমে সকলে মিলে তোকে ধরেবেঁধে সাজা দেবে।
—ভাহলে হামি চলে যাক্ষা। নেহি থাকেক্সা এখানে। চলে যাক্ষা
ঝুমঝুমিকে নিয়ে।

দলু হেসে বলেছিল, আতা আন্তা। তু যদি আমার সঙ্গে পাঞ্জাতে জিততে পারিস তবে তোকে লাগবে না। আয়: কার জোর বেশি দেখি বললি তু, তা দেখি আয়।

— এসো।

ভংক্ষণাৎ হাত বাডিয়েছিল সে। কিন্তু অর্জুনের মা লড়তে দেয় নি। কল্মিণী বলেছিল, না। এমন জোরে বলেছিল যে দলু এবং অর্জুন তুজুনেই চমকে উঠেছিল।

দলু বলেছিল, মা!

क्किनी वलिष्ट्ल, ना।

অর্জুন বলেছিল, তবে হাম চলে যাঙ্গা। আমার টাকা চাই। ঝুমঝুমিকে কাপড় দোব গয়না দোব। দাদোর কাছে কত হাত পাতব গ নেছি পারেঞ্গা। আমি মরদ। আমার সরম নাই!

দলু বলৈছিল, আমি দোব।

—নেহি। নেহি লেঙ্গা।

অহল্যা বলেছিল, ধরে ধর্মের যাঁড়, আমি দোব।

—ना ना ना

—ওরে, আমার ভাল ভাল শাডি আছে—

—পুরনো ঝুটা এঁটো। নেহি মাংজা। হাম কিনে দেঙ্গা। কক্মিণী বলেছিল, বাপ, আমার হুকুম, ওই বদমাশ বেতমিজকে ধরে এই গাছের সঙ্গে বেঁধে রেখে দাও।

—আ্যা-ও। বলে জন্তুর মত চিৎকার করে উঠেছিল অর্জুন। একগাছা লাঠি ধরে সে লড়াইয়ের জন্ম তৈয়ার হয়ে খাড়া হয়ে গিয়েছিল। মা চিৎকার করেছিল, আমার হুকুম কি তামিল হবে না বাপ!

সেই মৃহতে ঘটেছিল একটি বিচিত্র ঘটনা। ঝুমঝুমি দাঁড়িয়েছিল গাছের আড়ালে। ছিপছিপে পাতলা কালো মেয়ে। পরনে হাঁট্ পর্যন্ত খাটো গামছার মত একখানা কাপড়, বুকে একখানা রঙীন গামছা, হাতে শাঁখার চুড়ি তুগাছা কালো নিটল হাতে ঝলমল করছিল। মাধায় একরাশ করকরে কোঁকড়া চুল একফালি স্থাকড়া দিয়ে একটা খোঁপার মত বাঁধা। নাকে একটা রূপদন্তার কাঠি। সে গাছের আড়াল থেকে ছুটে এসে দাঁড়িয়েছিল অর্জুনের ক্রদ্রমূর্তির সামনে—আমাকে আগে মার তুমি, আমাকে আগে মার।

অর্জুন থমকে দাড়িয়েছিল। সে এক মুহূর্তের জন্মে, তারপর ক্রুদ্ধ গর্জনে বলেছিল, সরে যা।

—ना ।

—ভবে তু মর্। সে লাঠি তুলেছিল।

কিন্তু তাতেও ঝুমঝুমি সিরে নি। বলেছিল, মাব মার্। মরে যাই। মাব।

অর্জুন স্থির হয়ে গিয়েছিল। ঝুমঝুমি তথনও বলছিল, মাব্ মাব্।
অর্জুন লাঠি ধরেই দাড়িয়েছিল। কব্মিনী আবার বলেছিল, লাঠি ফেল্
এর্জুন। তুই ওই ছত্তিশ জাতিয়ার মেয়েটার চেয়েও বর্বর।
অর্জুন লাঠিটা ফেলে দিয়েছিল। তারপর ঝুমঝুমির হাত ধরে বলেছিল,
চল্, ইখান থেকে চলে যাব তুকে লিয়ে।

—না। ঝুমঝুমি তার হাত ছাড়িয়ে হাত জ্বোড় করে রুক্মিণীকে বলেছিল, মা।

রুক্মিণী মন্দিরে ঢুকে দোর বন্ধ করেছিল। অর্জুন হন হন করে চলে গিয়েছিল বনের দিকে। দলু চমকে উঠেছিল— এর্জুন!

— আমি বেছি সদার, কিরারে আনছি উকে। ডেকো নাই, রাগ ন পড়লে তো উ কিরবে নাই। বলেছিল ঝুমঝুমি এবং সেও ছুটেছিল। বহু কষ্টে ব্ঝিয়ে ঝুমঝুমি যখন ভাকে ফিরিয়ে এনেছিল তখন দলু সর্দার পাইক সর্দারদের নিয়ে বৈঠকে বসেছে। বেলা তখন অপরাহু। সকলের মাঝখানে মুখ নীচ্ করে বসে আছে কক্মিণী। ঝুমঝুমির সঙ্গে অর্জুন এসে দাড়াল। চুপ করে দাড়াল। ঝুমঝুমি বললে, যাও যাও।

—না। ইরা সবাই থাকতে সি পারব না আমি। না। সকলে আশ্চর্য হয়েছিল। কী বলছে অর্জুন! ঝুমঝুমি বলেছিল দলুকে, সদার!

- **一**春?
- —(यक्ट वन । हेरनद्रक (बर्फ वन ।
- —ক্যানে ?

সে কথা ঝুমঝুমমিকে বলতে হয়নি, বলেছিল অর্জুন নিজে।—ক্যানে ? অ'মি আমার মায়ের সক্ষে কথা বলব, সে কথা উরা শুনবেক ক্যানে ? শুনবার কে ? সদ্ধার! ভারী বৃদ্ধি সন্ধারের। আমি পায়ে পভূব। সবারই সামনে পভতে হবেক নাকি হে ?

সকলে উঠে চলে গিয়েছিল সেই মুহুর্ভেই। দলুও বাচ্ছিল। কিন্তু অর্জুন বলেছিল, বুড়া, জু থাক। জু দাদো। জু যাবি কোথা ? বস্। বলেই সে এসে মাশ্বের পা জুটো চেপে ধ্রেছিল, মা!

ওই একটি কথাই বেরিয়েছিল। তারপর হো হো করে কারায় প্রায় তেওে পড়েছিল। তানেক কষ্টে শেষে বলেছিল, আমার নরক হকেক। আমার নরক হবেক।

এরপর মা আর থাকতে পারে নি। তাঁর চোখ দিয়েও জল গড়িয়ে পড়েছিল। সে নিঃশব্দে তার মাথার চুলে হাত বুলিয়ে দিয়েছিল।

—মা!

মা নির্বাক, পাথরের মত। অঞ্চর ধারা ছটি বারো পাহাড়ে ঝর্নার ধারার মত ঝারছিল।

- —মাপো! মা!
- অর্জুন!
- —আমার পপে হ'ল মা। মাফ কর মা।
- —ৰবেছি অৰ্জুন।

দলু তার হাত ধরেছিল এবার—উঠ হে বাবু সাহেব, রাজাবাহাত্র উ^ঠ।

অর্জুন উঠে দাদোর পলা জড়িয়ে খরেছিল—ভা লারব। দাদো, ভোর চুমো থেছি দাদো, দাদো রে—

দলু তাকে বুকে জড়িয়ে ধরে বলেছিল, চল হে পঞ্চায়েতের কাছে। তোমাকে বনের লেগে বজুরে জননীকে আশ্বিন কিন্তি চোত কিন্তি ছ কিন্তিতে ছ সিক্কা লাগবেক। বাস্। চল এখুন। পঞ্চায়েতে গিয়া বল, দোষটা তুমার ইইছিল।

— इं। जा इडे छिन। जा हन। रनव।

ভারা হজনে গিয়েছিল, কিন্তু ঝুমঝুমি ছিল রুক্মিণীর কাছে। হাত জ্বোড় করে সে বলেছিল, মায়ী!

কল্পিণী তার মুখের দিকে তঃকিয়েছিল। ঝুমর্মি বলেছিল, মায়ী!

- -कि वलिष्ठम, वल्।
- —মায়ী, তুমি উকে ব্ঝায়ো মা, ব্কে জড়ায়ে রেখো। তা লইলে তো বাঁচবে না উ। পাহাড় থিকে ঝাঁপ খাবে। লইলে নিজের বুকে ছুরি বসাবেক। তুমি উকে বাঁচায়ো।
- —কেন ঝুমঝুমি ? ও বে মাপ চেয়ে গেল, কাঁদল।
- —আৰও কাদৰে মায়ী, পাগল হবেক। আমি মূল—
- -- ব্ৰুমঝুমি !
- তুমি কথা দাও মা। আমি নিশ্চিন্তি মরব।
- -- বুমঝুমি! না।
- মামার লেগে উ এমূন হইছে মা। ভবে উ পাগল বটেক। আমার লেগে বেশি পাগল হ'ল। আমি মরব রেভে। সাপের বিষ আছেছ বাবার শামুকের খোলায়। খেলেই মরে যাব। তুমি উকে—
- —নানানা। বুমবুমি, না। ওরে না।
- কল্পিণী উঠে তাকে বুকে জড়িয়ে ধরেছিল। বুমবুমি অন্তত্তব করেছিল, কল্পিণী থর থর করে কাঁপছে।
- ঝ্যঝুমি বলেছিল, মায়ী!
- —না ঝুমঝুমি, তুই মরিস নে। থবরদার রে, খবরদার। ওকে ভোকে দিলাম রে। ও ভোর। তুই শুধু—
- -কি মায়ী ?
- —ওকে মদ ছাড়া। মানুষ কর্।
- —সে কি আমি পারি মায়ী, তুমি পার না ?

—পারতেই হবে তোকে। ওরে, তোরা জানিস না, ও আমার পেটের ছেলে হলেও ও রাজার ছেলে।

—মায়ী!

নিজেই চমকে উঠেছিল রুপ্নিনী। এ কাকে সে কী বলছে! পরক্ষণেই বলেছিল, কিন্তু খবরদার ঝুমঝুমি, এ কথা কাকেও বলবি না। কাকেও না, ওকেও না। খবরদার, তা হলে তোর মুখ দেখব না।

- वनव ना भाषी।

রুক্মিণী সেদিন ওকে নিজের পুরনো কাপড় যা তোলা ছিল, তাই পরিয়ে নিজে কেশসজ্জা করে দিয়ে মাথায় নিজের ছেলেবয়সের রূপোর টিকলি পরিয়ে দিয়েছিল।, ভারপর অহল্যাকে ডেকে বলেছিল, পিসী, দেখ তো।

পিসী ঝুমঝুমিকে দেখে অব্যক্ত হয়ে গিয়েছিল। সবিশ্বায়ে বলেছিল, ঝুমঝুমি! অর্থাৎ এ কি সভ্যই ঝুমঝুমি! রুল্লিণী সন্ধ্যার সূর্যের আলোতে ঝুমঝুমির চিবুক ধরে মুখখানি তুলে ধরেছিল। সেও মুগ্ধ হয়ে বলেছিল, তাঁ।

— हे यि काला काथा ला क्रक्लिनी।

—ভাই বটে।

সত্যই অপরপো লাগছিল কালো মেরেটিকে। স্থানিপুণ প্রসাধনে তার বস্তা বর্বর রূপে পাল্টে গিয়ে ক্রপদ রাজার স্বয়ন্ত্রর সভার কৃষ্ণবর্ণ। কৃষ্ণার মত লাগছিল।

রুক্মিণীর পিসী অহল্যা ভাড়াতাড়ি রুক্মিণীর ঘরের ভিতর থেকে আয়নাখানা এনে ঝুমঝুমির সামনে ধরে বলেছিল, নিজে দেখ লো একবার। ছত্রিশ জাভিয়া বেদেনী মোহিনী হয়ে গিয়েছিস।

অবাক হয়ে নিজেকে নিজে দেখছিল ঝুমঝুমি।

কল্পিণী বলেছিল, আয় এবার। ঝুমঝুমির হাত ধরে সে তাকে কিষণজীর মন্দিরে নিয়ে গিয়ে বলেছিল, শোন্। এই ঠাকুরকে সাক্ষী করে তোকে আমার বেটার সেবা করবার জন্মে নিলাম। তার সেবা করবি। বল্, ঠাকুরের সামনে বল্।

অবাকের উপর অবাক হয়েছিল ঝুমঝুমি। তাদের কত জনের কত পাইকদের সঙ্গে প্রেম হয়, একদিন তারা মেয়েদের নিয়ে যায় নিজেদের ঘরে; কই, ঠাকুরের সামনে এমন করে বলতে হয় না, এমন করে সাজিরে দেয় না, সাজাতে পায় না। কিন্তু এ কি হ'ল তার! মাধার ভিতর ঝিম্ঝিম্ করছে। কেমন ভয় লাগছে, বুকের ভিতরটায় যেন গুরু গুরু করে মেঘ ডাকছে।

- —বল্—
- —ভার দেবা করব।
- —ব**ল্, তাকে ছাড়া অস্ত পু**রুষকে ভজৰ না। বল্।
- —কথুনও না। কথুনও ভজব না মা। তোমার পায়ে হাত দিয়ে বলছি।

বল্, ভার মদ খাওয়া কমিয়ে তাকে মান্ত্রয় করবি। সে রাজার ছেলে, ভাকে তাই করে দিবি ?

ঝুমঝুমি তার মূখের দিকে তাকিয়ে বলেছিল, রাজার ছেলে কেমন দি তো জানি না মায়ী।

- —বেশ, আমি যেমন মা, তেমনি মায়ের ছেলে করে দিবি।
- ---করব মা।

কন্ধিণী তারপর পিদীকে বলেছিল, পিদী, বাপকে ডাকতে বল্; ঝুমরীকে আর দর্দারদের।

সদাররাও এসে এই কালো মেয়েটির আশ্চর্য রূপ দেখে অবাক হয়ে গিয়েছিল। অর্জুন চুটে এসেছিল ঝুমঝুমির কাছে। ক্রিণী বলেছিল, এই উজবুক, থাম্।

অর্জুন অন্তাদিন হলে থামত কি না সে ভগবান জানেন, কিন্তু সেদিন থেমেছিল। শুধু বলেছিল, তু সাজালি মা? তু ?

- —বর্বর কোথাকার, তুমি বলতে হয়।
- —আমার লাজ লাগে।

অহল্যা বলেছিল, ঝুমঝুমির হাত ধরতে ছুটে আসতে লাজ লাগে না ৰেহায়া ?

—হু । আজ লাগছে।

সকলে হো হো করে হেসে উঠেছিল। অর্জুন আরও লক্ষা পেয়েছিল। ক্ষিত্রাণী বলেছিল, বাপ!

- <u>-- 제 1</u>
- —তোমাকে, স্পার্দিকে সাক্ষী রেখে ঝুমঝুমিকে আজ থেকে অর্জুনের দাসী করে দিলাম। শুধু তোমরা নও, কিষণজী সাক্ষী রইলেন। আজ থেকে দিনরাত্তি ও অর্জুনের ঘরে থাকবে। অর্জুনকে বলভে হবে, কখনও সে ঝুমঝুমিকে ছাড়বে না বিনা দোষে। তার অপমান করবে

না, অন্ত মরদকে তার গা ছুঁতে দেবে না। বল্ অর্জুন, কিষণজীর সামনে বল্। আয়, বল্।

অর্জুন অবাক হয়েই বলে গিম্নেছিল বাক্যগুলি। দেও এমন করে কথা কখনও বলে নি।

পেদিন থেকে ঝুমঝুমি ও অর্জুন একদক্ষে থাকে। ঝুমঝুমি তার রাখনী। কিছু অক্তদের রাখনীর মত নয়। একটু আলাদা। এবং দেবাও তার আশ্চর্ষ। এই মাস কয়েক জ'গে বর্গীরা যথম মেদিনীপুরে ভোকে তথন গাছে চড়ে লুকিয়ে দেখতে গিয়ে কিন্দের কামড় খেয়ে যাতনার জ্বালায় অস্থির হয়ে সে নদীর জলে বাঁপে থেয়েছিল। ঝুমঝুমি তার সঙ্গে ছিল। ঝুমঝুমিকে নিয়ে দে মাস কম্বেক বলভে গেলে প্রমন্ত জীবন যাপন করেছে। দিনদাত্রি বনে বনে পুরেছে। সে বাঁশী বাজিয়েছে, ঝুমঝুমি निक्छ। तम मन मात्र विक्रिक्त श्राह्म श्राह्म व्याप्त विक्रिक विक्रिक्त विक ব্যুমবুমি যে কথা কক্মিণীকে দিয়ে ছিল তা সে রাখতে পারে নি। তার সধাছিল না। হয়তো এতে জবে সাধও ছিল। তার ছবিশ জাতিয়া বেশিয়া জীবনের এমনিই ছিল ছেলেবেলা থেকে সাধ। সে-সাধের বিরুদ্ধে সে যেতে পারে नि। রুক্সিণীর সামস্থিক স্নেহ সব সুছে গিয়ে ঘুণার পরিণত হয়েছিল। নিজেকেই দোষ দিয়েছিল সে। তার এমন প্রত্যাশা করাই ভূল হয়েছিল। মেয়েটা যে ছত্রিশ জাতিয়া বেদেনী। কিছ সেবার ক্ষেত্রে বুসরুমি ভার কথা রেখেছিল। সে যে কী কট্টে তাকে বাড়ি এনেছিল দে কেউ কল্পনা করতে পারে না। এমন দশাসই জোশ্বান অর্জুন, তাকে ওই কুশান্সী মেয়েটা কেমন করে বয়ে আনলে ঘরে! ভারপর সর্বাঙ্গ ফুলে উঠল অর্জুনের। ঝুমঝুমির বাপ বেদে। সাপের ওস্তাদ, বিষের ওঝা চিকিৎসক। সে করলে চিকিৎসা। রুদ্ধিণী মাথার শিয়রে বঙ্গে থাকত। জার এই মেরেটা নিদ্রা নেই আহার নেই সেবা করেছে। অর্জুনের শরীরে চাকা চাকা মত হয়েছিল। তুর্গন্ধ রস গভাত। মেয়েটা শিমূলতুলো ভিজিয়ে মুছত। ময়ুরের পালকে ওষুধ ভিভিয়ে লাগাত ক্ষতে।

ৰীর হবিব বর্গী নিয়ে এলেন, ববাবের ভাড়ায় শেয়ালের মত পালালে। অর্জুন গাছে চড়ে বর্গী দেখতে গিয়ে কিনের কামতে অজ্ঞান হয়ে পড়ে রইল তুমাস। ক্লক্ষ্ণী ভখন কিষণকীর মূথের দিকে ভাাকয়ে বলন্ত, তুমি ওকে নিলে না কেন ? ওকে বদি নিতে, ও বদি মন্বত ভা হলে যে বর্গীদের ওই পালানোর সময়েই রুক্মিণী যেমন পারত মীর ছবিবের রক্ত নিতে জান নিতে চেষ্টা করে মরত। এমন কথা দলু মন্দিরের বাইরে বসে শুমত আর চোখের জল ফেলত।

অর্জুন সেরে উঠে আবার যে অর্জুন সেই অর্জুন হয়ে উঠল।
ক্রিণী একদিন বলেছিল, এতেও ভোর শিক্ষা হ'ল না ?

হেসে অর্জুন বলেছিল, শিক্ষা? কিসের শিক্ষা? একদিন ভাত থেয়ে অব হয়েছে বলে ভাত থাবে না লোকে? ভাত তো বার মাস খায় লোকে। ভঃ! যভ সব!

काक्री आत किकू राम नि।

মাস দেছেক আপে একবার ক্ষেপেছিল সনসার মেলা যাবে। সমকা খাবের মন্দিরে মেলা !

(षड़ (पग्न नि क कियी।

এপ'র <u>অষ্ট্রমীর খেলা।</u> বিজয়া দশমীর মাতনে সেই জন্তে কাউকে ন, বলে তার দল নিয়ে বেরিয়ে পড়েছে। তার সাঙ্গোপাঙ্গ চেলা-চঃমুপ্তের দল শুধু তার মোহগ্রস্তই নয়, তাদের স্বাস্থ্য আছে, শক্তি আছে, উল্লাসের ভৃষ্ণা আছে; সাহস আছে ফুর্লাস্তঃ। তারাও বেরিয়ে গিয়েছে তাদের নবীন বয়সের সঙ্গী নবীন স্পারের সঙ্গে। তার উপর সঙ্গে আছে আপন আপন সন্ধিনী, তারাও প্রমন্তা। তারা ফিরবে না, দলু জানে।

সাত

শঙ্করীপুরের মা শঙ্করী সাক্ষাৎ শঙ্করী। সাক্ষাৎ ত্র্গা চণ্ডী চামুগু।
প্রশান্ত বাঁধানো চন্থরের মধ্যে পাথরের গাঁথনি। দেওয়ালের উপর ছাদ,
একতলা ঘর, তার মধ্যে মা চণ্ডীর আটন। আগে ছিলেন গাছতলায়।
গাছটা মরে গেছে কিন্তু শুকনো গুঁড়িটা এখনও আছে, ভারই কোলে
শিলামুতি। শিলার স্বাঙ্গ সিন্দুর লেপা, শুধু সোনার বা পিতলের
ত্টী সোল চোয় বাক্রক করে।

বছকাল থেকে এখানে আশিনের পূজার সময় পূজা হয়; পূজা এইমী নবমী চু'দিন। তারপর দশমীর দিন ও অঞ্চলের লোক ঝেঁটিয়ে এসে জড়ো হয়, ভদ্রলোকে মাকে প্রণাম করে। হাতে অপরাজিতার লতা বাঁধে। কোলাকুলি করে। আর পাইক চুয়াড়রা এসে মদ খেয়ে গান করে, নাচে। সে এক হুল্লোড।

অষ্টমীর দিন রাত্রে বলি হয় অষ্টমীর ক্ষণে। সেদিন পূজোর পর সব বড় বড় ওস্তাদ খেলোয়াড আসে। লাঠিতে তলোয়ারে সড়কিতে তীরধনুকে শঙ্করী মায়ের সিঁত্র লাগায়। আর একটা খেলা হয়। সে খেলার বিচার করে শঙ্করীপুরের ছত্রি নায়ক। খেলা তভাগে হয়। একটাতে খেলে শুধু ছত্রিরা, অক্টাতে অক্ত সকলে।

শঙ্করীপুরের অষ্টমীর দিন খেলায় যারা সকলকে হারায় তারা শিব প্রসাদ পায় এবং তারাই হয় এ বছরের জন্ম দেরা জোয়ান। বহুদিন থেকে অর্জুনের সাধ, তারা একবার গিয়ে এই প্রসাদ জিতে আনে। শির প্রসাদ হ'ল এক-একটা পাঁঠার মুণ্ডু, ওরা বলে 'মুড়ি'। অষ্টমীতে বলি হয় পঞ্চাশ-ঘাট। তার মুণ্ডুগুলো সারি সাবি সাজানো থাকে মন্দিরের মেবেতে। প্রতি মুণ্ডুর উপর জ্বালা থাকে এক-একটি মাটির প্রশীপ। খেলা শেষ হলে লাঠি তলোয়ার সড়কি তীরগমুক আর কন্তির সেরা খেলোয়াড়কে এক-একটা করে মুড়ি প্রসাদ দেন পুরোহিত। ছত্রিরা আলাদা পায়, পাইকেরা আলাদা পায়।

এ অঞ্চলের মধ্যে চন্দনগড়ের থেলোয়াভ ছত্তি এবং পাইক ত্রেদেরই
ধ্ব নামডাক। তারাই বলতে গেলে প্রতি বছরই শির প্রসাদ লুটে
নিয়ে বায়। ত্-চারটে মুড়ি অস্তেরা পায়। এলাকাটাও বলতে গেলে
চন্দনগড়ের এলাকা। চন্দনগড়ের রাজা স্থচেত সিং-এর পড় ছাও থ্ব,
প্রতাপও থ্ব। স্বচেত সিং আগে বর্গীদের দোস্ত ভিল। উড়িয়ার
কাছে এই অঞ্চলটায় বর্গীদের প্রতাপই বেশি। নবাবের রাজত্ব মাসে
দশ দিন থাকে, বিশ দিন থাকে না। কাজেই স্বচেত সিং-এর প্রতাপ
বড়, বাড়ন্তও থ্ব। এগানকার ছত্তি নায়ক চন্দনগড়ের অধীন নয়, সে
শঙ্করী মায়ের দেবেংত্ররের সেবায়েত। তার উপর হাত কেউ দেয় না।
এলাকাটিও ছোট। শঙ্করীপুর মৌজাই এলাকা। গ্রামে বাসিন্দাও
বেশি নয়। ঘর পঞ্চাশেক। পূজক ব্রাহ্মণ আছে কয়েক ঘর, ছত্তি
ঘর বিশেক। বাকি সব কয়েক ত্বর সদ্গোপ আর বাগদী চ্য়াড়। আর
বর চারেক বাত্তকর। সদ্গোপেরাও দেবতার কাজ করে জমি ভোগ
করে। দেবতার কাজেই জমি সব বেঁটে দেওয়া আছে। কেউ ফুল
যোগায়, কেউ বেলপাতা, কেউ আতপ, কেউ গুড় চিনি, কেউ

পাঁঠা, নিক্ত্য বলি আছে। কেউ পাঁঠা বলি করে, কেউ ধরে, কেউ পাঁঠা বাঁধবার দড়ি দেয়। কেউ খর্পরের জন্ম মাটির খুরি দেয়, কেউ ঘট। কেউ মন্দির ঝাঁট দেয়। কে ভ বহুদূর থেকে ভাবে বয়ে গঙ্গাজল আনে। এমনি ব্যবস্থা। গ্রামে ধনী কেট নেই। তার উপর জাগ্রত দেবস্থান। ছত্রিরাও এখানকার রাজায় রাজায় যুদ্ধে দাঙ্গায় কাকর পক্ষ নেয় না। এখানকর ছত্রিদের খেতাবট হ'ল— মায়ের দেওয়ান। কিন্তু এধীন কারুর না হলেও যে রাজার যথন বাড়বাড়ন্ত হয় তখনই তার প্রতাপের প্রভাব এসে পড়ে। চন্দনগড়ের পভাব এখানে অনেক দিনের। স্তচেত সিং-এরও আগের আমলের। ভালের পূজো বছরে অ'নকবার আসে। এবং ভালের পূজাই দেওয়ানদের পূজার পর প্রথম। রাজা সেনাপতি সিপাহীরা সব দল বেঁধে আসে। রানীরাও আদেন ডুলি করে। তথন কাপড়ের ঘের পড়ে। অন্ত কেউ মন্দিরে ঢুকতেও পায় না। তারপর খেলা সারস্ত হয়। মহাষ্টমীর রাত্রে—এ খেলা বীরের খেলা। হলোয়ার খেলা, সভৃকি লাঠির খেলা, ধনুর্বাণের খেলা,—নামেট খেলা—মাসলে সে যুদ্ধ। জখম প্রত্যেক क्ला इंटर शास्त-पर्धा मर्था थून इट इ योष । जाने इ लिला इ আঘাত নয়। যুদ্ধের আঘাত। বিশেষ করে তলোয়ার খেলায় মধ্যে মধ্যে তলোয়ার আমূল বসে যায় বুকে কিংবা আঘাতে হাত মুণ্ডু দ্বিপণ্ডিত

চ রি দিকে মশাল জলে, রাত্রির অন্ধকার উপরে উঠে থমকে দাড়িয়ে থাকে, চারি পাশে স্তব্ধ জনতা কন্ধাদে অপেক্ষা করে, মধ্যে-মধ্যে আপন অজ্ঞাতসারেই মুখভঙ্গি করে হাত পা নিয়ে আক্ষানন করে। থেনা শেষ হলেই অর্থাৎ একজন পরাজিত হলেই ধ্বনি ওঠে, গ্রাত্রে অক্যানের স্থকাতা বিদীর্ণ করে ছড়িয়ে পড়ে শৃক্তলোকে। একজন ধর শায়ী হতেই আর একজন লাফ দিয়ে পড়ে, বিজয়ীকে যুদ্ধে আহ্বান করে বলে, এস।

মন্দিরের দাওয়ায় বসে থাকে বিচারকমগুলী, তাদের পাশে থাকে জন্ত্রখারী সিপাহী। একালে ভাদের হাতে বন্দুকও থাকে। এই প্রতিযোগিতার যুদ্ধের নিরম কেউ লঙ্খন করলে ভারা এগিয়ে এসে মাঝখানে দাঁড়ায়। প্রয়োজন হলে বন্দুকও ব্যবহার করে। এদের অধিকাংশেরাই চন্দনগড়ের। এখানকার ছত্রি রাজা মা চণ্ডিকার দেওয়ান সাহেব নামে প্রধান বিচারক হলেও চন্দনপুরের রাজা স্মচেভ

সিংই সর্বোচ্চ আদালত। কিন্তু আশ্চর্যের কথা এবার চন্দনপুরের কেউই আসে নি। রাজা না, সেনাপতি না, কোন সিপাহীও না। এমন কি, সাধারণ বাসিন্দাদের মধ্য থেকে যে সব জোয়ানেরা এসে খেলায় বেশী মাতে ভারাও দা। এমন কি এখানকার ছত্রি রাজা মায়ের দেওয়ান ভিনিও হাজির নেই। মহাষ্ট্রমীর রাত্রেও এবার মা চঞ্জীর স্থানটায় বেন জমজমাট নেই। স্থানীয় লোকেরা আছে কিন্তু দে হৈ-হৈ জমজমা গমগমা যেন ছাই ঢাকা পড়া আগুনের স্থপের মন্ত মনে হক্তে।

অর্জুনের দল এসে জয়ধ্বনি দিয়ে মন্দিরপ্রাক্তণে চুকল—জয়, সা চঞ্জার জয়।

ভাদের দেখে লোকভ'নেরা চকিত হয়ে একবার তাকালে মত্র। কিছু ভারপর আপন কথায় মত্ত হয়ে গেল।

কথা আর কিছু নয়। 'বগাঁ'। ছাই 'ৰগাঁ' শব্দটাই কানে আসছে বার বার। অর্জুনেরা প্রণাম করে উঠে একটা ফাকা দেখে জায়গায় আসর পেতে বসল। অর্জুনু বললে, ধুৎ তেরি। বর্গা—বর্গী—আর বর্গী। বর্গী কত দূরে ঠিক নাই, সব ভয়ে মবে গেল আগে থেকে। শালা! লোক কই রে ? লড়ব কার সঙ্কে?

গণ্ডার বললে, বললাম ভোমাকে, ছোট সদ্দার ফিরে চল। বড় সদ্দার বারণ করেছে, মা বারণ করেছে, আমি নিজে বর্গীর থবর নিয়ে আইচি সেই বালেশ্বরের ধার থেকেন—তা তুমি শুনলা না। বললা—ভাগ্ শালা। বালেশ্বরের আগে বর্গী, তা তারা কি উড়ে আসবেক না কি বর্গী এলে লড়াই হবে—সি যথন হবেক তথন হবেক। এখন আমোদ হবে নাই? মহান্তমী বন্ধ থাকবেক? শালারা মায়ের ওপর ভর্নাকরতে লারিস তো পুজোতে কাজ কি?

আর্জুন বললে—সি তো এখুনও বলছি রে। মায়ের পূজা করবি। —মা আজ পাঁঠা খেলে ভোগ খেলে, ঘরে এল, আজও বর্গীকে ভয় ? ধুরো শালাদের পূজো! আর ধুরো শালারা অবিশ্বাসী! ভাগ।

ওদিকে চাক আর ঢোলে কাঠি পঙ্ল।

প্রতিযোগিতা আরম্ভ হবেণ

• অর্জুন বললে, মদ দে রে ঝুমঝুমি। লে রে, সব ভৈরি হয়ে লে। চল্,

এ 'করো' কেটে আমোদ ভাই হোক। ইবারে 'কয়ো' কেটেই আমোদ
হোক।—অর্থাৎ কাক কেটেই আমোদ হোক।

নলে উঠে তাদের ধ্বনি দিয়ে উঠল—আবা-আবা-আবা-অ'বা জয়, মা ছঙী কি জয়!

সভিত্য এবার থেলাটা জন্মলই না। ছত্রিদের আসরে যারা থেললে ভাদের থেলা দেখে অর্জুন হেসেই সারা হরেছিল।—এই ছত্রিদের থেলা! ধ্-রো! এক বুড়ো ছব্রি হরিহর সিং তলোয়ার সড্কি থেললে বটে। ভাল থেলা।

ছবিদের আসরে সে খেলে নি। সে পাইক বাগদীদের আসরে শক্তেল। কিন্তু প্রকাট কাপ্ত হয়েছিল। বৃড়ো পুরোহিত; পাকা দৃশ, পাকা দাড়ি গোঁফ, কপালে সি তুরের ফোঁটা, গলায় মোটা কলাকের ম'লা। হাতে ভামার ভাগায় কলাকে। আমা মাকুষ! ভিনি এখান হার লাক নম; অনেক দৃর থেকে আসেন এই প্রভার সময় আব কার্ছিকের অমাবল্যায় কালীপুজার সময়। খেলার অভ্যার নামবার আগে মাকে প্রোহিত্তকে প্রণাম করে আশীর্বাদী নিমে আসরে নামে—এই নিয়ম। সেই নিযম বশে মালসাঁট মেরে লাঠি হাতে অর্জন গিয়ে প্রণাম করে হাত পেতে দাঙাভেই তিনি থেন চমকে উঠেছিলেন। চমকের স্বরেই বলেছিলেন, তুমি!

- --- আন্তে আমি খেলব।
- কুমি এদের সঙ্গে খেলবে কেন ? কুমি ছব্রিদের সঙ্গে কুমি ছব্রিদের সঙ্গা কুমি ছব্রিদের
- -- आट्ड ना।
- -78 º
- --ना।
- -वाक्री १
- —না। আছে উ সব খবর আমি রাখি না। দেন, ফুন দেন, খেলি গা।

তিনি তার হাতে ফুল দিয়েছিলেন। লাঠি, তলোয়ার, স্ড়িকি ডিনটেতে সে জিতেছিল। তীর ধনুকে একট্র জন্মে হয় নি। তাও ফজনের সমান হয়েছিল। কুন্তিতে গণ্ডার জিতেছিল। শিব প্রসাদ নেবার সময় পুরোহিত আবার তাকে বেশ ক্রে দেখেছিলেন মশালের মালোয়। দেখে বলেছিলেন, তোমার নাম কি?

⁻अर्जुम ।

- —অর্জুন কি ?
- **जि**१।
- --তবে বললে যে ছত্রি নও ?
- —না, আমি ছত্তি নই । উ মশায়, আমি জানি না।
- --জান না ? বাবার নাম--
- —সে সব জানি না, বাবা মরে গিয়েছে আমার জনমের ক মাস আগে। তা সি সব কথা আমাকে কেউ বলে না। আমি জানি না।
- —এটি ° এটি কে ভোমার ?
- অর্জুনের গা বে বৈ দাড়িয়েছিল ঝুমঝুমি।
- —উটো আমারই বটেক।
- —বউ ?
- —তা বটে বইকি।
- ----- 📆 ।

বলে তিনি তাকে চারটি পাঁঠার মুড়ি দিয়ে বলেছিলেন, দাঁড়াও।

মন্দিরের ভিতর থেকে হুগাছি অপরাজিতার মালা এনে একগাছি দিয়েছিলেন অর্জুনকে, অক্সগাছি ঝুমঝুমিকে। আরও বলেছিলেন। তুমি যেয়ো না। সব হয়ে গেলে আমার সঙ্গে দেখা করো। নির্জনে।

- —আজ্ঞে মদ খাব গা যি।
- भन व्याभि तनव। भारयुत्र व्यनानी भन। वन।

সব হয়ে গেলে মন্দিরপ্রাঙ্গণে পুরোহিত অর্জুন আর ঝুমঝুমিকে ডেকে প্রসাদী মদ এবং মাংস প্রসাদ তাদের হাতে দিয়ে বলেছিলেন. খাও।

অর্জুন খানিকটা খেয়ে তাকিয়েছিল ঝুমঝুমির দিকে। ঝুমঝুমি লজ্জ পেয়েছিল, সলজ্জভাবে ঘাড় ঘুরিয়ে বলেছিল, না।

অর্জুন হেসে বলেছিল, আপনাকে লাজ করছেক।

ঠাকুর বিচিত্র একট্ স্নেহের হাসি হেসে বলেছিলেন, খাও মা, মায়ের প্রসাদ। খাও। তুমি ভো নায়িকা মা। সাক্ষাৎ নায়িকা। তুমি খাবে না তো খাবে কে? তবে মা, কখনও কদাচারের জন্মে থারে না। যখনই খাবে, মা খাও—বলে মনে মনে তেকে খাবে। না হলে নিক্রেও ধ্বংস হবে, একেও ধ্বংস করবে।

ত্ত্বনেই ওরা থব থব করে কেঁপে উঠল। অবাক হয়ে মুখের দিকে ভাকিয়েছিল ঠাকুরের। বুমঝুমি বলে উঠেছিল একট্ পর, বাবাঠাকুর!

—আগে খাও। প্রসাদ নাও।

ঝুমকুমি মদের পাত্র শেষ করে কপালে ঠেকাল। ঠাকুর বলেছিল, এই তে।

অর্জুনের অস্বস্থি লাগছিল। সে বললে, এইবারে আমরা ধাই বাবা ? সঙ্গীরা সব বসে রইছে।

- ভূমি বড় অস্থির। নিজের কাছ থেকে ছুটে পালানো যায় না। কির হয়ে দাড়াও। আর একটা কথা জিজ্ঞাসা করব। সত্যি বলবে? ভয় পেয়েছিল অর্জুন। অন্ধকারের মূলে যে ভয় আছে সেই ভয়। দে সভায়ে বলেছিল, আজ্ঞে?
- —তোমার মা বেঁচে আছে ? ক্রিনী ?
- চমকে উঠেছিল অর্জুন। আজে ! তাকে জান আপুনি ?
- —আগে বল, বেঁচে আছে ?
- —আছে।
- —সে—না, শুক্লীরা সাঙা করে না। সে কি নিয়ে আছে? কি করে?
- —দিন রাত্রির কিষণজী আছে তার, তাই নিয়ে থাকে।
- मनू (वैंटि चार्ड ?
- —আছে।
- —ভবে তুমি কেন বললে, তুমি ছত্রি নও ? কেন মিখ্যে বললে দেবভার কাছে ?
- —আজ্ঞে আমি জানি না। কেট আমাকে বলে নাই। মা বলে মাতাল, পেটের কলঙ্ক—
- তুমি ছত্রি। তুমি রাজপুত। তুমি রাজার ছেলে।
 চমকে উঠেছিল অর্জুন। তার দেহের মধ্যে রক্ত যেন সন সন
 করে ছুটোছুটি শুরু করে দিয়েছিল। কান হুটো গরম হয়ে কাঁ ঝাঁ
 করে উঠেছিল। তার ইচ্চা হয়েছিল সে চিৎকার করে ওঠে।
 উঠেওছিল। চাপা চিৎকারে সবিশ্বয়ে সভয়ে প্রশ্ন করেছিল, ঠা-কু-র
 চুপ কর। বুঝতে পারছি ভুমি জান না, তুমি—
- —বাবাঠাকুর! বুমবুমি হাত জোড় করে সভয়ে বলেছিল, বাবা, ওর মা দেবতা, তিনি বলতে বারণ করেছে বাবা! উকে বল নাট। বাবা গো!

—থাক তা হলে, সে-ই বলবে। তবে শোন অর্জুন, আমি তোমার মায়ের গুরু। আমার বাবা ছিলেন তোমার বাবার গুরু। যার জন্মে তোমাকে তেকেছি।

বলে, তিনি আবার ঘরের মধ্যে গিয়ে একগাছা পৈতে ওই মায়ের অঙ্গের সিঁতুরে রাঙিয়ে এনে বলেছিলেন, মাথা পাত।

- 一 (?
- —উপবীত। ভূমি ছত্তি, ভোমার উপৰীত হয় নি—
- অর্জুন!
- ---না। আমার মা তো রাজার রাখনী ছিল-
- আ
 ।

 হা
 । গর্জে উঠেছিলেন ঠাকুর। তারপর বলেছিলেন,
 আ
 মি নিজে তোমার মায়ের বিবাহ দিয়েছি। ও কথা উচ্চারণ করে
 না। মহাপাপ হবে।

এৰার এগিয়ে এসেছিল অৰ্জুন। এসেও খমকে দাভিয়ে বলেছিল, ও ?

बार्कुल पिरा एपिराकिल स्मर्मिरक।

- —ও ভোমার সঙ্গে থাকবে। চিরদিন থাকবে। ও লক্ষ্মীৰতী নারিকা। ও অপরাজিতা। ভারপর ঝুমঝুমির দিকে তাকিরে বলেছিলেন, কি নাম মা তোমার ?
- -ৰুমঝুমি।
- ভোমার নাম আমি দিলাম অপরাজিতা। কখনও এর অপমান করো না।

অর্জুন গলা পেতেছিল। ঠাকুর সেই রাঙা উপবীত তার গলায় পরিয়ে দিয়ে বলেছিলেন, তুমি ছত্রি। তোমার বিবরণ ভোমার মায়ের কাছে শুনবে। বলবে, ভোমার গুরু শঙ্কর ভট্টাচার্য বলতে বলেছেন।

অর্জুন পৈশ্ভেটা পরে কেমন হয়ে গিয়েছিল। নেড়ে দেখেছিল। দেহ মন কেমন যেন জ্বরোত্তাপে হয়ে উঠেছিল উত্তপ্ত, জর্জর। ঝুমঝুমি জ্বিজ্ঞাসা করেছিল, ঠাকুর!

- —ওকে কি নিয়ম পালতে হবে ? খাওয়া ছোঁওয়া—
- —কিছু না। আমি বুঝতে পারছি, যে অবস্থায় আছে তাতে মানা চলে না। মানতে হবে এই কটি নিয়ম। ছত্তি কখনও ভয়ে

মাথা হেঁট করে না। ধর্ম ইজ্জ্জু সব থেকে ৰড়। ধর্ম হ'ল দেবতাকে প্রণাম করা, বিপ্রহ পো-ব্রাহ্মণকে রক্ষা করা, বিপরকে রক্ষা করা, কারুর উপর অত্যাচার না করা। ইজ্জুত মর্যালা হ'ল ধর্মের আভরণ। দেশের স্বাধীনতা নিজের স্বাধীনতা হ'ল মর্যালা। নিজের স্ত্রীর সতীত হ'ল মর্যালা। শুধু দ্বী নয়, নারী জ্ঞাতি হ'ল মর্যালা। ভাকে রক্ষা করবে প্রাণ দিয়ে।

অর্জুন ঠাকুরের পায়ে হাত দিতে গিয়ে থমকে গিয়েছিল। ঠাকুর ৰলেছিলেন, নাও, পায়ের ধুলো নাও।

- আমি ? ঝুমঝুমি বলেছিল।
- —নাও মা। তুমি নায়িকা। মহা পবিত্র তুমি।
- ওরা প্রণাম করে চলে মাদহিল। ঠাকুর বলেছিলেন, গার একট্ গাড়াও।
- रेक्त !
- তোমাদের সৌভাগ্য— হুর্গা সিং নেই। চন্দ্রপদ্ধের কেউ আসে নি। এলে তোমাকে চিন্দ্রত থাকি থাকত না। তোমার রঙ ছাড়া মুখ চোখ নাক আকার অবস্থব সব তোমার বাবার শ্বত। তোমরা বোধ হয় দলুকে কঞ্জিণীকে লুকিয়ে এসেছ ?
- ই্যা বাৰা। উ কিছুতে মানসেক মাই।
- —মানবে না। হয়তো কালচক্ৰ টানছে। তা ভোমরা চলে ৰাবে ?

যেন নিজেকেই প্রায় করেছিলেন।

- জর্জুন বলেছিল, না বাৰাঠাকুর। দশুমীর নাচন না নেচে যাব না।
- · গ্রা। দশমীর আশীর্বাদ নিয়ে গেলেই ভাল হয়। তা শোন, এক কাজ কর। কেমেরা একটু গা-ঢাকা দিয়ে থাক। সাবধানে থাকবে। কাকর সঙ্গে ঝগড়া করো না। বুঝলে? না মানলে বিপদ হবে। বুঝেছ, বিপদ হবে। কোথায় অছে?
- —কোথায় অবোর ? গাছতলায়।
- মারো একট সরে গিয়ে বনের ভিতর থাকো। অমান্ত করো না, বিপদ হবে। আর দশমীর দিন বাবার আগে আমার সঙ্গে দেখা করবে। সঙ্গীদের কাউকে কিছু বলবে না। কোন কথা না। তুমি ছাত্র, তাও না। বুঝেছ? ঘরে ফিরে সর্বাত্রে বলবে মাকে।

মায়ের কাছে নিজের কথা শুদাবে। ভারপর সকলকে বলবে। মা অপরাজিতা, ও চঞ্চল, তুমি মনে রেখো। ও ভূলে গেলে ভূমি এসো।

বিজয়ার দিন সন্ধাবেলা

প্রচ্ব পরিমাণে মন্ত পান করে তারাও নেচেছে বলিদানের পর
ত্রে দঙ্গলের সঙ্গে। সন্ধ্যায় ফিরে এল আন্তানায়। চন্তীতলা থেকে
প্রায় আধ ক্রোশ দূরে ঘন বনের মধ্যে একটা ছোট বারনার ধারে তারা
আন্তা গেড়েছিল কদিন। জায়গাটায় গাছপালা একটু কম। সেইখানটা
তারা কোদাল দিয়ে চেঁছেছুলে, গোবরজল দিয়ে নিকিয়ে নিয়ে
বেশ বার্বারে করে নিয়েছিল। একদিকে রানার জায়গা। এখানে
এসে চন্তীতলার মেলায় হাঁড়ি মালসা কপটে খ্রি-গেলাস কিনে
রান্নাবান্না করেছে। শুধু ভাত আর মাংস। নবমীর দিন অন্তমীর
রাত্রে পাওয়া পাঁঠার মুড়ির মাংস খেয়েছে। তার উপর বনে চুকে
একটা ছোট হরিণ মেরে এনেছিল। সেটাতেই চলেছে নবমীর রাত্রি,
দশমীর দিনের বেলা রাত্রির জক্তাও রান্না করা মাংস হাঁড়ির গলায়
দড়ি বেঁধে গাছের ডালে চুলিয়ে রেখে দিয়েছে। আজ সন্ধ্যাবেলায়
খাওয়া-দাওয়া করে রওনা হবে রাত্রে। চন্তীতলার মা চন্তীর মূর্তি
শিলামূর্তি। এখানে বিসর্জন নেই। ক্রোশখানেক দূরে মাটির
প্রতিমায় প্জা হয়, এক মাহিয়্য জোতদারের ঘরে—ইছে সেই
বিসর্জন দেখে রাত্রি তুপুর নাগাদ রওনা হবে ভাদের বারো পাহাড়ী
জঙ্গলগভের দিকে। পৌছে যাবে ভোর-ভোর।

তর্তুনের ক্ষৃতি খুব। সে এবারকার আসরের শির খেলোয়াড়।
এ তদিন যখনই গিয়েছে চণ্ডীতলায় তখনই লোকে আঙ্ল দিয়ে
দেখিয়ে বলেছে—এই। এই। এই এবারকার শির খেলোয়াড়।
বুকের উপর ভার লাল পৈতে। পৈতেটা দেখে সঙ্গীরা বিশ্মিত
হয়েছে। প্রশ্ন করেছে। কিন্তু সে ঠাকুর মশায়ের বারণ মেনেছে,
বলেছে শির খেলোয়াড়কে পৈতে দেয়।

ক্ষৃতিতে তার ইচ্ছে হ'ত ডাক ছেড়ে লাফ দিয়ে উঠে শৃত্যে মালকবাজী দেয়। কিংবা মাটির উপর বাঁ হাতটায় ভর দিয়ে দেয় মালকবাজী। মায়ের পুষ্প এবং রঙীন গামছা সে মাথায় বেঁধেই রেখেছে কদিন। দেখুক, লোকে দেখুক। বাড়ি গিয়ে মাকে দাদাকে দেখিয়ে তবে খুলবে—তার আগে নয়।

অর্জুন বললে, লে, পাড়, হাঁড়ি পাড়। আর পাতা লে হাতে হাতে।
মাংস আর মদ খেয়ে লে। তারপর চল্ মাইতি বাডিতে ড্যাং
ড্যাং ড্যাং সো—ড্যানাক-ড্যানাক বাজতে লেগে গেয়েছে। চল্।
শিগ্লির শিগ্লির সব সেরে লে।

গণ্ডার শুধু একপাশে মনমরা হয়ে বদে আছে।

অর্জুন বললে, কি রে গণ্ডারে, ভোর হ'ল কি ভ্যালা বল দিকি ? ভ্যাম ক্যানে রে শালা ?

গণ্ডার এবার একট নড়ে বদে বললে, তে।মবা যাও ছোট সদ্দার। আমি যাব নাই।

— যাবি নাই ? কাানে রে ? কার পিরীতে পড়লি বে মানিক ? বল, দেখায়ে দে। শালা— আচমকা ঝাঁপিয়ে পড়ে তাকে কাঁথে তুলে তুদে ছুট। আমরা পিছাতে থেকে কখব। তার জত্যে মন খারাবি ক্যানে রে গাড়োল!

গণ্ডার এবার হাত মুখ নেড়ে বলে উঠল, পিরীত! তুমি বাবা চোট সদ্দার, তোমার সাত খুন মাপ। তুমি যা খুশি করতে পার হে। গোমার সঙ্গে আমাদের সঙ্গং পিরীত? বলে ভয়ে প্যাটের পিলাটা উপর বাগে মাথায় উঠছেক! তোমাদের কিছু হবেক নাই। বিপদ আমার। বভ সদ্দারের শাহী কিল, ভাদর মাসের তাল পিঠে প্রথকে আমার। ক্যা, বলে কিলায়ে কাঁঠাল পাকায়ে দিবেক! ব্রেছং আমি যাব নাই।

হো হো করে হেসে উঠল অর্জুন।

একজন প্রশ্ন করলে, যাবি না তো করবি কি ?

—গলায় দিও দিব হে। লইলে চলে য'ব যি দিকে ত চোখ যায়।

মর্ণন তথনত হাসছিল। গণ্ডার বললে, তোমার পায়ে ধরি ছোট সদার, এমন করে হেসো নাই বাপু। আমার বলে—

বেচারা কেঁদে ফেললে এবার হাউ হাউ করে।

এবার অর্জুন গম্ভীর হয়ে গেল। উঠে এসে হাত ধরে বললে, থাম গণ্ডার। আমি তুকে বাত দিছি হে—তুর কিল আমি পিঠ পেতে লিব। আর সদ্ধারে সক্ষে বুঝাপড়া করে লিব। না হয় তুদিকে নিয়ে চলেই যাব শালারে জাগা ছেডে। লতুন গড় করব। মাকালীর দিবিা, মা চণ্ডীর দিবিা, কিংণঞীর দিবিং!

গণ্ডার মৃহুর্বে হেসে ভার শায়ে লুটিয়ে পডল। বললে, ছোট সদ্ধার, এই লেগেই তো ভোমাকে এত ভালবাসি হে। তুমার লেগে জানটাও দিতে পারি।

অর্জুন বললে, লে, ঠা কব। আমি নিজে মদ ঢালব তুর মূখে। কোৎকোৎ করে গেল। লে।

খানিকটা মদ তর মুখে জেলে দিয়ে সে বসল, বললে, ল, হবারে মাংস আন। দে গো—দেব মাংস দে। ওই ছুঁড়িগুলান ক্নো ক্ষের লয় হে! এই বুমকৃমি! এই!

हादिनिक ভाकिर्य एम्थल अर्जून। करे ! सूमसूमि करें !

— আরে! ঝুমঝুমি কুথা গেল হে?

মেয়েগুলি হাসতে লাগল।

—মর্ণ! ইাসছিদ ক্যানে ?

একটা মেয়ে বললে, সি চণ্ডীতলা গেইছে <u>কবচ আনতে।</u> বুললে ঠাকুর বুলেছে তাকে কবচ <u>দিবেক।</u> বশীকরণ কবচ।

খিলখিল করে হেদে উঠল সে। সঙ্গে সঙ্গে অস্থ্য মেয়েরাও। মৃহুর্তে অর্জুনের মনে পড়ে গেল ঠাকুরের কথা।

'দশমীর দিন যাবার আগে আমার সঙ্গে দেখা করো! সঙ্গাদের কাউকে কিছু বলবে না। ভুলো না।'

আট

শঙ্কবীতলায় তথন অনেক লোকের ভিড়। অধীর স্বভাব অর্কুনের, সে থুব ক্রেন্ডই চলেছিল মন্দিরের দিকে। নানান জনেব নানা টুকরো কথা মিলে কলরব উঠেছে। বিজয়া দশমীর সন্ধ্যা উত্তীর্ণ হয়েছে। আকাশ নির্মেঘ। দশমীর চাঁদ পূর্ব দিকের আকাশে বড় ভালগাছ-গুলোর মাথায় বিকেল থেকেই দেখা যাচ্ছিল। এখন আলোর দীপ্তিতে ঝলমল করছে। শঙ্কবীতলা কাঁশা জায়গা জ্যোংস্বায় বেশ দেখা যাঙ্কে সব। এক জায়গায় সাঁওভাল মেরেরা নাচছে। সাঁওভালেরা বাঁশী মাদল বাজাছিল। সে একবার থমকে না দাড়িরে পারলে না। বাবাঠাকুরের কাছে যাবার ভাগিদ মনে থাকতেও দাড়াল। পিছন থেকে ত্-ভিন

জনে ভিড়ের মাথায় উপর ঝুঁকে পডল। খুব মদ থেয়েছে, গন্ধ পাহ্নিল অর্জুন! একজন বললে, মেয়েগুলো বেশ রে! কালো হলে কি হবে—বাহারে কালো।

হা'স পেল অর্জুনের। ছোডো নয়, থাধবযসী। চানের আলোয় ঝুঁরে – পড়া মাথায় চুল দেখে বেঝো যায় চুল হ ২পাকা আধকাঁচা! কিন্দ রস আছে। রসিক বটে।

এক একজন এললে, দূর, উকি ১'হার কালে। একটা কালো।
কেছিণে ছত্রিশ জালিয়ার মেয়ে এনেতে দেখেছিন। শালা কোঁত ল চুল। বাঁশের পাভারে মত লম্বা চোল, ছুরির মতন নাক, শালা দেখলে মাথা মুরে বায়।

মাথার ভিতরটা চন্ করে উচল এইনের। প্রথম জন বলতে । দখেছি। ইটাইটা গেল কোথা বল্ দেখি ।

- —সংস্কার সময় তাদের দল বোধ হয় চলে গেল! বনের ধারে দেখেছি।
- —শালা—ভবে যাবে। হয়ে গেল।
- -भारत ?
- —ম'নে, বনের ভেতর শোভান সাহেবের দল:রয়েছে।
- শবহুস শোভান ? কটকের ^গ
- —531 I
- ক করে জানলি ?
- শ্বন্ধাসে শুনছিল অর্জুন। লোকটি উত্তর দিলে, ওই বনেই শ্বে স্মাদের রক্স বাগদীরা কজনা মিলে রাহাজানি করে। ভাশা শোভানের দলের ভযে পালিয়ে এসেছেক। তারা বলেছিল শোভানদের আজ একটা বড় লুট আছে। কি চন্দনপুরের একটা শোভানের তাক চন্দনগড়ের উপর। বদি জানাজানি না করে!

গড়ন আর দাড়াল না। এসে মন্দিরের সামনে দাড়াল। দেখল বৃঃবৃমি হাঁটু গেড়ে বসে অঞ্চলি পেতে আশীর্বাদী কিংবা মাতৃলী নিচ্ছে। সাকুর তাকে দেখে বললেন, এসেছ? বড চঞ্চল তুমি। বস, ঠিক সমবে এসেছ। অপরাজিতা অঞ্চলি পেতেছে, ওর অঞ্চলি তুমি নিজের হাত জোড় করে ধর।

ঠাকুর মনে মনে আশীর্বাদ করে ঝুমঝুমির হাতে তুটি ভামার কবচ

িলেন। একটি চৌকো ততির মত, অস্থাটি মাহুলী। বলজেন, এই তক্তি তুমি গলায় কিংবা হাতে পরো। আর মা, তুমি এটি গলায় পরো। ধর্মকে মেনে চলো। মা তোমাদের বিজয় দেবেন। কিন্তু তোমরা কি রাভেই বাবে বনের পথে? না গেলেও বিপদ আছে। খবর পেলাম চন্দনগডের স্থাচেত সিং এখানে আসছেন দশমীর প্রসাদ নিতে। এসে পডলেন বলে। দশমী তিথি একপ্রহর রাত্রি পর্যস্ত । তার আগেই আসবেন স্থাচেত সিং। তার আর দেরি নেই। তোমাকে

চুপ করে গেলেন ঠাকুর। বললেন, বিপদ হবে তোম'র। দাড়াও।
বলে, তিনি চোখ বুজলেন। যেন ধান। প্রায় মাথার উপর
মন্দিরের বারান্দায় ষড়দলেব মাথা থেকে একটা টিকটিকি টক্ টক্ শব্দ
করে উঠল। ঠাকুর চোখ মেলে সেদিকে তাকিয়ে দেখলেন। তখনও
শব্দটা হচ্ছে। তিনি এব'র অকাশের দিকে একবার তাকিয়ে
বললেন, মাথার উপর থেকে বলছে। যাও, চলে যাও। রাত্রেই চলে
যাও। তোমরা জোয়ান বীর, তুমি ছত্রি। শুধু মেয়েরা আছে
সঙ্গেল—

আর্জুন বললে, উদ্দের হাতেও সভকির মত হালকা থোঁচা আছে বাবা। আর বাঘননীও আছে। দেখা ক্যানে রে ঝুমঝুমি।

ঝুমঝুমি নিজের পেট-আঁচল থেকে ট্রা করে বের করলে বাঘনথ। এবং একটু হাসলে।

— ঠিক আছে, চলে যাও। জ্যোৎস্পা কুডি দণ্ডের ওপর। প্রায় প্রহর রাত্রি পর্যন্ত। চলে যাও। মায়ের আদেশ হয়েছে, চলে যাও। কোন ভয় নেই। তিনি একটা শ্লোক বললেন।

দুরে মনে হ'ল কোলাহল উঠছে। একটা কলরব ভেদে আসছে।
ঠাকুর বললেন, বোধ হয় এসে পডল। চলে যাও। হাঁ, তোমার
মাকে বলো চন্দনগড়ের খুব বিপদ। গতবার স্তচেত সিং নবারের পক্ষ
নিয়ে কটকে সরন্দান্ধ খাঁর গদ'নে নিয়েছিল। এক নাচনেওয়ালী নিয়ে
তার সঙ্গে ঝগড়া ছিল ভার। এবার সরন্দান্ধ খাঁর ছেলে বর্গীদের
সঙ্গে জুটে দাবি করেছে চন্দনগড়েব তৃই মেয়ে পাঠাতে হবে। মাধব
সিংএর বিধবা মেয়ে, আর স্তচেত সিং-এর নিজের মেয়ে। না দিলে
চন্দনগড় ভারা রাখবে না। বলো, ভোমার মাকে বলো। আজ
রাত্রের মধ্যে খবরটা মাকে দিলে ভাল হয়। কাল একাদনী, সাইতের

দিন। বলো, সব জেনে যা সংকল্প নেবার কালই যেন নেয়। বচ শুভদিন। আগের কালে এই দিনে বাজারা বিজয়া সেরে দেশ জয়ে বের হ'ত।

মাধ্ব সং, চন্দনগড়, স্থুচেত সিং নামটা বহুবার সে শুনেছে। দাদো য়। এই নাম নিয়ে গুজগুজ ফুসফুস করে। তাকে দেখলেই থেমে যয়। ভৈরব গোবর্ধনও করে। সে কোনদিন জিজ্ঞাস। কাউকে করে নি, আজ মনের মথ্যে নাম কটা ঘুরতে লাগল। মাধব সিং তার • । এটা দেজানে আর কিছু দে জ'নে না। শে ভান হাতে বুকেব ৰ জ্ঞ পৈৰেটা নাড্ছিল অক্সমনক্ষভাবে। বুমবুমি তার সক্ষে প্রাস হু, ট চলেছে। সর্জুনের পদক্ষেপ দীর্ঘ থেকে দীর্ঘন্তর এবং ক্রন্ত হয়ে র্টেছে আপনা থেকে। একটা কিছু যেন আজ তার চারিপাশে তাকে ্বিরে থম থম করছে, ফিসফিস করছে। পথে শেভানের দল আছে। সাবতুস শোভান। কটকের নাজিমী হারিয়ে নবাবের কাছে ভয়ে সংজ্ঞায় ফিরতে পারে নি। বনে ডাকাত হয়েছে। আক্তানা তার উ ভ়িষ্যায়। সে হঠাৎ চন্দনগড়ের বিপদের খবর পেয়ে বোধ হয় এ বনে ঢুকছে, স্থযোগমত হানা দেবে। শেভোনের দল সিপাহীর দল। শেনা ষায় প্রায় পঞ্চাশ জন নবাবী সিপাহী তার সঙ্গে জুটে রয়েছে। ভারি েমাশ। সব থেকে বড় লোভ তার ঔরতের উপর। তংরপর तिक हैं

- —ঝুমঝুমি।
- —হ^{*} ? দাড়ালা ক্যানে গ ?
 - —বনে ডাকাত আছে।
- —ভাকাত তো থাকেই গ। আমরাও তো করি। হাট লুটে নিয়ে আসি। গাঁলুটি।
- —না। এরা বড় ডাকাত। শোভানের দল।
- -- ম! তা হলি ? কি করবেক ?
- —ভয় লাগছেক তুর ?
- —ভয় ? না। ভোহার সঙ্গে রইছি। বাঘনখা রইছে। ভয় কানে করবেক!
- eal यनि श्रात जूरनत !
- উদের কথা আমি কি করে বু**ল**ব ?
- —ভূর কথা ?

- —মরে যাব। অত্যন্ত সহজ স্তবে বললে ঝুমঝুমি।
- —राम, ठल ।

বনের মুখেই পথে গণ্ড'ব দাঁড়িয়ে ছিল। সে বললৈ, আজ ষাবেক নাই নাকি? বাবা, কি তুক করছিলা ঠাকরের কাছে।

- हल्, हल्। वलद भव। निरुष्ट वर्षेक !
- —বিপদ! সন্ধারের লোক আইছে গ
- दें हो। तह तिश्रम।
- --वाच १
- —না। (শ'ভান ডাকারেব দ:।

দমকে উঠল গণ্ডার—শোভারের দল ।

- --- 51 I
- তবে না হয় আজ রেতে যেঁযে কাজ নাই হে ছোট সদ্ধার। থাক! য'ক। সদ্ধারেব কিল চড বক্নি সি তো আছেই। কিল ধমাধম পড়ে সই, কিল ধমাধম পড়ে, সি পড়বেকই। না হয় ছ কিল বেশি পড়বেক। কি বুমব্যি ?
- —উকে যেতেই হবেক। সাক্ষণালেছে, বাতে যেঁয়েই মাকে একটো কথা বলতে হবেক।
- -- তাহলে ?
- তাহলে তুরা না হয় থাক. উত্তে আমাতে চলে যাই।
- ভূরা যাবি, ভূদের ভয় নাই ? .বশ বাঁকা স্তরেই গণ্ডার জিজ্ঞাসা করলে।

অর্জুন চুপ করে পথ চাঁটছিল। তার মনে কে যেন একটা বোঝা চাপিয়ে দিয়েছে। সে বোঝার মধ্যে আছে ভার নতুন পরিচয়, সে ছত্রি। সে বাজার ছেলে। ভার মা বামুন ছত্রি ঘরের সভীর মত সভী। ভার মা ভার বাবার—না, কথাটা ভার জিভে আর আসছে না। তার মাকে ভার বাবা, রাজা মাধর সিং, মস্ত্র পড়ে বিশ্বে করেছিল। তার সঙ্গে আরও কটা রহস্থাময় নামের ভার চন্দ্রনগড়ের বিপদ ভার মাকে আজই বলতে হবে। রাজা মাধর সিং। ভার বিধবা মেয়েকে দাবি করেছে পাঠানে নিকা করবে। সে ভার বোন। সে মাধর সিং-এর ছেলে। স্থাচত সিং এর কুমারী মেরেকে চেয়েছে শাদি করবে। সে ছত্রি। মেয়ের সভীষ্ট ইচ্ছত ভাকে প্রাণ দিয়ে বাঁচাতে হয়। মাকে খবর দিয়ে সে আসবে চন্দ্রনগড়ে। ঠিক করে ফেলেছে সে। চন্দ্রনগড়ে লুঠ করে শেবে ভারি ফেলেছে

ছয়তো দখল করে নেবে পাঠানে। সে যাবে। ভাবতে ভাবতে চলছিল সে। ঝুমঝুমি কথা বলছিল গণ্ডাবের সঙ্গে। এবার গণ্ডাবে তাকে যেন একটা ঝাপটা দিয়ে গেল। সে বললে, ভয় রইছে বইকি গণ্ডার। কিন্তু। করব কি! ছত্তিকে ভয় করতে নাই।

— চাঁ রে গণ্ডার। ঠাকুর আমার দব জানে! উ আমার মায়ের গুক বটেন, দেখেই চিনে ফেলাইছে। বললে, তুমি ছত্রি বটে। ভোমার মাকে ভোমার বাবা মস্তব্ব পড়ে বিয়ে করেছিল। আবার বাবা আনার বাজা ছিল। সিদিন না শন্ধরীর গলা থেকেন পৈতে নিয়ে আমাকে পর য়ে দিয়ে বললে, তুমি ছত্রি। তুমি রাজার বেটাও বট। ই কদিন ই দব কথা তুদিকে বলতে বারণ ছিল বলে বলি নাই। আজ না বললে নয় রে। তা ছত্রি হয়ে, রাজার বেটা হয়ে, ভয় কি করে করি বল্? — ছেটে সদ্ধার! দাভাও।

- <u>—कार्त</u> ?
- —ভোমাকে পেনাম করি হে। দণ্ডবং করি। না জেনে কত কি পাপ করলাম বল দেখি নি। হায় হায় প কিষণজী! হে বাবা ভগবান!
- —দূর! সে সৰ অজাস্তি। উতে পাপ নাই। তা ছাড়া ব্যালি
 কিনা, ঠাকুর বলেছে আচার-আচরণ বাছবিচার আমার নাই। শুধু
 ছত্তি ধরম মানলেই হবে। এই দেখ ভক্তি একটা দিলেক কি, ই
 যভক্ষণ থাকবেক যমে কিছু করতে লারবেক। ঝুমঝুমিকেও একটা
 মাতুলী দিয়েছে।....দেখা ক্যানে গ! আর উকে কি বললে জানিস!
 ঝুমঝুমি বললে, না, সি ক্যান বলবে তুমি?
- —ক্যানে বলব না আমি—**অঁ**ঃ ?
- —বড় বেহায়া হে তুমি !
- —সি তো বটে। তুকে তো কাঁধে নিয়ে নাচি, নাচতে পারি। শুন্ গণ্ডার, বললেক ঠাকুর ঝুমঝুমি নায়িকে মেরে বটে। নায়িকে ব্ঝিস তো? হাঁা, মায়ের সব ডাকিনী যোগিনী থাকে তেমনি নায়িকে থাকে। উ আমার শক্তি বটেক। বুললে, উর অপমান করলে ভাল হবেক নাই।

গণ্ডার বললে, এই দেখ।

- _কি ?
- —ঝুমঝুমি কাঁদছেক।

—ঝুমঝুমি! না অপরাজিতে। উর নাম দিলে ঠাকুর অপরাজিতে।

গণ্ডার বললে, ওরে বানাস রে! হেই বাবা!

হঠাং তিনজনেই নিস্তব্ধ হয়ে গেল। গণ্ডার অবাক হযে
ভাবছিল। ব্যুম্কুমি কাদছিল পরম স্রখে। কাদছিল আর চোখ
বুছছিল। অর্জুন ভাবছিল তল্জিতে হাত দিয়ে, এই তক্তি এ দেবতার
প্রসাদ। এর বল তার দেহে তার মনে তার হাতের হাতিয়ারে ছডিয়ে
পড়বে নিশ্চয়। তখন কিসের ভা। পঞ্চাশ জনের সামনে জানা
শঙ্করী, জয় কিষণজী বলে তলোয়ার ধরে দাড়াবে। চোখ থেকে
বেকবে আগুন, অক্সের ধারে জ্বলবে আগুন, তার হাকে বেজে উঠবে
বাজের ডাক। শক্ত থুমকে যাবে। তারা থর থর করে কাপবে।
অনায়াসে সে জয় কালা বলে কেটে কেলবে। তখন স্বাই হাত
জোড করবে।

নবস্তদ্ধ ওরা ছিল একত্রিশ জন। পাঁচিশ জন পুক্ষ ছ জন মেয়ে। কেট থাকল না। মেয়ে পুক্ষ সবাট কাপড়চোপড সেঁটে পড়াই দাঙ্গাব সময় যেমন পরে তেমনি করে পরে নিলে। মেয়েলা কাছা দিয়ে কাপড পরে বুকের কাপড় সেঁটে টেনে পাক দিয়ে কে মরে জড়িয়ে গিঁট দিলে। সে প্রায় গায়ে আর একদকা চামড়ার ম হ হয়ে গেল। চুলগুলো মাথার উপরে রাখলে ঝুঁটি করে। তার উপর কাপড় বা গামছা দিয়ে পাগড়ি করলে। পুক্ষেরা মাল্সাট দিয়ে কাপড় পরে নিলে। অন্য কাপড় দিয়ে মাথায় পাগড়ি করলে। গামছাখানা ক্ষে

মোরোরা বা হাতে বাখনখা পরকে কোমরে একটু পিছন দিকে হালকা মাঝারি আকারের বগিদা গুজলে। লম্বা বড় গাছে উঠে ডাল কাটবার সময় যেমন করে গুজে নেয় তেমনিভাবে। ডান হাতে রইল ওদের লাঠির মত হালকা সডকিগুলো।

পুকষেরা হাতিয়ার ভাগ করলে। গণ্ডারের স্দারিতে দশ জন নিলে লাঠি। মাথায় তার লোহার বোলো পরানো বার বা লাগলে মাথা ফেটে হাবে। দেহের ষেখানে লাগুক্ত হাড় ভাঙবেই। তা ছাড়া কোমরে গুঁজলে বড় বগিদা—যার এক কোপে তুটো পাঁঠা একসঙ্গে কাটা যায়। আর পিঠে বাঁধলে সড়কি। আট জন নিলে তার ধমুক বগিদা, চার জন<u>িলে সড়কি তলোয়ার বগিদা।</u> তার ন গ্লক নিজে অর্জুন। তুজন শুধুমাত্র কুপনি পরে কোমরে ছোট ব গদা গুজলে। একজন বাড়তি লাঠি তার ধনুক নিয়ে চলল। স্থরা, থাকতে আজ কেউ চায় নি।

গণ্ডারই সব বলেছিল ওদের। অর্জুন থম হয়ে বসেছিল। সে থমথমে হয়ে গেছে। পাশে বসেছিল গায়ে গা দিয়ে ঝুমঝুমি। ভাকে মধ্যে ২ধ্যে অর্জুন বলেছিল, মদ দে।

্মঝমি দিচ্ছিল অল্প অল্প করে। সে একবার বললে, কম করে দিছিদ ন্যানে ?

—কম করে খাও। মাতাল হলে গো চলবেক নাই। ভাব। ভেবে দেখ।

—ए, ঠিক বলেছিস। বেশি চাইলে তু দিস না।

গণ্ডার বলছিল, যা দে শুনেছিল এর্জুনের মুখে। সে রুমঝুমিকে বলেছিল, দেখা ঝুমঝুমি ছোট সদ্ধারের পৈতেটো আর <u>ভক্তিটো।</u>
দেখা তো—

নামব্মি দেখিয়েছিল। গণ্ডার বলেছিল, ইবার তুর কবচটো দেখা।
ওই দেখ্। ঠাকুর উকে কি বলেছে জানিস, বলেছে উ ছত্রিশ
জাতিয়ার ঘরে জন্মালে কি হবেক, উ হ'ল নায়িকে কন্তে। মাথের
ডাকিনী-যোগিনী তারাই মত্তে আসে নায়িকে হযে। উ ছেটি সন্দারের
পক্তি বটেক। উকে অপমান করলে সন্দারের ভাল হবে নাই। উর
মুমবুমি নাম বদলে নাম দিয়েছে অপরাজিতে। ছোট সন্দার ছত্রি,
ছোট সন্দার রাজার ছেলে।

সকলে হাঁ করে শুন ছল। সভয়ে দেখছিল। সভয়ে দেখছিল পৈতে-পরা গস্তীর অর্জুন সিংকে। অর্জুন সিংকে সিংহ উপাধিধারী বলে ত'দের কোনদিন মনে হয় নি। ভার গড়ন, ভার চেহারা, ভার গায়ের বর্ণ ভাদের থেকে পৃথক বটে। কিন্তু সে কখনও তাদের থেকে পৃথক ছিল না। সদারের নাতি সে ছোট স্দার। তার আলাদা বন আছে, ভার পয়সা ভাদের থেকে বেশি, এও তাদের কখনও পীড়া দেয় নি। ভারা যতক্ষণ থাকত তভক্ষণ যার যা দরকার হয়েছে দিয়েছে। সে ভাদের দক্ষে খেলা করেছে, ভাদের সক্ষে হেসেছে, ভাদের সক্ষে নেচেছে। গেয়েছে। শিকার করেছে একসঙ্গে, এক পাভায় খেয়েছে পর্যন্ত। বললে বলেছে, দ্রো, জাত কি রে? উ মা মানে মায়ুক। আমি মানি ন!। একসঙ্গে না খেলে আমোদ হয় ? এক সমান হয় ? লে, খা।
আর জাত থাকলে সে মারেক কে রে ? তার নামটি কি বটেক ? তাগ্।
বনে তাদের এঁটো পাত্রেই মদ খেয়েছে। সে চিরদিন উল্লাসময়।
হা হা হাসি আর উঁচু গলায় করা সব তুংখ বিমর্যতাকে মুছে দিয়ে
মৃহুর্তে হল্লা উঠিয়েছে। আজ সেই অর্জুন থম থম করছে। কথা বলছে,
না। ভাবছে তার মাথায় কি যেন একটা চেপেছে।

গণ্ডার সব বলে বলেছিল, সিং বলছে, তুরা সব রাজটোর মতন এখানে থাক। দিনে দিনে কাল ধাবি। উ চলে ধাবে রেতে রেতে বুামঝুমিকে নিয়ে ছত্রিশ জাতিয়া জললে মাকে খবর দিতে। রেতেই খবরটি দিতে হবেক। সাকুরের হুকুম বটেক। কাল একাদশীর সাত। কালকেই মাকে ধাহয় করতে হবেক। কাল শুভদিন।

বতন প'ইক বললে, তাই হয় নাকি নি! আমরা থাকবকটা ক্যানে প
——আমেরও যাব। হা-রে-রে-রে করতে করতে চলে যাব। বাঘ
চামুতে এলে শালার জান লিব। ডাক'ত এলে ভাকে আই মারব
লাঠি।

বলে, লাফিয়ে উঠে নিজের লাঠি দিয়ে আঘাত করেছিল একটা গাছের গুঁড়িতে। রাত্রির বন। আঘাতের ঠুই শব্দটা বিচিত্রভাবে গাছের ফাঁকে ফাঁকে ছুটে গিয়ে অনেক—অনেক দূরে গিয়ে ভবে যেন মিলিয়ে গিয়েছিল।

সকলে বলে উঠেছিল, হাঁ হো কি! স্বাই যাব আম্বা। মেয়েগুলান না হয—

একটা মেষে বলেছিল, মর্ খালভরা! মেষেগুলান থাকবেক পড়ে?
ক্যানে রে মুখপোড়া! আর একজন বলেছিল, আমরা কি খোঁড়া
নাকি? না, ভুর কাঁধে চড়ে যাব বলেছি? মরণ! আমরা সবাই যাব।
বিদি সাতে সাতে চলতে না পারি তো ফেলে চসে যাস্।

এভক্ষণে কথা বলেছিল অর্জুন। বলেছিল, হাঁ। গেলে সবাই যাবেক। ভাই চল্। একসাত্তে অনেক খেল হ'ল রে ভাই, আজকের খেলাটাও হোকও।

- স্বাস, সাবাস, সাবাস! একসঙ্গে বলে উঠেছিল সকলে।
- —একটি কথা কিন্তু—
- —বল ।
- —পা ছুটবেৰ, চোথ দেখবেক, ইশারা লিবেক কিন্তু কথা লয়। বন

রাতের বন। বাঘ শিকাস মনে রাখতে হবেক। শালা বাঘ রইছে বনে। আবহুস শোভান।

সক্ত কথা বলে উঠল একসঙ্কে, কিন্তু চাপা গলায়, ঠিক বলেছ।
চাপা গলার হুটি কথা আশ্চর্য রকমের ভারি এবং ভয়ন্ধর মনে হ'ল ওদের
ক'ছেই। ভার সঙ্কে মিলল মৃত বাতাসে আন্দোলিত বনের পাত্যর
বস শব্দ।

ম^{্ন} বললে, মদ খেয়েলে। কিন্তুক বেশি নয়। বাকি ফেলেদে। মদ খেয়ে মাতাল হলে হবেক না। তার পরেভে—

গুনেক ভেবে রণনিপুণ সেনাপ্তির মত বনের জোয়ানের। নিজেদের ছোট বাহিনীকে সাজালে।

শুধ্যাত্র কৌপীন পরে কোমরে ছোট ধারালো বগিল গুঁজলে ঘোঁতন থাব ছিলাম। পাতলা ছিপছিপে যোল-সতের বছবেব ছুই কিশোর। শবা গাছে চডে বাঁদরের মত। ঘন গাত যেখানে সেখানে তার। মাণিতে নামে না গাছের ভালে ভালে চলে যায় স্থানে।

ব্মক্মি বললে, স্বাক্তে নিমের তেল মাখ্। তার সক্তে আমাব ঝুলিতে বলিতে শেকড় পাতা। বিভে পোকা-মাকডের প্র্ল। বেটে মিশায়ে লে শেলের সক্তে। গন্ধ উঠবেক। সে গন্ধে পোকামাকড পালাবে বিশ হাত। তবে ভাই, ইয়ের পরে গায়ের ছাল উঠে যাবেক একপুক মরামাসের মত। লা হবে নাই, ভয় নাই। সাপ্ত ঘেষবে

—বহুং আঙা। ছাল উঠলে শালা ফরসা হবেক রঙ। লে রে, মাধ্।
ছিদাম আর ঘোঁতন আগে আগে চলবে। বড় গাছে চড়বে। চড়ে
বনের চারিদিক দেখে বলবে কোখাও আছে কি না। আগুন কিংবা
মশাল। কান পেতে শুনবে, আওয়াজ শুনবে। বলবে। তভক্ষণে
ছিদাম আরও কতকটা এগিয়ে অন্ত গাছে চড়ে দেখবে। স্থির হ'ল
নিরাপদ দেখলে লক্ষ্মীপেঁচার প্রহর ঘোষণার মত ডাক ডাকবে। বিপদ
দেখলে ডাকবে কালপেঁচার ডাক।

নিচে চলবে তেইশ জোয়ান আর ছ জন মেয়ে। আট জন তীর ধহুকধারী প্রথম, তারপর লাঠিয়াল দশ জন। তারপর তিন জন ভলোয়ারধারী: তারপর নিজে অর্জুন, তার পাশে ঝুমঝুমি। তার পিছনে পাঁচ জন মেয়ে, তাদের কোমরে পিছন দিকে গোঁজা বণিদা, বাঁ হাতে বাঘন্যী। তান হাতে সড়কির মত হালকা বল্লম। তার পিছনে বাকি লাঠির বোঝা মাথায় গণ্ডারের মৃত্ত বলশালী হাঁদা। আলো নিয়। মশাল আছে: সে লাঠির বোঝার সঙ্গে রইল। বোঝার সঙ্গে আরও রইল মেলায়-কেনা জিনিস।

দেবীপক্ষের দশমীর রাতি। রওনা হতে ওদের এক প্রহর হয়ে গেল। চাঁদ পূর্বদিকে আকাশের মাঝখান পার হয়ে খানিক উপরে উঠেছে। व्यक्तिम भी । একেবারে ঝকঝক করছে। তারা উঠেছে। তলোয়ার-ধারী কালপুক্ষ সামনে, চঁ.দের ওপারে খানিকটা পশ্চিম দিকে। তা বাঁয়ে রেখে তাদের যেতে হবে দক্ষিণ মুখে। তারপর পশ্চিম মুখে। পথ নেই। মা**নু**ষ বড় চলে না এদিকে। এই তোকোশ খানেক কোশ দেড়েক পাশে সড়ক চলে গিয়েছে পুরী পর্যন্ত। ঘাটাল চক্রকোণা হয়ে বীণপুরকে ডাইনে রেখে দক্ষিণ মুখে ঘুরে ঝাড়গ্রাম হয়ে চলে গিরেছে। স্থবর্ণবেশা পার হয়ে নয়াগ্রাম হয়ে সেই দাতনের রাভায মিশেছে। মাঝে মাঝে ছোট নড়ক বেরিয়ে এদিক ওদিক গিয়েছে। যত্রীরা এই পথে চলে। নবাবী ফৌজ, বর্গা ফৌজও এই পথেই চলে। মধে-মাঝে এ ওর চোধে ধুলে। দিতে বনে ঢোকে বটে, কিন্তু সে আগে থেকেই বোঝা যায়। এবং তারাও যেমন তেমন পথ একটা রাখে কাছাকাছি। এটা ছত্রিশ জাতিয়াদের নিজম্ব পথ। এ পথের ইশারা ওরাই জানে। কোথাও গাছে, কোথাও পাথরে, কোথাও ঝোপে নিশানা দেওয়া আছে। দিনে তো দেখ যায়ই— বাত্রেও তাদের হু শিয়ার চোথে অনেক কিছু পডে। অন্ধকার কু ৮৭ কের রাত্রেও পড়ে, সাদা ধবধবে খড়িমাটির মোটা চাঁই। ওগুলো এক রশি হ রশি অন্তর রাখা আছে। আজকের রাত্তি অন্ধকার রাত্তি অন্ধকার নয়। আকাশে চাদ। বনের ভিতরটা গাছের মাথার ঢাকা সত্ত্বেও আবছা আভা ফুটেছে। গাছের ডাল পাতার ফাঁক দিয়ে লম্বা লম্বা ফালির মত জ্যোৎস্না এনে মাটিতে পড়েছে। গাছের গুঁডিতে পড়েছে চুনের দার্গের মন্ত।

উত্যোগ করতে প্রথম প্রহরের শেয়াল ডেকে উঠল। সঙ্গে সঙ্গে বলে উঠল অর্জুন, জয় মা! জয় কিষণজী! চল। শিয়াল য়া-তা নয়, শিয়াল শিবা। শিবার ডাক। ইশায়া। চল। ওরা একত্রিশ জন চলেছে। একত্রিশ জনের পায়ের শব্দ উঠছে শুধু। আর বনে পাতা নড়ার শব্দ। আর মধ্যে-মধ্যে একট্ট্ আগে বনের গাছ থেকে লক্ষ্মী-পেঁচার ডাক—কুক্ কুক্ কুক্। কুক্ কুক্ কুক্। ওরা গাছতলা পৌছুতে পৌছুতে ঝুণ করে গাছ থেকে নেমে পড়ছে হয় ঘোঁতন, নয় ছিদাম। কেউ জিজ্ঞাসা করছে, কি রে ?

সে বলছে, কোথা পাবা ? উসব গুল।

ওরা চলেছে আবার। আবার সামনে কোন গাছ থেকে শব্দ উঠেছে— কুক্ কুক্ কুক্।

কিছুক্ষণের মধ্যেই থমথমে নীরবতা কেটে গেল। তুটো চারটে ফিসফিসানি কথা, হাসি, গাছের পাতার থসথসানির সঙ্গে মিশতে লাগল।

বনের মধ্যে জন্তুরা ইশারা দিক্তে। ঝিঁঝিঁরা গানের জাল ব্নছে মধ্যে মধ্যে থেঁকশিয়াল খ্যা-খ্যা-খ্যা শব্দে তেকে উঠছে। রাত্তিচর পাথি ডাকছে—যেন হাসছে। কখনও পাশের জঙ্গল নাড়া দিয়ে শেয়াল বা খরগোণ কি সজাক ছুটে পালাচ্ছে।

মামুষ থাকলে এরা সাড়া দেয় না। এক ঝিঁঝিঁ ছাড়া সবাই চুপ করে থাকে। একটা মেয়ে, নাম আছরী। সে ফিসফিস করে বললে, আং! মিছে মদগুলান ফেলে দিলে লো! টুকচা হলে কেমুন হ'ত। অর্ত্রন বললে মৃত্র শ্বরে, কাল তোকে মদের জালাতে ডুবায়ে দিব রে। আবার চলল তারা কতক্ষণ চলেছে ঠিক নেই। তবে অনেকক্ষণ মনে হচ্ছে। অনেকক্ষণ, কিন্তু পথের নিশানায় তো বেশি মনে হচ্ছে না। পাঁচ ক্রোশ পথ, এখনও ছুক্রোশ আসে নি। ছুক্রোশের মাথায় একটা সড়ক চলে গেছে প্ব-শশ্চিমে চন্দনগড় থেকে বেরিয়ে পুরীর বড় সড়কের সঙ্গে মিশে, আবার কেটা ক্রাকড়া চলে গিয়েছে বনের ভিতর দিয়ে। গিধনী পাশে পড়ে থাকরে, বীণপুর আর এক পাশে। তারপর তুটো ক্রাকড়া। ণকটা গিয়েছে পশ্চিমে ধলভূম মানভূম। অন্যটা উত্তর মুখে বাঁকুড়া। সে সড়ক এখনও পার হয় নি তারা। তবে এলো বলে; আর দেরি নেই।

হসাৎ একটা বিদ্রী শব্দের তীর যেন সকলের কানের পাশ দিয়ে সর্বাঙ্গ শিউরে দিয়ে ছুটে চলে গেল—ক্যা—ক্যা ।

কালপেঁচার ডাক। দলটি থমকে দান্ডিয়ে গেল। সকলের হাতিয়ার ধরা হাতের মুঠো শক্ত হয়ে উঠল। একটা মেয়ে বলে উঠল, বাবা টে:! চাপা গলায় শব্দ হ'ল, চু—প!

আর পায়ের শব্দ উঠছে না। বনে পাতার খসখদান শব্দ উঠছে শুধু। ঝিঁঝিঁ ডাকছে। জন্তুর শব্দ ? কই ? ক্রত এগিয়ে যেতে খেতে সজুন বললে, মেয়েরা গাছে চড়ে যা।

—হা। সার সব তৈয়ার থাক্।

সে গিয়ে গাছের তলায় দাড়াল। পেঁচাটা এখনও ডাকছে।

্ৰকি! মানুষের সাডা ?

সভক দিয়ে পথ চলছে রাহীর দল। বেহারার বুলি শোনা যামে। এক ! আলো ? ও। মশাল ফুঁদিয়ে জেলে পথ দেখে নিজে। কিন্তু ? বাদের সঙ্গে বেহারা পাল্কি বা ডুলি আছে তারা মশাল নিভিয়ে কিন্তু কিন ? মধ্যে-মধ্যে জালছে।

ঝুপ করে নামল ছিদাম।

- -fa ?
- —জনা বিশ লোক। ডুলি সঙ্গে রয়েছে ত্-ভিনথানা না ক খানা বোললাম। মশাল জেলেই নিভিয়ে দিলেক। আরও একটো আলো সদ্ধার ওই বাঁকটোর মোড়ে। বুয়েছ, আমি গাছে উঠেছি, ইদিক থেকে একটো লোক স্থাবাজীর মতন সাঁ করে চলে গেল। আমি উপরে উঠে দেখলাম বাঁকের মোড়ে আলোর ছটা। দেখছি, এমন সময় দ[্] করে নিবে গেল; তবে জ্যোন্ডা রয়েছে ভো! লোক আছে। বেশ জনা কতক।
- ७ जावाद शाहक ७ । (नथ।

ছেদাম মুহূর্তে একটি ছোট লাফ দিয়ে একটি ডাল ধরে তুলে উপরে উঠে গেল।

সেই মৃহুর্তে ওই বাঁকটায় একটা পৈশাচিক চিৎকারে রাত্রি চমকে উঠল।
—সদার ডাকাত ! ডুির দলটাকে মারছে।

মনের উত্তেজনায় ছুটে বন থেকে বেরিয়ে এসে সড়কের উপর দ'ড়াল। রশি দেড়েক দূরে চিৎকার উঠছে। হা-হা-হা চিৎকার। উল্লাসের পৈশাচিক চিৎকার।

দপ-দপ করে মশাল জ্বলে উঠছে। আগুনওয়ালা মশালে ফুঁ দিয়ে জ্বালছে মশাল, ডাকাতেরা। শিকার পেয়েছে তারা।

কে তার অক্সম্পর্শ করলে ? কে ? ঝুমঝুমি !

বুমঝুমি বললে, ভিতরে ঢোক। দেখতে পাবে।

- —না, তু গাছে ওঠ ্গিয়ে। যা। আমাকে ডুলি বাঁচাতে হবেক।
- —ভা হলে আমি ভুমার সাতে থাকব।
- यूमयूमि! कथा (म वनारक, किन्न जाकिरम आरक एम ७३ नित्क।

মশালের লাল আলোয় সব দেখতে পালে। কিনটে ভুলি। ক্ষেত্রন আষ্টেক পাহারার লোক। মাট জনকে চলিশ জন মাজেনণ করেছে। বন্দুকের শব্দ উঠল। পাহারাদাবদের হাতের বন্দুক গর্জে উদল। গুদিকে পড়ল জন কয়েক ডাকান্ড। তারপর বাকি ডাক্তেবা হুটে এল চিৎকার করে। লাঠিতে ত্রলোয়ারে চলতে লড়েই। ক্রোবারা পালান্ডে।

চি-কার উচল অকস্মাং। নারীকণ্ঠের চিৎকার।

চমকে উঠল অর্জুন—ভগবান! রক্ষা কর—ভগবান!

একটা লোক ঘোড়ায় চড়ে বন থেকে বেরিয়ে এদে দাঁড়িয়েছে।
গাসছে। কজনে ডুলির ভিতর থেকে মেয়েদের টেনে বার করছে।
মর্জুনের বুকের ভিতর টুকে বলল, তৈয়ার গো যা রে। তৈয়ার।
তীর ধ্যুক। ওরে, তীর ধ্যুক। স্বাই নে। চল্, বনে বনে ছুটে
চল্। ছু ভাগ হয়ে। এক ভাগ এদিক, এক ভাগ ওদিক। মশাল
অসছে। চাঁদের আলো রয়েছে। গাছের আড়াল থেকে প্রথমে তীর,
গ্রেপর হাতিয়ার নিয়ে ঝাঁপিয়ে পড়তে হবেক। গণ্ডার, প্রেমেই
আমি আর রামু ছু পাশ থেকে গোড়াগুলাকে লিব।

ব্নলি ? ৬ই—ওই সদ্ধার! ওই শোভান! হু শিয়ার! যা যা যা। ছু ভাগ। বাথের মতন চুপি চুপি—

ওদিকে তখন হা হা চিৎকারের সঙ্গে মান্যের মরণ-আর্তনাদ ন্ধনিত হচে । মশালের আলোয় ভয়াল হয়েছে রাত্রি এবং বন । আই জন রক্ষকই পড়েছে। ডাকাতদেরও ক জন। গুলিতেই প্রথম পড়েছে চার-পাঁচ জন। সে অর্জুন দেখেছে।

ভূলির ভিতর থেকে টেনে বের করেছে তিনটি মেয়েকে। চেপে ধবেছে ভাদের হাত। ঘোড়ায় চড়ে শোভান হাসছে।

হঠাৎ তুটি তীর ত দিক থেকে এসে বি ধল শোভানকে। একটি কাধে-এনটি বুকে। সে চিৎকার করে উঠল—আ। তুশমন!

দক্ষে সক্ষে আর একটা তীর কপালে। তার দক্ষে আবও কজন ডাকাত বিদ্ধ হয়েছে তীরে। চিৎকার ডঠগ – বৃতাও, মশাল বৃতাও রে। জনদি।

মাটির উপর জ্বলম্ভ মশাল গুঁজে দিল তারা।

তীর আবার এক ঝাঁক এসে পড়েছে হু দিক থেকে। ডাকাতেরা

চিংকার করে হল্লা করে উঠল, তুশমন! কিন্তু কই? কোন্ দিকে?

এক জন বলছে, সদার পড়ে গিয়েছে। খতম।

ভারপরই আবার এসে পড়ল সড়কি। পঁচিশ জন জোয়ান লাঠি। ভলোয়ার নিযে উন্মত্ত ভাগুবে প্রেতের মন্ত চিংকার করে তু পাশে বন থেকে বেরিয়ে এসে পড়ল ভাদের উপর। ভাদের সঙ্গে একটা কালো ছিপছিপে মেয়ে। হাতে ভলোয়ার।

অনেক ডাকাত পড়েছে। প্রায় বাইশ-চব্বিশ জন। প্রথম রক্ষকদের গুলিতে এবং তাদের সঙ্গে লড়াইয়ে ছাট জন। আর আকস্মিক এই আক্রেমণে পানর-যোল জন। পাইকদের লাঠি বড় সাংঘাতিক। মাথা তু ফাঁক হয়ে যােে। তার উপ্র নায়ক পড়েছে। তারা ছুটো পালাল। পালাল প্রায় কুড়ি জন।

গণ্ডার কজনকে নিয়ে চিৎকার করতে করতে তাদের অমুসরণ করলে।

—গণ্ডার, ফিরে মায়। গণ্ডার—

গণ্ডার এক জনের চুলের মুঠো ধরে টেনে এনে সামনে ফেলে দিলে।

ড়ুলিযারী মেয়ে তিনটি স্থক্তিত হয়ে দাঁড়িয়ে আছে। কাঁপছে এখনও। ভাজন ভাদের সামনে গিয়ে দাঁড়াল। হাত জ্বোড় করলে। এরা যেন রাজান গরের মেয়ে। ভার মায়ের মৃত। একজনের বয়স বেশী।

ভিনি কি বলতে ষাচ্চিলেন। কিন্তু বলা হ'ল না। মেয়ের গলার একটা ক্রন্ধ অথচ শঙ্কিত চিৎকারে চমকে উঠলেন। এর্জুন চমকে উসে চিৎকার করলে, ঝুমঝুমি!

বৃণ্ণ কুমি উপুড় হয়ে পড়ছে একটা ডাকাতের উপর।

—ব্যুমবুমি!

শ্বিমবামি উঠছে। সে উঠল। তার সর্বাঙ্গ রক্তাক্ত হয়ে গেছে। ব<u>ি হাডের বাঘনখে ভাকাতটায় পেট চিরে তার নাড়িছ্</u>ট্ তুলে এনেছে: লোকটা উঠে দাড়িয়ে সকলের অ্<u>জ্ঞাত্যারে তলোয়ার</u> ভুলেছিল। ঝুমঝুমিও পিছন থেকে ঝাঁপিয়ে পড়ে বাঘনখ বিঁধে দিয়েছে।

সৈ অর্জুনের পাশে এসে দাড়াল। ভিনি জিজ্ঞাসা করলেন, তোমরা কে ? বয়স্কা মহিলা যিনি,—আমরা মা, মামুষ বটি বনের। যেতে যেতে দেখলম আপনাদের বিপদ, ছুটে এলম।

- —ভোমন্না ডাকাত নও ?
- —না মা। এখন ডাকাভ লই। মিছা বলব ক্যানে—ছাট-টাট লুট করি, যেমন করে পাইকরা।
- —ভোমরা পাইক ?
- रूँ। পाইक विषे । विष वेशकि।
- —ভূমি বাগদী ?
- -- না। আমি ছত্তি।
- —ছত্তি ?
- ই। এই দেখেন পৈতে। তাতেই তো ছুটে এলম মা। শুরু বলেছে, ছত্রির এই ধরম।

ঠিক এই সময়ে একটা মশাল জেলে নিয়ে এল গণ্ডার-সদার!

- —যা আছে লিয়ে লি ডাকাতগুলার? তরোয়াল, ঢাল, <u>সুডকি,</u> বন্দুক—

গণ্ডারের কথা ঢাকা দিয়ে মেয়েটি তীক্ষ বিশ্বিতকণ্ঠে জিজ্ঞাসা করলেন, তুমি ছত্তি ?

বিশ্বয়ের আর অবধি রইল না অজুনির। সে মুখ তুলে আরও বিশ্বিত, বিশ্বিত কেন, স্থান্তিত হয়ে গেল। একি মহিমা! একে!

- তুমি ছত্তি ?
- —ঠা মা।
- —তোমার বাবার নাম কি ? কে ভোমার বাবা ?
- আমার বাবার নাম রাজ। মাধব সিং। আমি তাকে দেখি নাই। বনেই আমার জন্ম। বাবা যখন মরে আমি তথুন মায়ের গভ্যে ছিলম। আমার দাদো আমার মাকে লিয়ে পালিয়েছিল। লইলে মায়ের সঙ্গে আমাকেও মেরে ফেলাতো তাহলে।
- —হা বাবা। ফেলভ সে রাক্ষসী। আজকের কথা ভাবত না। হাসলেন।

অজুন বললে, গুরু বললে, অজুন, আজ রেতেই যাও। কাল একাদনী। মাকে বল গা একটি কথা। চন্দনগড়ের বিপদ। আর শুধায়ো তোমার পরিচয়। বলো গুরু বলতে বলেছে। সময় হয়েছে। আমি সব জানি না।

--- হয়েছে বাবা। সময় হয়েছে। কক্মিণীকে বলতে হবে না। আমি বলব। আমি বলব সব কথা। কিন্তু আর দেরি করো না বাবা। চল। ডাকাতরা আবার তো দল বেঁধে ফিরতে পারে।

গণ্ডার বললে, ইা মাঠাককণ। এক বেটাকে ধরেছিলাম। তাকে থোঁচা দিয়ে দিয়ে সব খবর লিয়েছি। শোভানের বড় দল গিয়েছে লালতে হাটের দশুমার মেলা লুটতে। আর শোভান নিজে এখানে ছিল, তোমরা পালিয়ে যেছ কোন কুটুম বাড়ি সেই খবর পেয়ে। তোমাদেব বেহারাদের মধ্যে একজনা গুপুচর ছিল মা।

- শোভানের মূঙ্টা আমাকে এনে দিতে পার ?
 আন্ত্রুন নিজে গিয়ে মূঙ্টা কেটে নিলে। সেটা তুলে আনলে ঝুমঝুমি
 —লাও মা।
- —<u>s</u>6?
- —উ অসার বটে মা।
- —ভোমার ?
- —হাঁ মা, আমার।
- —হে ভগবান! চল বাবা—চল।
- —চড় মা ডুলিতে।
- —বেহারা তো নেই।
- —আমরা পাঁচিশ মরদ রয়েছি! ব'রো জনায় তিন ডুলি হৈ হৈ করে লিয়ে যাব।
- —দাড়াও বাবা, ভ বি।
- —কি ভাববে মা ?
- —চন্দনগড় যাব, না ককিনীর কাছে গিয়ে মাথা হে ট করে দাড়াব!
- আমার ম'কে হুমি জান মা ?
- ---क्रानि।
- —আমার বাবাকে ? তিনি সত্যিই রাজা ছিল ?
- —গা। চন্দনগড়ের রাজা মাধব সিং ছিলেন তোমার বাবা:
- —চন্দনগডের রাজা মাধব সিং আমার বাবা।
- —হাঁ। তুমিই চন্দনগড়ের রাজা। তোমার মা শুক্লী রাজপুতের মেয়ে। শুক্লীরা পৈতেহারা, তাই তাদের মেয়ে বিয়ে করেছিল বলে

গ্রামার সহা হয় নি। ভেবেছিলাম শ্বশুর বংশের জাত ধর্ম গোল। তাকে দিংহাসন থেকে বঞ্চিত করতে চেয়েছিলাম। কিন্তু— গ্রাক হয়ে শুনছিল অর্জুন। তার গা ঘেঁষে ঝুমঝুমি। তার চারিপাশে দকলে।

তিনি বললেন, ভগবান সাক্ষী, তাঁকে খুন করতে আমি চাই নি। ।।, াই নি। কিন্তু, আমার ভাই, বিশ্বাস্থাতক ভাই, পিশাচ ভাই ন'র ংবিবের সঙ্গে ষভযন্ত্র করে তাকে হত্যা করেছিল এট বিজয়া দশমীব দন। তারপর—যখন হয়ে গেল—তখন আমি বলেছিলান, তা ২ স ু বিশীকেও মেরে ফেল। নইলে ওর গর্ভের সন্থান একদিন গদী চাইবে। ামরা আরও তুই সতীন হিলাম। আমার সন্তান হয় নি। সতীনেব ওচ মেয়ে। বিপবা। আজ এসেছে শাস্তি। মীর হবিব চেয়েছে চন্দনগডের তুই মেয়ে। রাজা মাধ্ব সিং-এর বিধ্বা মেয়েকে এর স্তচেত সি॰-এর মেযেকে। আমি ওদের নিয়ে পালাচ্ছিলাম। দূর দলে চলে যাব। স্থচেত সিং শহরী মাযের ওখানে গ্যেছে। তর ্রেই অবসরে পালিয়েছি। পথে এই বিপদ। হুমি কেথা হতে ংন বাচালে। তাই ভাবছি, চন্দনগভ যাব, না, তোমার দঙ্গে যাব। গ্রভ জ্বোড করে অর্জুন বললে, আমার সঙ্গে চল মা। চন্দনগতে বি দ হবে। ওখানে ভা হবে না মা। আমরা বেঁচে পাকতে হবে না। —তোমার দিদি উনি, প্রণাম কর। তোমাব থেকে ক'মাসের বভ। -fafa !

্ম মুথের দিকে চেয়ে অবাক হয়ে গেল। তে স্থান্দর দিদি! তত বপ!

— গার এই আমার ভাইঝি। ওরে হিঙ্গন, তুই প্রণাম কব্।
ঝুমঝুমি অর্জুনের গা বেঁষে যেন তার অঙ্গের সঙ্গে মিশে গিয়ে দাঁড তে

চুলি উঠল। অর্কুন বললে হুঁশিয়ারির সক্তে, তবে ফার ভয় ন ই। ওরা আর আসবে না। মশাল জাল।

মগাল জ্বলল।

তু বছর পর।

ছত্রিশ জাভিয়া জঙ্গলগড়ের কিষণজীর মন্দিরপ্রাঙ্গণে দাঁড়িয়ে ছিলেই রন্ধাদেবী। মাধব সিং- এর প্রথমা মহিষী। মন্দিরের দাওয়ায়্ব বেসছিল রুশ্ধিনী। ভার তুই পাশে আর তুটি ছত্রি ভরুণী। মাধব সিং- এর দিগ্রীয় মহিষীর বিধবা কন্সা ভবানীবাঈ আর স্থচেত সিং- এর কন্সাকুমারী ছিন্দনবাঈ। তারা মালা গাঁথছিল।

জঙ্গলগড়কে আর সে জঙ্গলগড় বলৈ চেনা যায় না। তু বছরে তার বর্ পরিবর্তন হয়েছে। কিষণজীর মন্দির আর কাঠের নয়, পাশ্বর দিয়ে কাদায় গেঁথে প্রশস্ত চতুকোণ চন্ধরের উপর চারিপাশে অলিন্দ-ঘেরা মন্দির হয়েছে। সামনের অঙ্গন সমান করে পাশ্বর বসিয়ে বাঁধানো হয়েছে এখন। চারিপাশে পাথরে গাঁথা ছোট পাঁচিল, প্রবেশপথের তুই পাশে তুটি থাম।

কারও কয়েকখানি পাথরে গাঁথা বাড়ি তৈরি হয়েছে। অলিন্ধ-বেরা একখানি স্থপ্রশস্ত বাড়ি, তার চারিপাশে উঁচু দেওয়াল। প্রবেশ-দরজাটি স্থন্দর। বাড়িটির নাম মাতাজী মহল। এই বাড়িতে থাকেন রত্নাদেবী, ভবানীবাঈ, হিঙ্কন এবং ক্লিন্ধীদেবী। ক্লিন্ধী এখন আর শুধু ক্লিন্ধী নয়, এখন তার নাম ক্লিন্ধীবাঈ অথবা ক্লিন্ধীদেবী। রত্নাদেবী রানীসাহেবা রাজমাতা। দরজার সামনে একজন পাইক একটা বর্শী নিয়ে দাড়িয়ে থাকে। পাইকধ আর সে পাইক নয়, তার মাথায় পাগড়ি, গায়ে একটা কুর্জা, পরনে মালেসাঁট মেরে কাপড়ে পরা। চোখে ভার সম্লুম, কান তার সজাগ।

মন্দিরপ্রাঙ্গণের পাশে আর একখানি স্থানৃত্য বাড়ি, তার ফটকেঃ একজন পাইক। রাজার মহল। তার পাশেই পাথরের একটি নাটমন্দিরের মত খোলা প্রশস্ত স্থান। একদিকে তার প্রশস্ত বেদী। জঙ্গলগড়ের দরবার। সামনে পরিচ্ছর প্রশস্ত একটি উঠান। চারি-পাশে নতুন লাগানো শালগাছের বের। পুরনো জঙ্গলগড়ের ক্লির্মিনী মারের আঙ্নে বলে চেনাই ধায় না।

শুধু এই থানটি নয়, গোটা গড় বারো পাহাড়ের চেহারা পাস্টেছে।

ন্ত মহলে দাঁড়িয়ে চারিদিকে তাকালে প্রথমেই নজরে পড়বে পাহাড
ছলির মাঝবরাবর পাহাড়ের গায়ের জঙ্গলের সবুজের বুক চিরে একটি

লম্বা গেক্যা চাদরের বেড়। যেন গে'ল পাথরের বুকে পৈতের সালা

দাগের মত এঁকে দিয়েছে। গোটা চাদরটা অবশ্য চোথে পড়ে না।

কোথাও বাঁকের মোড়ে গাছের আড়ালে স্বটাই ঢাকা পড়েছে, কোথাও

দক্ষ ফালির মত দেখা যায়। তবে একট্ এবহিত হয়ে সতর্ক দৃষ্টিতে

ছাকালেই বুঝাতে পারা যায় যে একটি প্রশস্ত রাস্তা বারে। পাহাড়ের

বুক্রে ওপার হৈরি করে চলাচল স্থগম করা হয়েছে। পাহাড়ে পাহাড়ে

গয়েগস্থলের অপেক্ষাকৃত নিচ্ জায়গাগুলিতে শক্ত প্রশস্ত পাথরের

দেওযাল হয়েছে। তার উপার পাইকরা সড়িকি, তীর, ধনুক, বন্দুক নিয়ে

দাহারা দেয়। যমত্য়ারে বড় ফটক তৈরি হয়েছে।

দাইকদের বাড়িবরেরও উন্নতি হয়েছে। কয়েকটি পাড়াতে ভাগ করে চার-পাঁচটি পাহাড় নিয়ে এখন তাদের বাস। রাস্তা হয়েছে। দ্ব থেকে পরিবর্তন হয়েছে নিচের দেই স্থাতসেঁতে জবজবে ছাম ও জঙ্গলের। দেখানকার জমিতে জঙ্গল সাফ হয়েছে। মাটি এখন শুক্নো, ভার উপর ক্ষেত হয়েছে। নিচের দিকে ভাকালে দেখা যায় দেখানে অনেক গক চরছে, ঘোড়া চরছে।

প ইকদের মধ্যে থেকে এখন সপ্তয়ার তৈরি হয়েছে একদল।
ব্যাহ্যার থেকে বেরিয়ে বনের মধ্য দিয়ে অচিহ্নিত পথটাও আর বলের
সঙ্গে মিশে নেই। শুধু সংকেতে আর ইশারাতেই তাকে চিনতে
হয় না। একটি স্থগম চিহ্নিত সড়ক হয়ে সে গিয়ে মিশেছে দক্ষিণ
দিকে বড় সড়কের সঙ্গে, উত্তর দিকে যেখানে শোভান খাঁ মারা
পড়েছিল সেখানকার রাস্তার সঙ্গে। এই দিকটাই যেন মূল পথ
হয়েছে। এই পথ ধরেই যেতে হয় চন্দনগড়। এখানে একটা গম্বুজের
মত আছে যেখানে পাইক মোতায়েন থ'কে।

জঙ্গলগড়ে বন্দুক এসেছে, বারুদ এসেছে। যোড়া এসেছে, আস্তাবল হয়েছে। মান্নুষের জন্ম ক্ষেত হয়েছে, থামার হয়েছে। রত্নাদেবী একালে বৈল্প এনেছেন। কঝিণী রত্নাদেবীর শন্ধরোধে এবং গুকত্ব বুঝে মরণজ্বের ওষুধের গাছ তাঁকে চিনিয়েছেন। বৈল্প চিকিৎসা হরে। প্রাহ্মণ এসেছে, সে পূজা করে।

এ সবই হয়েছে এই আশ্চর্য মহিমময়ী রক্নাদেবীর বৃদ্ধিতে, তার চালনায়। তুবছর আগে যে দশ্মীর রাত্রিশেষে তর্জুন ভার দল নিযে এঁদের উদ্ধার করে ড়লিতে করে জঙ্গলগড়ে নিয়ে আসে, ভার তিন মাসের বিষ্ণাই দেশে এসেছিল বর্গী। বর্গীরা এসে আক্রমণ করেছিল চন্দনগড়। এখান থেকে একশো পাইক নিয়ে ছুটে গিয়েছিল অর্জুন। কিন্তু সে কিছু করতে পারে নি; চন্দনগড় রক্ষা হয় নি! বার্থ হয়ে কাঁদতে কাঁদতে ফিরে এসেছিল কিন্তু বর্গীরা তার পিছন ধরে জঙ্গলগড়ের সন্ধান জেনেছিল। ওদিকে চন্দনগড়ের অন্তঃপুবে সরন্দাজ খাঁর তই ছেলে তর তর করে খুঁজে ভবানীবাই এবং হিঙ্গনবাই-এর সন্ধান না পেয়ে খুঁজেছিল কোথায় গেল তারা।

আবহুস শোভানের হতারে পর খবরটা আর চাপা ছিল না।
চারিদিকে জক্ষলগড়ে অর্জুন সিং- এর নাম ছড়িয়ে পড়েছিল। আহণ
ডাকাতরা যারা কোনরকমে বেঁচেছিল তারা অর্জুন সিং নামটা শুনেছিল।
আর্জুন সব আহতদের মেরে ফেলবার হুকুম দিয়েছিল গণ্ডারকে। গণ্ডার
লাঠির বায়ে মাথা ফাটিয়ে মেরেছিল। তলোয়ার তার পছন্দ নয়।
বাকি সে কাউকে রাখে নি বলেই তার ধারণা। কিন্তু প্রাণের ভয়ে
জক্ষলের মধ্যে কঠিন যন্ত্রণা সহা করেও ত্ব-তিন জন মরার ভান করে
বৈছেছিল। এবং যারা পালিয়েছিল ভারাও বিছুটা খবর জেনেছিল।
আর্জুন সিং, একটা আশ্চর্য কালো মেয়ে আর গণ্ডার। এই তিনটে
বথা।

একজন বেহারা জঙ্গলগড়ের নাম শুনেছিল। কথা কটি ছড়াতে ব'কি থাকে নি। সরন্দাজ খাঁর ছেলেরা পিতৃহত্যার প্রতিহিংসায় এবং নারীলালসায় ঘুরছিল জঙ্গলগড়ের দিকে। অর্জুন একশো পাইকের মধ্যে যাট জনকে নিয়ে জঙ্গলগড়ে ঢোকে। তথনও তার আক্ষেপ, তার বিষপ্ততা, তার বেদনাকে ঠেলে ফেলতে পারে নি। মুহ্মান হয়েইছিল। চন্দনগড়, তার বাবার রাজ্য চন্দনগড়, তার চন্দনগড় বর্গীরা আগুন লাগিয়ে পুড়িয়েছে। তোপ দেগে উড়িয়েছে। নরনারীর উপর অত্যাচারের বাকি রাখে নি। সে বাইরে থেকে গিয়ে বার বার পিছন দিক থেকে বর্গীদের আক্রমণ করেছে। বর্গী হত্যা করেছে তারা আনেক। তার দলের গেছে চল্লিশ জন, তারা মেরেছে অন্তত্ত একশো জন। তাদের বন্দুক ছিল না। বন্দুক থাকলে আরও বেশি হত্যা করতে পারত। কিন্তু তাতেই বা কি হ'ত ? চন্দনগড় রাখবার শক্তি তো তার ছিল না। সে শক্ষরীমায়ের ভক্তির বলেও সঙ্বপর হয় নি। সে নিক্ষেও আহত হয়েছিল। একটা তীর বি ধৈছিল উক্ততে। একটা

চোট খেয়েছিল বাহুতে। অবশ্য একটা আঁচড়। সে মৃহ্যমান হয়ে বসেছিল, সেবা করেছিল মপরাজিতা। সে তখন অপরাজিতাই বলত বামবামিকে। অবশ্য আদর করে বামবাম বলে ডাকা ছাডে নি। এরই মধ্যে খবর এসেছিল। এনেছিল ছিদাম। সে প্রায় গাছে গাছে চলে এসেছে। মাটির উপর দিয়ে আসে নি। খবর এনেছিল. বর্গারা চন্দনগড় থেচে মেদিনীপুরের দিকে চলে গেল বটে কিন্তু সবন্দাক থার ছেলেরা পাঁচশো সিপাহী নিয়ে ঘুরছে। ছত্রিশ জাতিয়া জঙ্গলগড়ে আছে চন্দনগড়ের ছই বেটি। তার সঙ্গে আছে রত্নাবাট। এখন তারা তিন জনকেই নিয়ে যাবে আর জঙ্গলগড় ধ্বংস করে দেবে। লাফ দিয়ে উঠে বেরিয়ে এসেছিল অর্জুন ।

বুমঝুমি বলেছিল, আস্তে। এত জোরে না।

- (जारत ना ? त्रामवा्मि ?
- —না। থায়ের মুখগুলো কাটবেক। চল, আমি সাতে যাব।
- -- ঝুমঝুমি !
- —-তাঁা।
- -- কি করব ?
- —গুৰু যা বলেছে—গড়বে। তুমি ছত্তি।

বাইরে তখন কিষণজীর মন্দিরের সামনে সদারবা এদে জুটেতে। সদাবের গদীর ेপর গম্ভীর মুখে শসে আছে দ'লো দলু। সামনে ভৈরব, গোর্থন, গণেশ। তাদের পরে আর কয়েকজন। বাকিরা সব থিরে উংকণ্ঠিত মুখে দাঁড়িয়ে আছে।

मन्मिद्रव माउयाय वटम क्विशी। जाद शाला थूँ है धरत माजित्य রত্বাবাঈ। এর্জুনের রানীমাতাজী। স্থির গম্ভীর। এসে অবধি তিনি নির্জনেই থাকােন। ওই ছটি মেশ্বে হিঙ্গন আর ভবানীকে নিয়ে বসে থাকতেন, পূজো করতেন। রুক্মিণী এবং অর্জুন তাঁর কাছে যেত। অর্জুনের সঙ্গে যেত রুমঝুমি। এ কয়েক মাসে এই বিচিত্র মহিমময়ীকে মনে হ'ত যেন আগুনের স্থৃপ, পাতলা ছাইয়ের আবরণের মধ্যে ক্রমশ ঢেকে ফেলছেন নিজেকে। আগুনে ছাই আপনি পড়ে। ইনি যেন নিজে ইচ্ছে করে ফেলছেন। নিতা সেই এক কথা। এবং সে এক কথা কেবল কটি কথা।

ভাল আছ কক্মিণী ? ভাল আছ বাবা ? আমি ? ভালই আছি। বাবা। কোন ছুঃখ নেই। বড় সম্মানে রেখেছ তোমরা। এত চুপচাপ ? ভাবছি। কি ভাবছি ? সবই কি নিজেই বুঝি ? তবে ভাবছি নিজের জী:নের কথা। দীর্ঘনিশ্বাস ফেল্ডেন।

এই কথা কটি তিনি বলেছিলেন পথমদিন এসেই। ভারপর সমানে বলেই যাচ্ছেন। দেদিন তাঁদের ডুলি নিয়ে অর্ভুনের সাঙ্গোপাঙ্গরা যখন কিষণজীর মন্দরের সামনে নামিয়েছিল, তথন-মা, দাদে।, অহল্যা দিদি বিক্ষারিত দৃষ্টি ও ক্রুদ্দ বিশ্বায়ে বলেছিল, ওরে লুচ্চা, বদমাশ, কুলাঙ্গার, এ কি করলি ? কোন্ বড় বরনা মেয়েদের লুটে আনলি! এ কি মহাপাপ করলি রে তু!

ভূলির কাপড় ঠেলে বেরিয়ে এসেছিলেন রত্নাদেবী। বলেছিলেন না, মহাপাপ ও করে নি কক্মিণী, ও মহাপুণা করেছে। ওর বংশের নাম উজ্জল করেছে। ছত্রির ছেলে ছত্রির কাজ করেছে। ও শয়ভানের হাত থেকে ছত্রি মেয়ের ধরম রক্ষা করেছে। তার চেয়েও বড পুণা কক্মিণী, ও তার মাকে রক্ষা করেছে, বিধবা বহিনকে রক্ষা কলেছে। বিধবা বহিনকে রক্ষা কলেছে

ওদিক থেকে বিক্ষারিত চোখে এক পা এক পা করে যেন কোন ভারুর কিছুর দিকে এগিয়ে আসছিল দলু সর্দার। এদিকে স্তম্ভিত বিশ্বয়ে তাকিয়েটিল তার মা—ক্রিণী দেবী।

উষৎ এবট তিলের মত এক তিল হাসি ফুটে উঠেছিল রত্ন বাইযের ঠোটে মুখে। মনে হয়েছিল যেন ওই এক তিল হাসির মধ্যে কালার একটা সমুদ্র লুকানো আছে; সেটা অর্জুনের চোথেও ধরা পড়েছিল। তিনি বলেছিলেন—চিনতে পারছ স্পার ? কক্মিণী ? আমি চন্দনগড়ের রাজা মাধব সি°-এর বড় রানী। তোমার স্তীন। আমি রত্মাবাই। অহল্যা কঠার কঠে বলে উঠেছিল, তুই স্বনাশী। তুই রাক্ষ্মী।

—হঁ্যা, তা স্বীকার করছি আমি।

মা বলে উঠেছিল, পিসী! পিসী!

পিদী বারণ শুনবে কেন গ সে বলেছিল, কি বলে এলি ? কোন্ মুখে এলি ? বেসরমী !

-शिमी। शिमी?

উনি হেসে বলেছিলেন, বেদরমী নই পিসী। ক্রিনী ভোমাকে পিসী বলছে, আমিও ভোমাকে তাই বলছি। দরম আছে বলেই আজ এসেছি। অপরাধ স্বীকার করতে এসেছি। হাঁন, অপরাধ আমার হয়েছে। কি বলে এসেছি? বলতে এসেছি রুক্মিনী বহিন, তুই আমার সতীন। তুমি আমার বহিন, তুই সতী, রাজরানী আমারই মতন। তোর গর্ভের দন্তান আমারও সন্তান। নইলে এই বিশদে রাজা বাজা মাধন সিং-এর চরম সর্বনাশের সময় সে এল কেন. এল কোথা থেকে? মন বললে পূর্বপুক্ষ পাঠিয়েছে ভার বংশধরকে। স আমাকে মা বললে। আমি ভাকে সব বললাম, জিজ্ঞাসা করলাম বর পরেও আমি ভোমার মা? সে বললে, ইণা, নিশ্চয়। মুখ উক্তল হ'ল। কেই ইন্ফল মুখে খানে এসেছি।

- তে এসেছি ক'কোনী, তোর কাছে আমার অপরাধ হয়েছে। তোর েল মাধ্য সিং-এব বংশের মান রেখেছে।

াকলে স্কৃতিক হয়ে গিয়েছিল। অর্জুন কাদতে শুক করেছিল। তার নাক্ত ব্যুহকামিও। মা এসে তাঁর পায়ে উপুভ হয়ে পতে কারায় ভেডে ∙ ডেছিল।

নলু তুই হাত উপরে তুলো বলেছিল, জয় কিষণজী ! ৫ ভগবান !
শক্ষণীলে হাত ধরে তুলে উনি বুকে টেনে নিষে বলেছিলেন
লেবানী। মেঝলির ছোট বেটী। বিধা। আর আমার ভাইবি,
গ্রেচতের বেটী হিঙ্কন। তারপর দলুকে বনেছিলেন, স্দার, তোমাকে
ফদিনাপ বলি তুমি গোঁসা করবে গ

দির সেদার কেনে কেনেছিল। আবার হাত তুলে বলেছিল। ধল, আমি ধলা করে গেলাম মালী। আমার হারানো ইচ্ছত আবার থিবে পেলাম। হার, হার, আজ ধদি এখানে বামুন প্রকৃত তবে গোমাদিলে সাক্ষী করে আমি কের পৈতে নিতাম।

বানী রক্মবাঈ <েছিলেন, তার জন্মে আক্ষেপ কর না বাপ, হবে। সময় যখন হবে তথন সূতা ছাড়ার মত সূতা ফেরা গাঁয়ের প্রতিষ্ঠা হবে। কখনও-না-কখনও হবেই এ তুমি জেনো। বলে তিনি ঘরে গিয়ে চুকেছিলেন।

বাস্। ওই পর্যস্ত। আর ন.। তার পর থেকে ঘরেই এ তেন। এই কথা। তবে বলে রেখেছেন, হাঙ্গামা মিটলেই চলে যাবেন পুরী, জগরাথ-ধাম।

আর একদিন কথা বলেছিলেন। যেদিন মর্জুন বর্গাদের চন্দনগড় আক্রমণের সংবাদ পেয়ে একশো পাইক নিয়ে লড়তে যায় সবার অমতে সেইদিন। অমত ছিল দলুর, ভৈরবের, গোবর্ধনের, গণেশের প্রবীণদের সকলেরই' ছিল না মায়ের। আর ছিল না অল্পবয়সী জোয়ানদের। ঝুমঝুমি তার মুখে চুমু খেয়ে গলা জড়িয়ে ধরে আদর কুরে বলেছিল, যাও। আমি শঙ্করীমায়ের কবচটা বুকে ধরে পড়ে রইলাম। যাও।

দেদিন রত্মবাঈ তাকে বুকে চেপে ধরে মাধায় হাত দিয়ে আশীর্বাদ করে বলেছিলেন, ধক্ত কল্পিনী। ধক্ত রাজা মাধব সিং। ধক্ত আমি। গর্ভে না ধরেও আমি ভোর মা। তারপর একখানা ছোরা তার হাতে দিয়ে বলেছিলেন, তোর বাপের ছোরা। বলেই আবার ঘরে চুকেছিলেন। আহত হয়ে যেদিন অর্জুন ফিরে আসে সেদিন দেখতে এসেছিলেন। আশীর্বাদ করে গিয়েছিলেন। চন্দনগড়ের অবস্থার কথা শুনে কেন্দেছিলেন।

হঠাৎ বেরিয়ে এলেন ওই দিন। সরন্দাজ খাঁরের ছেলেরা পাঁচশে সিপাহী নিয়ে আক্রমণ করতে আসছে খবর যেদিন এল সেদিন। এসে দাঁড়িয়ে বললেন, সর্দার!

নীরব সকলে তার দিকে তাকালে। স্বার মুখে বিরক্তি। কারণ সকল উপদ্রবের মূল এরাই। এদের জন্মই আসছে সরন্দাজ খাঁর ছেলেরা। তিনি বলেছিলেন, জানি, কোমাদের এ বিপদ আমাদের জন্মে। এক কাজ কর। ডুলি করে আমাদের পাঠিয়ে দাও, আমরা এবার তৈরি হয়ে যাব। আমি বুমঝুমির কাছে শুনেছি, তাব বাপের ক.ছে খুব চড়' বিব আছে! সেই বিষ খেয়ে চড়ব ডুলিতে।

हिस्काद कर्द्ध छेर्छिष्टिन अर्जुन, ना ना-कि ना।

কৃষ্ণিণী এসে তাঁর হাত ধরে বলেছিল, বিষ যদি খেতে হয় তবে ডুলিতে চেপে তোমরা তিনজনে খাবে কেন? ঘরে কিষণজীর মন্দিরে তাঁর সামনে বসে তোমাদের সঙ্গে আমিও খাব। বলব, কিষণজী, তুমি বিগ্রহ। আমার বাপ, আমার পাইকরা অপারগ—

দলু উঠে বৃক চাপড়ে বলে উঠেছিল, আমার মাথায় বজ্ঞাঘাত কর হে কিষণজী। আমার মাথা তোমার চক্রে দিয়ে কেটে ফেল। এই কথা আমার সেই বেটি বলে যার জন্যে আজ বিষ বরিষ—

श श करत (कॅरन जेरे) हिन (म।

—বাবা বাবা! পিতাজী! বলেছিলেন রত্মবাঈ। অর্জুন ছুটে এসে দাদোকে জড়িয়ে ধরে বলেছিল, কেউ না লড়ে-হজন লড়ব।

অধীর ভৈরব উঠে হাত জোড় করে বলেছিল, আমরা তো না বলি

নাই। কিন্তুক—আমরা তো কি বলতে হয় জানি না। লড়াইয়ের সময় চেঁচাতে জানি।

দলু বলেছিকা, এবার বিলকুল তৈরি হয়ে যা। বিলকুল। এখনি থেকে।

রত্নাবাঈ বলেছিলেন, দাঁড়াও পিভাঙ্গী। বলে, ডেকেছিলেন, ভবানী, নিয়ে আয় ও পেটিটা।

একটি পোটি এনে নামিয়ে দিয়েছিল ভবানী। পোটি খুলতে বেরিয়েছিল—মোহর, সিক্কা আর জভোয়া গহনা জহরত।

রত্মাবাল বলেছিলেন, ধান চাল গঁছ জোগার যা মেলে কাছে-পিঠে ষত্ত পার কিনে আন। তিনগুণ চারগুণ দশগুণ। যদি সিক্কা দামের জিনিসে মোহরের দাম দিতে হয় তবে তাও দিবে, মাল কিনে এনে বোঝাই কর। খবরদার, লুঠ করো না। আশেপাশের লোক যেন না চটে। আর কিনে আন তীরের ফলা, সড়কির ফলা, তলেম্বার। না হয়তো পাশের গাঁও থেকে লোহা আর লোহার জন কতককে এখানে আন। মুলুকে আদে ভালা না আদে জবরদন্তি করে সান, চুরি করে আন। কামারশাল পেতে দাও।

—ঠিক বলেছ মা। রাজবৃদ্ধি।

— যদি হুকুম দাও বাশ, তবে দেখি নিজে সমস্ত পাহাড় ঘুরে। রাজপুতের, মেয়ে লড়াই ব্ঝি, জানি। আমি কিছু বুদ্ধি দিতে পারি।
—নিশ্চয়!

সমস্ত দেখে ফেরবার সময় হঠাৎ দাঁড়িয়ে বলেছিলেন, এখানে নিমগাছ/ তো অনেক সদার ৷ এর বীচি কি হয় ?

[—]জড়ো করে মা তেল হয়।

[—]যত পার বীচি যোগাড় করে পেষাই করাও। বর্গা যে মুখে হানা দেবে সেই মুখে পাথর গড়াবে। সঙ্গে সঙ্গে গরম তেল গড়াবে আর ওই ষমত্যারের মুখ বিলকুল বন্ধ করে দাও।

⁻ वश्व कदत्र (पव !

[—]হাঁ, নিচেটা ভরে যাক জলে। হশমন চুকলে যেন নিচে দাঁড়াবার জায়গা না পায়। পাথর ঢেলে ঢেলে বন্ধ করে দাও। জল আটকালে বাইরে নদীতে জল থাকবে না। বনে জল পাবে। আর কোন্ পাহাড়ে ভিমরুল আছে শুনেছি। সেই পাহাড়ের মুখটাতে একটা ফটকের

মতন গড়ো। যেন বাইরে থেকে মনে হয় সেটাই ঢুকবার জায়গা। বুঝেছ ? ভিমরুলরা আমাদের হয়ে লড়বে।

—সাবাস, সাবাস মা! বহুত সাবাস! তুমি রাজরানী, রাজমাশ।

কৌশলটা ব্যর্থ হয় নি। সরন্দাজ খাঁর ছেলের দল চুকতে পারে নি।
একদিন রত্নাদেবী পাহাড়ের উপর দাঁড়িয়ে যুদ্ধ চালনা করেছিলেন।
একদিন পাঠানকে এই মুখে ইচ্ছে করে চুকতে দিয়েছিলেন। াুব
উৎসাহের সঙ্গে তারা যেমনি ছই পাহাড়ের জোড়ের মাথায় উঠেছিল,
অমনি ঠিক সেই মুহুর্তে তীরের পর তীর নিক্ষিপ্ত হয়েছিল ভিমকণের
চাকের দিকে। বাস্, ভারপব আর দেখতে হয় নি। সেখানে ছত্রিশ
জাতিয়াদের কেউ সামনে ছিল না। আর যারা ছিল তারা মেখেছিল
নিমের তেল আর সেই পাতার বাটা। তৈরি করেছিল ঝুমঝুমি অহা
নিমের তেল আর সেই পাতার বাটা। তৈরি করেছিল মুমঝুমি অহা
নিমের দেব নিয়ে। সেইদিন যে পাঠানরা পালিয়েছিল সেই বোধ হয়
দেব পালানো। ওদিকে খবর এসেছিল মেদিনীপুর পর্যন্ত হটে এসে
বর্গীরা আবার উড়িয়া পালাছে। বৃদ্ধ নবাব আলিবর্দী আবার এসে
পৌছেছেন গুজাপুরে। মীর হবিব, জানোজী, মুস্তাফা খাঁ মেদিনীপুর
থেকে ছাউনি তুলে ক্রন্ত হটছে। সরন্দাজ খাঁর ছেলেরা যদি এখনও
ওই ঔরত্বের মামলা নিয়ে কটা শুকনো পাহাড় ঘিরে বসে থাকে তবে
তার দায় তাদের।

পাঠানরাও বিরক্ত হয়েছিল। ভারা না পেয়েছিল লুটের মত গ্রাম শহর, না পাচ্ছিল ভাল জল। তার উপর ভিমকলের সঙ্গে কে লড়াই করতে পারে? মাসুষে পারে না।

অগত্যা পালিয়েছিল সরন্দাজ থার ছেলেরা।

বারো পাহাড়ের মাথা থেকে বারো পাহাড়ের বাইরে এসে বনের গাছে গাছে ফিরে যখন আর একটিও পাঠানকে দেখতে পায় নি, তখন সকলে এসে রত্বাদেবীর চরণে লুটিয়ে পড়েছিল। রত্বাদেবী, যিনি আসা হব ধি হাসেন নি, তিনি সেদিন হেসেছিলেন। শুধু তাই নয়, প্রতি জনকে এক সিক্কা পুরস্কার দিয়েছিলেন। সারা পাইক মহলে আনন্দের অবধি ছিল না। হাট থেকে কাপড আনিয়ে মেয়েদের দিয়েছিলেন। দেন নি শুধু দাদোকে কিছু। দাদোর তখন অন্থা। জ্বখম হয়েছিল দালো। দাদোকে দেখতে গিয়ে বলেছিলেন, প্রণাম ভোমাকে পিতাজী।

দাদো বলেছিল, আমি নিশ্চিন্ত মায়ী। আমি গেলে রুক্সিণী আর

অর্জুনকে দেখবার লোক রইল। তুমি প্রাণাম করলে, আমি ধক্ত হলাম। আজ্ব ফের আমি শোলাঙ্কী রাজপুত।

সব শেষে রত্নাদেবী অর্জুনকে রুক্মিণীর ক'ছে বসিয়ে বলেছিলেন, তুমি আজ থেকে শুধু অর্জুন সিং নও—কুমার অর্জুন সিং। রাজা মাধব সিং-এর ছেলে। সিংহের বাচা সিংহ। তোম'কে এবার চন্দনগড়ের গদীতে বসতে হবে। নবাব বাহাত্বের কাছে আমি পাঠাব তোমার হয়ে দরখাস্ত। তার আগো তোমাকে পরিচয় করতে হবে নবাব সাহেবের সঙ্গে। তা ছাড়া বেটা তোমার বাপকে যে যড়যন্ত্র করে মেরেছে তার একজ্বন সুচেত সিং, আমার ভাই, সে মরে তার মাস্কুল দিয়েছে। এখন আসল শয়তান বেঁচে—মীর হবিব। বেটা!

- —মাজাজী।
- वन क़िक्ती, वन वहिन।
- —তুমি বল দিদি—
- —বেশ, আমি বলছি। বলছি, মীর হবিবকে সাজা তোমাকে দিতে হবে। রাজা মাধব সিং-এর খুনের বদলা নিতে হবে। বল, তার খুন এনে দেবে আমাদের তুই বহিনকে? তোমাকে চন্দনগড়ের গদীতে বসিয়ে আমরা তু বহিন ভোমাকে তু হাত তুলে আশীষ করব। ভোমার পুরস্কার ভোলা রইল। দেব আমি।

অর্জুন উঠে দাড়িয়ে বলেছিল, যাব আমি মাতাজী, আমি যাব।

কায়ার সঙ্গে ছায়ার মত ঝুমঝুমি ছিল পাশে দাঁড়িয়ে, সে কেঁপে উঠেছিল।

ক্লিনী তার মুখের দিকে তাকিয়ে বুঝতে পেরেছিলেন, তিনি বলেছিলেন, না না না । ঝুমঝুমি, কিসের ভয় ? আয়, আমার কাছে আয় ।

মাতাজী বুলেছিলেন, শুনেছি, গুরু বলেছেন তুই নায়িকা। সে যে শঙ্করীমায়ের জয়া বিজয়ারে। জাঁ! নায়িকা, তুই ভর খেলে চলবে কেন । আয় শোন্ এই নে।

নিজের গলা থেকে খুলে লাল প্রবালের মালা পরিয়ে দিয়ে বলেছিলেন, আজ ভবানী বেটা তোর কেশবস্কন করে দেবে, সাজিয়ে দেবে। সারা রাত আনন্দ করবি। বলবি অর্জুনকে, লড়াই ফতে করে নবাব সাহেবের কাছে মুক্তাহার এনে দেবে ভোকে। আঁ! তুই নায়িকা, রানী নোদ। তুই নাচবি, নাচাবি নায়ককে, ভবে ভো রে বেটী!

অভিভূত হয়ে গিয়েছিল অর্জুন, ঝুমঝুমি ছুজ্জনেই। বাত্রে কিন্তু ঝুমঝুমি বলেছিন, জান সিং, মাতাজীকে কেমন ভয় করছেক গ!

—হা। মহিমা কেনন দেখছিদ না!

পর্যদিন বাছা বাছা পঞ্চাশ জন পাইক নিয়ে মর্জুন রওনা হয়ে গিন্থেছিল উড়িয়ার গথে। নবাব চলেছেন বগাদের পিছন পিছন। নিজে হাতে কলম ধরে মা হাজী এক আজি তৈরি করে দিয়েছিলেন। মহামহিম মহিমার্গবি স্কুজাউল মুক্ত্ হোমউদ্দোলা বাংলা বিহার উডিয়ার মালেক নবাব আলিবদী খাঁ বাহাতুর ববাবরেষু—

দে অ'জির বাধুনি, কি! জিনি যথন পড়ে শুনিয়েছিলেন ভখন রোগশযায় শুষে দলু সদার কর নার সাকাস সাবাস করে সাবা হয়েছিল। পাহক সদারেরা অবকে হয়েছিল। আর্জিতে নবানী ফৌজে অর্জুনের চাকরি ভিক্ষা করেই কান্ত হন নি এই স্থচতুর মাতাজী, দাবি করেছিলেন তলনগড়ের গদী তাঁর সন্তান এই দরখান্তবাহক পুত্র কুমার অর্জুন সিং-এর জন্ম। সঙ্গে দিয়েছিলেন রেশমী কমাল আর দিয়েছিলেন পাঁচখানি মোহর। নবাব সাহেবের সামনে কুর্নিশ করে হাঁটু গেডে বসে কেমন করে নজরানা দিতে হবে শিখিয়ে দিয়েছিলেন। যাবাব সময় অর্জুন বলেছিল, মাতাজী, দাদো রইল, মা রইল, পাইকরা বইল, তুমি দেখো।

—িন হিন্ত হও।

অর্ণুন মা কক্মিণীকে বলেছিল, মা!

- এর্জুন I
- —ত্যাসি মা।

একটু ইত্তত করে বলৈছিল, ঝুমঝুমিকে দেখে। মা। আশ্চর্য হয়ে গিয়েছিল করিনী, কেমন শউরে উঠেছিল ঝুমঝুমি, অর্জুনেরও বিস্ময়ের শেষ ছিল না নিজের কথাগুলি শুনে। সে যেন দোসবা মানুষ হযে গেছে। কুমার অর্জুন সিং।

কর্মিণী উত্তর দেয় নি। দিয়েছিলেন রত্নাদেবী। বলেছিলেন, কুমার, ভোমার নায়িকা, সে আমাদের থ্ব আদরের। শুধু দেখা কি—আমরা সবাই আদর দিয়ে ভূলিয়ে রাখব ওকে। ওকে চন্দনগড়ের রাজা-বাহাছেরের নায়িকা করে গড়ে রেখে দেব। দেখবে এসে।

ভারপর থেকে জঙ্গলগড়ের এই পরিবর্তন করিয়েছেন রত্নাদেবী। দলু সর্দার

মারা গেছে। সর্দার রত্ত দেবীকে ডেকে বলেছিল, আমি নিশ্চিন্ত মাষী। আমি নিশ্চিন্ত।

নানীন্ধী ছত্রির মত সংকার করে তার শ্রাদ্ধ করিয়েছিলেন। তারপর গোবর্ধন আর গণেশকে নিয়ে এই জঙ্গলগড়কে গড়েহ্ন। স্তচেত সিং-এর মৃত্যুর পর চন্দনগড় নবাবী শাসনে মেদিনীপুরের ফোল্লারের গধীন: তবুও সেখানকার ছত্রিরা, পাইকরা রানী-নাভাজীর কাছে গ্রাস্ক্রা আনিয়ে এসব গড়ে তুলেভেন।

উড়িয়া থেকে পাইকরা গিয়ে সংবাদ আনে। এর্কন সিং নবাবের को एक नोम करतर छ। नाद भन शरशर छ। नवाव दं व्यवस्थार तत श्रुद्ध को द বীরত্বে জন্মে তলোয়ার দিয়েছেন। পোশাক দিংছেন। সে এখন ঘোড়া কিনেছে। ঘোড়ায় চেপে যুদ্ধ করে। মীর হবিব হউছে— হটছে—হটছে। অৰ্জন সিণ্-এর আপ্ৰোস এখনও পিতৃহ্যাত শোধ নেওয়া হয় 'ন। মীর হৃতিব এখনও মরে নি। একবার খবর এল ভৈরব মরেছে। ভৈরব সর্জুনের সঙ্গে গিয়েছিল। রানীমাতাজী ভৈববের েলে গোরাচাঁদকে সর্দারী দিয়েছেন। "লোয়ার দিয়েছেন। ট'ক'ও দিয়েছেন—একশো টাকার ভোডা। গোটা জঙ্গলগড় অক্সরকন শুধু বাটরের চেহারাতের হয় নি। ভিতরের চেহারাতেও পাল্টেছে। আর ছোকরারা মদ খেষে বারো পাহাড়ের এলাকায় আসে ন। प्रकार प्रसाय मन्तित कामत-वन्ते वारक। वारक वारना क्राना গাণের মত পারো পাহাতে অন্ধকার নিয়ন্ত্র নয়; গে অন্ধকার দলবদ্ধ তকণ পাইকদেব স্থালিত চিৎকারে চমকায় না। ছব্রিশ জা ত্যা আদিবাসীর। নেমে গেছে নিচে। সমতলের বাহুকাছি তাদেরও ্শ একটি পল্লী তৈরি হয়েছে। তাদের মেয়েরা খার স্বল্পবাসা নয়। গাদের মধ্যে থেকে উপপন্ধী সংগ্রহ এখনও করে পাইকরা, কিন্তু ভারা ্স উদ্ধাম বেদিয়ার মেয়ে নয়।

রামব্মি কেশ বন্ধন করে, মুখে সরময়দা মেখে প্রসাধন করে। বেশ-বাস ভার কাচ্লি, ওড়না, ঘাঘরি। হাতে রূপার কঞ্চণ, কোমরে রূপার চল্রহার। ভাকে ভবানী তরিবৎ সংবৎ শেখায়। কুমার অর্জন সিং-এর নায়িকা সে। মহাভারতের রামায়ণের গল্প শোনায় তাকে। কিন্তু আশ্বর্য, আজু সেনেই।

গভকাল খবর এসেছে মীর হবিব নেই, সে খতম। কুমার অর্জন

সিং একখানা রুমালে ভার রক্ত মাখিয়ে মাথার পাগড়ির মধ্যে নিম্নে ফিরছে বারো পাহাড় ছত্রিশ জাভিয়া জঙ্গলগড়ে। ফিরবে আট দশ্দিনের মধ্যে। রানীমাভাজী বারো পাহাড়ের চূড়ায় চূড়ায় পভাকা উড়িয়ে দিয়ে জঙ্গলগড়ের বারো পাহাড়কে সাজাছেন। পাইকদের পাগড়ি কুর্তা বিলকুল নতুন হয়েছে। শালগাছের ভালে পাতায় ফটক্ হছে। স্থির হয়েছে কুমার এখানে যেদিন আসবেন ভার ভিনদিন পরই সব ২ওনা হবে চন্দনগড়।

চন্দনগড়ে অর্জুন সিং-এর দাবি মেনে নিয়েছেন নবাব আলিবদী থাঁ। ফরমান দিয়েছেন মেদিনীপুরের ফৌজদারকে, হুকুম দিয়েছেন চন্দনগড়ের দখল রাজা মাধব সিং-এর ছেলে অর্জুন সিংকে দেবার জন্মে। অর্জুন সিংকে রাজা খেতাব দিয়েছেন। অর্জুন সিং বছর বছর নবাবী খাজনার ভঙ্কা আমানত করবেন মুশিদাবাদের খাজাঞ্চীখানায়।

তিনমাস পূর্বে এসেছে ফরমান। দখল পাওয়া গেছে। নবাব আলিবদী ফিরে গেছেন মুর্শিদাবাদ। মীর হবিব নবাবের কাছে দাছে খড় নিয়ে মাফ চেয়ে ভাঁর হাত থেকে বেঁচে উড়িয়্রায় রয়েছে। সেই ছঃখে অর্জুন ফরমান পেয়েও ফেরে নি। সে মুরছিল, তীর্থের অজুহাত করে ফিরছিল। সাকর সিদ্ধানা হলে ফিরবে না জানিয়েছিল লোক মারফত। বারণ করেছিল ভয় করতে। প্রকাশ করতেও নিষেধ করেছিল। রানী জানিয়েছিলেন শুধু রুক্মিণীকে। বলেছিলেন, বীরমাতা তুমি। বুক বাঁধ।

—দিদি, আজ বাইশ বছর বুক বেঁধে আছে রুক্মিণী। জীবনের বাকি কটা দিনভ সে তা পারবে।

চঞ্চল হয়েছিল ঝুমঝুমি। দে বার বার জিজ্ঞাসা করেছিল, মা, কেন ফিবল না সে ?

রত্বাদেবী বলেছিলেন, চুপ কর ঝুমঝুমি। তার বাপের মৃত্যুর শোধ নিতে পারে নি। ছতির ছেলে সে।

সে স্থিরদৃষ্টিতে তাকিয়েছিল তাঁর দিকে।

- —মহাভারতের গল্প ভবানী তোকে শোনায় ঝুমঝুমি ?
- —হাঁ মা।
- তবে সেই। ছত্তির কসম—প্রভিজ্ঞা ভাই।

পরের দিন সন্ধ্যায় রানীমাভাজী দরবার করেছিলেন। বোড়-সওয়ার গিয়েছিল চন্দনগড়। সেখান থেকে কজন ছত্রি সর্দার এসেছিলেন। আর এসেছিলেন ব্রাহ্মণ পুরোহিত, কয়েকজন মাহিয়া সদগোপ জোতদার।

অনেক মশাল জ্বেলে চারিপাশে খুঁটো পুঁতে তার সঙ্গে বেঁধে দরবার ক্রেছিলেন রানীমাভাজী। পাশে ছিল মাতাজী রুক্মিণী। ভবানী, क्ष्मिन किल शिक्टन। এकशात्म सूमसूमि उरमिक्त। छत्र कदिन তার। এসব সে জানত না, বুঝত না। আজ বুঝতে হয়েছে, বুঝতে হচ্ছে, কিন্তু ভয় করছে। তার নিজেকে দেখেই কেমন যেন ভয় করে। তার মা বাপ, তার আত্মীয়স্বজন তার কাছ থেকে অনেক দূরে চলে গেছে। আবার রানীমাতাজী, ভবানীবাঈ, হিঙ্গনবাঁইও তার থেকে অনেক দূরে ও পরে। মাতাজীও ওদের সঙ্গেই রয়েছেন। শুধু সে একা। একেবারে একা। রুক্মিণী মাতাজী ওদের কাছ থেকে মধ্যে মধ্যে নেমে এসে তাকে সমাদর করেন। কিন্তু সে কভক্ষণ ? সে নিঃসঙ্গ। তার পরিচর্যার জন্ম একটি বেদিয়া মেয়ে দাসী আছে। তার স্বজাতি। কিন্তু সে একা—সে একা হয়ে গেছে। ঝুমঝুমিকে ভয় করে। মেয়েটাও অর্জুন অর্জুন করে কাঁদে। ভবানী তাকে মহাভারতের অর্জুনের গল্প বলে। বলে, অর্জুনের বনবাসের কথা। তার বিয়ের কথা। উনুপী, চিত্রাঙ্গদা, কত কত বিবাহ! তারা সারাজীবন অর্জুনের জন্ম কেঁদে কাটিয়েছে। তাকেও কি তেমনি করে—। সে কাঁদে, আবার নিজেই সান্তনা খুঁজে নেয়। না না, তার অর্জুন তেমন নয়। সে আসবে। কবে আসবে? তবু ভয় করে। সেই ভয় নিয়েই সে সেদিনও দরবারে বসেছিল।

রানীমাতাজী বসে আদেশ দিয়েছিলেন বাজী পোড়াবার। আতসবাজী এসেছিল চন্দনগড় থেকে। বারো পাহাড়ের আকাশ আতসবাজীর ফুলঝুরিতে ভরে গিয়েছিল। বোম ফুটেছিল; ত্রন্ত পাখির তাকে বন মুখরিত হয়ে উঠেছিল সেই রাত্রে। দূরে উঠেছিল একটা বাবের গর্জন। হঙ্কার দিয়ে সেটা পালিয়েছিল এক লাফ দিয়ে। সেটা বুঝতে কারুর কষ্ট হয় নি। সকলে হো হো করে হেসে উঠেছিল।

বানীমান্তাজী উঠে দাড়াতেই সকলে থেমে গিয়েছিল। তিনি বলেছিদ্বেন, ভগবান রাধামাধব, কিষণজীর করুণা—আর স্থবিচারক মেহেরবান নবাব আলিবদীর মেহেরবানি। চন্দনগড় আবার ফিরে এল রাজা মাধব সিং-এর পুত্রের হাতে। কুমার অর্জুন সিং বাহাত্তর। আমার ভাই হলেও স্থচেত সিং তার বাপের শত্রু ছিল। কেমন করে

আমাকে প্রতারিত করে সিংহাসন থেকে নামাবার বদলে মীর ছবিবকে पिर्य थून कविरय्किन, निरक भगो पथन करविक्न, रम मवाहे कारन। আমার ভুল হয়েছিল—ছত্রিদের ভুল হয়েছিল রানী রুক্মিণীকে রানী বলে স্বীকার না করা। আমি স্বীকার করছি। অর্জুন সেই রানী রুক্মিণীর ছেলে। সেই বিপদের দিনে শুধু ভার মা আমাকে, ভার विश्न ভवानीत्करे तका करत नि, सुरुर्छत विभे रिक्ननर्क्छ तका করেছে। ছত্তির কাজ করেছে। আমাদের জন্মে পাঠানদের সঙ্গে লডেছে। গুধু সে নয়, এখানকার পাইকরা সবাই। চন্দনগড় রাখতেও সে গিয়েছিল। কিন্তু পঙ্গপালের মত বর্গীর সঙ্গে পারে নি তখন। ভার শোধ দে নিয়েছে। নবাবের ফৌজে যোগ দিয়ে দে বর্গী পাঠানদের অনেক রক্ত ঝরিয়েছে। ভগবান তার পুরস্কার দিয়েছেন। দেশের নবাব তাকে চন্দনগড়ে জায়গীর মঞ্জুর করে রাজা খেতাব দিয়ে ফরমান দিয়েছেন। তার কল্যাণে চন্দনগড় পূর্বের মত আপনা রাজ হয়ে গেল। কুমার অর্জুন এখনও ফেরে নি। সে তীর্থ ঘুরছে। নবাবী খেলাত পেয়েছে। এবার পিতৃশ্বণ শোধ করে পিতৃপ্রসাদ দেবতার প্রদাদ নিয়ে ফিরবে। কুমার ফিরলে আমি তাকে নিয়ে চন্দনগড়ে যাব। সে গদীতে বসবে। তার আগে আমি তাকে দেব মায়ের আশীয়। এই কক্সা—মুচেত সিং-এর কন্সা াহঙ্গনকে তার হাতে দিয়ে আশীষ করব। রাজার শাদি গার অভিষেক একসঙ্গে হবে। সকলে সমন্বরে জয়ধ্বনি দিয়ে উঠেছিল। রানীমাতাজী আবার

সকলে সমন্বরে জয়ধ্বনি দিয়ে উঠেছিল। রানীমাতাজী আবার বলেছিলেন, এধানকার পাইকরা চন্দনগড়ে বসতের জমি পাবে। পাইকান ক্ষেত্ত পাবে। এখানেও থাকবে তারা। ছত্রিশ জাতিয়া জঙ্গলগড়ে রাজা-বাহাত্বরের অবসর ষাপনের ঠাই হবে।

আবার জয়ধ্বনি উঠেছিল। ধক্ত ধক্ত করেছিল আবাল-বৃদ্ধ-বনিতা। শুধু নিজেপের অজ্ঞাতদারে দীর্ঘনিশ্বাস ফেলে চলে গিয়েছিল ছত্রিশ জাতিয়া বেদিয়ারা। আর পাধর হয়ে গিয়েছিল ঝুমঝুমি।

দরবার ভেক্সে গেলেও সে বদেছিল। ক্রন্ত্রিণী তার গায়ে হাত দিয়ে ডেকেছিলেন, ঝুমঝুমি!

উঠেছিল দে নীরবেই, সঙ্গে চলেছিলও নীরবে। রুক্সিণী বলেছিলেন, ভুই যেমন আছিদ তেমনি থাকবি বুমক্মি। দে ভোকে ভালবাদে।

<u>-- 제 1</u>

[—]हमा ७३।

म প्रम करबिष्टिल, वार्जून?

—हैं। ভाলবামে कि ना जुड़े दन्।

—হাঁ মা। তারপর চুপ হয়ে গিয়েছিল। তার অন্তরের কথা কল্পিনীর বুঝাতে কষ্ট হয় নি। তাঁর কাছে তো ছর্বোধ্য নয়। কিন্তু কি করবেন? একটি মান্তুষী সারাজীবন এক হয়ে থাকা সে কোথায়? ছত্রি রাজা। রাম কোথায়? সীতা এখনও আছে। হায় শ্বনী সীতা।

ঝুমঝুমি নীরবেই গিয়ে বদেছিল মন্দিরে আরভির সময়। মধ্যে মধ্যে চোখ মুছছিল। ক্রন্থিণী লক্ষ্য রেখেছিলেন তার উপর। আরভি শেষ হতে কিষণজীকে প্রণাম করে তাঁদের প্রণাম করে তাঁর নির্দিষ্ট ঘরে ফিরে গিয়েছিলেন।

শরদিন সকালে ঝুমঝুমিকে খুঁজে কেউ পায় নি। ভার বেশস্থা সব পড়েছিল। কিন্তু তাকে পাওয়া বায় নি। খোঁজ অনেক করেছিলেন রানীমাতাজী। কিন্তু কোন খোঁজ মেলে নি! রুক্মিণা কোন কথা বলেন নি। তিনি স্তব্ধ হয়ে গিয়েছিলেন।

করেকদিন পাইক মহলে কথা হয়েছিল। কথা বুঝতে কাকর বাকি থাকে নি। ভারা কেউ সমর্থন করতে পারে নি ঝুমঝুমিকে। ছত্রিশ জাতিয়া বেদিয়ারাও না।

তিন মাস পর। ফিরেছেন কুমার অর্জুন সিং। মনস্কামনা সিদ্ধ হয়েছে তার। বর্গীরা সন্ধি করেছে নবাবের সঙ্গে। উড়িয়া ছেড়ে দিয়েছিল নবাবের, কিন্তু চৌথ পেয়েছিল। মীর হবিব তাঁর স্বভাবমত এবার দল বদল করে অংবার হয়েছিলেন নবাবের চাকর। কিন্তু বর্গীরা তাঁকে ক্ষমা করে নি। জানোজী কটকের প্রান্তে ছাউনি ফেলে সুযোগ খুঁজছিলেন। অর্জুন তার সঙ্গে যোগ দিয়েছিল। একদিন জানোজী মীর হবিবকে নিমন্ত্রণ করে এনে হিসাব-নিকাশের কথা পেড়েছিলেন। তারপর বর্গীরা করেছিল আক্রমণ। মীর হবিব তাঁর দল নিয়ে লড়াই করে পারেন নি। মরতে তাঁকে হয়েছিল। কুমার অর্জুনের তলোয়ার আরও কয়ের জনের সঙ্গে বিদ্ধ হয়েছিল মীর হবিবের বুকে। তাতেই ভিজিয়ে নিয়েছিল সে তার কমাল।

ভার চল্লিশজন পাইক। ঘোড়ার উপর চড়ে ফিরছে। সঙ্গে আসছে এক ডুলি।

শব্দধিনির মধ্যে কোলাহলের মধ্যেও কথাটি প্রশ্নের স্থারে ধ্বনিত হল — ডুলি ?

ছত্তি রাজপুত! বীর! কোথা থেকে কোন বিমুশ্বাকে নিয়ে এসেছে। আশ্চর্য কি!

রানীমাতাজী সবিশ্বয়ে তাকিষেছিলেন দরবার মঞ্চে দাড়িয়ে। তাঁর পাশে রুক্মিণী। তিনিও বিশ্বিতা।

আর্জুন নেমে এসে প্রণাম করে রক্তাক্ত রুমালখানা নামিয়ে দিয়ে বললে, এই নাও মাতাজী, 'মীর হবিবের রক্ত।

গম্ভীরভাবে রত্নাদেবী বললেন, দীর্ঘজীবী হও। গোমার স্থানে চন্দনগড় দেশ মুখরিত হোক। কিন্তু ডুলিতে কে? কাকে নিয়ে এলে অজুন ? আমি যে হিঙ্গনের সঙ্গে গোমার বিবাহের দিন স্থিয় করেছি।

—সে তো হয় না রানীমাতাজী। আমি জীবনে একটি মেয়েকেই ভালবেসেছি। তাকেই জগন্ধথ সাক্ষী করে বিবাহ করেছি। ঝুমঝুমি নাম। প্রণাম কর।

সলজ্জিত বধুবেশিনী কৃষ্ণাঙ্গী কন্মা নেমে এসে প্রণতা হল।

—ঝুমঝুমি ?

- —হাঁন রানীমাতাজী। অসীম ওর সাহস। ভয়ডর নেই। আমার জক্তে
 পাগল হয়ে রাত্রে জঙ্গলগড় থেকে বেরিয়ে ভিক্ষা করতে করতে
 গিয়েছিল পুরী। সেখানেই ছিল। অসীম সাহসিনী ও। পুরী
 থেকে কটকে গিয়ে আমার কাছে গিয়েছিল। আমার বুকে পড়ে কী
 কারা! বল, ভূমি শুধু আমার, শুধু আমার। আমি তো তাই। আমি
 আর কারু হতে পারব না মাতাজী। আমি ওকে বিবাহ করেছি
 জগরাথের সামনে। তাঁকে সাক্ষী করে। ভাগ্যক্রমে শঙ্করীপুরের
 মায়ের গুরুকে সেখানে পেয়েছিলাম। তিনি বিবাহ দিয়েছেন। এই
 পাইকরা সাক্ষী। তিনি বললেন, তোমার মায়ের সঙ্গে তোমার বাবার
 বিবাহে আমি মন্ত্র পড়েছিলাম। তোমার বিবাহেও পড়ছি। বললেন,
 তোমার জাত বায় না আর্জুন।
- —কিন্তু চন্দনগড়ের ছত্রিরা প্রজারা ভো এ সহ্য করবে না!
- ∸ছবে না মাভাজী সহা করতে। চন্দনগড়ের গদীতে বসবে আমারঃ

বড় বহিনের ছেলে। রাজা মাধব সিংএর দৌহিত্র। হিঙ্গনকে তার হাতে দাও মা।

—ভাল। সেই বসবে। কিন্তু হিঙ্গন—। হাসলেন রানীমাভাজী। বললেন, আমারই ভূল। হিঙ্গনকে যে জগন্নাথের কাছে যেতেই হবে। আমি যে চন্দনগড় থেকে বেরুবার সময় তাঁর নাম করেই ওকে বলেভিলাম—চল্, তাঁর হাতে তোকে দিয়ে আসি। তাই হবে। রুপ্রিণী নেমে এসে কৃষ্ণাঙ্গী বেদিয়ার মেয়েকে বুকে টেনেই নিলেন না, সকলের সমক্ষে তার কপালে চূম্বন দিয়ে চোখ বুজলেন। তুটি জলের ধারা তাঁর চোখ থেকে নেমে এসে ঝরে পড়ল বধ্র মাথার উপর।

व प्रहुदा १

ভারতবর্ষের দক্ষিণ-পূর্ব উপকূলে পঞ্চপাশুবের পঞ্চ রথ এবং বিরাটকায় প্রস্তব হস্তী সমৃদ্ধ ভীর্থস্থল মহাবলীপুরম ও উত্তরে মান্দ্রাজের কাছাকাছি একটি স্থান। ১৮০৩ খ্রীষ্টাব্দ। মান্দ্রাজ তথন নামে মাত্র শহর, প্রকৃতপক্ষে করেকটি গ্রামের সমষ্টি। দক্ষিণ-পূর্ব দিকে—প্রায় সমুক্তভেটে একটি সুন্দর তপোবনের মত আশ্রম। সুন্দর সুগঠিত,—কি বলব, বাডি ? না, বাডি বলতে যা বোঝায় তা নয়, ভবে কৃটির ? না, তাও নয়। কৃটির বলতে যা বোঝায় তা থেকে অনেক সমুদ্ধ; এবং বাড়ি বলতে যা বোঝায় তা থেকে আয়তনে আকারে স্থান সঙ্কলানে অনেক ছোট। চারটি পাথরের থামের মাথায় পাথরের ছাদের ছয় হাত প্রস্ত বারো হাত দীর্ঘ একটি বারান্দা, তার কোলে এমনি আয়তনেরই এক-খানি ঘরকে তুখানি করে নেওয়া হয়েছে: একখানি ছোট, একখানি বড়। সামনে ঘন বৃক্ষবেষ্টনীর মধ্যে কয়েক কাঠা পরিমিত জমিতে পরিচ্ছন্ন একটি উত্থান। কিছু দূরেই নারিকেল তাল গাছের সুদীর্ঘ সারি, তারই কোলে মহাসমুত্রের বেলাভূমি। গাঢ় রুফাভ নীল সমুদ্র-जरक সामा रकना भाशाय निरय कनकरल्लान जूरन बाছरफ এरम পড়ছে। তরক্ষণীর্ষে রৌক্রস্কটা ঝিকমিক করছে। অবিরাম কল্লোলধনিতে মুখবিত।

বারান্দায় ঘরে সজ্জার উপকরণ স্বল্প কিন্তু সেগুলি বড় স্থানর ও পরিচ্ছর। ছোট ঘরখানির পাশেই অল্প একটু হয়তো বা দশ হাত পরিমিত স্থান ভফাতে আর একখানি ঘর। নারিকেল পাতায় আচ্ছাদিত একখানি মাটির ঘর। বেশ স্থাঠিত ও পরিচ্ছর। সামনে ছটি হাইপুষ্ট ধবলাঙ্গী গাভী রোমন্থন করছে।

একটি আশ্রম, সত্যই একটি আশ্রম। নির্জন পরিবেষ্টনীর মধ্যে এমন
মনোরম পরিচ্ছন্ন স্বল্লায়তন গৃহকে আশ্রম ছাড়া কিছু বলাও যান্ত না।
আজ কিন্তু স্থানটি নির্জন নয়। বারান্দায় এবং বারান্দার সামনে
উত্তানের মধ্যে বহু জনের ভিড়। উত্তেজিত অথচ চাপা কোলাহল
কোন অতিকায় মধুচক্রের উত্তেজনা-চঞ্চল মধুমক্ষিকার গুজন-ধ্বনির মত
ধ্বনিত হচ্ছে। প্রতিটি লোকই মুখর—চাপা গলায় প্রত্যেকে কথা
বলছেন। স্বর অমুচ্চ কিন্তু সুরে উত্তেজনা রয়েছে—উত্তপ্ত বায়ুস্পর্শের

মত স্পষ্ট। কিন্তু একটি কথা বা শব্দও বোঝা যায় না—বহু জনের উচ্চারিত কথায় কথায় জড়িয়ে সব তুর্বোধ্য হয়ে পড়েছে এবং অদূরবর্তী সমুত্রকল্লোলের ধ্বনি তার উপর একটি আবরণ টেনে দিয়ে তাকে আরও অস্পষ্ট করে তুলেছে। শুধু মনে হচ্ছে—একটি হায় হায় হায় হায় আক্ষেপ সব কিছুর মধ্যে। উদাস সমুত্রের একটানা ধ্বনির মধ্যেও এবং এই কথাবার্তার চাপা কঠন্বরের মধ্যেও।

জনতার পিছন দিকে দূরে আশ্রম প্রবেশ পথের বাঁদিকে যে দিকে ঐ গাভী ছটি বাঁধা ছিল—সেই দিকে বিষয়তায় যেন আছের হয়ে মান মুখে দাঁড়িয়ে ছিল শৃত্রকন্তা লল্পা। মনে হচ্ছিল যেন রৌজভাপক্লিষ্ট একটি শ্র্যানলতা। রৌজমান পাভার মত তার সারা অঙ্গপ্রত্যঙ্গে ক্লিষ্টতার চিহ্ন। নির্বাক হয়ে সে শুনবার চেষ্টা করছিল, কে—কি বলছে! এসেছে বহুজন। ত্রাহ্মণ শৃত্র—সকলেই কিন্তু প্রতিষ্ঠাবান এবং বিদক্ষজন। কারও প্রতিষ্ঠা বেশী, কারও কম। বৈদক্ষোও তাই। যার যেমন বেশী প্রতিষ্ঠা সেই তেমন আগে দাঁড়িয়েছে স্বাভাবিক—ভাবে। লল্পা দাঁড়িয়ে আছে একা—সকলের পিছনে। সেই শুধু নির্বাক—শুধু শুনছে।

আরও একজন নির্বাক। অর্থশায়িত অব্স্থায় নির্বাক হয়ে শুয়ে আছেন—দক্ষিণের বিখ্যাত সঙ্গীতজ্ঞ স্থকণ্ঠ গায়ক বীণকার রক্ষনাথন,—বৈষ্ণব সঙ্গীতাচার্য রক্ষনাথন। তিনিও নির্বাক হয়ে শুনছেন। তাঁর কপালে আঘাত-ক্ষতকে আবৃত করে বেশ পুক কাপডের আবরণী বাঁধা, মুখ চোখ ফুলেছে একট। তিনিও ক্লিষ্ট। ভিনি আহত। তাই এত লোকের সমাগম। মহাগুণী আচার্য রঙ্গনাথন। স্থারের যাত্তকর। কণ্ঠস্বর বংশীধ্বনির মত। শুধু তাই নয়, নিজেই ভিনি গীত রচনা করেন—নিজেই স্থরারোপ করে বীণা বাজিয়ে গেয়ে বেড়ান। বড় বড় মন্দিরের প্রাঙ্গণে গিয়ে প্রথম তাঁর নৃতন গান দেবভাকে শুনিয়ে আসেন ; ভারপর রাজার ধনীর নিমন্ত্রণ গ্রহণ করেন। মন্দিরের পুরোহিভেরা তাঁর নৃতন গানের সংবাদ পেলেই তাঁকে নিমন্ত্রণ পাঠান; ভিনি পত্রখানি মাথায় ধরে বলেন—শিরোধার্য—গিয়ে বলো, ষথা সময়ে উপস্থিত হব। মন্দির-প্রাঙ্গণে আসর পড়ে, দীপাধারে উচ্জল আলো জালা হয়—তৈলদীপ, বৰ্তিকা, স্থগন্ধি ধৃপশলাকা জলে। চারিপাশে হাজার হাজার।শ্রোভা সমবেত হয়। নিয়মানুষায়ী শুরেরা অচ্ছতেরা দুরে দাড়িয়ে শোনে। তাঁর বীণা ঝন্ধার দেওয়া মাত্রেই

কালও লল্লা ছিল—বাইরে যে সব শ্রোতা দাঁড়িয়ে শুনেছিল তাদের প্রথম সারিতে। কালও একটি দীপাধারের আলো তার মুখের উপর পড়েছিল। সে তাঁকে শ্রদ্ধা করে—গভীর শ্রদ্ধা; সেচা সে তাঁকে প্রতি বার নিবেদন-কালে জানাতে চায়; তাই সে এমন করে দাঁড়ায় প্রতি বার। কালও তার দীর্ঘ অক্ষিপল্পবস্তুলি ভিজে ছিল। তিনি তাঁর মুখের দিকে তাকিয়ে ছিলেন। কাল তার সঙ্গে কথা বলবার তার ইন্ডা ছিল। কিন্তু কন্যাকুমারীর একদল যাত্রী এসেছিল পাধ সারথি ও কপালীশ্বর দর্শনে। তাঁদের এক প্রোচ়া কুমারী সন্নাসিনা তাঁকে এসে অভিনন্দিত করতে গিয়ে তাঁর বিলম্ব করে দিয়েছিল—সেই সময় সে চাল গায়েছিল। আজ সে এসেছিল তাঁকে অজ্ঞান আভতায়ীরা মানাত করে আহ তকরেছে শুনে। ছুটে এসেছিল। এসে দ্রে গামেনাত করে আহ তকরেছে শুনে। ছুটে এসেছিল। এসে দ্রে গামেনাত করে আহ তকরেছে শুনে। ছুটে এসেছিল। এসে দ্রে গামেনাত করে বিলেছ করিছেল। তাল ছল করছিল। তানি দেখেছেন। ঠোট ছুটিও কাপছিল নিশ্চয়। শায় কোমল-প্রকৃতি ভাজিমতী মেয়েটি কথা কইবার স্থাবাগ পেলে বোধ হয় শুধ্ প্রভূ' এই কথাটি উচ্চারণ সরেই ক্লরবাক হয়ে যেত। চোখের কোণ হটি থেকে কঞ্লর ছুটি ধারা গাছিয়ে পড়ত। ঠোট ছুটি কেপে উঠত প্রবান কম্প্রান। তাকে এর ধ্বেছে শ্বরদের চর।

কিন্তু তারা কি শবর ? শবরই যদি হয় কেন তাকে তারা আঘাত করলে ?

কিনি তে। তাদের ভালবেদেই ওই পরম সতাকে প্রকাশ করেছিলেন তাঁর

সমস্ত জীবনাবেগ দিয়ে। তারা তো এর পূর্ব পর্যন্ত তাঁকে গভীব
ভালবাসা দিয়ে অভিষিক্ত করেছে। এদের বালক বালিকা যুবক প্রোচ

যে মুগ্ধ দৃষ্টিতে, প্রাশংসা-প্রসন্ন হাসিতে তাঁর যে আরতি করেছে তা লো

কামাণ শৈব ধনী বিদ্বানেরা করে নি। তারা দিয়েছে প্রসাদ, এরা

করেছে পূজা। তবে ? তা ছাড়া—। গন্ধের কথা এ রা তুলেছিলেন।

কথাটা খুব যুক্তিসঙ্গত। গাত্রগন্ধ একটা আছে। সেটা ছলবেশে ঢাকা
পড়ে না। গাত্রগন্ধ একটা পেয়েছিলেন। সেটা কি শবরদের ?

না। ভবে ? শৈবদের ?

তারাই বা এতটা কিন্তু হবেন কেন ? হতে পারে। ধর্মের আবেগ—
প্রবলতন আবেগ। স্বর্গলোক থেকে পৃথিবীর বৃকে যে বেগের প্রচণ্ডতা
নিয়ে গঙ্গা ঝরে পড়েছিলেন, যে বেগের মুখে এরাবত ভেমে গিয়েছিল,
ভার থেকেও এ আবেগের বেগ প্রচণ্ডতা—প্রবাতর, প্রচণ্ডতর।
কর্মার ক্রিকিন্তান ক্রেলেন ক্রিন্তিন ক্রিকেব্রু ক্রিকেব্রু ক্রিন্তিন ক্রিকেব্রু ক্রিক্রিয়ার ক্রেক্রের ক্রিন্তিন ক্রিকেব্রু ক্রিক্রিয়ার ক্রেক্রের ক্রিন্তিন ক্রিকেব্রু ক্রিক্রিয়ার ক্রেক্রের ক্রিন্তিন ক্রিকেব্রু ক্রিক্রিয়ার ক্রেক্রের ক্রিক্রিয়ার ক্রিকেব্রু ক্রিক্রিয়ার ক্রেক্রের ক্রিক্রিয়ার ক্রেক্রের ক্রিক্রিয়ার ক্রিক্রিয়ার ক্রেক্রিয়ার ক্রিক্রিয়ার ক্রিক্রিয়ার ক্রেক্রিয়ার ক্রিক্রিয়ার ক্রিক্রের ক্রেক্রিয়ার ক্রিক্রিয়ার ক্রিক্রিয়ার ক্রিক্রিয়ার ক্রিক্রিয়ার ক্রিক্রের ক্রিক্রিয়ার ক্রিক্রের ক্রিক্রিয়ার ক্রিক্রেয়ার ক্রিক্রিয়ার ক্রিক্রিয়ার ক্রিক্রেয়ার ক্রিক্রেয়ার ক্রিক্রেয়ার ক্রিক্রিয়ার ক্রিক্রিয়ার ক্রিক্রেয়ার ক্রিক্রেয়ার ক্রিক্রিয়ার ক্রিক্রেয়ার ক্রিয়ার ক্রিক্রেয়ার ক্রিক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিক্রেয়ার ক্রিয়ার ক্রেয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক

একটা গভীর দীর্ঘনিশ্বাস ফেনলেন জিনি। কি করবেন জিন ? তিনি তো দ্বন্দ্ব কলহ হিংসা[:] চান নি। উত্তেদ করতে চেয়েছেন। তবে এমন কেন হ'ল।

⁻⁻অচার্য রক্ষনাথন রয়েছে ?

চঠমর শুনে চমকে উচলেন রঙ্গনাথন। যোশেফের কণ্ঠমর। যোশেফ—

--- আচার্য ---

নিজেকে সংযত করে নিয়ে তিনি উত্তর দিলেন—্যোশেফ, এস এদ। যোশেফ এসে চুকল। চোখে তার প্রথার দৃষ্টি, পদক্ষেপ যেন যুদ্ধকামীর মত উত্তত এবং অপ্রয়োজনে দীর্ঘ ও সবল।

—তোমাকে কারা আঘাত করেছে শুনলাম রাবির অন্ধকারে ?

৭কট্ তেসে রঙ্গনাথন বনলেন—ইটা। মাথায়ে আবাত করে তারা জ্রুত্ব
পদে চনে গেল। সঙ্গের সঙ্গীরা সংখ্যায় তাদের গেকে বেশী ছিল

এবং কাডেই ছিল। নইলে হয়তো—

- —আমি তুঃখিক অ,চার্য। কিন্তু তার থেকেও বড় তুঃখে ক্রুর যে তু^ন্ন আমাদের সন্দেহ করছ।
- —আমি করি নি যোশেফ, ারেছেন অপর সকলে। ভূমি মাদ্রাভে । শ্রেষ্ঠী গোপালনের দোঝানে—
- —হা। হা।, বলেছিলাম। মনে আঘাত লেগেছিল আমার।
- —একটা প্রশ্ন করব ভোমাকে ?
- —মেরেছি কি না ? খাচার্য, আমি মারলে এইটুকু আবাত দিতাম ন ।
 উচ্চ বর্ণের হিন্দু, িশেষ করে আবার যারা তারা দেহের শক্তিতে ত² ভীরু, কিন্তু কুটিল এবং মারাত্মক তাদের বিষ । সাপের মত । এদের মারাখানে পা দিয়ে ভেড়ে দেওয়ায় বিপদ আছে । আমি একবারে মেরে ফেলতাম ।
- —তা আমি প্রশ্ন করি নি।
- —ও, তবে কুশ্চান হয়েছি বলে জিজ্ঞাদা করছ ? শেন আচার্য, কশ্চান হয়েও শবর ছিলাম এটা ভুলভে পারে না।
- —ভাও নয় ভাই। আমার প্রশ্ন আমি ছো তোমাদের ভালবাসি 'বং দেই কথাই তো বলেছি। ভবে কেন তঃথ পেলে ভোমরা ?
- —কেন **†**
- এ প্রশ্নে স্তব্ধ হয়ে যোশেফ তাঁর মুখের দিকে তাকিয়ে রইল। বে' ২২য় ভেবে নিলে। তারপর বললে—কথাটা তোমার সত্য। এতটা ভাবিনি। তবে এটা সন্য বঙ্গনাথন, গান শুনে রাগ হয় আমাদের। সঙ্গে সঙ্গে এও বলি, আঘাত আমরা করি নি। এটা বিশ্বাস করো।
 - --বিশ্বাস করলাম যোশেফ।

— আমার ভাগের লল্লা এদেগিল গ তাকে এখানে শ্রীনিবাস চোকিদার দিয়ে পাকড়াতে চেয়েছিল আমাদের গুপুচর বলে গ

— - হঁটা। আমি প্রতিবাদ করে ছিলাম যোশেষ। িন্তু তারা শোনে নি।

— কাও শুনেছি। কিন্তু সে তোমার ভক্ত। ভাক্তি করে। তোমার গানি সে আমাদের সকলের চেয়ে ভালবাসে। তাই সে এসেছিল বোধ কয়। গুপুচর আমাদের পর করে দিয়ে গোছে। তাকে ভক্তি করে। লয়ে গোছে। মন্দির ঝাঁট দিয়ে খেতে বলেছে। সে ভিক্তি। শবরদের চেয়েও অধম। গুপুচর হলে শৈবদের — আমাদের নয়।

একট্ট তিক্ত হেসে বন লে—চর সে কাকরট ন্য রঙ্গনালন—সে তোমার উচ্ছিষ্ট-সন্ধানী লোভী করুৱী।

---য়েশেক ৷

বক্সনাথনের কণ্ঠস্বর উচ্চ হয়ে উঠল এবাব।

গেদে যোশেক বললে— সেদিন বালুবেলায় তে নানে আনাপ আমাদের কেট কেউ দেখেলে স্থানছে। তির ক'ছে তুমি বছ ভাল —বড় ভ'ল বক্ষমথেন। তুমি ভাব মাথায় হাত দিয়ে আশীর্নিদ করেছে নে তোমার পায়ে হাত দিয়েরে, তার কিছু অজানা নেই আমাদের দে যদি আমাদের হ'ত, তা হলে তোমার কাছে এর জহা কৈফিয়ত চাইতাম। কিন্তু সে ভিক্ষক। আমাদের সে কেউ নয়। আচার্য রক্ষনাথন তোমাকে আঘাতকারী যাল কেউ লল্লার প্রতি সুব্ধ ব্যক্তি হয়, তবে তাও আশ্চর্য কার কার জান আমার গান শুনতে শুনতে সে থেন মোহগ্রান্ত হয়, এলিয়ে পড়ে। সে হয় গো তুমি জান না, কিন্তু আমার জানি। শবরদের যারা পালা গ'ন শুনতে যায় তারা বলেছে আমাকে। সে দিনই বলেছে, এই কথা প্রসঙ্গে।

বঙ্গনাথন কেমন সন্ধৃতিত হয়ে গেশেন। বিক্ষাবিত দৃষ্টিতে তার দিকে তাকিয়ে রইলেন। যোশেফ বললে— তুমি আবাত পেরেছ, তার জন্মে আমি তুংগিত। খামি আঘাত করলে ভোমাকে হত্যা করতাম। ক্যাটি আমাদের কেউ নয়। আহা, চললাম।

চলে গেল সে। রঙ্গনাথন দাড়িয়ে রইলেন স্তপ্তিতের মত। সামনের সমস্ত কিছু যেন অর্থহান হয়ে গেছে। গুর্বোধা। একটা এলোমেলো বিশৃষ্থল—সব যেন ফাঁকা হয়ে যাতে। চিত্তলোক অন্ধকার। কানে কিছু শুন্তেন না। বৃক্তেই একটা কিসের আঘাত চলেছে। অমুভবে ব্রছেন।

ত :বদরাজ স্বানী! ক্ষমা কর। ক্ষমা কর প্রভূ।

সক্ষাৎ কটি যন্ত্রণা–কাতর মুচ গান্নাদ তাঁর কানে এসে চুকে স্থাকে
স্চেত্রন এবং ঈষ্ণ চকিত করে তুলালে।

উ.! উঃ! উঃমা!

ক ? কে ? কোথায় ?

₹:-9-0

এ তো সেই লল্লা! কিন্তু—

দক লক্ষ্য করে রক্ষনাথন গোশালার দিকে তাকালেন। গোশালাব ১লান পাশেই বিচালির তপ। গোয়াল মর্থাং, এলো খড় স্কু:পর নত করে রাখা রয়েছে। দেউবে মাথা নড়ছে। শব্দ ওখান পেকেই গান্ধাটা। তারালের পিছন দিকেই বন বৃক্ষবেষ্টনী। সেই দিক থেকে গায়াল ঠেলে উঠে দাঁড়াল লক্ষা। মাথার কক্ষ চুলে মুখে খড়ের ক্লি লেগেছে কিন্তু সেদিকে তাব লক্ষ্য তিল না— একটা যন্ত্রণায় তাব গাখ বিকৃত হয়ে উঠেছে। দাঁড়িয়ে সে যেন এই যন্ত্রণার মধ্যেও লজ্জা— গাংহ চ্পাণপথে নিজেকে সামলাতে চেষ্টা করছে।

- -- कि र'ा ! नहां! नहां!
 - ৪৯, কিসে আমাকে কামড়েছে প্রাস্থূ!
- —কোথায় কামড়েছে ^१ কোন জায়গায় ?
- --পিছন দিকে। ঠিক ঘাড়ের নীচে। চুলের সংখ্য চাক পড়েছে।
- (मिश्र (मिश्र ।

লজ্জায় সে যেন মাটির সঙ্গে মিশে গেল, বললে—না প্রভু, গামি যাই সমুদ্রের জলে গিয়ে ডুব দিই। তাতে সেটা ছেড়ে দেবে।

- —না, দেখি। তোমার লজ্জার এতে কারণ নেই।
 - -আমি শ্বরী।
- লা, তুমি মান্ত্রয়। অবাধ্য হতে নেই। বস পিছন ফিরে।
 বলতে বলতেই তিনি নিজেই তার পিছনে গিয়ে দাঙানোন। সেভ অবাধ্য হ'ল না, বসল। রঙ্গনাথন সন্তর্পণে তার অ্যন্ত-বদ্ধ, কক্ষ-পেয়ালের ধূলায় ধূসর চূলের ধোঝায় হাত দিলেন। ল্লা বললে-দেখবেন প্রভু, আপনাকেও হয়তো কামড়াবে।

রঞ্জনাথন সন্তর্গণে চুদের বোঝা ওল্টাতে ওল্টাতে বললেন— ওখাে. চুকলে কেন গ

—ভয়ে এছ। ঘবে যথন শবরদের কথা বলহিলেন শ্রেষ্ঠী গোপালন ভখন বাইরে কয়েক জনকে আমার দিকে আঙ্ল দেখাছিল। আছ ভযে ওই পোয়ালের পিছন দিকে গিয়ে লুকিয়েছিল।ম। তে ব আমার নাম করাত ভয়ে ওই পোয়ালের ভিতর—

রঙ্গ নাথন কেনেন—এ কি! এ যে—! এঃ লক্ত বের করেছে কামতে। বিষা ও ল শচক জাতীয় কীট। কর্কটের মাত ছটে। দাভায় তার পিকে মাংস কেটে কামড়ে ধরেছে এবং হুল দিয়ে দংশন করেছে। দাভায় কাটা ক্ষত থেকে রক্তের একটি ধারা গভিয়ে এসেছে। তখনও ছাডে কাটা ক্ষত থেকে রক্তের একটি ধারা গভিয়ে এসেছে। তখনও ছাডে কাটি কির অক্তেশ হয়েছে কীটটার। রঙ্গনাথন মৃত্যুত চিন্তা করে তার পুক উত্তরায়ের ভাজে কীটটাকে সন্তর্পণে দৃঢ় ছটি আঙ্লে চেপেধরে সভাবে কেনে নিলেন। লল্লা যন্ত্রনায় চীকার করে উঠল। উ: কিন্তু অর্ধপথেই নিজেকে যংযত করে হুল্ক হ'ল। হাতে টিপেই সেটাকে মেরে ফেলে দিয়ে রঙ্গনাথন বললেন—লল্লা, এ বিষা ও ছোট বৃশ্চিক তুমি কি যন্ত্রণার সঙ্গে অবসরতা বোধ করছ গ

- <u>—হাঁ। প্রভূ।</u>
- —তোমাকে বিশ্রাম করতে হবে। আমার কাছে ওরুণ লাহে, লাগিন দেব। ওঠ। উঠতে পারতে ?
- —আমায় কোন গাছতলায় শুইয়ে দিন প্রভূ।
- --ना। शत्र रिखाःम कत्रतः।
- -- 71 1

আর্ডম্বরে দে বলে উঠল।

- --- ना नग्र। एक ।
- —তা হলে ওই গোশালায়—
- —না। না। ওঠ। একি তুমি যে কাঁপ৬!
- —বড় যন্ত্রণা হচ্চে। আর—

মৃথ ঠে । বিদ শু করে গেছে, চোখ তুটির পাতা চলে আনছে। দাডিয়ে ভেঙে পড়ছে। রক্ষনাথন তাকে তুই হাত প্রসারিত করে, হাতের উপব শুইয়ে ঘরে নিয়ে গিয়ে শুইয়ে দিলেন। বিড় বিড করে প্রতিবাদগ্র করলে লল্লা, কিন্তু কণ্ঠম্বর জিহ্বা যেন জড়িয়ে যাড়ে। রক্ষনাথন ভার মুখে খানিকটা জল দিলেন খাবার জন্য। মুখ ধুইয়ে দিলেন। মাধাটা বে, ঘানোর প্রয়োজন। পিছনের বারান্দায় নিয়ে গিয়ে প্রচুর জল করলেন মাথায়। আরও থানিকটা ভজল গাওয়ালেন। এনে একট্ট মস হয়ে চোথ মেলকে চেষ্টা করলে ললা। বঙ্গনাথন বননেন—চুপ সেবে শুয়ে থাক। অনি বাইরে পেকে একটা শিক্ত ভুলে আন। গাওয়ালেই এবং ওইখানে ঘ্যে লাগালেই অনেকটা সেরে যাবে। কিন্তু কথা শুনো, টঠনা ভূমি।

েরে এসে নিজের বাগন খুঁজে শিকড ওষ্ব তুলে এনে গোলমরিচ মশিরে বেটে খা নিকটা খাল্যে দিলেন, ক্ষেক মুহূর্ল করেই নালা যন্ত্রণা ঘনক্ষেব আইমে লা উঠল, আং! দক্ষে সঙ্গে কাল্যানি বাডিয়ে ক্রেম খুঁজলে।

रक्षनाथान कि कि भी कवत न- के कि श्रृं कि भ

श्लात हत्राव श्ला ब+्रे-

A1 1

প্রজ্যাদের। তাতে আমার মনোলক হয়ে। এবর ছিবাললে লাভাল এল তিনি কাজের । তালনা

मात्र के हैं। इ.स. काद महा ना के वीकार पर्न वर नार-व इ स्टेंग्स्ट इ.स.च. १८०० मा अपन वर्षा

- अधिहरू बन्नाद्व न दूर-

––চুপ কর।

ভংবন্তিও দৃষ্টিলে তিনে জানা বি দিকে তা করেছিলনে উল গিছে জানাল য দি, ডানেল। বৃক্ষবৈষ্ট্রনান একটি কাঁক দিয়ে দেইছা নাল বি দিকে তানে আন্সবাব যে পথটা তার আশ্রমের স্বমুগ দিয়ে চলে গেছে, দটপথে দূরে, জন দট দওগর বিশেষলো মান্দ্র জের দিরি ক্লেরে করারদের পোনাক যে নেন্যালার পোনাক। মান্দ্র জের দিরি ক্লেরে ক তোয়ালা ! কোথায় যাবে গ এখানে নয় তো গ য দ হয়। হওয়া খুবই সন্তব! হঠাই তার মাখাটা ঘুরল যেন আপণা-আপ ন। লল্লা অবদান বাতার মত পড়ে আছে। বোধ হয় ঘুন আদ্রহে। বিষ এবং ওমুল হয়ের ক্রিয়াতেই এখন ও আন লের মত পড়ে থাকরে কয়েক প্রাহর বি তার লেলাকে খুঁজেছিল। শ্রানবাসন প্রাণতা করে গেছেন, এর প্রতিকার সে করবেই। লল্লাকে যদি ধবে! মুহূর্তে কতব্য স্থির করে ফেললেন ক্লেনাখন। পাশের ছোট ঘরটির দরজা গলে ফেললেন। ঘরটিকে আবার ত্থানি ঘর। একথানি ভ্রোর

তার ওপাশে: খানি প্জোব। প্জোর ঘরে স্থলর একখানি সিংহাসনে বরদরাজ স্বামীর অনুকৃতি, তাঁর পাশে লক্ষ্মী, আর একটি আসনে পিত্তবে নটরাজমূতি। নানান ধরনেন স্থাভালন সামুদ্রিক শন্ধা, কণ্ডি বিশ্বক লিয়ে দাজানো। ফুল বিছানো। এই ঘরে, দেবতার সামনে মেবের উপর লল্লার অসাভ নমনীয় দেহখানি বয়ে নিয়ে গিয়ে শুইয়ে দিলেন। মানা বললেন, ওর অপরাধ িছে নেই প্রভূ। ফ্রি

ভাড়াতাড়ি বেরিয়ে এসে দরজা বন্ধ করে তালা বন্ধ করে দিলেন। ভারপর ভাতা হার থেকে এ বরে এসে, দরজা বন্ধ করে আপন আসনে শসলেন।

নাথ র ক্ষতে এইক্ষণ যেন যন্ত্রণা বোধ করছেন। ক্লান্তিও বোধ হচেত। এবটা দীর্ঘনিশাস ফেলে মনে ননে বললেন, তে বরদরাজ! ও বৈক্তিতার!

অশ্বপদশন্ধ যেন আশ্রমের বাইরেই থামল। রঙ্গনাথন ব্রালেন, তার অমুমান িথ্যা হয় নি। যারা আসছিল তারা এখানেই এসেছে। কণ্ঠস্বরও শুনলেন প্রমূহুটে—অ।চার্য রঙ্গনাথন!

- আস্থন।

ভিতরে এলেন কো • য়ালীর কর্মচারী। অভিবাদন করে দাড়ালেন। রঙ্গনাথন উঠে বাইরে এলেন—বলুন।

- —মাননীয় শ্রীনিবাসন আমাদের পাঠালেন। বললেন, আচার্যের আশ্রম পাহারা দিতে হবে। সারা শহরে নানান গুরুব রটেচে বলড়ে, আচার্যের আশ্রম যে কোন মুহুর্তে আক্রান্ত হতে পারে।
- —দে কি! কে আক্রমণ করবে? এবং কেনট বা করবে?
- —যার। আক্রনণ করেছিল, এবং যে কারণে করেছিল ভারাই করবে, সেই কারণেই করবে।

রঙ্গনাথন বিভ্রত হয়ে উঠলেন এবং ভিক্তও হলেন—না না না। ধারণা ভ্রান্ত। এ হতে পারে না.। আপনারা যান।

- আমরা আদেশের দাস। স্থানভ্যাগের ভো আদেশ নেই।
- —বেশ, আমি স্থানত্যাগ করছি।
- —তাহলে, প্রভূ, আমরা একজন গাপনার সহপামী হব, একজন এখানে আপনার গৃহ বক্ষার জন্ম থাকব।

স্তম্ভিত হয়ে গেলেন রক্স গন। সারা চিত্ত বিজোহী হয়ে বলে উল্ল, এ কী অভ্যাচার!

কর্মচারীটি বললে— শুনু তাই নয় আচার্য, মাননীয খ্রীনিবাসন কর দিয়েছেন যে আপনি যেন এখন তাঁকে ন' জানিয়ে কে'থায়ও গান কর ক যাবেন না।

—কাঞ্জীভরম এবং মহ বলীপুরম তাঞ্জোরে সব স্থান এফ ও কে স্প ন র অধিকারের বাইরে। সেখানে নিশ্চর এ আদেশ লেবৎ নর ।

—তা নয়। কিন্তু মাদ্রাজের এলাকা পর্যন্ত সম্বা সক্ষেপ কর ত'র ব অস সীম ন'য় পা দিলেই অ'মরা ফিরে চলে অ সব। এটার্য, জানে না আমনা শুনে মাদ্রতি শহরে উত্তেজনা প্রান্ত। পাদবারা উত্তেজক হয়েছে তাদের উপর দোষারে।প করা হয়েছে বলে হিন্দুদের ও শেব যারা তারা উত্তেজিত হয়েছে, ত'দের সন্দেহ করা হয়েছে বলে। মাপনার গুণমুগ্রেরা অত্যন্ত ক্ষুদ্ধ আপনার উপন আক্রমণের জন্ত। গেদকে প্রভু শ্রীনিবাসন কে,ম্পানীর বড সাহেশের সঙ্কে দে। রেছিলেন, তি'ন আদেশ দিয়েছেন আক্রমণকারীদের সন্ধান করা চঙা সাবা শহরে লোক বেরিয়েছে, খুঁজছে কোথায় গেল সেই স্ব ভিখারিনী।

অসহায় অথচ 'হক্ত কঠে রঙ্গনাথন বললেন—হার জন্ম আমানেছ গ্রহবন্দীর মহ আপনাদের াহরাধীনে বাস কংছে হবে ?

— না না । অমেরা খাপনার আজ্ঞাবান। আপনাকে ককা করন : জন্মই এদেছি। আপনার মঙ্গলের জন্ম।

— আমি অতাক্ত বিব্রত বোধ করছি। আমি মনে করি আমার লা কেউনেই। আমি কাকর শক্র নই। রক্ষা আমাকে করেন ০০০ করতে পারেন একমাত্র আমার দেবতা আমার প্রভু শ্রীবরদরাজ।

কিসের যেন শব্দ উদ্দে না ? রঙ্গনাথন কথা বলতে বলতেও উল্লে হয়ে আছেন। প্রায় চেতনাহীন হয়ে পড়ে আছে লল্লা। তার তো নিজের উপর কোন সংযম নেই, সে তো জানে না এদের উপস্থিত্ব কলা।

কোতোয়ালীর কর্মচারী বললে—আচার্য জানেন না এমন কথা এনেক আছে।

দৃঢ় কঠে উষ্ণ হয়েই বললেন বঙ্গনাথন—সব কথা কেউ জানে না ভাত। ভাল, এখন আমার অনুবোধ—আপনারা কোন বৃক্ষভলে ছায়াভে বিশ্রাম ককন। আমার পৃজার সময় হয়েছে। থামি পূজা করব: এ সময়—

— নিশ্চয়। নিশ্চয়। তাই আমধা যাচিছ।
ভারা বারান্দা থেকে নেমে গিয়ে ছায়াঘন একটি তভামগুপের ভলদেং গিয়ে বসল।

রক্ষনাথন ছে'ট ঘরটির প্রথম দরজা খুলে ভাগুরে ঘরে প্রবেশ করলেন। স্থাবপৰ চুকলেন পূজার ঘরে। অসম্বৃত্বাসা লল্লা লুনিয়ে পড়ে আছে লাশার মত। মুখে এখনও বস্ত্রণার ছাপ বয়েছে। ভার একখানি ছাত গিয়ে প**েছে পুজেপেকরণগুলির উপর। ছেটে** একটি ধুশাধারে ধৃপশলাকা পুড়ছিল—দৈটি পড়ে গেছে। হাতথানির চাপে ধৃপশলাকা নিলে গেছে। শক্টি সম্ভবত এই জক্ত হসেছে। মৃত্ কাতর শক কেটি মধ্যে বেরিয়ে খাসছে খাস-প্রশ্ন সের সঙ্গে । রঙ্গনাগন बाषी (पर्वात । नाष्टी ए त-किह धानका न्तांत भार निक्र नय । এনটু তথ দিলে 'বাধ হয় ট'ক ব হ'ত। ে'গোৰ ত্থ থাছে। পুজ'তে তাঁর ২ ্রা ন০। হল্ল বিভুফু - চন্দ্র-দী আর গুং क्रिंश धरः । रत्न । रामनी । (छार्द्ध पृक्क अध्य (भर्ष) দ্বিপ্রবের পূজার সমগ্রা সাজিয়ে তারণ, জিনি সহস্তুতি-জ্ঞাপন-ক'রীদেব সঙ্গে দে। বরেছেন। এখন ছিপাহবের পূজা বেমন - রে কববেন ? ভোগ না দিয়েই বা ত্থ কেমন করে াওয়াকে লল্লা গাঁ করছে—জল চাইছে। চোখ মেলেও চাইলে একবার। চোথ বত্ত-বর্ণ হয়ে উঠেছে। চোখের ভারা এটি যেন স্বক্ত। তিনি মৃত্ স্ববে ডাকালেন—লল্লা। लला जाए। फिल्म ना। আবার হাঁ করলে।

রক্ষ থেন দেব গ্রার চরণোদক নিলেন কুশীতে, তারপর ঢেলে দিলেন তার মুখে। আবার সে হাঁ করলে, আবার—আবার। একবার আরব্ধ চোখ মেলে বিভ্রান্তের মত লল্লা বললে—আ:! তারপর তার দিকে তাকিয়ে বলনে—ব ভ জ্বালা সর্বাক্তে।

বলেই আ ।র সে চোখ বন্ধ করলে। বক্ষনাথন ভাবলেন একটু, তার পর সংকল্প থিব বরে দেবতার দাননে থেচে একটু দারিয়ে প্রজেত করণ- গুলি খাবার ঠিক বরে নিয়ে বসে করজোড়ে বললেন—হে বরদরাজ! করণাময়! যদি অপবাধ হয়, সে দণ্ড আমাকে দিয়ো। তোমার ভাত্তিতে বিগলিত এই বালিকার প্রাণ বক্ষার জন্ত তোমার পূজা করব সংক্ষেপে এবং তোমার প্রাাদ দিয়েই ওর দেবা করব।

আবার লল্পা অফ্ট্রেবরে বললে—বড় দাহ, ব দু জ্বালা!
রঙ্গনাথন ভেবে নিলেন এক মুহূর্ত। তারপর আসন ছেড়ে উঠে ভাণ্ডার
ঘরের কোণে বক্ষিত বড় মাটির কলসী থেকে বড ভূচ্চার পরিপূর্ণ করে
নিয়ে এসে বসলেন। আচমন করে, সংক্ষেপে প্রাথমিক কুত্যগুলি
সেরে, ভূক্ষারের জল নিয়ে উচ্চ কণ্ঠে মন্ত্রোচ্চারণ করে দেব বার মাথায়
ক্ষীতে করে জল ঢেলে গোটা ভূক্ষারটি নিয়ে উঠে এসে লল্লার শিয়রে
বসে আবার উচ্চ কণ্ঠেই উচ্চারিত মন্ত্রের সঙ্গে তার সর্বাঙ্গ জলধারায়
আভিষ্ক্তে করে দিলেন—

আত্রেয়ী ভারতী গঙ্গা যমুনা চ সরস্বতী।
সরযুর্গগুকী পুণ্যা শ্বেতগঙ্গা চ কৌশিকী॥
ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা।
সর্ববা স্থমনসো ভূষা ভূঙ্গারৈঃ স্লাপয়ন্ত তাঃ॥
সিন্দু-ভৈরব-শোনাতা যে হ্রদা ভূবি সংস্থিতা।
সর্বে স্থমনসো ভূষা ভূঙ্গারৈঃ স্লাপয়ন্ত তে॥
লবণেক্ষু—স্থরাসপি দ্বিগ্রেশ্ব-জলাত্মকাঃ।
সাস্তৈতে সাগরাঃ সর্বে ভূঙ্গারৈঃ স্লাপয়ন্ত তে॥

অভিসিঞ্চনের স্নিগ্ধতায় লল্লার দেহের জ্বালা যেন জুড়িয়ে গেল। সে আবার চোথ মেলে চাইলে। মৃত্যুরে বললে—আরও। আঃ! আবার এক ভৃঙ্গার জল এনে দেবতার চরণ স্পর্শ করিয়ে নিয়ে মন্ত্রোচ্চারণ করে তাকে স্নান করিয়ে দিলেন। লল্লার ধূলি-ধুসরতা ধূয়ে গেল—শুক্তাও মুছে গেল খানিকটা। সে আবার মৃত্যুরে বললে—আঃ!

এবার পূজা সারলেন রঙ্গনাথন। লল্লার সঙ্গে প্রত্যক্ষ সংযোগ-ম্পর্শ না থাকলেও তার অন্তিছের ম্পর্শ রঙ্গনাথন অমুভব করেও নিজেকে অশুচি মনে করলেন না। পূজা সেরে ভোগ নিবেদন করে হুধটুকু নিয়ে তিনি লল্লার মাথার গোড়ায় বসে মৃত্স্বরে ডাকলেন—লল্লা! লল্লা চোধ মেলে চেয়ে বললে—স্তাা! তারপর সক্তজ্ঞ হেসে বললে—প্রভু!

— তুখটুকু খাও তো। ইা কর, আমি ঢেলে দিই। হাঁ কর।
লল্লা কিন্তু হাতে ভর দিয়ে উঠতে চেষ্টা করনে। একটু উঠেই সে
সভয়ে অক্ষুট আর্তনাদ করে উঠল। তিনি এক হাতে লল্লার মুখ
চেপে ধরে বললেন—চুপ কর লল্লা। বাইরে কোতোয়ালীর লোক।

ধরণর করে কাঁপছে লল্প।। ফিসফিস করে বসলে—আমি শবর্দ কন্সা, পূজার ঘরে—

— চুপ কর। না হলে উপায় ছিল না। দেবতা তাতে রুষ্ট হন নি।
তিনিই তোমাকে রক্ষা করবেন। আমি বলছি। খাও। তুমি খাও।
ওদের অনেক অর্ধসত্যে ছলনা করে বৃক্ষতলে বসিয়ে রেখে এসেছি।
তুমি স্বস্থ হয়ে ঘুমোও। আর ভয় নেই। এবার স্বস্থ হয়ে উঠবে।
শুধু শব্দ করো না।

বেরিয়ে দরজা বন্ধ করে রক্ষনাথন বাইরে গেলেন। লক্ষা হাত জ্বোড় করে বরদরাজের ক্ষুদ্র অমুকৃতিটির দিকে তাকিয়ে বসে রইল। কিন্তু একটু পরেই আবার ক্লান্ত হয়ে শুয়ে পড়ল।

क्क्रनाथन वाहेरत जरम प्रथलन श्रहंती छि वृक्क्ष्राञ्चाछाल प्रभूरज्ञ আর্ড বায়ুস্পর্শে গভীর ঘুমে আচ্ছন্ন হয়ে পড়েছে। তিনি ওপাশের বারান্দায় রাল্লাথরে রাল্লার আয়োজনে বসলেন। এ বাডিতে তিনি একাই বাস করেন। এ পর্যন্ত কোনদিন শত্রুর ভয় তিনি করেন নি। রমণীহীন সম্পদহীন গৃহ, থাকবার মধ্যে ছটি ছগ্ধবতী গাই। তা নিয়েও চোরের ভয় ছিল না। নিজেও স্থস্থসবলদেহ যুবা। বাল্যাবধি কর্মের পরিশ্রমে অভ্যস্ত। বৈষ্ণব গুকর আশ্রমে এবং সঙ্গাত শিক্ষক আচার্যের গৃহে এমদাধ্য কর্মে তাঁদের সংহাষ্য করতেন। কুড্ল দিয়ে কাঠ-চেলানো এবং নিজ হাতে কুপিয়ে বাগান করা ছিল তাঁর প্রিয় কর্ম। জলও তুলতেন কুপ থেকে। এখানে নিজের আশ্রামে এখনও কাজগুলি অবদরমত করে থাকেন। পরিচারক রুদ্ধ কুড়্ম নির কর্মের লাঘব করে দেন। বৃদ্ধ পরিচারক কুড়ুমণির পাশের গ্রামেই বাডি। म दात्व वाष्ट्रि यात्र, मकारम वारम। शक छित्र शतिकर्य। करता শহর থেকে প্রয়োজনমত জিনিসপত্র আনে। তিনি গানের নিমন্ত্রণে বাইরে গেলে সে অবশ্য এখানেই শোষ। আজ ভোর বেলাতেই তিনি তাকে পাঠিয়েছেন তিরু আল্লিকেনি—পার্থনারথি মন্দিরে। সেখানে আজ পূর্ণিমায় তাঁর গানের কথা ছিল। তুর্ঘটনার কথা জানিয়ে মার্জনা চেয়েছেন বঙ্গনাথন। সংবাদ হয়তো তাঁরা পেয়েছেন, কিন্তু তবু তাঁর দিক থেকে তিনি জানিয়েছেন। তাঁর সঙ্গের যন্ত্রীরা কজন কাল রাত্রে এখানে থেকে সকালে আপন আপন বাড়ি চলে গেছে। নিরীহ যন্ত্রশিল্পী—ভারা ভয়ও পেয়েছে। ভাদের বাডি সব এট দিকেই কাছাকাছি পল্লীতে। বৃদ্ধকে না পাঠিবে উপায় ছিল না। चित्र निदान रक्तालन क्त्रनाथन। छात्रा वृद्ध এখানে ছिल ना।

থাকলে তার চোখ এড়িয়ে বেচারা লল্লা ওই পোয়ালের মধ্যে আত্মগোপন করতে পারত না। কোতোয়ালীতে তার লাঞ্ছনার সীমা থাকত না। আজ্ঞ তার চেয়ে এই বৃশ্চিক বিষ-জ্বালাও তার পক্ষে অনেক ভাল।

বরদরাজ তাকে রক্ষা করেছেন। তাঁর পায়েই তাকে তিনি রেখে এদেছেন।

গাবার তিনি বললেন—এবার ক্ষুটকণ্ঠেই বললেন—হে বরদরাজ!
তুমি পতিতের ভগবান! আজ তোমার চরণে তার আশ্রয় নেওয়ায়
যদি অপরাধ হয়ে থাকে তবে সে অপরাধ আমার—তার নয়। দণ্ড দিতে
হলে আমাকে দিয়ো। তুমি অন্তর্ধামী, তুমি জান—তোমার জন্ম তার
কত আকুতি। তুমি ভাকে রক্ষা কর।

. .

ব্রদরাজস্বামী—পতিতের ভগবান! বিপরের রক্ষক! অনন্ত করুণার আধার! রঙ্গনাথনের উপলব্ধি মিথ্যা নয়। তিনি সঠিক সত্যকেই উপলব্ধি করে গান রচনা করেছিলেন—"যিনি বসবাদ করেন বৈকুঠে তিনিই বাস করেন শবর-পল্লীতে, নকল পতিত পল্লীতে—ওই ওদের गर्थ- अर्पत कृष्फर्रात अञ्चत्राल। रेकनारम यिनि वाम करतन ভবানীপতি—তিনিও আছেন ওদের মধ্যে। ওদের কৃষ্ণচর্ম দেখে যদি ্তামার ঘুণা হয়, ওদের পল্লীর অপরিচ্ছন্নভার কটু গল্পে যদি তোমার দ্বিধা হয় কাছে যেতে, তবে তোমার জানা হবে না তাঁকে। প্রাহ্মণ-তনয় তুমি ভ্রন্ধাভিলাষী,—ক্রোধে, ঘুণায়, অহংকারে শিক্ষার মধ্যে তোমার জানা হয় নি এক্সকে। আমি নারী—আমার ধর্মে আমি মধিষ্ঠিতা। আমার যিনি পতি তিনি শুধু আমার পুজাই নন, তিনি আমার প্রিয়—প্রিয়তম। তাঁর দেবা আমার ধর্মই শুধু নয়—সেই আমার জীবনধর্ম, সেই আনন্দস্থধার স্বাদে আর ত্রন্দোর স্বাদে প্রভেদ নেই। ভূমি ভাতে আমার উপর কুদ্ধ হলে। সে ক্রোধে ক্ষতি হয় ান, হবে না আমার। স্থতরাং তোমার পরমসভ্য পরমতত্ত্বকে জানা मम्पूर्व इरव बााध-शृद्धीरक, बााधधर्म अधिष्ठित धर्मवारधद कारह। घृना करता ना, नामिका कूकन करत প্রবেশপথে দাড়িয়ে যেয়ো না। প্রবেশ করো। তুমি কি জানো, ভবানীপতি মহারুদ্র কিরাতরূপেই দেখা দিয়েছিলেন তপস্থাপরায়ণ অর্জুনকে। অর্জুন কিরাত বলে অবজ্ঞা করেছিল, ঘুণাও করেছিল। কিরাতক্ষণী ভগবান তার দে শক্তির অবজ্ঞা

চূর্ণ করেছিলেন তার বুকে একটি মৃষ্ট্যাঘাত করে। ঘুণাকে উপহাদ করেছিলেন—অর্জুনের ইষ্টকে নিবেদন করা মাল্যখানি তাঁর কণ্ঠে ধারণ করে। হিমগিরির কাঞ্চনজ্জ্বার স্বর্ণচ্চিটায় প্রতিভাত স্বর্ণকান্তি কিরাত নীলগিরিতে যখন আসেন তখন তিনি স্থনীল সমুদ্রলাবণ্যে অবগাহন করে হন নিবিড নীলকান্তি।"

অপার বরদরাজের করুণা। এবং হয়তো আশ্চর্য সভ্য তাঁর উপলব্ধি।
লক্ষা যেন বহস্তের মহিমা দেখিয়েই গভীর রাত্রে ঘুমন্ত প্রহরীদের ব্যক্ষ
করে অন্তর্হিত হয়ে গেল।

অপরাহ্নে স্বস্থ হয়ে উঠেছিল লল্পা এবং কেঁদেছিল। তাকে বলেছিল
— আর নয়, এবার, আমার জ্ঞান হয়েছে, আমি স্বস্থ হয়েছি। প্রভূ, এ
পূজা-মন্দিরে আহুর বলে চেতনাহীনা আমার যে অধিকার ছিল সে আর
নেই। আমার অপরাধের জন্ম আমি ভাবি না প্রভূ, রাজপ্রতিনিধির
শাস্তি-লাঞ্ছনাকেও আমার ভয় নেই। আপনি আমাকে বের করে
প্রহরীদের হাতে সমর্পণ ককন। প্রভূ—

वक्रनाथन वलि ছिलन, ना।

- আমার জন্য বরদরাজ আপনার উপর রক্ট হবেন। আপনার তপস্থা—
 বাধা দিয়ে রক্ষনাথন বলেছিলেন, আমার তপস্থা এতেই পূর্ণ হবে
 বল্যাণী। তুমি লল্লা নও, নও কলাবন্থী, তুমি কল্যাণী। তুমি থাক।
 দেবতার মহিমার মত তুমি এই ঘরে থাক। মিথ্যা বলব না কল্যাণী,
 আমি যে বরদরাজের করুণাধস্য মহিমাকে আজ প্রত্যক্ষ করছি আমার
 পূজার ঘরে। কিন্তু আর কথা বলো না। ওরা এখনও সন্দেহের
 অবকাশ পায় নি। এরপর কখন কোন মুহুর্তে সন্দেহ করে বসবে। এই
 প্রভুর প্রসাদ রইল—হুধ, শর্করা, কদলী। খেয়ো। তুর্বল হয়েছ—
 বল প্রায়োজন।
- —কিন্তু কতদিন রাখবেন প্রভু ?
- ভই ওঁকে প্রশ্ন কর।
- ধদি আমার অস্তিত্ব ওরা জানতে পারে তবে আপনাকে যে লাগুনা ভোগ করতে হবে। প্রভু, না—
- চুপ। তারপর স্মিত হেসে বলেছিলেন—সেই লাঞ্ছনায় আমার তথ্যা পূর্ণ হবে লক্ষা।
- লল্পা শব্দটির মধ্যে সঙ্গীত আছে। শব্দটি আপনি বেরিয়ে এসেছিল কল্যাণীর পরিবর্তে। তিনি বাইরে এসে বীণা বাজিয়ে গান করেছিলেন।

প্রথমেই সঙ্গীত অ্থিষ্ঠাত্তী দেবতার বন্দনা করে গেয়েছিলেন গোটা ক্ষিণ ভারতে বহু প্রচলিত স্তবগান—

কলাদেবতে শরণম্
বন্দে মধুর চরণন্—
বন্দে মধুর চঙ্গীত দেবতে—কলাদেবতে শবণন্—
সতা স্তর স্তর্জানী
সমস্তকে তৃথহারিণী
আনন্দ মুদবাহিনী
আনন্দ ভৈরব মোহিনী
ভালমেল সম্মিলিত নাশিত
রাগর ক্লী ভ্রদরহাসিনী
মেব মধুরিম মঙ্গল বদনম্
মোহ দর্গী
জীবজীবনী জীবজীবনা
কলাদেবতে—
কলাদেবতে শরণম্।

প্রহরী ছটি বিভোর হয়ে শুনেছিল। কুড়ুমণি বাড়ি যেতে-যেতেও থেতে পারে নি। কুড,মুনি পার্থসার্থি মন্দির থেকে ফিরে এসেছে একটু আলে। বৃদ্ধ মানুষ, তার উপর একটু পেটুক দে। দেখানে প্রদাদ পেয়ে তুপুরে বিশ্রাম করেছে। তার উপর নদী পার-সমুদ্রের কাছাকাছি নদীগুলি মোহনার কাছে বিস্তারে বিপুল; খরায় নোকা এপার থেকে ওপারে গেলে ফিরতে প্রায় একবেলা কেটে যায়। আদিসার নদী পার ২তে দেরি হয়েছে। ফিরবার পরট সে বাড়ি যাবার জন্ম ব্যস্ত হয়েছিল। তাকে এবং প্রহরী ছটিকে তাদের बाट्यत थावाव निरम्न जिनि वौना निरम्न वरमिष्टलन । एमाम रस গিয়েছিলেন গানে। তাঁর নিজের চোখ থেকে জল গড়িয়ে পড়ছিল প্রহরী ছটি বার বার চক্ষু মার্জনা করছিল, কুড়ুমণি ফু ফিয়ে কেদেছিল। তিনি বেশ অমুভব করেছিলেন পূজার ঘরেও লল্লা কেঁদেছিল শুয়ে শুষে। রাত্রির প্রথম প্রহর পার হয়ে গেলে বীণাটি তিনি রেখে তাঁর শব্যার উপর শুয়ে পড়েছিলেন। কান পেতে জেগে ছিলেন, নিদ্রা তাঁর আদে নি লল্লার সাড়ার জন্ম। লল্লা কি ঘুমিয়েছে? ঘুমস্ত অবস্থায় গভীর দীর্ঘায়িত শ্বাস-প্রশ্বাস উঠছে কি? কিছুক্ষণের মধ্যেই প্রহরী ছটির মৃত্ব নাসারব উঠতে শুরু করেছিল। কুড়ুমণির নাসাগর্জন প্রবল। লল্লা কি এখনও জেগে? কই, তার শ্বাস-প্রশ্বাস তো গভীর হয়ে ওঠে নি! উঠে গিয়ে দেখতেও সাহস হয় নি। কি জানি কখন কে জেগে উঠবে। সন্ধ্যায় ভোগ ও দীপারতির পর দেবতার শয়ন হয়, তারপর সে বার প্রভাত পর্যন্ত খোলা হয় না। দরজা খুললে যদি শব্দে জেগে ওঠে। দরজা তিনি তালাবদ্ধ আজ করেন নি এই জন্মই। ভেজানে: আছে। তবু যদি দেখে, শব্দ হয়! রাত্রে প্রহরী ছটিকে গাছত দিখিয়ে দিতে পারেন নি। তারা বারান্দায় শুয়ে।

এরই মধ্যে তাঁরও তন্দ্রা এসেছিল। হঠাৎ পায়ে কিছুর স্পর্শে তিনি জেগে উঠেছিলেন। চোখ মেলে চেয়ে দেখে তিনি যেন পাথর হয়ে গেলেন। লল্লা! লল্লা তাঁর পায়ে হাত দিয়ে প্রণাম করছে। ফে বেরিয়ে এসেছে ঘর থেকে। তাঁর কণ্ঠ থেকে একটা চীৎকার বেরিয়ে আসতে চেয়েও পথ পেলে না। কে যেন তাঁর কণ্ঠ রোধ করে চেপে ধরেছে। লল্লা কিন্তু দাঁড়াল না, কোন কথাও বললে না, প্রণাম করেই লঘু পদে ঘর থেকে বেরিয়ে ঘর এবং বারান্দার মাঝের দরজায় ক্ষণেকের জন্ম দাড়াল; বাইরে পূর্ণিমার পরিপূর্ণ জ্ঞোৎস্না, ত্থা-শুভ স্বচ্ছতায় প্রকৃতি যেন ক্ষীরসমুত্তে অবগাহন করে অমলধবল স্পষ্টতায় স্পষ্ট; অদূরবর্তী সমুদ্রে পূর্ণিমার জোয়ার উঠেছে। তরক্সাঘাতের শব্দের সঙ্গে কল্লোলধ্বনি উঠেছে। লল্লা মুহুর্তের জন্ম দাড়িয়ে—বোধ হয বারান্দায় ঘুমস্ত ভিনজন মামুষকে দেখে নিয়ে সন্তর্পিত লঘু পদক্ষেপে তাদের পাশের খালি জায়গার উপর দিয়ে এ কৈবেঁকে বেরিয়ে নেমে গেল বারান্দা থেকে। উভানে জ্যোৎস্নার মধ্যে ওকে স্পষ্ট দেখলেন। লঘু দ্রুত পদে লল্লা উত্তান প্রবেশমুখে আশ্রম-প্রবেশের ফটকে গিয়ে দাড়াল। সেও ক্লণেকের জন্স—তারপর সে বেরিয়ে দৃষ্টির অস্তরালে যেন অদৃশ্য হয়ে গেল।

এতক্ষণে তাঁর স্তম্ভিত চেতনা ফিরল তড়িতাহতের মত। তিনি
চাঁংকার করতে চাইলেন—লক্ষা! কিন্তু সংযত করলেন নিজেকে।
এবং উঠে ঘর থেকে বের হয়ে এলেন। এই গভাঁর রাত্রি, এই রাত্রে
একা কিশোরী লক্ষা কোথার যাবে? মাংস্থান্থায়ের কাল। রাজশক্তি
সারা দেশে ভেঙে পড়েছে। গ্রামে গ্রামে হিংসক চোর ডাকাড
লম্পট ঘুরে বেড়ায় দল বেঁধে। শহরে কোম্পানির ডেলেক্সী সিপাই,
গোরা সিপাই মদ থেয়ে সমুক্ততে হল্লা করে। ধনীর উত্থান-বাটিকার

মত্ত কণ্ঠের স্থালিত বাক্য, তাল ছন্দ কাটা নৃপুরধ্বনি নটরাজের অপমান করে। তগবানের পৃথিবীতে ধ্যানমগ্ধ তগবানের অঙ্গে নিক্ষিপ্ত হয় অক্ডচি আবর্জনা—এই রাত্রে ও যাবে কোথায়? তার উপর আজ সারাটা দিন বৃশ্চিক-বিষে আচ্ছন্ন হয়ে ছিল। মৃত্যু-যন্ত্রণার মত যন্ত্রণা তোগ করেছে। ও যাবেই বা কতদ্র? জেতপদে তিনি আশ্রম থেকে বেরিয়ে এলেন। কই, কোথায় লল্লা?

জ্যোৎস্না-প্লারিত পৃথিবী; গাছের তলদেশে শুধু অন্ধকার। তিনি ভাকালেন লল্লাদের গ্রামের পথের দিকে। কই? সারা বালুময় পথটা জ্যোৎস্নায় ঝিকমিক করছে। শৃশ্য পথ। মান্দ্রাজ যাবার পথের দিকে চাইলেন। সে দিকেও তাই। অনেক দূরে শহরের হুটো পাকা বাড়ি দেখা যাছে। আলো জলছে শীর্ষদেশে। বহু দূর থেকে ভেদে আসছে কয়েকটা কুকুরের চীৎকার। কিন্তু লল্লা কই ? নেই তো! পূর্ব দিকে সমুদ্রবেলা। তবে কি এদিকে গেল! ছুটে এগিয়ে গেলেন তিন। উঁচ্বালুর বালিয়াড়ি ক্রমশ নিম্নভূমিতে নেমে গেছে। তার পরই তাল নারিকেল স্থপারি বনের সারি: পূর্ণিমার চাঁদ মধ্যগগনে, গাছগুলির ছায়া তাদের পায়ের তলায় জমেছে ঘন হয়ে, মধ্যে মধ্যে পত্র-পল্লবের ফাঁক দিয়ে গড়া টুকরো টুকরো জ্যোৎস্না দীর্ঘ রশ্মিভল্লের মত ওই ছায়াকে বিদ্ধ করছে। বায়ু তাড়নায় পল্লব আন্দোলনে যেন উৎক্ষিপ্ত বিক্ষিপ্ত হচ্ছে। হাঁা, ওই যে, ওই চঞ্চল দোলায়মান জ্যোৎস্নার খণ্ডগুলি কথনও একটি মনুষ্যমূতির মাথায়, কখনও পিঠে, কখনও পায়ে পড়ছে। তার আভায় সর্বাঙ্গ আভাসে ছায়ামৃতির মত দেখাচ্ছে। লল্লা চলেছে—ওই নারিকেল ভালের সারির কোল ঘেঁষে, ওরই ছায়ায় আত্মগোপন করে চলতে চাচ্ছে।

তিনি আবার চীৎকার করে ডাকতে গিয়ে থেমে গেলেন। প্রহরীরা জেগে উঠবে। তিনি নিজেই ছুটলেন। এসে দাড়ালেন নারিকেল তালের সারির মধ্যে। সামনে সমুদ্র, পূর্ণিমায় উত্তাল জোয়ারে উচ্চুসিত। আঘাতের পর আঘাত করছে তটভূমিতে, এক একটা বৃহৎ উচ্চ তরক্ষ আছড়ে পড়ে এই গাছগুলির তলদেশ পর্যন্ত চলে আসছে। একটা তরক্ষ তাঁর পা ভিজিয়ে দিল।

ওই চলেছে লল্লা। ওই। টুকরো টুকরো আলোর মধ্যে রহস্তমূর্তির মত দেখা যাচ্ছে মাঝে মাঝে। তিনি আবার ছুটলেন দক্ষিণ মুখে। ওই মুখেই লল্লা চলেছে, সম্ভবত মহাবলীপুরমের দিকে। খানিকটা গিয়ে আবার ভিনি দাড়ালেন। কতদুরে লল্লা! লল্লা, যেও না, এত দুর পথ! তুমি হুবল, তুমি যুবতী, এই গভীর রাতি। লল্লা, তুমি দাড়াও। কিন্তু কই, আর ভো দেখা যাচ্ছে না! যল্ল উচ্চকণ্ঠে তিনি ডাকলেন—লল্লা!

সমূত্রের কলরোলে ঢাকা পড়ে গেল। একটা ঢেউ আবার আছড়ে পড়ে এগিয়ে এদে তাঁর পা ডুবিয়ে দিল। আবার অগ্রসর হলেন। ডাকলেন—লল্লা!

এবার চোখে পড়ল নারিকেল সারির ছায়ার মধ্যে সঞ্চরমাণ জ্যোৎস্কার একটি ফালি তাঁকে দেখিয়ে দিল একটি নারিকেল কাণ্ডে ঠেস দিয়ে বসেছে লল্লা। তার,দেহের কাপড়ের কয়েকটি অংশ স্পষ্ট হয়ে উঠল। লল্লা বসেছে। ক্লান্ত হয়ে বসতে বাধ্য হয়েছে। এ কি! এলিয়ে পড়ল যেন!

জ্ঞান্তপদে ভিনি এগিয়ে গেলেন। হাঁা, লল্পা নাথিকেল গাছের তলায় কাভ হয়ে শুয়ে পড়েছে। একটু নত হয়ে তিনি ডাকলেন—লল্পা! চমকে উঠল লল্পা—কে ?

- —ভয় নেই লল্লা আমি।
- —প্রভু! আপনি!

সে আবার স্থির হ'ল। একটা দীর্ঘনিশ্বাস ফেলে বললে—ভেবেছিলাম, পারব চলে যেতে। কিন্তু পারছি না। বড় তুর্বল বোধ হন্ডে।

—কেন চলে এলে লল্লা । ছি ছি ছি ।

রঙ্গনাথন বসলেন তার শিয়রে: মাথাটি তুলে নিলেন কোলে— তুমি বেরিয়ে এলে, আমি তোমাকে কথা বলতে পারলাম না ওরা জেগে উঠবে বলে।

তার ললাটে হাত বুলিয়ে দিয়ে বললেন—দেখি তোমার নাড়ী। মণিবস্কটি হাতে নিয়ে পরীক্ষা করে বললেন—তুর্বল! এই ত্র্বল অবস্থায় কি করলে বল তো!

লল্লা চুপ করে রইল শিষ্ট বালিকার মত।

রঙ্গনাথন ভাবলেন কি করবেন একে নিয়ে। মহাবলীপুরম অনেক দূর। মান্দ্রাজ, ভার নিজের গ্রাম, তার জন্ম বন্ধনরজ্জু আর নির্যাতনের দণ্ড ধরে বসে আছে। জ্যোৎস্নার একটি মোটা টুকরো এসে পড়ল তাঁদের উপর। তিনি দেখলেন লল্লা একদৃষ্টে তাঁর মুখের দিকে, ফাকিয়ে আছে। মুহূর্তে তাঁর দৃষ্টিও নিবদ্ধ হয়ে গেল লল্লার মুখের উপর। লল্লার চূল একরাশি এবং সেগুলি ঘন কুঞ্চনে কুঞ্চিত।
চোখ ছটি আয়ত, প্রশাস্ত, প্রসন্ন। শুল্লন্ডদ ছটি মুক্তাগর্ভ শুক্তির
ভিতর দিককার মতই নীলাভ শুলু, গাঢ় কালো মুক্তার মতই তারা
ছটি টলটল করছে। চন্দ্রালোকে দীপ্তি বিস্কুরিত হঞে।
লল্লা বোধ হয় সচেতন হয়ে উঠল তাঁর দৃষ্টিতে। সে চোগ বুজলো।
রক্ষনাথন ভাকলোন—লল্লা!

বলতে পারলেন না, কি দেখছিলে লল্লা আমার দিকে তাকিয়ে।
কণ্ঠম্বর তাঁর গাঢ় হয়ে এসেছে। একটা উত্তাপ যেন তাঁকে উত্তপ্ত
করে তুলছে। একটা মাদকতার ক্রিয়ার মত ক্রিয়া তাঁকে যেন
আচ্ছন্ন করেছে। দেহের শিরায় রক্তের প্রবাহে মাথায় স্নায়্র শেশ্র
কি যেন উষ্ণতা; কিছু যেন; সমস্ত চিত্ত গাচ্ছন্ন করবার মত তাল্র
একটা কিছু বয়ে যাচ্ছে। মুদিত-চক্ষু লল্লার ললাটে জেনৎসার
প্রতিবিশ্ব ফুটে উঠেছে। ললাটে হাত বুলিয়ে দিয়ে আবার তাকনেন—লল্লা!

লল্লার ললাট শীতল। চোখ বুজেই মতি ক্ষীণ হেসে সে উত্তর দিল— ভাবছিলাম আপনিই আমার সাক্ষাৎ বরদরাজম্বামী।

আবেশে আচ্ছন্ন হয়ে গেলেন রক্ষণাথন। গভীর স্নেহে মুখটি আনত করে হঠাৎ থামলেন। আপন মুখের উপর তার উষ্ণ নিশ্বাদের স্পর্শে চোথ মেললে লল্লা। বিক্ষারিত চোথে বললে—প্রাভূ!

রক্ষনাথন উত্তর দিলেন না, বিরত হলেন না, তার ললাটে একটি চুম্বন দিয়ে বললেন —এ তোমার বরদরাজের আশীর্বাদ।

একমৃত্যুর্তে কেঁদে আকুল হয়ে পড়ল লল্লা। শুধু বাক্যহীন রোদন। বক্ষনাথন তাঁর কাঁধ ধরে একটু আকর্ষণ করে বললেন— ৬ঠ। পারবে উঠতে ?

মন্ত্রমুগ্ধার মতই লল্লা উঠল। রঙ্গনাথন বললেন—আমাব কাথে ভর দাও। না পার তো বয়ে নিয়ে যাব। বল।

- —কোথায় প্রভূ ?
- —কেন, আমার গৃহে।
- —প্রভূ—
- —কোন ভয় নেই লল্পা।

一型室—

[—]কি ভাবছিলে লল্লা ?

- —প্রভু, প্রহরীরা—
- —কোন ভয় নেই। তোমায় ধরে নিয়ে যেতে পারবে না তারা। দেব না। ভেবো না তুমি।
- —আপনার বিপদ হবে। না না—
- -হবে না
- কি বললেন ? কি করে বাঁচাবেন প্রভূ ? একটা ভিখারিণী শবর-কন্সার জন্ম আপনি শুদ্ধ জাতিচ্যুত হবেন ?
- --জাভিচ্যত ? না।

স্থির নিষ্পালক দৃষ্টিতে তার দিকে তাকিয়ে রঙ্গনাথন বললেন—না। তবুও তোমাকে ছেডে দেব না।

আবার বললেন উচ্চতর কণ্ঠে—না। তোমাকে কোন কালে ছেডে পদেব না। না।

দৃষ্টি তাঁর উন্মাদের মত । দেহ তাঁর কাপছে। হাতে তাঁর অগ্নুতাপ।
শক্ষিত কঠে লল্লা বললে—প্রভূ!

বঙ্গনাথন বললেন—ভয় পেয়ো না। আমাকে ঘূণা করো না লল্পা। প্রয়োজন হয় ভোমার জন্ম জাতিচ্যুত হব। আমি শবর হব। ভোমাকে ছাডতে আমি পারব না।

লল্পাকে সবলে বুকের মধ্যে আকর্ষণ করলেন রঙ্গনাথন। যৌবনের যে নিত্যলীলায় অকস্মাৎ একদা শীতান্তে, বাতাসের স্পর্শে গতি পরিবর্তিত হয়, সূর্যের স্পর্শে নব তাপের সঞ্চার হয়, পৃথিবীর রক্ত্রে রন্ত্রে কামনা জাগে, দেই তাপে কামনায় রঞ্গনাথনের এত কালের সব সংকল্প ভেসে গেল।

লল্লার অধরোষ্ঠের উপর নিজের অধরোষ্ঠ স্থাপন করে মৃক করে দিলেন তাকে, নিজেও মৃক হয়ে গেছেন। কয়েক মুহূর্ত পর তাকেছেড়ে দিয়ে বললেন—কামনার কাছে আমি পরাজিত হয়েছি, মাথায় করে নিয়েছি তাকে, কিন্তু আমি কামার্ত পশু নই লল্লা। তোমাকে আমি বিবাহ করব।

নিজের গলা থেকে তুলগীর মালাখানি খুলে তার গলায় পরিয়ে দিয়ে বললেন—সমুদ্র সাক্ষী রেখে তোমাকে বরণ করলাম আমি। প্রয়োজন হয় আমি জাতিচ্যুত হব। আমি জানি, সমাজ জাতিচ্যুত করলেও বরদরাজ ত্যাগ করবেন না। একাস্তে দূরে চলে বাব তুজনে। শবরী নয়, ব্রাহ্মণী হবে তুমি।

লল্লা তাঁর পায়ে লুটিয়ে পড়ল। বললে—্আপনিই আমার বরদরাজ।
—তুমি ভা হলে লক্ষী।

আবার তাকে তুলে বুকে ধরলেন। তারপর বললেন-চল।

—শাস্ত কণ্ঠে লল্লা বললে—বড় ভাল লাগছে এখানে। কী সুন্দর চাঁদ! অপরূপ জ্যোৎস্না! সমূদ্রের কী রূপ!

—বেশ, এই সমুদ্রবেলাভূমে হোক আমাদের বাসর।

সম্বেহে বক্ষনাথন লল্লাকে নাবিকেলকুঞ্জভলে বসিয়ে দিয়ে ভার পাশে বসলেন।

একটি উচ্ছুসিত উত্তাল তরঙ্গ বেলাভূমে আছড়ে পড়ে তাঁলের পা পর্যস্ত এসে স্পর্শ করে ফিরে গেল।

বঙ্গনাথন বললেন— আজ পূর্ণিমা, সমত্র উত্বোল হয়ে উঠেছে।

বাল্চরে পাতা বাসরশয্যায় তঁরো হ'জনেই তদ্রায় আচ্ছয় হয়ে পড়েছিলেন। ঘুম ভাঙল পাথীর কলরবে। সামুদ্রিক পাথীর দল ভোবের মরা জ্যোৎস্নায় দল বেঁধে চক্রাকারে উড়তে শুরু করেছে আকাশ থেকে ঝরে-পড়া শুব্রদল আকাশকুমুমের মত। স্থলচারী বিহঙ্গেরা গাছের মাথায় মাথায় কলরব করছে। যে ত্-একটি শাখা-প্রশাখাবিশিষ্ট গাছ আছে গার পত্রপল্লবের মধ্যে ছোট পাথীরা দলবদ্ধ শিশুর মত প্রভাতী কাকলীতে মুখর হয়ে উঠেছে। পূবে অন্তহীন সমুদ্রের যেখানে আকাশ সমুদ্র-জলে অবগাহনে নেমেছে—সেখানে দীর্ঘায়িত একটি পাশুর রেখা জেগেছে; তারই মধ্য-বিন্দুর ঈষৎ উত্তর্ম দিকে এক স্থানে সে পাশুরভা মগুলাকালে ক্রমশ আয়তনে বাড়ছে। পূর্ব দিগস্তে একপাদ আকাশে জ্যোৎসা মান বিবর্ণ হয়ে গেছে, আকাশের প্রথম পাদ-সীমার একট্ উপরে শুক্তারা নীলাভ জ্যোতিতে হাস্টে।

এ পাশে পশ্চিম দিগস্তে দিগন্তশায়ী পূর্বচন্দ্র। রক্তাভ পাতৃর হয়ে এসেছে। কিন্তু তার জ্যোৎস্না এখনও পশ্চিমে দিগন্ত থেকে আকাশের ত্রিপাদ পর্যন্ত আলো করে রেখেছে। সে জ্যোৎস্না পড়ে রয়েছে শাখা-প্রশাখাহীন দীর্ঘশীর্ঘ নারিকেল বৃক্ষগুলির পশ্চিম ভাগে, শীর্ষদেশ থেকে তলভূমি পর্যন্তআলোকিত করে। পূর্ব ভাগে বালুচরে সমুদ্রগর্ভ পর্যন্ত জ্বেগে রয়েছে অস্পষ্ট ছায়া। পশ্চিম দিগন্তাগভ

খানিকটা জ্যোৎসা এনে পড়েছে শবরীর মুখের উপর। নিশ্চিন্ত নিজায় আছন লল্পা।

প্রথম ঘুম ভাঙলো রঙ্গনাথনের। রাত্রি শেষ হয়েছে। আর এক েণ্ডের মধ্যেই ওই পাণ্ডর মণ্ডলটি ঈষৎ রক্তরাগে ভরে উঠবে। তারপর ্স রক্তরাগ একদিকে সমুদ্রের জল একটি বিন্দুকে কেন্দ্র করে পরিধিতে ঘাকাশের উর্বলোকে পরিব্যাপ্ত করবে এবং কেন্দ্রে গাঢ় থেকে গাঢ়তর হতে হতে জবাকুসুমসঙ্কাশ সূর্য মাথা তুলবেন। যেন সমুদ্রবক্ষতল থেকেই সূর্যদেব উঠে আসছেন। তারপর এক সময় লাফ দিয়ে উঠবেন আকাশে, সমুদ্রের নীল তরঙ্গশার্ধে রক্তরাগের ছটা বাজবে। পাশে শ্বরক্তা এখনও নিজিতা। বঙ্গনাথন তার মুখের দিকে শকালেন। বারেকের জন্ম চিত্ত যেন নিজের উপরেই বিরূপ হয়ে উঠল রঙ্গনাথনের। ভাবাবেগে এ তিনি কাল কি করেছেন ? ত বরদরাজ, এ কি করলে! তোমার চরণ শলে কাল বিষ-জর্পবা চেতনাহীনা এই ক্স্তাকে আশ্রয় দেবার সময় বলেছিলাম, এতে যদি অপরাধ হয় তবে সে অপরাধের দণ্ড আমাকে দিও। দোষ তে। এর নয়। আমার। তুমি কি আমাকে মোহগ্রস্ত করে আমার ব্রত ভঙ্গ করিয়ে তপস্থাচ্যত করিয়ে তারই দণ্ড দিলে ? স্থিব হয়ে গেছেন তিনি, পাষাণ হয়ে গেছেন যেন। দিবালোক যত স্পষ্ট হড়ে, পৃথিবী যত বাস্তব রূপে প্রকাশিত হন্ডে, তত তিনি যেন পঙ্গু হয়ে যাচ্ছেন। এ কি করেছেন তিনি দয়া করতে গিয়ে এ কি বন্ধনে নিজেকে শৃঙ্খলিত করেতেন। লল্লাকে ডাকতে পারছেন না তিনি। চোখ মেলেই লল্লার নিজা-জড়িমা-মুক্ত চোখে সমুজ-বক্ষে রক্তিম সুর্যের আবির্ভাবের মত প্রেমের দীপ্তি ফুটে উঠবে। তার সারা মুখ কোমল অমুরাগ ভটায় অমুরঞ্জিত হবে। সলজ্জ হাসির রেখায় ঠোঁট হুটি বিকশিত হবে। কি করবেন তিনি তখন ?

্লার গলায় তাঁব গলার বৈঞ্বজনের মালাটি পড়ে রয়েছে। অকস্মাং রঙ্গনাথন যেন বেত্রাহতের মত অধীর হয়ে উঠলেন। ললাকে একটি বৃশ্চিকে দংশন করেছিল—তাঁর মনে হ'ল তাঁকে যেন সহস্র বৃশ্চিকে দংশন করেছে।

কি করবেন তিনি ? লল্লা যেন এখন ভ তাকে বৃশ্চিকের মত ধরে আছে। লল্লার একথানি হাত তার কোলের উপব সত্যই পড়েছিল। তিনি আতঙ্কিত বাক্তির মতই হাতথানাকে সজোৱে কোল থেকে বালুচরের উপর ছুঁড়ে ফেলে দিলেন। লল্লা সেই আঘাতে চোখ মেললে। সন্থ ঘুম-ভাঙা দৃষ্টির মধ্যে আঘাতের বেদনাবোধও ছিল না। ছিল শুধু প্রাপন্ন অমুরাগ। নিজাঘোরের মধ্যে দে আঘাতটা পূর্ণমাত্রায় অমুন্তব করে নি, এবং অমুমানও করে নি, বা করবার কোন কারণ ঘটে নি তার। চোখ মেলে চেয়ে দে স্মিতহাস্থে বললে—প্রভূ! বোধ হয় তার মনে হয়েছিল রঙ্গনাথন তাকে ডাকছে। রঙ্গনাথন তখন উঠে দাঁড়িয়েছেন। প্রভূ বলে সাড়ার মধ্যে লল্লার প্রশ্ন ছিল—কি বলছেন প্রভূ? কিন্তু রঙ্গনাথনের বলার কিছু ছিল না। পিপোর্শ্বে নিজিত চোর ষেমন ভোরের আলোয় জেগে উঠে উর্ধ্বেশ্বাদে ছুটে পালায় তেমনিভাবে তিনি পালিয়ে গেলেন। লল্লা উঠে দাড়াল। তার বিস্ময়ের অবধি ছিল না। এমন করে ছুটে পালালেন কেন? প্রহরী! চঞ্চল হয়ে উঠল সে। পরমুহুর্ভেই ভার সব চঞ্চলত। স্থির হয়ে গেল। মনে পড়ে গেল—কাল রঙ্গনাথন তাকে ঘরে নিয়ে যেতে চেয়েছিলেন, বলেছিলেন—কিসের ভয় ? তুমি আমার পত্নী। তুমি যাবে আপনার গৃহে—

তাহলে? তাহলে?—

সে যে বিশ্বাস করতে পারছে না। তার কণ্ঠে যে এখনও তারই পরানো মালা—বৈষ্ণবজনের মালাখানি ছলছে! তবে গ

পাথর-মূর্তির মতই সে দাঁড়িয়ে রইল। প্রহরীর ভয় আর তার নেই। নিয়ে যাক, তারা তাকে ধরে নিয়ে যাক। করুক, নির্যাতন ককক, লাঞ্জনা করুক।

পূর্য উঠবে। একটি মণ্ডলাকার রক্তাক্তরঞ্জন ধীরে ধীরে আকাশলোকে পরিব্যাপ্ত হচ্ছে, পাখীরা দূরদূরাস্তরে ঝাঁকে ঝাঁকে উড়ে চলেছে। সমুত্রবক্ষে নৌকা দেখা দিয়েছে। দূর উত্তরে মান্দ্রাজ বন্দরে জাহাজের মাস্তল দেখা বাছে। বড় বড় নৌকা পাল তুলে বের হচ্ছে। ছোট মাছ-ধরা নৌকা সারি সারি ছুটছে গভীর সমুত্রের দিকে। মান্ত্র্যের কোলাহল শোনা বাভে। সূর্য উঠছে। কিন্তু দে কোথায় বাবে? দিনের আলোয় কি করে সে পথে বের হবে? সে সব ঝুঝেছে। আর কিছু তার অগোচর নেই। এই হয়! এই বুঝি নিয়ম! সূর্য উঠল। আলো রৌদ্র হয়ে ফুটল—উত্তাপের স্পর্শ লাগল দেহে। সেই স্পর্শে সে সচকিত হয়ে উঠল। যেতে হবে—কোথাও যেতে হবে। অনেক দূরে, অনেক দূরে। পালাতে হবে তাকে। ক্রতপদে

দে বনবীথির ঘন-সন্নিবিষ্ট নারিকেল তালের কাণ্ডগুলির মধ্য দিয়ে চলতে লাগল। দক্ষিণ মুখে।
আবার সকালে জোরার আসছে। তার পদচিহ্নগুলি দূরে নিয়ে গেল জোরারের জলোচছাস।

বঙ্গনাথন বেত্রাহতের মত ছুটে আসছিলেন।

প্রহরী ত্তনত সকালে ঘুম ভেঙে তাঁকে না পেয়ে উৎকণ্ঠিত হয়ে তাঁকে খুঁজতে বেরিয়েছিল। তাঁকে দেখে আশ্বন্ত হ'ল, কিন্তু তাঁরে অবস্থা দেখে তাঁকে প্রশ্ন করলে—কি হয়েছে আচার্য? ভোরবেলা উঠে কোথায় গিয়েছিলেন? সমুদ্রকূলে বুঝি!

তিনি বললেন—অঁ্যা—? হাঁা।

বলেই তিনি তাদের পিছনে ফেলে প্রায় ছুটে এসে ঘরে আপন শ্ব্যার উপর গড়িয়ে পড়লেন। সর্বাঙ্গের বালুকণা ঝরে পড়ল শ্ব্যার উপর। কিন্তু তার পীড়া অমুভব তিনি করলেন না। মুখ গুঁজে পড়ে রইলেন।

এ কি মর্মপীড়া! এ কি করলেন! হে বর্মদরাজ! এ কি শাস্তি
দিলে তুমি! আবার উঠলেন। উঠে ভাগুার ঘরের দরজা ঠেলে
প্জোর ঘরের দরজায় গিয়ে দাড়ালেন, কিন্তু প্রবেশ করতে গিয়েও
প্রশে করতে পারলেন না।

স্থান করতে হবে তাঁকে। বেরিয়ে এলেন। কুড়্মণিকে এবং প্রহরী ছটিকে বললেন—আমি স্থান করতে যাচ্ছি সমুদ্রে। মধ্যপথ থেকে ফিরে এলেন। যেতে পারলেন না। লল্লা—লল্লা নিশ্চয় নারিকেল কুঞ্জভলে এখনও পড়ে আছে। কঁলেছে। তাঁকে দেখলেই সে 'প্রভূ' বলে এগিয়ে আসবে। পায়ের উপর উপুড় হয়ে পড়ে কাদবে।

ফিরে এসে বললেন—না কুড়্মণি, শরীর আমার অস্তম্থ । সম্প্রমান সহা হবে না। কুপ থেপে জল তুলে স্নান করে প্জোর ঘরে গিয়ে প্রবেশ করলেন। ঘরখানি এখনও লল্লার অবস্থানের চিচ্চে মলিন হয়ে আছে। সমত্মে ভিনি সমস্ত কিছু পরিষ্কার করে পুজোর আয়োজন করে পুজোয় বসলেন। কিন্তু হ'ল না, পূজা হ'ল না। চোখ বন্ধ করলেই লল্লাকে দেখছেন। একটি দিনে লল্লা যেন শতম্ভিতে নিজেকে ভাঁর মনের মধ্যে প্রভিষ্ঠিত করেছে। \ গোশালার খুঁটি ধরে দাড়িয়ে আছে মান মুখে, সজল চোখে ক্লিষ্ট শ্রামলভার মভ।

লল্পা বিচালিন্তৃপ থেকে যন্ত্ৰণাকাতর ভয়াত মুখে বের হয়ে আসছে। লল্পা বৃশ্চিক-বিষে চেতনাহীন হয়ে ভেঙে পড়েছে।

লল্লা ভাঁর বাহুর উপর।

লল্পাকে তিনি বরদরাজের সম্মুখে শুইয়ে দিয়ে বলছেন—তোমারই চরণপ্রান্তে একে সমর্পণ করলাম প্রভূ। তুমি তাকে রক্ষা করতে পারবে না দেবতা? বুকের ভিতরটা তাঁর কেমন করে উঠল। চোথ থেকে জল গড়িয়ে এল দরদর ধারে। পরমুহুতে তিনি চমকে উঠলেন। চোথ তৃটি থুলে গেল। বিক্ষারিত হয়ে উঠল। মনের ভিতর থেকে বিপরীত প্রশ্ন জেগে উঠল। দেবতা তাকে তারই হাতে দিয়েছিলেন। দেবতা তো প্রতারণা করেন নি।

ওঃ! লল্পার সেই মুখ মনে পড়ছে। সেই দৃষ্টি মনে পড়ছে। তাঁর নিজের মাল্যখানি তার গলায় যথন পরিয়ে দিয়ে বলেছিলেন—কামনা আমার আছে, কিন্তু কামাত পশু নই আমি। লল্পা, তোমাকে ছাড়তে পারব না আমি। এই মালা পরিয়ে তোমাকে সমুদ্র সাক্ষীরেথে বরণ করছি—হুমি, আমার পত্নী—সেই মুহুতে ব লল্পার সেই অপরূপ স্থমা-দীপ্ত, প্রসন্ধ সাফ্ষে মুখখানি মনে পড়ছে। সারা বরখানিতে এখনও লল্পার দেহগন্ধ পাছেন তিনি।

লল্লা, লল্লা। লারা। সারা অস্তর ভরে লল্লাকে আহ্বান করে উঠল তাঁর হৃদয়। লল্লা। লল্লাকে তিনি ভালবাসেন। লল্লাকে তিনি পদ্মী বলে গ্রহণ করেছেন। বরদরাজের যে প্রেরণায়, যে ইঙ্গিতে ওই গান তিনি রচনা করেছিলেন—কৃষ্ণচর্মের অস্তরালে যে দেবতা বাস করেন,—সেই দেবতাই বাস করেন বৈকৃষ্ঠে—যে দেবতা বাস করেন বৈকৃষ্ঠে—তিনিই বাস করেন কৃষ্ণবর্গ চর্মের অস্তরালে—সেই প্রেরণাতে তিনি তাকে গ্রহণ করেছিলেন। হৃদয়ের অকপট, অকৃত্রিম, ছলনাহীন কামনা—যে কামনার পুণ্যে নারী পূর্ণ হয় পুক্ষের মধ্যে, পুক্ষ পূর্ণ হয় নারীর মধ্যে, সেই অকৃত্রিম পবিত্র কামনায় কাল তিনি তাঁকে গ্রহণ করেছিলেন। ভূল—ভূল করেছেন তিনি পালিয়ে এসে। ভূল। পাপের প্রায়ন্টিত্ত আছে। ভূল সংশোধন না হলে জীবনের সে ক্ষতি আর পূর্ণ হয় না

হে বরদরাজ ! এ কি মভিভ্রান্তিতে ভূমি ছলনা করলে ?

কেন ? কেন । কেন এমন আভি হ'ল তার ? এত বড় আঘাতে তিনি বিচলিত হন নি, মিথ্যা বলেন নি। কাকর ভয়ে তাঁর উপলব্ধ সত্যকে অসত্য বলেন নি। কিন্তু তাঁর জীবনের চরমতম সত্যকে কি করে, কেন তিনি এইভাবে মুহূর্তের আছিবলো সাগর বালুবেলায় ফেলে দিয়ে চোরের মত পালিয়ে এলেন ?

আসন ছেড়ে উঠে পড়ছিলেন। আবার বসলেন। প্রণাম করে বললেন—লল্লাকে ফিরিয়ে আনতে চললাম প্রভূ। লল্লা আমার জীবনের চরম দত্য। তাকে আমি ভালবাসি। তাকে আমি চাই তোমার প্রসাদের মত। ঘর থেকে বেরিয়ে এসে তিনি চললেন সমুত্রভাটের দিকে। প্রহরী তৃটিকে বললেন—আমি চললাম সমুত্রভাটে। তউভূমি ধরে আমি যাব মাল্রাজ পর্যন্ত। তোমরা ফিরে যাও। কুড়ুমণিকে বললেন—ঘর রইল। ফিরে আসা পর্যন্ত অপেক্ষা করো। সাগর তউভূমে এসে দাড়ালেন।

রৌজ-ঝলমল সাগরজল—রৌজ এবং রৌজকরোজ্জল সাগর-জলচ্চটায় প্রদীপ্ত বেলাভূমি পরম শুচিতায় পরিমার্জিত দেবতার অঙ্গনের মত প্রাসারিত নারিকেল স্থপারি রক্ষের তরবারির মত দীর্ঘ পাতাগুলি ঝিকমিক করছে। সরসর সরসর শব্দ উঠছে তাদের আন্দোলনে। সমুক্রকল্লোল অবিরাম—অঞ্জান্ত। কাদছে—কারাই মনে হড়ে তাঁর এই মুহুর্তে।

শৃষ্য বালুচরে লল্লা ভো নেই।

তিনি হাঁটতে শুরু করলেন—উত্তর মুখে।

প্রথমে যাবেন লল্লাদের গ্রামে। তারপর মান্ত্রাজে। মান্ত্রাজে মান্ত্রলাপুরে —পার্থসারথি মন্দিরে দেখবেন। তারপর মহাবলীপুরম। তারপর কাঞ্জীভরম। লল্লাকে না পেলে যে হবে না তাঁর! না হলে যে সব মিথ্যে হয়ে যাবে! জীবন মিধ্যা হয়ে যাবে!

বেলা প্রথম প্রার বচ্ছে। সমুদ্র নৌকোয় নৌকোয় ভরে গেছে।
সমুদ্রের দিকে তাকিয়েই ভাবছিলেন তিনি। একটি বড় ষাত্রীবাহী
নৌকা থেকে হাত তুলে কারা নমস্কার করলে। তাদের মধ্যে
গৈরিকধারিণী এক প্রোটা। তিনি চিনলেন। পুরী থেকে ফেরার পথে
পার্থসারথি দর্শনের জন্ম মাজ্রাজে নেমেছিল। সে দিন রাত্রে গান শুনে
প্রোটা এসে তাঁকে হাত ধরে বলেছিল, শতায়ু হও। তারা ফিরছে

আজ। পথে সমুদ্রতটে তাঁকে দেখে চিনে অভিবাদন করছে। কিন্তু চিন্তামুগ্র বঙ্গনাথন যেন দেখেও দেখলেন না। প্রত্যাভিবাদন না করেই উত্তর মুখে হাঁটভে শুরু করলেন। লল্লা। লল্লা। যোশেফদের প্রামের প্রবেশপথে থমকে দাঁড়ান নি—কিন্তু যোশেফের বাড়ির দরজায় থমকে দাঁড়ালেন। প্রামের পুরুষেরা অধিকাংশই বাইরে গেছে কাজে। মেরেরা বিশ্বিত হ'ল। তার পথ থেকে সরে দাঁড়াল, আপন আপন ঘরের ভিতর গিরে উঁকি মেরে দেখতে লাগল। আচার্য একজন প্রবেশ করেছেন তাদের প্রামে। চোখমুখে তাদের উত্তেজনা ফুটে উঠল।

—হে বরদরাজ! হে মহেশ্বর!

খুষ্টানেরা ঘরে ঢুকল না, পথের পাশে সরে দাঁড়াল। রক্সনাথন যভ অগ্রসর হলেন যোশেফের দরজার দিকে তত যেন তুর্বল হয়ে পড়তে লাগলেন। অকস্মাৎ এক সময় যেন সম্পূর্ণ পরাভূত হয়ে দাঁড়িয়ে গেলেন। তাঁর বুকের ভিতর আলোড়ন উঠেছে আবার। কি বলবেন তিনি? কি করে বলবেন? কি করে বলবেন, লল্লাকে তিনি কাল রাত্রে সমুদ্র সাক্ষী করে—শেষ হ'ল না মনের প্রশ্ন। একজন খুষ্টান যুবক উত্তেজিত উদ্ধৃত ভঙ্গিতে পাশের গলিপথ থেকে ছুটে বেরিয়ে এসে দাড়াল তার সামনে। মৃষ্টি উত্তত করে বললে—কেন প্রবেশ করেছ তুমি আমাদের পল্লীতে? কি প্রয়োজন তোমার? গোক্ষুর সর্প, কাকে দংশন করতে এসেছ।

চোখ বুজলেন রঙ্গনাথন। মনে মনে বরদরাজকে শারণ করে নিজের মনকে দৃঢ় করতে চেষ্টা করলেন। মনের মধ্যে যে অগ্নি জ্বলজিল, যার শিখা গ্রামে প্রবেশ করার থেকেই নিভে আসছে ধীরে ধীরে, তাতে আবেগ এবং সংকল্পের ইন্ধন ও হবি দিয়ে তাকে জ্বালাবার চেষ্টা করলেন। যুবকটি বললে—তোমাকে কে আঘাত করলে আর তুমি নাম করলে আমাদের।

চমকে উঠলেন রঙ্গনাথন, বললেন—না। আমি কারও নাম করি নি।
আমি কাউকেই তাদের চিনতে পারি নি। অসত্য আমি বলি না।
খীরে খীরে পাশে লোক এসে জমেছিল। তাদের মধ্যে থেকে একটি
নারী-কণ্ঠস্বর বলে উঠল—উনি বলেন নি, বলেছে লল্পা। সমস্ত
খৃষ্টানদের সে শক্ত। শ্বরদেরও সে ঘৃণা করে—সেই বলেছে। আমি
গোড়া থেকে বলছি। তার কথাতেই কোভোরালীতে আমাদের
জোয়ানদের ধরেছে।

রক্সনাথনের মনে আগুন জ্বলল আবার। তিনি প্রশা করলেন—কাকে ধরেছে ? কবে-ধরেছে ?

—মাস্ত্রাক্ত শহরে থাকে আমাদের যে সব জোয়ানেরা তাদের দর্শজনকে ধরেছে আজ ভোরে। লোক এই কিছুক্ষণ আগে সংবাদ এনেছে। আর একজন বললে—ক্যাকা সাজছে। কিছু যেন জানে না। অক্সজনে বললে—গ্রামে ও এসেছে আমাদের মুখ দেখে চিনতে। ওকে ধর ধর—ঘরে বন্ধ কর। রাত্তে—

কলরব করে উঠল লোকেরা। কিছু লোক পালিয়ে গেল। রঙ্গনাথন তথন মনের বল ফিরে পেয়েছেন। বললেন—বরণরাজের নাম নিয়ে বলছি—আমি কিছুই জানি না। লল্লাও কিছু জানে না। জান ভোমরা লল্লা কোথায়? তাকে কি তোমরা সন্দেহ করে আটকে রেখেছ? পেহোই তোমাপের, সভ্য বল।

নির্ভীকতা শুধু আক্রমণকারীকে প্রতিহত করে না, থানিকটা পশ্চাৎপদও করে দেয়। এই নির্ভীকতার সঙ্গে সহৃদয় আকৃতি থাকলে আক্রমণকারীর বিদ্বেধকেও নষ্ট করে। বিশ্বয় জাগায়।

ভাই হ'ল। এরা রক্ষনাথনের কথায় স্তব্ধ হয়ে সবিশ্বায়ে ভাঁর মুখের দিকে তাকিয়ে রইল। রক্ষনাথন বললেন—আমাকে একটি সভ্য কথা বল—সল্লা কোথায়? আমি নিজে এখনি কোতোয়ালীতে যাচ্ছি। নিশ্চিম্ত থাক——আমি মিথ্যা বলব না। ভারা সক্ষে সক্ষেই ছাড়া পাবে। বল।

একজন প্রৌঢ় এসে বললে—মেইরীর নামে শপথ করে বলছি আচার্য, লল্পা কোথায় আমরা জানি না। সে তো গ্রাম পরিভ্যাগ করেছে ভার মায়ের মৃত্যুর পর!

— আজ ? আজ সকালে ? আজ সকালে সে আসে নি ?

— না আচার্য। শপথ করে বলছি । বিশ্বাস করুন ।
রক্তনাথন আর দাড়ালেন না । তিনি মাল্রাজের পথে ছুটলেন ।
একি বাধা, একি বিশ্ব জার গতিকে অক্তদিকে ভিনমুখে আকর্ষণ করছে ! লল্লার সন্ধান থেকে বিরত হয়ে তাঁকে যেতে হবে কোতোয়ালী ।
সেখানে তারা যে কি করবে—— কতক্ষণ তাঁকে আটকে রাখবে, কে
জানে । লল্লা কোন দ্রদ্রাস্তরে ছুটে পালাক্তে লজ্জায়, ত্বণায়— ভাঁয়
প্রতি হ্বণায় । লল্লাকে যে ভাঁকে ধরতে হবে—বলতে হবে, লল্লা, আমি
ব্বেছি; লোকলজ্জার আস্তি আমার কেটেছে, সমাজের ভর আমার

নেই। তোমার মধ্যে আমার জীবনের লালসাকে তো নয়—আমার ভালবাসাকে পেয়েছি। ভালবাসার কাছে ভ্রান্তি ভয় সব ভূচ্ছ। আমাকে ক্ষমা কর। ফিরে এস।

সে পথে এ কি বাধা।

কোতোয়ালীতে তথন জ্রীনিবাস তাঁর প্রতীক্ষা করছিলেন। এর মধ্যে তাঁর কাছে সওয়ার চলে গেছে। কোতোয়ালীর কর্মচারারা গোপন তদস্ত করে দশজন শবর খৃষ্টান এবং পাঁচজন শৈবকে ধরেছেন। এরা নামে শৈব হলেও ধর্মের কোন ধার ধারে না— আসলে তৃষ্ট প্রকৃতির লোক।

শ্রীনিবাসনের হরের বারান্দায় যোশেফ বসে আছে, একজন ফাদার বসে আছেন। মায়লাপুরের শিবমন্দিরের একজন প্রতিনিধি বসে আছেন। আচার্য চিদাম্বরমন্ত এসেছেন।

প্রানিবাসন বললেন—কোথায় গিয়েছিলেন আচার্য? সওয়ার ফিরে এসে বললে, আপনি মান্ত্রাজ রওনা হয়েছেন প্রাতঃকালে পূজা সেরেই? রক্ষনাথনের দৃষ্টির মধ্যে একটি প্রথর তা বিজ্বতিত হচ্ছিল।

লল্পার কামনা—নিজের অমুশোচনা তাঁকে অধীর করে তুলেছে। একটা উন্মন্ত বিদ্রোহ তাঁকে ক্ষিপ্তপ্রায় করে তুলেছে। নিজের বিকদ্ধে বিদ্রোহ, সমাজ ধর্ম সবকিছুর বিরুদ্ধে। কোতোয়ালীর বিরুদ্ধেও। কারণ ্র কোতোয়ালী লল্লাকে খুঁজছে। মিথ্যা সন্দেহে খুঁজছে। যোশেফের विकृत्क विद्यार, जानार्य निमास्त्रत्यव विकृत्क विद्यार। मवारे, मवारे যেন হেতু—বার জন্ম তিনি লল্লাকে ফেলে কুৎসিত প্রকৃতির ভীক চে বের মত পালিবে এসেছেন: মধ্যে মধ্যে প্রশ্ন জাগছে একটা; অ,শ্চর্য, একটি নারীর জন্ম একি উন্মন্ত হা। সঙ্গে সঙ্গে সে উন্মন্ততা প্রবলতর হল্পে চীৎকার করে উ'ছে—হাঁচ, লল্লাকে না পেলে আমি উন্মাদ হয়ে যাব। এখন অর্ধোক্সাদ। পরে পূর্ণোন্মাদ হয়ে যাবে। প্রথর কণ্ঠেই বললেন বঙ্গনাথন—আপনি রাজবর্মচারী। আপনি আপন । অধিকাবের মানুষদের বাজকর্মের প্রয়োজনমত চালিত করতে চান। কিন্তু ম মুষের ছব-য় ভো সে প্রায়েজনে চলে না। বরদরাজের অনুজ্ঞায় স্থাব্যর প্রয়োজনে আমি গিয়েছিলাম যোশেফদের পশ্চাতে। সেখানে সংবাদ পেলাম আপনারা সন্দেহবনে কয়েকজন মাল্রাজের বাসিন্দা ওই । গ্রামের যুবকদের ধরেছেন। কয়েকজন শৈবধর্মান্থরাগীকেও ধরেছেন। সংবাদ পেরেই আমি ছুটে আসছি। আমি ভো বার বার বলেছি—

আমি তাদের কাউকে চিনতে পারি নি এবং সন্দেহও কাউকে করি না ৷ স্থভরাং কেন অনর্থক সন্দেহবশে—

বাধা দিলেন ঞ্জীনিবাসন—আচার্য রঙ্গনাথন, দেশের আইন যা ডা আপনি মানতে বাধ্য। ধর্মত বাধ্য। নন কি ?

চুপ কর্মেন রক্ষনাথন। একটু নীরব থেকে বললেন—বেশ, বলুন কি করতে হবে ?

—যাদের সন্দেহবশে আমরা ধরেছি ভাদের দেখুন। চিন্তা করে মনে মনে মিলিয়ে বলুন, কারও সঙ্গে আকার আয়তন অবয়ব দৃষ্টিগত কোন সাদৃশ্য আছে কি না ?

— हनून।

কোতোয়ালীর পশ্চাৎভাগে একটি খোলা জায়গায় প্রহরাধীন লোক কয়েকজনকে এনে দাঁড় করানো হ'ল। রঙ্গনাথন সামনে এসে দাঁড়ালেন।

শ্রীনিবাসন বললেন—ভাল করে দেখুন।

বঙ্গনাথন তাকালেন তাদের দিকে। বিচিত্র। একবার মুখখানা পাংশু হ'ল—পরমূহুর্তে কঠিন হ'ল, পরমূহুর্তে মাথাটা ঝাঁকি দিলেন অকারণে। খুষ্টান শবরদের দেখা হয়ে গেলে বললেন—না, মাননীয় শ্রীনিবাসন, আমি কারুর সঙ্গে কোন মিল দেখতে পাচ্ছি না। এরা কেউ নয় বলেই আমার বিশ্বাস।

মানুষগুলির মধ্যে আশ্চর্য পরিবর্তন ঘটল একমুহূর্তে। স্মিত হাসি ফুটল মুখে—প্রসন্ন হয়ে উঠল মুখ। দৃষ্টি এমন কিছু বললে যা রঙ্গনাথনের কাছে অবিস্মরণীয় হয়ে উঠল।

শ্রীনিবাসন বললেন—ছেড়ে দাও এদের। চলুন, এবার ওদিকে চলুন।
খানিকটা দূরে দাঁড়িয়েছিল শৈবধর্মান্তরাগীরা। সেখানেও সেই একই
ঘটনা ঘটন।

রঙ্গনাথন বললেন—এবার আমাকে মুক্তি দিন, আমি যাই।

- শ্রীনিবাসন বললেন—আপনি ইচ্ছাপূর্বক চিনতে চাইলেন না বঙ্গনাথন।
- —ইচ্ছাপূর্বক চিনতে চাইলাম না ? প্রাণ্ণ করলেন। বোধ হয় নিজেকেই করলেন। ভারপর বললেন—না।
- —আর ষেন দোষীকে ধরতে না পারার জক্ত আমাকে দোষ দেবেন না।
- না দিই নি, দেব না। আমি আসি মাননীয় রাজ-প্রতিনিধি। আমার দাঁডাবার সময় নেই।

—কোথায় যাবেন ?

—আমি ক্ষণেক স্তব্ধ থেকে বললেন—ঠিক জানি না। উদ্দেশ্যহীন ধাত্রা শ্রীনিবাসন। বিশ্বিত হবেন না। বরদরাজের অনুজ্ঞা—হ্রদয়ের নির্দেশ আমাকে ভাড়না বরে ছোটাচ্ছে।

বাইরে আদতেই পাত্রীটি উঠে বললেন—আপনি সত্যবাদী। ঈশ্বর আপনার উপর খুশী হবেন। ধকুবাদ আপনাকে।

থোশেফ বললে—আচার্য রঙ্গনাথন, আপনাকে শ্রদ্ধা করি আমি। আমরা এ কখনও ভুলব না।

বঙ্গনাথনের চোখ তৃটি মৃহুর্তের জন্মে বিক্ষারিত ৬'ল—কোন চিস্তার প্রতিক্ষলন পড়ল। তারপর বললেন—একটা অমুরোধ করব তোমাকে?

- —বলুন। আমরাঅকৃত্ত নট।
- —লল্পা যদি ফিরে আসে তাকে বলো, সে যেন আমি ফিরে না আসা পর্যস্তু আমার জন্মে আমার হরে অপেক্ষা করে। বলো আমার প্জোর ঘরে যে বরদরাজের ছোট মর্তি আছে—তার সেবার অধিকার তাকে আমি দিয়ে গেলাম।
- —আচার্য! প্রবল বিশায়ে অপেক্ষাকৃত উচ্চকণ্ঠে চীৎকার করে উঠল যোশেক। সমবেত জনমগুলীরও বিশায়ের সীমা রইল না। রপ্তনাথনের চোথে অর্ধোশাদের চোথের অস্বাভাবিক দৃষ্টি। তিনি বললেন—কাল রাত্রে আমায় বরদরাজ এই আদেশ করেছেন।
- —বরদরাজ আদেশ করেছেন ?

ওদিক থেকে আচার্য চিদাম্বরম বলে উঠলেন—হাঁ-হাঁ, করবেন বই কি! কালের মহিমা। কলিযুগ, হিন্দু কাল বহু দিন বিগত, মুসলমান কালেও দেবতা এমন আকাজ্ঞা প্রকাশ করেন নি। এবার এসেছে খেত ইংরাজ। এবার দেবতা,দেরও ফ্লেজাচারে অনাচারে কচি না হলে কাল-মহিমা প্রকট হবে কেন! কিন্তু আচার্য রক্ষনাথন—দেবতার এ আদেশ আমরা মানব না। দেবমূতি কলুষিত হলে আমরা তা নিক্ষেপ করি নদাগর্ভে। এই কলুষ-অশুচি-অভিলায়ী তোমার দেবমূতিটাকে তুমি সমুজগর্ভে নিক্ষেপ কর—নতুবা তোমাকে ক্ষমা করব না আমরা। তুমি পতিত—শ্বরভুল্য হলে আজ থেকে।

বৃদ্ধনাথন বললেন—জমু ব্রুদরাজ স্বামী! ভোমার অমৃত প্রাদ স্বাও। হে প্রভূ! তিনি বেরিয়ে এলেন কোতোয়ালী থেকে। চললেন পার্থসারধির দিকে।

মন্দিরে ভিনি চুকলেন না। যেদিকে ভিক্ষার্থীরা থাকে দেখানে গিয়ে দাড়ালেন। জিজ্ঞাসা করলেন—লক্ষাকে দেখেছ?

—না ভো প্রভূ।

মায়লাপুরে কপালীশ্বর শিবনিকেতনের আশপাশের ভিক্ষার্থীদেরও ওট প্রশ্ন করলেন—

—সল্লা[®] লল্লা কোথায় জান ?

—কই. না **ভো**!

চলো তবে মহাবলীপুরম। পথ চলতে চলতে হঠাৎ স্মরণ হ'ল এক-বস্ত্রের কপর্দকহীন হয়ে বেরিয়ে এসেছেন তিনি।

করেক মুহূর্তের জন্ম থমকে দাড়ালেন। তারপর আবার চলতে শুরু করলেন। এই ভাল। এই শ্রেয়:। ফিরে গিয়ে অর্থ এবং কাপড়-চোপড় আনতে যে সময় যাবে তার মধ্যে লল্লা কত—কত দূরাস্থরে চলে যাবে। লল্লার জন্ম তিনি অধীর উদ্মাদ হয়ে যাড়েন মুহূর্তে মুহূর্তে। ধর্ম নয়, কর্তব্য নয়, তার থেকেও বড় কিছু। জীবনের তৃষ্ণা—শুধু তৃষ্ণা নয়, অমুত তৃষ্ণা!

हरना महावनीश्रुत्रम-

মহাবলীপুরমেই বা কই লল্লা ? সে তো আসে নি ! চলো কাঞ্জীভরম—

কাঞ্জীভরমেই বা কই লল্লা? কাঞ্জীভরমে শুধু এইটুকু শুনলেন
—জাঞ্জোরে অনেক যাত্রী গেল। ভিক্ষক দলও গেছে। সেখানে

বিরাট উৎসব।

চলো তাজোর। একমাত্র বন্ধ ধূলি-মলিন হয়ে গেল; দাড়ি-গোঁকে সমাচ্ছন্ন হয়ে গেল মুখ; পাতৃকা ছিন্ন হয়ে গেল, কেলে দিলেন। উত্তরীয়খানি থেকে তৈরি করলেন ভিক্ষার ঝুলি। গান রচনা করলেন— স্থর যোজনা করলেন, সেই গান গেয়ে ভিক্ষাজীবী রক্ষনাথন চললেন। অমুভপ্রসাদ দাও—জয় বরদরাজ হে! হায়, কোথায় অমৃত প্রসাদ!

হায়—কোথায় অমুত প্রসাদ!

অমৃত হয়তো কথার কথা। না, একবার তো তার সৌরভ অমৃতবাকরেছিলেন। মুখের কাছে পাত্রখানি ধরে মুক্ষ ংয়ে বসেই ছিলেন; তারপর ফেলে দিয়ে পালিয়ে গিয়েছিলেন। তারপর আর মিললঃ

না। সম্ভব একবারই মেশে। যে পান করে সে অমর হয়—যে ফেলে দেয় ভার আরু মেলে না। তৃষ্ণার্ত ধরিত্রী শোষণ করে নেয়; অথবা পরিত্যক্ত পাত্রের আথেয় বাতাস রৌজ পান করে ধক্ত হয়। পড়ে থাকা পাত্রখানিতে তার আর কোন চিহ্ন পর্যন্ত মেলে না। শৃষ্ঠ পাত্রখানি হাতে নিয়ে তখন উপলব্ধিতে আসে আসল সত্য। 'সব মিথ্যা' এইটেই সত্য।

জীবনে এই কয়েক বৎসবের মধ্যে যে কতবার এই কথা রঙ্গনাথনের মনে হ'ল—ভার সংখ্যা তাঁর মনে নেই। তাঞ্জোরে মনে হয়েছে। মাতৃরায় মনে হয়েছে। প্রতি স্থানেই মনে হয়েছে এই কথা। আজও নিজের বীণাখানির উপর হাত রেখে এই কথাই ভাবলেন।

চার বংসর পর। চার বংসরের মধ্যে বহু পবিবর্তন ঘটে গেছে তাঁর জীবনে। সংসারে সব মিথ্যা। তাঞ্জোর গিয়ে তিনি বিতাড়িত হলেন-মন্দিরচম্বরে প্রবেশ করতে পেলেন না। তাঁর আসবার পূর্বেই মান্দ্রাজে আচার্য চিদাম্বরমের দণ্ডের কথা তাঞ্জোরে পৌছে গিয়েছিল। মহাবলীপুরম যখন পৌছেছিলেন—তখন সেখানে বার্তা পৌছর নি। তিনিই সেদিন সেই মুহুর্তের প্রথম যাত্রী মান্দ্রাজ থেকে মহাবলীপুরম মুখে। কাঞ্জীভরমেও তিনি যাত্রা করতে বিলম্ব করেন নি। কাঞ্জীভরম থেকে যাত্রা করে পথে তিনি বিলম্ব করেছিলেন। তিনি সমুদ্রতটের দিকে ফিরেছিলেন পথ থেকে ৷ থোঁজ করতে চেয়েছিলেন ভটভূমে এমন একটি কিশোরীর মৃতদেহ কি কেউ পড়ে পাকতে দেখেছে ?—কয়েক দিন পর মনে হয়েছিল—না।—সে সে তা করবে না। তার বাবা তাকে বলে গেছে—সে বরদরাজের প্রসাদ পাবে। তার মা তাকে বলে গেছে—কোন দেবমন্দিরের গারিপা**শ** মার্জনা করে গোপুরমের বাইরে দাড়িয়ে তার স্থলর কণ্ঠে বন্দনা গাইলেই জীবন চরিতার্থ হবে। সে তো সমুদ্রে ঝাঁপ খাবে না। আবার ফিরে তাঞ্জোরেই গিয়েছিলেন। তথন ভিনি একেবারে ভিক্ষক।

গোপুরমের বহির্দেশে কাঞ্জীভরমের একজন শৈবপাণ্ডা একদল তীর্থষাত্রী সঙ্গে করে ভাঞ্জোরের শিবমন্দিরের পাণ্ডাদের হাতে দিচ্চিলেন। ডিনি তাঁকে দেখেই ক্ষিপ্ত হয়ে উঠেছিলেন। এই ব্যক্তি ভার নিজের বরদরাজ মৃতিকে খুষ্টান শবরদের হাতে দিয়েছে। নিজে খুঁজে বেড়াচ্ছে এক শ্বরীকে। এ লোকটা গায়ক কিন্তু কি গান করে জান ? গান করে শ্বর ব্রাহ্মণে ভেদ নেই। পাষণ্ড পাষণ্ড—! এর পদার্পণে মন্দির অপবিত্র হবে!

মন্দিরে তিনি প্রবেশ করেন নি। প্রয়োজনও ছিল না। লল্পা থাকলে মন্দিরের বাইরেই থাকবে। কিন্তু ব্রাহ্মাণর। ইঙ্গিতে ও বক্র বাক্যে নানান জনে তাঁকে নানা লাঞ্ছনায় লাঞ্ছিত করেছিল। বিদ্রোপের আর অস্ত ছিল না। ভেঙে প্রড়েছিলেন আর একবার।

লল্লার জন্ম আর এমন করে উন্মাদের মত ঘুরবেন না। ফিরে যাবেন মাস্রাজে। একটি বৃক্ষতলে সারারাত্তি পড়েছিলেন। মধ্যে মধ্যে মনে মনে বলেছিলেন—হ'ল না। পারলাম না। লল্লা, লল্লা।

পরদিন তাঞ্জার তাগি করে মান্দ্রাজের পথে খানিকটা এসে আবার ফিরেছিলেন। লল্লাকে না পেলে বেঁচে তাঁর লাভ নেই। এর পর কিন্তু তাঁর আর সন্ধানের কোন শৃত্থলা ছিল না। পথে পথে চলেছিলেন, যে দিকে বেশী লোক চলে সেই দিকে—সে পথে যে স্থান পড়ে, সেই স্থানেই তাকে খুঁজেছেন। গান গেয়ে ভিক্ষা করেছেন, কিছু সঞ্চয় করেছেন, আবার চলেছেন।

এমনি করে আট মাস ঘুরেছিলেন। তিনি তথন প্রায় উদ্মাদ।

সারা দেশে অরাজক। একে একে হিন্দু-মুসলমান রাজবংশ সামুদ্রিক বড়ে সমুদ্রতটের নারিকেল তালবৃক্ষের মত উৎপাটিত হয়ে পড়ছে। ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর গভর্নর জেনারেল লর্ড ওয়েলেসলির ভাই কর্নেল ওয়েলেসলি ঝড়ের মত বিক্রম নিয়ে একের পর এক মারহাটা টিপু স্থলতান, ত্রিবাঙ্কুর রাজপতিকে পরাভৃত করছে। ওদিকে পিগুারী, ঠগ, চোর ডাকাতে দেশ পরিপূর্ণ। এর মধ্যে পূর্ণোয়াদ বলেই তাঁর ঘোরা সম্ভবপর হয়েছিল। দেহের গ্রীও তখন পথের ধূলায় ঢাকা পড়েছে; মলিন বেশবাস এবং কাধের ভিক্ষার ঝোলাই ছিল আত্মরকার বর্ম। আর একটি অক্স ছিল। সে তাঁর গান। যেই হোক, গান শুনে তারা করুণাই করেছে। তারপর এক ঘটনা ঘটল। তিনি তখন গ্রীরঙ্গমে। সেই অবস্থাতেই গোদাদেবীর উপাখ্যান নিয়ে গান রচনা করে মুখেই শুধু গেয়ে ভিক্ষা করতেন। তাঁর বড় ভাল লেগেছিল এ উপাখ্যান। বিষ্ণুভক্ত পেরিয়ার কল্যা গোদা; স্বপ্নাদেশ দিয়ে প্রীরঙ্গনাথম্বামী পেরিয়ার কল্যা গোদাবরীকে বিবাহ করেছিলেন। এ কাহিনীর মধ্যে কোথায় যেন লল্লার সঙ্গে মিল দেখতে পেতেন। মধ্যে মধ্যে ভাবতেন—লল্লা আর নেই।

লক্ষা তাকে বলেছিল বরদরাজ।—তার সে ভূল ভেঙে দিয়েছেন বরদরাজ।
রঙ্গনাথনকে দিয়েই নিজের স্বরূপ নিজে খুলিয়ে দিয়েছেন। এবং তাকে
টেনে নিয়েছেন। লক্ষাও গোদাবরী-কন্মার মত মরদেহ থেকে মুক্ত হয়ে
বরদরাজের সঙ্গে মিলেমিশে একাকার হয়ে গেছে। যিনি গ্রীবরদরাজ
তিনিই গ্রীরঙ্গনাথন। অর্থ তাঁর কিছু জমেছিল। গ্রীরঙ্গনাথম্বামীর
বিশাল মন্দিরের স্তরে স্তরে বিশুস্ত চম্বরর মধ্যে পাগলের মত খুঁজতেন
—লক্ষা! লক্ষা!

একদিন একজন লোক তাঁকে ডেকে নিয়ে গিয়েছিল—বাঈ সাহেব ভাকছেন। প্রশ্ন করেছিলেন ক্রুদ্ধভাবেই—কে বাঈ ?

নাম শুনে সম্ভ্রমে মাথা নত করেছিলেন। সঙ্গীতজ্ঞ হিসেবে সে নাম তাঁর স্মরণে ছিল। বিখ্যাত সরস্বতী বাঈ; সঙ্গীতজ্ঞদের আদ্মা। মা। তিনি শ্রীরঙ্গনাথস্বামী দর্শনে এসেছেন, ত্র্দিন তাঁর গান শুনেছেন। শুনে ডেকেছেন।

পককেশী বৃদ্ধা সরস্বতী বাঈ। তিনি তাঁকে পুত্র বলে সম্বোধন করেছিলেন। প্রশ্ন করেছিলেন—এমন মূলধন থাকতে ভিক্ষা কর কেন ? প্রথমটা রঙ্গনাথন মৌন ছিলেন। তারপর ধীরে ধীরে হাদয়ের উত্তপ্ত স্পর্শে বিগলিত হয়েছিলেন।

তিনি তাঁর পিঠে মলিন বস্থের উপর পরম স্নেহে হাত রেখে বলেছিলেন —দেবতাকে খোঁজ ?

সে অবাক হয়ে তাঁর মুখের দিকে তাকিয়েছিল।

তিনি বলেছিলেন—সে কি মেলে পুত্র ? আমি তো বলতে পারব না।
জানি না। আমার জীবনে তো—। একটু চুপ করে থেকে বলেছিলেন
—প্রথম জীবনে রূপ আর কঠের জন্ম বিক্রি হয়েছিলাম। রাজা
স্থলতানের মনোরঞ্জন করতে গিয়ে দেখলাম মনোরঞ্জন করা যায়, সেও
অল্পক্ষণ বা দিনের জন্মে। সম্পদ মেলে। মন মেলে না। এ বয়সে
বিগ্রহ দর্শন করতে এসেছি। দর্শনই মিলল, তার বেশী কিছু না।
তবুও তিনি কিছু বলতে পারেন নি তাঁকে। তারপর বলেছিলেন—আমি
শুঁজছি একজনকে।

[—]মামুষ ?

[—]इँग।

⁻⁻नात्री ?

[—]इँग।

- —ভোমার স্ত্রী?
- —₹ग्रा
- —হারিয়ে গেছে ?
- —श्रा।

সরস্বতী বাঈ বলেছিলেন—পুত্র, ঈশ্বর হলে বলতাম হয়তো পেতে পার। কিন্তু এ ক্ষেত্রে বলছি আর তো পাবে না তাঁকে।

- **—পাব** না ?
- —না। সে যুবতী। দেশ অরাজক। অরাজক বলেই বা কেন,
 পুরুষদের মধ্যে লম্পট কামুক বেশী। নরখাদকের চেয়েও তারা হিংস্র।
 হারিয়ে গিয়ে থাকলে পাবে না। নিজের কথা মনে পড়ছে। বললাম
 না আমার রূপ ছিল কষ্ট ছিল। ফলে—
- —তারও আছে।
- —তবে আর কি! সে হয় মরেছে নয় হাটে বাজারে বিক্রি হয়ে গেছে। খুঁজতে খুঁজতে দেখা হয়তো পাবে কিন্তু সেও তোমাকে চিনবে না, তুমিও চিনতে পারবে না, চিনতে পারলে আত্মহত্যা করবে।

রঙ্গনাথন উন্মাদের মত উঠে চলে আসতে চেয়েছিলেন। কিন্তু আম্মা তাঁর হাতে ধরে বলেছিলেন – আমি আম্মা, পুত্র, যেও না, আমার কথা শোন। তোমার এমন কণ্ঠ, এমন গান। বস। পথে মরলে বড় কষ্ট পাবো। বস। গান গাও। শোনাও আমাকে কিছু।

—পারব না। মার্জনা করুন।

বৃদ্ধা বলেছিলেন—তাহলে আমিই গাই, শোন। বলেই তাঁর বীণা নিয়ে বসেছিলেন। গোয়েছিলেন রঙ্গনাথস্বামীর স্তোত্র।

পদ্মাধিরাজে-গরুড়াধিরাজে বিরিঞ্চিরাজে গুররাজরাজে ত্রৈলোক্যরাজেহখিইলোকরাজে শ্রীরঙ্গরাজেরমতাং মনোমে। লক্ষ্মী নিবাসে জগতাং নিবাসে-উৎপন্ন বাসে রবিবিশ্ববাসে— ক্ষীরান্ধিবাসে ফণিভোগবাসে শ্রীরঙ্গবাসেরমতাং মনোমে!

শাস্ত তব্ধ হয়ে গিয়েছিলন শ্রীরঙ্গনাথন। আম্মা বলেছিলেন—কিছুদিন আমার কাছে থাক। স্বস্থ হও। তুমি অস্তস্থ।

ভাই ছিলেন তিনি। তাঁর পরামর্শেই তিনি পালাগান ফেলে দক্ষিণী মার্গদঙ্গীত নতুন করে চর্চা করেছিলেন। মাস চারেক পর। তখন তাঁরা পণ্ডিচেরীতে। গোলযোগ তখন ঘনিয়ে উঠছে দক্ষিণ পথের উত্তর অংশে। দক্ষিণ পর্যন্ত তার চেউ এসেছে। ভোঁসলে সিদ্ধিয়া হোলকার একসঙ্গে মিলে ইংরেজের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে দক্ষিণ মুখে আসছে। সরস্বতী বাঈ শেষ মহীশূর যুদ্ধে প্রীরঙ্গপত্তনে ছিলেন। সে রক্তপাত লুঠতরাজের শ্বৃতি তাঁকে বিহন্ত করেছিল। বলেছিলেন, পুত্র, মানুষ যখন যুদ্ধ করতে নামে তখন রাক্ষস হয়ে যায়। আমি জানি। চল। পণ্ডিচেরী ফরাসী এলাকা; সেখানে চল।

পণ্ডিচেরীতে এসে আদ্মা সরস্বতী বাঈয়ের কাছে কয়েক মাস ছিলেন। তাঁর কাছে নতুন করে চর্চা করেছিলেন মার্গসঙ্গীতের। মন তাঁর ধীরে ধীরে অনেক স্বস্থ হয়ে এসেছিল।

পণ্ডিচেরীতে কয়েকটা মজলিসে গান গেয়ে খ্যাতিও অর্জন করেছিলেন।
হঠাৎ এরই মধ্যে মনে পড়েছিল লল্লাকে। লল্লা যদি মান্দ্রাজে এর মধ্যে
ফিরে এসে থাকে? কয়েক দিনের মধ্যে অস্থির হয়ে উঠেছিলেন।
একদিন বলেছিলেন সরস্বতী বাঈকে—আমাকে যেতেই হবে আমা।
আমাকে যেতেই হবে। আমার মন বলছে—সে এতদিনে মান্দ্রাজ
ফিরেছে। আমা বাধা দেন নি।

পশ্চিচেরী থেকে একদিন আম্মা সাহেবের কাছে বিদায় নিয়ে মান্ত্রাজে ফিরেছিলেন। স্থলপথে নয়, সমুদ্রপথে বড় মালবাহী নোকোয়। আম্মা তাঁকে অর্থ দিয়েছিলেন, আর একটি বীণা দিয়েছিলেন। বলেছিলেন—পুত্র, মনকে বাঁধো। তাকে আর পাবে না। এই তুনিয়ায় হারানোই নিয়ম। মানুষ হারাতেই আসে। বেঁচেও যদি থাকে, তবুও ঠিক সেই তাকে আর পাবে না।

একটু চুপ করে থেকে বলেছিলেন—ঈশ্বর খুঁজতে বারণ করবার অধিকার আমার নেই। নিজে এই বৃদ্ধ বয়সে ওই ছাড়া তো বাঁচবার পথ দেখি না। তবুও বারণ করছি। তোমার মূলধন আছে। ওই ভাঙিয়ে যদি চিরকাল রাখতে পার তবে যে স্থুখ পাবে সে চোখের জলের স্থুখ।

একট্ চুপ করে থেকে আবার বলেছিলেন—তার থেকে তুমি ঈশ্বরকে খুঁজো। না পেলেও তুনিয়া তেতো হবে না। তাঁকে শুধু জীবনেই মেলে না, মরণেও মেলে। কিন্তু তার মুখের দিকে তাকিয়েছিলেন। ভারপর বলেছিলেন—কিন্তু—। তুমি কি এখানেই থাকতে পার না পুত্র ?

শবরীকে তুমি পত্নী হিসাবে গ্রহণ করতে চাও—তুমি কি আমাকে জননী হিসাবে গ্রহণ করে, আমার কাছে থাকতে পার না? তোমাকে সম্পদের লোভ দেখাব না। কিন্তু সঙ্গীত, সে তো দেবত্র্লভ সম্পদ। তাই দেব আমি তোমাকে।

69

রঙ্গনাথন বলেছিলেন—আশ্বা, ভেবে নেখুন—রামচন্দ্র বনবাসে এনেছিলেন—এসে সীতাকে হারিয়েছিলেন। বনবাস-অন্তে সীতা উদ্ধার করে ফিরেছিলেন। সীতাকে না নিয়ে তিনি কি কৌশস্যা মাতার কাছে ফিরতে পারতেন? ফিরলে কৌশস্যা মাতাও কি তাঁকে ফিরিয়ে দিতেন না, বলতেন না, সীতাকে নিয়ে তবে তুমি ফিরে এস?

সরম্বতী বাঈ বলেছিলেন ঠিক বলেছ পুত্র। আমিও তোমাকে তাই বলছি—তুমি যাও। লল্লাকে নিয়ে তবে তুমি ফিরে এস। আর না পেলেও যেন এস।

রঙ্গনাথন প্রথমেই ফিরেছিলেন মান্দ্রাজ্ঞ। প্রথম দেখা হয়েছিল যোশেফের সঙ্গে। '

ষোশেফ প্রশ্ন করেছিল—ভূমি কোথায় গিয়েছিলে আচার্য ?

- —ভারই সন্ধানে।
- —লল্লার ?
- —হঁ্যা যোশেক। আমি তোমার কাছে সত্য বলব। তাকে আমি বরদরাজের নাম নিয়ে সমুদ্র সাক্ষী করে বিবাহ করেছিলোম। সেইদিন রাত্রে ষেদিন—। সংক্ষেপে সমূহ বলেছিলেন তিনি যোশেককে। বলেছিলেন—আমার অপরাধ। আমার অপরাধে—। একটা দীর্ঘ-নিশ্বাস ফেলেছিলেন তিনি।

যোশেফ সবিস্ময়ে বলেছিল—ভূমি শবর হয়েছ রক্সনাথন ?

রঙ্গনাথন বলেছিলেন—না যোশেফ, লল্লাকে ব্রাহ্মণী করব বলে গ্রহণ করেছিলাম।

ষোশেক আক্ষেপ করে বলেছিল—হতভাগিনী, সে হতভাগিনী। নির্বোধ। সে আমার কাছে এল না কেন? একট্ পরে সে প্রশ্ন করেছিল—কিন্তু ভূমি এখন কি করবে রঙ্গনাথন?

—ঠিক তো জানি না।

যোশেফ সাগ্রহে বলেছিল—একটা কথা বলব আচার্য ?

- —বল।
- ভূমি কৃশ্চান হবে ? তোমার সঙ্গে আমি খুব স্থন্দরী কৃশ্চান-কন্সার বিবাহ দেব। যারা ব্রাহ্মণ থেকে কৃশ্চান হয়েছে তাদের কন্সা। পাদরীরা আমার কথা শুনবে।

হেসে রঙ্গনাথন বলেছিলেন—না যোশেষ। লল্লা—লল্লা ছাড়া আর কারুর আমার জীবনে স্থান নেই। সে হয় না যোশেষ। যোশেষ এবটু চুপ করে থেকে ছিল, তারপর বলেছিল—তা ছলে তুমি আর মান্ত্রাজে থেকো না রঙ্গনাথন। এ কথা প্রকাশ হবে—

—তাতে তো আমি লজ্জিত হব না যোশেক। পতিত তো আমি হয়েই আছি।

লচ্ছিত তিনি সভাই হন নি। মাল্রাজকে তিনি জয় করেছিলেন গানে।
পালাগান গান নি। মার্গসঙ্গীত গেয়ে তিনি নতুন করে মানুষকে জয়
করেছিলেন। মন্দিরে নয়—সঙ্গীত-বিলাসী মানুষদের নিমন্ত্রণে শুধু
মানুষের আসরে। তাঁর অপূর্ব সঙ্গীতের জন্ম তাঁর পাণ্ডিত্যকে মানুষের
হাদয় আর প্রশ্রা দেয নি। লে'কে বলেছিল, রঙ্গনাথন পাগল হয়ে
সিদ্ধিলাভ করেছে গানে।

অ চার্য চিদ,স্বরম বলেছিলেন—তুমি একটা প্রাঞ্চত্ত কর রঙ্গনাথন। রঙ্গনাথন হেসে বলেছিলেন—মার্জনা করবেন আচার্য!

সমাজ থেকে দূরে তিনি সেই সমুক্তটে আপনার ঘরে বাস করতে লাগলেন। কাটাবেন লল্লার তপস্থায়। লল্লার স্মৃতি তাঁকে আচ র করে রেখেছিল। নিশীথ কাত্রে পূর্ণিমার দিন—সমুক্তে যখন জোয়ারের ডাক উঠত তখন অকস্মাৎ তাঁর মনে হ'ত সমুক্তটে নারিকেল বনের বাতাসে যেন একটি নারী-কণ্ঠের আকুল ডাক ভেসে আসছে।

—প্রভূ! প্রভূ!বরদরাজ!লল্লার বরদরাজ!

তিনি উৎকর্ণ হয়ে শুনতেন।

নিরবচি র আহ্বান ভেসেই আসত—ভেসেই আসত।

রঙ্গনাথন উদ্প্রান্তের মত বেরিয়ে পড়তেন ঘর থেকে। সমুদ্রতটের দিকে স্থাটিতে আরম্ভ করতেন। উঁচু বালিয়াড়ি পার হয়ে নিচে নামতেন সমুদ্রতটে। সেই নারিকেল বৃক্ষশ্রেণীর দীর্ঘ ছায়া আর পূর্ণিমার জ্যোৎস্নার তৃষ্কধবল আলোয় চিত্রিত-বিচিত্রিত বালুবেলার উপর তিনি ঘুরে বেড়াতেন। চীৎকার করে ডাকতেন—লল্লা—লল্লা—। জীবনলক্ষ্মী! কোখায় তৃমি?

সমুদ্রবক্ষে সমুদ্রবিহক্ষের দল—রাত্রেও তাদের বিশ্রাল নেই—তার। জ্যোৎস্নায় কলরব করে উড়ে বেড়াত।

কতদিন সেই নারিকেল বৃক্ষজোড়ার তলায় শুয়ে ঘূমিয়ে পড়তেন। ভোররাত্রে ঘূম ভাঙত; পাশের দিকে তাকাতেন—। লল্লা নেই! চুপ করে তিনি কিছুক্ষণ বসে থেকে তারপর উঠতেন। বাড়ি ফিরতেন। এসে পূজার ঘরে বসতেন; কাঁদতেন।

পূজার ঘরটিতে সবই আছে, নেই কোন মূর্তি। সেই যে বরদরাজের
মূর্তিটি চুরি গেছে, স্থানটি শৃষ্ম হয়েছে, সে স্থান তিনি আর পূরণ করেননি।
এক-এক সকালে ঘুম ভেঙে উঠেও তাঁর ভ্রম দূর হ'ত না। তিনি
সেইদিনের মতই ভাবতেন—সল্লা তাঁকে না পেয়ে চলে গেছে।
তিনি সমুদ্রতট ধরে হাঁটতে শুরু করতেন যোশেফদের পল্লীর দিকে।
যোশেফদের পল্লীর ছেলেমেয়েরা তাকে দেখে হাসত। ব্যক্তের হাসি।

বলত—কি আচার্য! লল্লাকে চাই ?

- —ললা ? কোথায় সে ? কোথায় ?
- —আছে। কাল সে ফিরেছে গো।
- —ডাক। ভাকে ডাক। আঃ!
- —কিন্তু সে তো আসং না!
- **—কেন** ?
- —দে কৃশ্চান হয়েছে। পৃথিবীর শ্রেষ্ঠ ত্রাণকর্তাশরণ নিয়েছে। তুমি যদি কৃশ্চান হও তবে দে তোমাকে দেখা দিতে পারে।
- ধীরে ধীরে তাঁর স্বাভাবিক চেতনা ফিরত। তিনি বুঝাতে পারতেন
 —এরা তাঁকে ঠাট্টা করছে। বিষয়চিত্তে তিনি ফিরে আসতেন।

মধ্যে মধ্যে যোশেকের সঙ্গে দেখা হলে সে তাকে সম্ভ্রম করে অভিবাদন করে বলভ—আচার্য, আবার তুমি রাত্রে বেরিয়েছিলে? পূর্ণিমার ভ্রমে পেয়েছিল তোমাকে!

রঙ্গনাথন বলতেন—হাঁ। যোশেফ। কাল রাত্রে ঘূমের ঘোরে। মধ্যে অকস্মাৎ যেন লল্লার ডাক শুনতে পেলাম। বার বার শুনেছি। ভ্রম তো ঠিক নয়।

যোশেক গায়ে ক্রন্স এঁকে বলত—মেইরী তোমাকে রক্ষা করুন আচার্য।
প্রভু তোমাকে দয়া করুন। ভ্রম হয়তো নয়, এ সভ্যই হয়তো বটে।
লল্লা মরেছে তাহলে, তার প্রেতাত্মা তোমাকে ডাকে। ডেকে নিয়ে
যায় সমুদ্রকূলে। তার কামনা সে তোমাকে ওই সমুদ্রে ফেলে তোমাকে
আত্মহত্যা করাবে। তারপর তোমার আত্মাকে তার সঙ্গী করবে।

চুপ করে থাকতেন রঙ্গনাথন। ভাবতেন—তাই কি? মন বলত
—না—লল্লা যদি মরেই থাকে তবু দে তাকে কখনও আত্মহত্যায় প্রালুদ্ধ
করবে না। না। ভার্বে কখনও করতে পারে না। ভার তো কামনা

ছিল না। ছিল প্রেম—শুধু প্রেম। সে তো লীলাময়ী নয়—তাই তার নাম লল্লার বদলে কলাবস্তী থেকে কল্যাণী করে দিয়েছিলেন। তার শ্রামবর্ণ মুখখানি উজ্জ্বল হয়ে উঠেছিল।

মাস কয়েক পর এই ভ্রাস্থিটা যেন তাঁর কমে আসতে আসতে ঘুচে গেল।
কিন্তু রঙ্গনাথন তাতে তৃপ্তি পেলেন না। মনে হ'ল সব যেন শূন্য হয়ে
গেছে। এই ভ্রাস্তির মধ্যে তিনি যেন লল্লাকে হারিয়েও লল্লার সঙ্গে বাস করেছিলেন।

কত দিন রাত্রে এই ভ্রমের বশে কত নারিকেলছায়ার মধ্যে শীর্ণ একটি জ্যোৎস্লার ফালিকে লল্লা বলে মনে করে ছুটে গেছেন; দেখানে তাকে পান নি— তবু ভ্রম ভাঙে নি, মনে হয়েছে লল্লা কৌতুকভরে বা অভিনানবশে এখান থেকে সরে গিয়ে গাঢ় ছায়ার মধ্যে লুকিয়েছে—তিনি খুঁজেছেন। খুঁজে ক্লাস্ত হয়ে ফিরে এসে সেই জোড়া নারিকেল রক্ষের তলদেশে শুয়েছেন; ভেবেছেন, সে একসময় এসে তাঁর পাশে বসে তাঁকে মৃত্যুবরে ডাকবে, প্রভু, আমি এসেছি! আমার বরদরাজ, আমাকে ক্ষমা কর। আমি তোমাকে ত্রংখ দিয়েছি। ভাবতে ভাবতে ঘুমিয়ে গেছেন। স্বপ্পঘোরে মনে হয়েছে লল্লা তাঁর পাশে আছে। হাত দিয়ে তিনি নারিকেল বুক্ষের গোড়াটি জড়িয়ে ধরেছেন। ঘুম ভেঙে গেছে। সে যেন মিথ্যার মধ্যেও তিনি বিরহ-মিলনের পরম আনন্দের সত্যলোকে বাস করেছেন। সেই বাস্তবে আনন্দলোক ক্রমে ক্রমে পরম সত্য কোথায় যেন মিলিয়ে গেল!

তিনি অনেক ভেবে স্থির করলেন— আবার তিনি দেবতা মন্দিরের বাইরে বসে দেবতাকে গান শোনাবেন।

সেদিন তিনি মান্দ্রাজ ছেড়ে আবার গোলেন কাঞ্জীভরমে বরদরাজের মন্দিরের সম্মুখে। মন্দিরচন্তরের বাইরে একটি গাছতলায় বসে তিনি বীণা নিয়ে ভজন শুরু করলেন:

মধুরং মধুরং মধুরং মধুরং
মধু তেহপি মধুরং মধুর[,] মধুরং।
মধুরং বদনং মধুরং বচনং
মধুরং মধুরং কলেবরং।
মধুরমধীরম নিক্কতি মধুরং
মধুতান্থপি মধুরং পীতান্তরং

মধুরং চরং চরণাভরণং মধুরস্থরঃ স্থিত রক্ষণ। মধুর স্মিতমেতদহো পেক্ষণম তক্ষু মনোহরং।

আপন মনে তিনি গেয়ে চলেছেন। কোনদিকে দৃষ্টি তাঁর ছিল না।
আত্মমগ্র হয়ে গাইছিলেন। হঠাৎ মন্দিরচত্বর মধ্য থেকে কাঁসরঘন্টা শিঙ
এবং দামামা বাজিয়ে একদল লোক এসে তাঁকে ঘিরে দাড়াল। তখন
দেখলেন অনেক লোক তার চারিপাশে জমে গেছে, তাদেরও ওপাশে
মন্দিরের সিংহদ্বার থেকে বেরিয়ে একদল লোক এসে উচ্চরোলে বাজনা
বাজাসে যার মধ্যে নিজের কণ্ঠস্বর তিনি নিজেই শুনতে পাস্তেন না।
মধ্যপথেই গান বন্ধ কর্বলেন তিনি। বুঝলেন পুরোহিতেরা তাঁকে ক্ষমা
করেন নি। একটা দীর্ঘনিশ্বাস ফেলে উঠে পড়লেন তিনি।

না:। দেবমন্দির থেকে তিনি নির্শাসিত হয়েছেন। দেবমন্দিরে দেবতা কেউ নন। পুরোহিতেরাই সব। ভুল হয়েছিল তাঁর। ভুল হয়েছিল।

সেখান থেকে উঠে কাঞ্চীপুরমের প্রান্তদেশে এসে রাত্রিটা কাটিয়ে দিলেন উন্মুখ আকাশের তলায়। আশ্রয় কারুর কাছে নেবেন না তিনি। তিনি পথিক। সন্ধানে চলেছেন—লল্লার সন্ধানে। পথই তাঁর আশ্রয়।

যুম তাঁর আসে নি । ক্লুধা পেয়েছিল। ছরন্ত ক্লুধা। ক্লুৎকাতর অবস্থায় জেগে আকাশের দিকে তাকিয়ে ছিলেন। অকস্মাৎ কিছু দূরে মান্তবের সাড়া পেয়ে তিনি একটু শঙ্কিত না হয়ে পারেন নি। মনে পড়েছিল এই বরদরাজের মন্দিরে তাঁর সেই প্রথম পালাগানের কথা। পালাগান সেরে সমুক্তটে নৌকা ধরবার জন্ম যখন আসছিলেন তখন তাঁকে অজ্ঞাত আততায়ীরা মাথায় আঘাত হেনেছিল। প্রশ্ন করেছিল, এই গান রচনা করতে কে শেখালে তোমাকে?

আবার আজও কি তারই পুনরাবৃত্তি ঘটবে? সেদিন যারা আঘাত করেছিল, তাদের তিনি চিনেছিলেন। তারা যোশেফের দল। তারা কুশ্চান হয়ে আজ নতুন শিক্ষা পেয়েছে, উন্নত হয়েছে, তারা আজ শবরদের সমাজে পতিত বললে ক্রুন্ধ হয়ে ওঠে। তিনি তাদের প্রতি উচ্চবর্ণের অক্সায় অত্যাচারে বেদনায় তাদেরই জ্বয়্ধনি তুলতে চেয়ে— ছিলেন। কিন্তু তারা তা বোঝে নি। আঘাত করেছিল। আর আজ নিঃসন্দেহে যারা আসছে, তারা ঐ পুরোহিতের দল। তারা তাঁকে ক্ষমা করেন নি। তিনি ব্রাহ্মণ হয়ে শবরক্সাকে ভালবেসেছেন, তাকে বরদরাজের মূর্তিটি দিতে বলেছিলেন যোশেফকে, সে কথা শুনে অবধি তাঁর প্রতি তাদের মর্মান্তিক ক্রোধ। তিনি ফিরে এসে মার্গসঙ্গীতে সাধারণ মান্ত্র্যের চিত্ত জয় করেছেন, সম্মান পেয়েছেন, সম্পদও পেয়েছেন, পেয়ে ভেবেছিলেন তিনি পুরোহিতদের চিত্তও জয় করেছেন। কিন্তু না। এদের জয় তিনি করতে পারেন নি। তারা তাঁকে প্রায়শ্চিত করতে বলেছিল—তাও তিনি করেন নি। তাতে ওদের আক্রোশ আরও উত্তপ্ত হয়ে উঠেছে। আজ বরদরাজের মন্দিরসীমানার বাইরে বসে গান করাটাকে তারা চরম আম্পর্ধা ধরে নিয়ে, তাকে নির্ভুর আঘাত করতে আসছে। তিনি স্থির হয়ে বসলেন। আসুক, যা আসকে আস্কুক।

লোক কটি কিছু দূরে এসে দাড়াল।

তিনি প্রশ্ন করলেন—কে? কারা তোমরা?

—আপনি আচার্য রঙ্গনাথন ?

হেসে রক্ষনাথন বললেন—আচার্য কি না জানি না। তবে আমি রক্ষনাথন।

—আমি আপনার সঙ্গে দেখা করতে এসেছি।

विश्वादश हमतक छेठेलन तक्रनाथन। এ य नातीकर्थ!

সর্বাঙ্গ আচ্ছাদনে আবৃত করে একটি বালকমূর্তির মত কেউ তাঁর দিকে এগিয়ে এল। এসে তাঁর সামনে, বালুর উপর হাঁটু গেড়ে বসল। নিজের অক্ষের আচ্ছাদন সে খুলে ফেলে বললে—প্রণাম আচার্য।

সেদিন পূর্ণিমা ছিল। পরিপূর্ণ জ্যোৎস্নায় প্রান্তর ঝলমল করছিল। সেই জ্যোৎস্নায় অবাক হয়ে তার মুখের দিকে তাকিয়ে রইলেন রঙ্গনাথন। কী রূপ! এ কৃষ্ণাঙ্গী নয়, গৌরী—অপরূপ লাবণ্যবতী পূর্ণযৌবনা একটি মেয়ে।

রঙ্গনাথন জিজ্ঞাস! করলেন, তুমি কে ?

মেয়েটি বললে—আমি সামাক্যা। আমার নাম 'হেমাম্বা'।

—হেমাস্বা! বিশ্বয়ের আর অবধি রইল না রঙ্গনাথনের। দেবদাসীশ্রেষ্ঠা হেমাস্বা! অনেককাল আগে তাকে দেখেছেন রঙ্গনাথন। সে দেখেছে আলোকমালায় উজ্জ্বল নাটমন্দিরের মধ্যে, নর্তকীর বেশে। অপূর্ব প্রসাধনে প্রসাধিতা, পুষ্পামাল্যে অলঙ্কারে সজ্জ্বিতা। আর এ মেয়ের আঙ্গে সে সবের চিহ্ন নেই। কিন্তু ভার থেকেও অনেক শ্রীমতী মনে হচ্ছে। ভার উপর এই ভূবনভরা জ্যোৎস্পা। জ্যোৎস্পার আলোয় সূর্যের দীপ্তি নেই, কিন্তু একটি আশ্চর্য রহস্ত আছে। রূপকে সে তীক্ষ্ণ বিশ্লেষণে বিশ্লেষিত করে না, একটি কুহেলী রহস্তে রহস্তময়ভায় অপরূপা করে ভোলে। শুভ্র সৌন্দর্যের একটি বিলেপনের প্রসাধন বুলিয়ে দেয়। মনের মধ্যে ভাঁর গুঞ্জন করে উঠল—

"ম্বর্ণ-কমলবর্ণাভাং স্থকোমলাং স্থলোচনাং শুক্রজ্যোৎস্পা বিলোপিতাং অপরূপাং মনোরমাং—।"

সলজ্জ হেসে হেমাস্বা বললে—আচার্য, আপনাকে আমি আহ্বান করতে এসেছি আমার গৃহে। যথন পুরোহিতেরা দামামা নাকাড়া শিঙা বাজিয়ে আপনাকে গানে বাধা দিয়ে ক্তর করে দেয়, তথন আমি নিজেকে আফাদনে আরত করে ওই জনতার মধ্যে দাড়িয়ে আপনার গান শুনছিলাম। চোখ থেকে আমার জল পড়েছিল। আপনি গান বন্ধ করলেন। তারপর উঠে নগরের পথ ধরে চলে গেলেন, আমি অনেক ত্রুখ পেলাম। কাঞ্জীভরমে আপনি কোথায় যাবেন, কোথায় স্থান পাবেন তা বুঝতে পারলাম না। একটি অনুগত লোককে আপনার পিছনে পিছনে পাঠিয়েছিলাম আপনি কোথায় যান তাই দেখতে। সে গিয়ে বললে, আপনি নগর পার হয়ে এই বালুপ্রাস্তরে এসে উত্তরীয় পেতে শুয়েছেন তার উপর। অভুক্ত। কারণ সে আপনাকে কোথাও খেতে দেখে নি। তাই আমি এসেছি আচার্য। কিঞ্চিৎ আহার্য নিয়ে এসেছি, দয়া করে গ্রহণ ককন, আর দয়া করে আমার গৃহে আমুন, রাত্রির মন্ত অবস্থান করবেন।

অবাক হয়ে গেলেন রঙ্গনাথন।

বললেন—দাও, আহার্য দাও। সত্যই বড় ক্ষুধা পেয়েছিল আমার। কিন্তু তোমার ঘরে আমি যাব না দেবদাসীশ্রেষ্ঠা, তাতে তোমার বিপদ হবে। হেমাম্বা বললে—আর আমি দেবদাসী নই আচার্য। বোধ হয় আপনি জানেন না। একদিন রাত্রে মন্দির থেকে বেরিয়ে যাবার পথে আমি অপক্ততা হয়েছিলাম। ফিরিক্সী পশ্টনের ক'জন গোরা আমাকে ধরে তুলে নিয়ে গিয়েছিল। সকালে আমি অচেতন হয়ে পড়েছিলাম, নগর থেকে ক্রোশ্রখানেক দ্রে। তার পর থেকে আর আমি দেবদাসী নই। এখন আমি গণিকা।

याथा (इँ छ कदव वदम बहेन (हमान्या ।

বঙ্গনাথন বললেন—দাও, আমাকে আগে খেতে দাও। বলে হতে পাতলেন তিনি। আহার করে জল পান করে বললেন—আঃ! প্রাণ আহার নইলে বাঁচে না। তুমি আমাকে আহার দিলে না—প্রাণ দিলে! হেমাস্বা বললে—এবার আমার ঘরে চলুন। আমি জানি গ্রীরঙ্গমে আপনি আম্মা সরস্বতী বাঈয়ের ঘরে অনেক দিন ছিলেন। আম্মা আপনাকে মায়ের মতই স্নেহ করতেন।

কণ্ঠস্বর মৃত্ব করে সে বললে—আজীবন আপনার কৃতদাসী হয়ে থাকব আচার্য। আপনি এক শবরীকে ভালবেসে তাকে হারিয়ে উদ্প্রাস্তের মত হয়ে গেছেন। গৃহহীন বৈরাগী আপনি। আমি শবরীর চেয়ে বেশী ভালবাসতে জানি প্রভূ। আমি শুধু একদিনের জন্ম নর, চিরদিনের জন্ম আপনাকে নিয়ে যেতে চাচ্ছি। আমার অর্থ আছে প্রভূ। আমি আপনাকে নিয়ে গ্রীরক্ষম ত্যাগ করে চলে যাব। মাল্রাজে আপনার লজ্জা হবে হয়তো। মাল্রাজ নয়, চলে যাব পণ্ডিচেরীতে, নয়তো কলকাতায়। যেখানে বলবেন আপনি।

স্তব্ধ নিস্পান্দ মাটির মূর্তির মত বসে রইলেন রঙ্গনাথন।

- —আচার্য!
- —দেবী!
- —দেবী নয়, আমি হেমাস্বা—আপনার দাসী।
- —অমৃতের মত বাক্য তোমার মধুর থেকেও মধুর। কিন্তু তুমি আমাকে
 ক্ষমা কর।
- একটু চুপ করে থেকে হেমাস্বা বললে—একটা প্রশ্ন করব আচার্য ?
- —বল ।
- —কৃষ্ণাঙ্গী লল্লা, এর, অর্থাৎ যে সব গুণ-রূপের কথা বলবেন, তার থেকেও অধিকতর রূপ-গুণের অধিকারিণী ?
- —তা আমি বলছি না, দেবী।
- —ভবে ?
- একদিন সমুদ্রতটে, আজকের মতই এক পূর্ণিমা রাত্রে সে আমাকে বলেছিল, আপনি আমার বরদরাজ। আমি তাকে বলেছিলাম, আমি যদি তোমার বরদরাজ হই লল্লা, তবে তুমি আমার লক্ষ্মী। অথবা গোদাদেবী, যিনি লক্ষ্মী হয়েও অনার্য গৃহে জন্ম নিয়ে নিজ তপস্থায় নারায়ণের পাশে নিজ অধিকার অর্জন করে আজও প্রভিষ্ঠিতা আছেন।
- —কিন্তু সে তো হারিয়ে গেছে আচার্য।

—মনে সে অক্ষয় হয়ে আছে হেমাস্থা। নইলে তোমার নিমন্ত্রণ উপেক্ষ, করতাম না। মাথায় করে নিতাম। সে আমার কাছে বরদরাজের নির্মাল্য, আমার জীবনের সঙ্গে জড়িয়ে গেছে। তুমি আমাকে মার্জনাকর।

হেমাম্বা কয়েক মুহূর্ত নতমস্তকে চূপ করে রইল, তারপর প্রণাম করে উঠে ভোজনপাত্রটি হাতে করে চলে গেল। রঙ্গনাথন দেখলেন, জ্যোৎস্নার আলোয় তার গালের উপর তুটি রেখা চকচক করছে। কাঁদছিল হেমাম্বা।

সে দিন তিনিও কেঁদেছিলেন, তবে তারপরে---

পরদিন ভোরবেলা, যাত্রা করে মান্দ্রাজ এসে পোঁছেছিলেন। কিন্তু কিছুদিনের মধ্যেই কাঞ্জীভরম থেকে এল বিচিত্র সংবাদ, মান্দ্রাজেন উচ্চবর্ণের সমাজে এ নিয়ে পরিহাস ও ব্যক্ষের অবধি রইল না।

শ্লেন্ড উন্দ্রিষ্টা দেবদাসী হেমাস্থার ঘরে অন্ধজল গ্রহণ করেছেন রঙ্গনাথন। রঙ্গনাথনের উপাধি রটে গেল "হেমাস্থার জার", "শবরীর অধরপিয়াসী"। মান্ত্রাজ্ঞের বিশিষ্ট ব্যক্তিদের মজলিসে মার্গসঙ্গীতের আসরে তিনি গান ধরলেই কোথাও থেকে কেউ বলে উঠত—"জয় লল্লা"। গান শেষ হলে ধ্বনি উঠত, "জয় হেমাস্থা"।

তিক্ত হয়ে একদিন রঙ্গন থনে অনেক তাদ্বর করে ইংরেজদের জাহাজে স্থান সংগ্রহ করে চড়ে বসলেন। যাবেন কলকাতা। কলকাতা থেকে উত্তব ভারত যুরবেন।

উত্তর ভারতের তীর্থে তীর্থে। বারাণসী প্রয়াগ অযোধ্যা বৃন্দাবন পর্যন্ত গিয়ে আর যেতে পারলেন না। সমগ্র উত্তর ভারত তখন একটা বুন্দাবনে পরিণত হয়েছে। অযোধ্যার নবাবের রাজ্যে কিছু শান্তি। বৃন্দাবনে কিছুদিন থাকলেন। রাধা আর কিষণজ্ঞী। কিষনণজ্ঞীর থেকেও রাধা প্রধান। রাধারানীর রাজ্য। জগতের পতি, পুণ্যাবভার কিষণজ্ঞী ভার- অধীন। পায়ে ধরে মান-ভঞ্জন করেছিলেন। ভারপর চলে গিয়েছিলেন। সারা জীবন কেনেছিলেন রাধা।

কুঞ্জে কুজে ঘুরে বেড়াতেন, কান পেতে শুনতেন সে ক্রেন্সন শোনা যায় কি না। তার মধ্যে মিল পেতেন নিজের জীবনে। লল্লার ক্রেন্সন আরু রাধার ক্রেন্সনে তফাত ছিল না তাঁর কাছে। বিচিত্র মান্তবের মন। আবার এক দিন উত্তলা হয়ে উঠল। মনে হ'ল দক্ষিণের কথা। মান্তাজ! লল্লা যদি ফিরে এসে থাকে! মনে মনে নানান কাহিনী রচনা করেন। লল্লা পথভান্ত হয়ে গিয়ে পড়েছিল কোন স্থানে হয়তো। মারাঠাদের এলাকায় কিম্বা নিজামের এলাকায়—সেখানে লড়াই চলছেই চলছেই। সর্বত্র আছে ই'বেজ ফিরিঙ্গী। তারা হয়তো তাকে ধরে নিয়ে গিয়েছিল। অথবা নির্মম অত্যাচার করেছিল। মনে পড়েছিল মাল্যবান পর্বত যাবার সময়কার সেই আশ্রয়স্থল শবরপল্লী। দেই "উন্নি" মেয়েটি। ওদের গাষ্ঠী-পতির কক্যা। অত্যাচাবে পাগল হয়ে গিয়েছিল। দিন রাত্রি চীৎকার করত—'না-না-না, ছেড়ে দে, ছেড়েদে, ছার্রার মতই হয়তো পাগল হয়ে পথে পথে ফিরে আবার ক্রমে স্বস্থ হয়েছে এত দিনে। স্বস্থ হয়ে মান্তাজ ফিরে এসেছে। যোশেফ তাকে নশ্চয় সব বলেছে। হয়তো বা যোশেফদের পল্লীতেই তাঁর পথ চেয়েদে বদে আছে।

ভাবতে ভাবতে মনের বিশ্বাসটা দৃঢ় হয়ে ওঠে। শেষে একদিন স্বপ্ন নেখলেন। পরদিন তিনি আবার ওঠেন। চল মাল্রাজ। আবার মাল্রাজ ফিরে যাবেন। বৃন্দাবন থেকে শহরে শহরে বড় বড় মজলিসে গান শুনিয়ে উপার্জন করে, কোথাও নৌকায়, কোথাও উটের গাড়িতে, কোথাও পদব্রজে ঘুরে কলকাতা এসে পৌছলেন। এবার ফিরিঙ্গী কোম্পানির জাহাজে স্থান সংগ্রহ করবেন। মাল্রাজ যাবেন। মাল্রাজে নেমেই নিশ্চয় যোশেফদের পল্লীর কাকর সঙ্গে দেখা হবেই। তারা নৌকায় কাজ করে।

জাহা**ন্ধে** একটু নিজেব স্থানের জন্ম গিয়ে কিন্তু যোশেফের সঙ্গেই তাঁর দেখা হয়ে গেল।

—যোঞ্চেফ!

যোশেষ্ণ কম আশ্রুষ্ হয় নি, সে বললে—আশ্রুষ্ !

- —তুমি কি আমাকে খুঁজতে কলকা হায় এসেছ ? লক্ষা ফিরেছে ? যোশেফ হাসলে। অতি বিষণ্ণ সে হাসি। বললে—সে তুর্ভাগিনীকে এখনও তুমি ভূলতে পার নি, আচার্য ?
- —ভূলতে কি পারি যোশেষ ! তাকে যে আমি সত্যই ভালবেসেছি।
 শুধু সমাজের ভয়ে কয়েক দণ্ড বিহুবুল হয়ে গিয়েছিলাম। তার জন্ম

এতদিন হুঃখ পাচ্ছি। কিন্তু তার কত বড় হুঃখ, কত বড় হুর্দশা হয়েছে ভাব তো!

দীর্ঘনিশ্বাস ফেলে যোশেফ বললে—না আচার্য, সে তো ফেরে নি।—ফেরে নি। স্কন্থিত হয়ে গেলেন রক্ষনাথন। এত বড় বিশ্বাস, তীর্থের স্বপ্ন সব মিথ্যা হয়ে গেল! সংসারে কি সবই মিথ্যা! সত্য কি কিছুই নেই! হে বরদরাজ! হে গ্রীরক্ষনাথন প্রভূ! হে একাম্বরেশ্বর! হে কক্সাকুমারী! তোবার অনাদিকালের মহেশ্বর কামনার তপস্যা তাও, কি মিথ্যা?

দীর্ঘনিশ্বাস ফেলেই ফিরছিলেন রঙ্গনাথন। যোশেফ তাঁকে ধরে আটকালে।

- —কোথায় যাবে ?
- জানি না যোশেষ। যেমন পথে পথে ফিরছি, তেমনিই ফিরব। এখানে থাকি কিছুদিন। আবার উঠব।
- —না। ফিরেই চল আচার্য। মান্দ্রাজ চল। তোমার অভাব আমরঃ অফুভব করি। আর মান্দ্রাজের লোক তোমার বিপক্ষে যাবে না। তুমি বারাণসীতে আর বৃন্দাবনে মন্দিরে গান করেছ, সেখানকার প্রশংসা লোকের মুখে মুখে মান্দ্রাজ পর্যন্ত পোঁছেছে। চল, ফিরে চল।

শুনে ভাল লাগল রঙ্গনাথনের। সে অনেকক্ষণ চূপ করে থেকে বললে
—সেই জন্মই এসেছিলাম এখানে। কোম্পানির জাহাজে জায়গার জন্ম।
বুন্দাবনে স্বপ্ন দেখেছিলাম যোশেফ, লল্লা মাল্রাজে তোমাদের পল্লীর
সমুত্রতটে আমার জন্মে বসে আছে। সেই বিশ্বাসে ফিরছিলাম বড়
আশা নিয়ে। আবার একটু চূপ করে থেকে বললেন, তবে তাই চল।
যোশেফ তার হাত চেপে ধরে বললে—আমি বড় নৌকা নিয়ে এসেছি
ব্যবসায়ীদের মাল নিয়ে। এখন আমি নিজে মালের বড় নৌকা করেছি।
এখানকার মাল নিয়ে আবার কালই রওনা হব। চল তুমি।

সেই নৌকোয় ফিরেছিলেন রঙ্গনাথন। নৌকো পথে মধ্যে মধ্যে কূলে ভিড়িয়ে বিশ্রাম করে। প্রয়োজন হয় পানীয় জলের। খাবার-দাবারেরও দরকার হয়। নৌকো সেই কারণেই ভিড়েছিল পুরীতে।

নীলমাধবের রাজধানী পুরী। সমূত্র থেকে তার মন্দিরচূড়া দেখা যায়। হঠাৎ রঙ্গনাথনের চিত্ত আলোড়িত হয়ে উঠল।

মহাতীর্থ জগরাথধাম। আচণ্ডালের পরমতীর্থ! জগরাথ নীর্ল মাধবের পরম প্রিয় এই শবরেরা। শবরেরাও তাঁর সেবক। সেবার অধিকারী। মহাপ্রসাদে জাতিভেদ নেই, স্পৃখ্যাস্পৃশ্য নেই। সর্ব জাতির হাতের মহাপ্রসাদ অন্ন ফিরিয়ে দেবার হুকুম নেই এখানে। এখানে সব সমান, সব সমান। ভাবতে ভাবতে রঙ্গনাথনের চোখে জল এল। আপসোস হ'ল, এতকাল সে এই মহাপ্রভূ—মহান দেবতাটিকে গান শোনায় নি!

রঙ্গনাথন বীণা হাতে উঠে দাঁড়িয়ে বললে—যোসেফ, আমি এখানে নামব। জগন্নাথকে আমার আজও গান শোনানো হয় নি। আমি নামব।

যোশেফ হেসে বললে—নামবে আচার্য ? কিন্তু মান্ত্রাজ ?
—যাব। যাব। পরে যাব। এখন আমাকে নামিয়ে দাও।
একখানা ছোট নোকো ডাকলে যোসেফ। বললে—মান্ত্রাজকে
ভূলো না।

সেই অবধি রক্ষনাথন এইখানে রয়ে গেছেন। বড় ভাল লেগেছে। বড় ভাল লেগেছে।

প্রথম যেদিন বীণা হাতে মন্দিরচন্থরে ঢুকে পাণ্ডাদের অনুমতি
নিয়ে মহাপ্রভুকে গান শোনাতে বসলেন সেইদিন, সেই গানই গেয়েছিলেন। যে গান গেয়ে তিনি তিরস্কৃত হয়েছিলেন কাঞ্জীভরমে—
সেই গান—"কৃষ্ণবর্ণ চর্মের অন্তর্নালে যিনি বাস করেন, তিনিই বাস
করেন বৈকুষ্ঠে। তিনিই বাস করেন খেত পীত গোর শ্রাম সকল বর্ণ
চর্মার্ত মান্ত্র্যের দেহের মধ্যে। জীবের মধ্যে, জড়ের মধ্যে। যিনি
বসবাস করেন বৈকুষ্ঠে, তিনই বাস করেন ব্রাহ্মণ পল্লীতে এবং শবর
পল্লীতেও তিনিই বাস করেন। ওই কৃষ্ণচর্মের অন্তর্নালে যিনি, তিনিই
কোথাও বরদরাজ, কোথাও জগরাথ, কোথাও শ্রীরঙ্গনাথন, কোথাও
রামেশ্বরম, কাশীতে তিনিই বিশ্বনাথ। কৈলাসের ভবানীপতি যিনি,
তিনিই কিরাতক্ষপী হয়ে অজুনির প্রণতি এবং পূজার মাল্য কণ্ঠে ধারণ
করেছিলেন।"

জয়ধ্বনি উঠেছিল চারিদিকে—জয় জয় জগরাথ, জয় নীলমাধব!
একদিনেই তিনি সকলের স্নেহ প্রশংসা তুই অর্জন করেছিলেন। চিত্ত
তার ভরে উঠেছিল। উঠে আসবার সময় প্রভূকে প্রণাম করে বলে
এসেছিলেন, সান্ধনা তোমার কাছেই পাব। এখানেই রইলাম জীবনের
বাকী দিনগুলি।

সেই অবধি এখানেই থেকে গেছেন। শ্বরপল্লীর পূর্বদিকে ঘন-বাউবন, পশ্চিমে চক্রতীর্থের ধার থেকেও বাউবন, সম্মুথে বেলাভূমি, সেখানে অঞ্জান্ত সমুত্রকল্পোল, উত্তরে নীলমাধবের মন্দির। এরই মধ্যে বেছে বেছে শ্বরপল্পীর পূর্বদিকের ঝাউবনের মধ্যে তিনি একটি কুটির তৈরি করালেন। মনোরম ছোট একটি কুটির। দক্ষিণ মুখে একটি বারান্দা। সকালে উঠে পশ্চিম একটি বারান্দা। সকালে উঠে পশ্চিম দিকের বারান্দায় বসে বীণায় ঝঙ্কার ভূলে আলাপ করেন ভৈরবী। আবার সন্ধ্যায় চলে যান মন্দিরে, আরতি দর্শন শ্লেষে প্রণাম করে চলে এসে দক্ষিণের বারান্দায় বসে সমুত্রের দিকে তাকিয়ে আপন মনেই সঙ্গীত আলাপ করেন। সম্মুখে সমুত্রবক্ষে উদ্বেল তরক্ষ-শীর্ষে বিচিত্র দীপমালা জ্বলে ওঠে মধ্যে মধ্যে। মনে মনে বলেন—এই ভাল, এই ভাল…

জপ কোটি গুণংখ্যানং ধ্যান কোটি গুণংলয়ঃ। লয় কোটি গুণং গায়ং গানাৎ পরতরং নহি।

এর মধ্যেই জীবন তাঁর পূর্ণ হয়ে উঠুক।

মধ্যে মধ্যে নিমন্ত্রণ আসে। দেবদাসীদের রূত্য দেখবার জন্ম মন্দিরের পুরোহিত বলে পাঠান—আজ নাটমন্দিরের প্রভূর সম্মুখে এক দেবদাসী রূত্য দেখাবার নিমন্ত্রণ করেছেন আচার্য। উপস্থিত থাকবেন আপনি। বাকী সময়টা কাটে তাঁর ওই শবর বালক-বালিকাদের নিয়ে।

কিন্তু তার মধ্যেও অকস্মাৎ লল্লা সম্মুখে এসে দাড়ায়। মধ্যে মধ্যে এমনও হয় যে তিনি বিভ্রান্ত হয়ে যান।

মনে হয় জগন্নাথদেবের মন্দিরের মধ্যে মণিবেদীর সম্মুখে দেবতাকে আড়াল করে দাঁড়িয়ে আছে লল্লা। কখনও কখনও দিনরাত্রি সব বিষয়গুয়ে ভরে যায়।

তখন চলে যান পুরী ছেড়ে। ভুবনেশ্বরের দিকে।

বিন্দু সরোবর প্রান্তে গিয়ে বসেন। সরোবরের মাঝে মন্দির। বৈশাখে চন্দনযাত্রায় ভগবান এসে ওই মন্দিরে বাস করেন। কখনও ঘোরেন মন্দিরে মন্দিরে। দেবাদিদেব মহাদেব এবং মহাদেবীর চন্ধরে বসে গান শোনান।

কখনও মন্দিরগাত্রে উৎকীর্ণ বনম্পতি কাণ্ডে লীলায়িত দেহের ভার শুক্ত করে প্রতীক্ষমানা তরুলীকে দেখেন। তার মধ্যে লক্ষার ছায়া দেখতে পান। কখনও চলে যান খগুগিরি উদয়গিরিতে। সেখানকার চারিদিকে গভীর বন জমে উঠেছে। বাবের ভয় আছে। সাপের ভয় আছে। কিন্তু সে ভয় যেন তাঁর চলে গেছে। সেইখানেই কোন একটি গুহাতে বসে কাটিয়ে দেন দিন ৷ অপরাফ্ন হলে চলে আসেন। কিছুদিনের মধ্যে ভূবনেশ্বরেও ছোট একটি কুটির তৈরি কবলেন।

পুরীধামে যাত্রীদের ভিড় হলে এখানে চলে আসেন। মানুষের ভিড় তাঁর সহা হয় না। শুধু ভাবতে ভাল লাগে।

আন্দা সরম্বতী বাঈ ঠিক বলেছিলেন—পুত্র, সব মিথা। আমি জম্মেছিলাম উচ্চকুলে, রূপের জন্ম কণ্ঠের জন্ম ঘব-সংসার থেকে ছিনিয়ে নিয়ে মান্ত্র্য আমাকে নূর্ত্তকী' করে আমার যত অপমান করুক—আমাকে নিরাসক্তি একটি দিয়েছে। নিরাসক্ত হয়ে পৃথিবীকে দেখবার স্থযোগ আমি পেয়েছিলাম। দেখে বুরেছি, মান্ত্র্য পৃথিবীতে নিতে আসে না—দিতে আসে, পেতে আসে না, হারাতে আসে। পাওয়াটা মিথাা, হারানোটাই সতিয়। সব হারিয়ে ফকির হয়ে পথে দাঁড়াতে অনেক ত্বঃখ পুত্র। তাই যে জীবনের প্রথম থেকে ফকির সে কিছু হারায় না। লল্লাকে তুমি পেয়েছিলে, লল্লা সত্যই তোমার কাছে নিজেকে ঢেলে দিয়েছিল—তাই তাকে হারিয়েছ—এবং এত ত্বঃখ তোমার। ভূলতে হলে আর কাউকে পেতে হবে। তাই বলি, ভগবানকে পেতে চেষ্টা কর। যাকে পেলে হারাতে হয় না।

লক্ষা হারিয়ে গেছে। কিন্তু তাকে ভূলতে তিনি পারছেন না—পারবেন না। দেবতাকেও তিনি পেতে চাইতে গিয়েও যেন চাইতে পারছেন না। তাতে যে লক্ষাকে হারানোর ফুখ হারিয়ে ফেলতে হবে।

লল্পা হারিয়েছে—কিন্তু তাকে হারানোর ছঃখ তিনি ভূলতে পারবেন না। কিছতেই পারবেন না। তা হলে লল্পা নিশ্চিফ হয়ে যাবে।

সেদিনও বীণায় হাত রেখে ঠিক এই কথাই ভাবছিলেন। ফাল্পন মাস
—পুরীতে ভগবানের দোলযাত্রার মহোৎসব। যাত্রীরা দলে দলে
আসতে শুরু করেছে। ভিড় জমেছে দিন-দিন। কোলাহল ছেড়ে
পালিয়ে ভুবনেশ্বর প্রান্থে নির্জনে তাঁর কৃটিরটিতে এসে আশ্রয় নিয়েছেন
রঙ্গনাথন।

আজ বসে আছেন বিন্দু সরোবরের ধারে। কোথায় পুষ্পিত হয়েছে

চম্পকবৃক্ষ। মদির গন্ধ আসছে। কাছে একটি নিমগাছকে আচ্ছন্ত করে একটি মাধবীলতা পীতবর্ম শুত্রবর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র পুসান্তবকে যেন ভেডে পড়তে চাইছে। বেলা প্রায় এক প্রহর। কোলের উপর বীণাটি রয়েছে, তাতে স্থর বেঁধে তিনি তারে ঝঙ্কার দিয়ে স্থর তুলছেন। কি বাজাচ্ছেন—সে সম্পর্কে খুব সচেতন নন। আঙ্গুল তাঁর বাজিয়ে চলেছে অবচেতক্ষ মনের খেয়ালে। তিনি নিজে ভাবছেন সব মিখ্যা, এইটেই সব থেকে বড় সত্য।

পুষ্পান্তবক আচ্ছন্ন করে বস্থা মধুমক্ষিকার। গুঞ্জন করছে। সে গুঞ্জনে প্রমন্তা রয়েছে। বীণাতে তাঁর অঙ্গুল ওই গুঞ্জন বঙ্কার্কে ভূলে চলেছে। একটি কলরব এসে কানে পৌছল।

তিনি চোখ তুললেন। কলরবের ভাষা তাঁকে আরুষ্ট করলে। তামিল ভাষায় কথা বলছে। দক্ষিণের যাত্রী এই সময় আসে বেশী। এই ইংরেজ মারাঠা নিজাম পিণ্ডারীদের তাণ্ডবের মধ্যে স্থলপথ বিপদসঙ্কুল। সমুদ্রপথ আঘাঢ় মাসে ঝণ্ণাবিক্ষুন্ধ। তাই নৌকো করে তারা এই বসস্তোৎ-সব দোলযাত্রার সময় বেশী আসে। তামিলভাষী যাত্রী। স্বাভাবিক-ভাবেই তিনি উৎস্থক দৃষ্টিতে তাকালেন। একদল নারী পুরুষ। সন্ন্যাসিনী একজন। অনাবৃত মস্তক, মাথার রুক্ষ কেশভার চূড়া করে বাঁধা। ও কে? গলায় তুলসীর মালা। ও কে?

মুহূর্তে পঙ্গু হয়ে গেলেন তিনি।

লল্লা! লল্লা সন্ন্যাসিনী! কঠে তার তাঁরই সেই তুলসীর মালা। গৈরিক-বাসা—শীর্ণা, তপস্বিনী। আয়ত দৃষ্টিতে বৈরাগ্য। সে-লল্লায় এ-লল্লায় অনেক প্রভেদ। তবুও সে লল্লা। লল্লাও তাঁকে দেখে স্তব্ধ হয়ে দাড়িয়ে গেছে। স্থির দৃষ্টিতে দেখছে। নিষ্পলক স্থির দৃষ্টি। যাত্রীরা তাকে বলছে—কি হ'ল ? এস। কল্যাণী! কল্যাণী! লল্লা নিরুত্তর।

তিনি চীংকার করে ডাকতে চাচ্ছেন, কিন্তু কণ্ঠ কি তাঁর রুদ্ধ হয়ে। গেল ?

হে বরদরাজ—হে রঙ্গনাথস্বামী—ভাষা দাও, ভাষা দাও।
লক্ষ্মা নড়েছে। স্থির দৃষ্টিতে তাঁর দিকে তাকিয়ে কম্পিত পদক্ষেপে
এগিয়ে আসছে। সে কাছে এসে নতজামু হয়ে বসল। চারিদিকের
জনতাকে গ্রাহ্য করলে না। তিনি এবার বললেন—কণ্ঠ বাষ্পরুদ্ধ হয়ে
গেছে তাঁর—বললেন—লক্ষ্মা!

সে হাত জোড় করে স্মিত হেসে বললে—আমি কল্যাণী। কম্মাকুমারিকায় দেবী কুমারীমাতার মন্দিরের বহির্দেশ পরিমার্জনা করি—আর
মাতার দৃষ্টিতে তপস্থা করি। বরদরাজকে আমার কামনা। লল্পাকে
আমি জানতাম। সে সেদিন সমুবজলে ডুবে মরতে গিয়েছিল।
তাকে তুলেছিলেন কন্যাকুমারীর সন্ধ্যাসিনী মাতা। তাঁরা নৌকোয়
ফিরছিলেন পার্থসার্থি দর্শন করে।

সেদিন ভোরে যখন রঙ্গনাথন চলে গেলেন তার দিকে না তাকিয়ে, তার আহ্বানে সাড়া না দিয়ে চোরের মত, তখন লল্লা প্রথম ভেবেছিল, বোধহয় প্রহরীরা তাঁকে খুঁজতে এসেছে—এদিকে, তাদের সাড়া পেয়ে তিনি উঠে চলে গেলেন তাদের পথ রোধ করতে। তাকে বাঁচাতে। সে সভয়ে উঠে বসেছিল। নারিকেল বৃক্ষের সন্নিবেশ যেখানে নিবিড় সেখানে গিয়ে সে লুকিয়েছিল। কিন্তু কিছুক্ষণের মধ্যেই তার মনের ভয় স্থির হয়ে গিয়ে জেগেছিল সংশয় ও প্রশ্ন।

রঙ্গনাথন কাল তার সঙ্গে সমুদ্রতটে বাসর পেতে তাকে বুকে টেনে নেবার সময় বলেছিলেন—কিসের ভয় ? তুমি আমার পত্নী। তুমি বাবে আপনার গুহে।

তবে ? তাহলে ? বার বার তার গলায় ঝুলছিল যে তুলসীর মালাখানি যেখানি তিনিই পরিয়ে দিয়েছিলেন পত্নীন্ধপে বরণ করে, সেখানিকে সে হাত দিয়ে বার বার স্পর্শ করেছিল। এ তো তার স্বপ্ন নয়। মিথ্যা নয়। এ তো সব সত্য। তবে, তাহলে ?

এর উত্তর নারীকে কাউকে দিতে হয় না। নারীর নিজের অস্তর দিয়ে দেয়।

ওঃ, তার সারা অঙ্গে রক্ষনাথনের দেহের উষ্ণ স্পার্শ এখনও লেগে রয়েছে। তার অধরোপ্তে তার চুম্বনের স্পার্শ অমুক্তব করছে। কী আবেগ—কী গাঢ়তা সে চুম্বনে! সে ভেবেছিল তার নারীদেহ সার্থক, নারীজীবন সার্থক। সে ধ্যা সে ধ্যা সে ধ্যা হয়ে গেল।

সে তাকে বলেছিল, আপনিই আমার বরদরাজ!

তিনি বলেছিলেন, তা হলে তুমিই আমার লক্ষ্মী।

সব মিথ্যা! সব মিথ্যা! সব মিথ্যা! সত্য এমন করে মিথ্যা হয়ে যাবে? হে বরদরাজ! চীৎকার করে কাঁদতে ইচ্ছা করেছিল লক্ষার। কিন্তু ভয়ে সে পারে নি। ভয় হয়েছিল তার নারীত্বের ব্যর্থতার লক্ষা প্রকাশের, ভয় হয়েছিল নিজের লাঞ্ছনার, ভয় হয়েছিল বঙ্গনাথনের লাঞ্ছনা হবে, জাভিচ্যুতি ঘটবে তাঁর সমাজে। কিন্তু সে কি করবে ?

সূর্য উঠবে তথন। পূর্ব দিগন্তে আকাশমগুল এবং সমুদ্রগর্ভে একটি বক্তামুরঞ্জিত মণ্ডল ক্রমশ বিস্তৃত হচ্ছে। এইবার একসময় ওই অমুরঞ্জন উজ্জ্বল থেকে উজ্জ্বলতর হতে হতে সমুদ্রগর্ভ থেকেই যেন সূর্য লাফ দিয়ে উঠবেন আকাশলোকে। তিনি দেখবেন তার এই লজ্জিত কলঙ্কিত লাঞ্জিত মুখ। ছি ছি ছি!

মর্মযন্ত্রণায় ক্ষোভের আর সীমা ছিল না তার। সে ভেবেছিল মৃত্যু ভাল। সে মরবে, সে মরবে।

উন্মন্ত ক্ষোভে যন্ত্রণায় মান্ত্র্যের এক-একটি মুহূর্ত আদে যখন তার মৃত্যুভয় থাকে না পৃথিবীর ভয় বড় হয়ে ওঠে। মৃত্যু তখন পরমাশ্রায় বলে মনে হয়। সে মৃহূর্তে তার কর্তব্য স্থির করে নিয়ে তার বক্ষবন্ধনীখানি খুলে নিয়ে এসে দাড়িয়েছিল খাড়া বালুচরের উপরে। তখন আবার জোয়ার এসেছে। বালুচরের নিচেই সমুজজল গভীর হয়ে উঠেছে, উচ্ছুসিত তরঙ্গে আঘাতের পর আঘাত হানছে।—সেখানে বসে নিজের পা ছটি বেঁধেছিল, ওই বক্ষবন্ধনী দিয়ে। আর গলায় শক্ত করে পাক দিয়ে জড়িয়ে নিয়েছিল তুলসীর মালাটিকে—যেন খুলে পড়ে না যায়। থাক তার ওই পরিচয়—সে পরপার পর্যন্ত বহন করে নিয়ে যাবে।

সমুবজলতলে আত্মগোপনই তার ভাল। কিন্তু সে সমুব্রতটবাসী শবরকন্তা। সাঁতার সে জানে। শৈশব থেকেই সমুব্রের বুকে ঝাঁপ দিয়ে সে খেলা করেছে। হয়তো ঝাঁপ দিয়ে পড়েও সে সাঁতার দেবে—পালিয়ে আসবে রক্নার্ভ সমুব্রতল থেকে বালুচরে। সমুব্রগর্ভে বাতাস নেই। তাই সে বেঁখেছিল তার পা ছটো। তারপর বসে বসেই কিনারায় এসে উঠে দাভিয়ে ঝাঁপ খেয়েছিল।

ভূবেও ছিল। কিন্তু স্বাভাবিক নিয়মে খোলা হাত ছটো দিয়ে সাঁতার কেটে উঠেছিল উপরে। কিন্তু বাঁধা পায়ের জক্ম আবার ভূবেছিল। আবার উঠেছিল। আবার ভূবেছিল। তারপর আর মনে নেই। জ্ঞান হারিয়েছিল সে।

যখন চেত্রনা হয়েছিল, তথন সে একখানা বড় নৌকোর উপর। তার মাথার কাছে বসে এক গৈরিক বন্ত্রধারিণী সন্ন্যাসিনী। সন্ন্যাসিনী তাকে প্রশ্ন করেছিলেন, সুস্থ কোধ করছ ? অবাক হয়ে তার শাস্ত প্রসন্ন মুখের দিকে সে তাকিয়েছিল এবং তাকে সে চিনতেও পেরেছিল। মাল্রাজে পার্থসারথির মন্দিরে সে তাঁকে দেখেছে। দরিজদের দান করেছিলেন। চাল দিয়েছিলেন। সাধারণ মুষ্টিভিক্ষা নয়। এক-একজনকে একদিনের আহারের উপযোগী চাল। তারপরও তাঁকে সে দেখেছে; দেখেছে তাঁকে রঙ্গনাথনের গানের আসরে। চোখ বন্ধ করে গান শুনেছিলেন। শুনেছিল—কন্যাকুমারীর সন্ন্যাসিনী তিনি। গিয়েছিলেন নাকি জগনাথধাম, মহাপ্রভু দর্শন করতে। সেখান থেকেই ফিরছেন। পথে মাল্রাজে নেমেছিলেন—আহার্য জল সংগ্রহের জন্ম, এবং তার সঙ্গে দেবতা দর্শনও করেছেন।

তিনি আবার প্রশ্ন করেছিলেন, তোমার পা এমন করে বাঁধা কেন ? তুমি নিজে বেঁধেছিলে ?

সে একটা দীর্ঘনিশ্বাস ফেলে চোখ বন্ধ করেছিল, চোখের পাতার চাপে জল গড়িয়ে পড়েছিল গণ্ডদেশ বেয়ে। কথা বলতে পারে নি। ঘাড় নেড়ে জানিয়েছিল, হঁটা।

- —তা হলে মরবার জন্মই এমন করে ঝাঁপ খেয়েছিলে?
 সে চূপ করে চোখ বুজে শুয়েছিল। শুধু অঞ্চই পড়ছিল গড়িয়ে
 গড়িয়ে।
- —কেন ? মরতে চাও কেন ? সে ফুঁপিয়ে ফুঁপিয়ে কেঁদেছিল। কথা বলতে পারে নি।
- —আচ্ছা থাক। বলতে হবে না। তিনি তাঁকে প্রশ্ন করেন নি। জানতে চেয়েছিলেন পরিচয়। সে বলেছিল, সে অনাথা। মা বাপ ভাই কেউ নেই।

—স্বামী ?

আবার কাঁদতে শুরু করেছিল সে।

ভিনি তখন তাকে আর প্রশ্ন করেন নি।

পরে স্বস্থ হলে সে ধীরে ধীরে সবই বলেছিল মাতাজীকে। শুধ্ রঙ্গনাথনের নাম করে নি। বলেছিল—এক ব্রাহ্মণ তাকে সমুত্রতি সমুত্রকে সাক্ষী করে বিবাহ করেছিল। সাক্ষী তার এই তুলসীর মালা। কিন্তু—

আর বলতে পারে নি লল্লা।

মাতাজী তাকে প্রশ্ন করেছিলেন, তারপর ?

সে একটু ঘুরিয়ে বলেছিল, তারপর যে তিনি কোথায় চলে গেলেন !

—একটা গভীর দীর্ঘনিশ্বাস ফেলে বলেছিল, আর সন্ধান জানি না। হয়তো তাঁর সমাজ—

মাভাজী তার মাথায় হাত বুলিয়ে বলেছিলেন, সমাজ নিষ্ঠুর। শান্ত্রও নিষ্ঠ্র। মান্তবের হালয়কে সে পাথর চাপিয়ে পিষ্ট করে দেয়। কুটিল তাদের চক্রান্ত। ঋষি তুর্বাসা চক্রান্ত কার এমনি ভাবেই এক কুমারীর তপস্থা ব্যর্থ করে দিয়েছিলেন কল্যাণী।

লল্লা তাঁকে তার লল্লা নাম বলে নি—বলেছিল তার নাম কল্যাণী।
মাতাজী বলেছিলেন, তিনি আজও কুমারী অবস্থাতেই স্বামীর তপস্থা
করছেন।—অস্বচ তিনি কে জান ? তিনি আতাশক্তি। স্বয়ং পার্বতী।
কন্যাকুমারী তীর্থের নাম শুনেছ ?

ঘাড় নেড়ে শল্লা তাঁকে জানিয়েছিল, হাঁ্য—জানে।

— সেই কক্সাকুমারীতে আমি থাকি। আমিও তাঁর পূজা করি।

আমিও কুমারী। বাণ অস্থরকে বধ করতে দেবী পার্বতী কুমারীকন্সার রূপে আবিভূ'তা হয়েছিলেন। অস্থরকে বধ করে তিনি কামনা করলেন পশুপতিনাথ-মহেশ্বরকে। তিনি বিবাহ করবেন, তপস্থা করতে লাগলেন। তপস্থায় তুষ্ট হয়ে দেবতারা এসে বিবাহের লগ্ন স্তির করে গেলেন। এই লগ্নে বিবাহ হবে। দেবী সেদিন বিবাহের সজ্জায় সেজে বরমাল্য হাতে নিয়ে সজ্জিত মণ্ডপে বসে রইলেন। ওদিকে দেবভারা মহেশ্বরকে নিয়ে মর্ত্যলোকে যাত্রা করে এলেন। কিন্তু মহর্ষি তুর্বাসা চাইলেন না এ বিবাহ। সেও এই প্রশ্ন। দেবী পার্বতী হিমাচলত্বহিতা উত্তরাবর্ত্তের গৌরী তপ্তকাঞ্চনবর্ণা। আর এ দক্ষিণের নীল-গিরিত্বহিতা শ্রামাঙ্গিণী। তুর্বাসা চক্রান্ত করে বিবাহলয় এই করে দিলেন। বিবাহ আর হ'ল না। শিব আজও কন্সাকুমারী মন্দিরের কিছুদূরে প্রতীক্ষা করে রয়েছেন। কিন্তু সে লগ্ন আঞ্চও ফিরে আসে নি। অনস্তকাল কুমারীকক্যা ভার মাল্যখানি হাতে সেই তপস্থাই করে চলেছেন। আমি তাঁরই সেবিকা। ছোট আশ্রম আছে। আমার যিনি কাম্য তিনি পৃথিবীতে নেই। পরপারে তাঁর সঙ্গে মিলব। তিনি মহেশ্বরে লীন হয়েছেন। চল, তুমি আমার সঙ্গে চল। সেখানে থাকবে। পার তো সেই তপস্থা করবে। যাবে ?

আর যদি ফিরে আসতে চাও মান্দ্রাজ তবে মান্দ্রাজগামী নে কোতে তোমাকে ফিরে পাঠিয়ে দেবো।

সম্লার চিত্ত ভবে উঠেছিল। সে ভপস্থাই বেছে নিয়েছিল।

স্থার সে লল্পা নয়—লল্পা মরে গেছে সমুদ্রের জলে; যে বেঁচে আছে সে তপস্থিনী কল্যাণী।

সে শবরী। দূর থেকে সে দর্শন করেছে কম্মাকুমারীর অপূর্ব লাবণ্যময়ী সর্বালঙ্কারভূষিতা বিবাহের কম্মাবেশিনী অপূর্ব মূর্তি। মুগ্ধ হয়ে গেছে। তার সব সম্ভাপ যেন মুছে গেছে।

·সে মাতাজ্ঞীর আশ্রুমে থাকে। আশ্রুমের কাজ করে। গভীর সেবা -করে। বাগানের গাছের পরিচর্যা করে।

মাতাজী বলেন—তুমি আর শবরী নও কল্যাণী, তুমি ব্রাহ্মণী। তোমার ব্রাহ্মণ প্রিয়তমের মাল্য তোমার কণ্ঠে, আচারে-আচরণে পবিত্র। কেন, পূরে থাক কেন ?

লল্পা হাসে। সবিনয়ে বলে—মাতাজী, আপনার করুণাই আমার শ্রেষ্ঠ সম্পদ, ওই আমার ব্রাহ্মণত্ব। ওতে আর আমার প্রলোভন নেই। মামুষকে আমি চাই না মাতাজী—আমি চাই ভগবানকে।

মাতাজী তাকে বলছিলেন—তুমি তীর্থদর্শন কর কল্যাণী। নিশ্চয় তুমি ভগবানের দয়া পাবে। তুমি পরিপূর্ণা হয়ে যাবে।

नज्ञ। প্রথমেই এসেছে দোলযাত্রায় পুরী। নীলমাধ্য দর্শনে বরদর।জ ও নীলমাধ্যে ভেদ নেই।

দোলযাত্রায় নীলমাধবকে দর্শন করে তাঁর বসস্থোৎসবের আবীর কুমকুম প্রসাদ নিয়ে ধন্ম হয়েছে। জীবনে মান্থর রঙ্গনাথনের শৃত্যন্থান তিনি পূর্ণ করে বসেছেন। তারপর আজ এসেছে সে ভ্বনেশ্বর দর্শনে। এসে দূর থেকে বিন্দু সরোবর প্রাস্তে ওই পুষ্পিত মাধবীলতার তলায় রঙ্গনাথনকে দেখে প্রথমটা অবশ পঙ্গু হয়ে গিয়েছিল। তারপর আজ্ব-সন্থারণ করে ধীরে ধীরে এগিয়ে এসে দাঁড়িয়েছে। তপস্থাকে সে আজ পরিপূর্ণ করবে। রঙ্গনাথনের সম্মুখে হৃদয়ের দ্বারখানি বন্ধ করে দিয়ে বিদায় নিয়ে বঙ্গবে—তোমাকে নীলমাধব রূপে পেয়েছি হৃদয়ে। আর তো স্থান নেই।

সেই কথা বলতেই সে এসে নতজার হয়ে বসে প্রণাম করে বললে—প্রভু, সন্নাসিনী লল্লাকে অচেতন অবস্থায় সমূদ্র থেকে ভুললেও সে বাঁচে নি। সে মরে গেছে। আমি লল্লা নই, আমি কল্যাণী। তবে লল্লার মরবান্ন সময় এইটি আমার কাছে গচ্ছিত রেখে গেছে। লল্লার প্রিয়তম আপনি। আপনাকে দিতে বলে গেছে।

ন্বলে গলার মালাগাছি খুলে তাঁর পায়ের তলায় রেখে প্রণাম করলে। রঙ্গনাথন জড়িত কণ্ঠে আর একবার বললে—লল্লা!

—আমি কল্যাণী। আমি আসি প্রভু।

লল্লা চলে যাড়ে। মালাগাছি পড়ে রয়েছে। তিনি স্থাণুর মত বসেই রইলেন।

চোখ বন্ধ হয়ে গোল তাঁর। বোধ হয় আপনা থেকেই। চোখের ভিতর জল ছলছল করছে। রঙ্গনাথন আর্তকণ্ঠে ডাকলেন, কল্যাণী! সে আহবানে না দাড়িয়ে পারল না সন্ম্যাসিনী।

রঙ্গনাথন প্রশ্ন করলেন—চোখ থেকে তখন অশ্রুধারা উদগত হচ্ছে—
আর্তস্বরেই বললেন—পৃথিবীর কি সবই মিখ্যা ? সন্ন্যাসিনী সহসা প্রশ্নের
উত্তর দিতে পারলে না। আকাশের দিকে তাকিয়ে উত্তর খুঁজে নিয়েই
বললেন—না প্রভু, সব সত্যা। বৃক্ষশাখার রুন্তে পুষ্পকলিও সত্য—
বিকশিতদল পুষ্পও সত্যা। আবার বিগলিতদল ফুলও সত্যা। এবার
আসি। সব সত্যা।

চোখ বন্ধ করেই বসে রইলেন রঙ্গনাথন। চোখ খুলতে সাহস হ'ল না। শুধু আঙুলগুলি চলছে বীণার তারের উপর। পদশ্বদ কি মিলিয়ে যাচ্ছে? হঠাৎ মনে হ'ল—এ কি, কি বাজাচ্ছেন তিনি?

ক্ষীণ একটি হাস্তরেখা ফুটে উঠল তাঁর ওর্চপ্রান্তে।

এ তো বসন্তরাগ!

মিখ্যা কথা। জীবনে বসস্তরাগ একবার আসে। তারপর সে চিরদিনের মত মিখ্যা হয়ে যায়। শুধু রেশ—না, রেশও থাকে না, থাকে স্মৃতি। লল্লা মিখ্যা হয়ে গেছে—সত্য হয়ে উঠেছে কল্যাণী। না, সেও না। সত্য এক তপস্বিনী। তাকে দেখে স্মৃতিবিভ্রমে বসস্তরাগ বেজে উঠেছে আঙ্লো। বাজুক। চোখ বুজে বাজাতে লাগলেন। হঠাৎ কানে গেল—প্রভূ!

চোখ মেললেন রঙ্গনাথন। দেখলেন, লক্ষা ফিরে এসে দাঁড়িয়ে আছে।
মুখের দিকে তাকালেন রঙ্গনাথন। বীণায় বসস্তরাগ বেজে চলেছে।
থামবার উপায় নেই। লক্ষা বললে—মালাগাছি,—ও গাছি আমি ফিরে
চাচ্ছি প্রভূ। লক্ষা মরেছে—তার আত্মা ফিরে চাচ্ছে। ওতেই সে
বাঁধা আছে প্রভূ।

বলে মালাগাছি সে ভূলে নিয়ে চলে গেল। বসস্তরাগ অকস্মাৎ যেন বীণার তারে জীবস্থ অবস্থায় বাজতে লাগল।